টীকা—এতাদৃক্ মহতী প্রতিজ্ঞা চির সংরক্ষণ-সামর্থং কিং তবাস্তি ? নহি। কেবলং মৎসর্ব্বেশ্বর্য্যাঃ করুণামাত্র মম সম্বলং। ইতি তৎ প্রার্থনা মাহ। যথা— অতি বহুল কৃপায়াং, উরু স্নেহ ভারাচ্চ (বিস্তীর্ণ স্নেহাধিক্যেনচ) উদশ্রু (অশ্রুপূর্ণ-লোচনা) বৃন্দারণ্য রাজ্ঞী ; (বৃন্দাবনে কর্ত্তৃ মকর্ত্তৃ মন্যথা কর্ত্তুং অধ্যাহত সমর্থা শ্রীরাধা) ; মনাক্ (বারমেকং) ময়ি কৃপয়তু (কৃপাদৃষ্টিং করোতু) তেন তৎপ্রিয়ারামস্য (প্রিয় কাননস্য বৃন্দাবনস্য) সীম্নি (মধ্যে) মে (মম) অধিবসতি রূপং (মল্লক্ষণ-স্যাধমস্য পূর্ব্বোক্তেন দৃঢ় সঙ্কল্পেন চিরবসতি রূপং) অতঃ অদ্ভুতং, তদনুকম্পা-কল্প বল্লী ফলং ফলতু ॥ ২৪ ॥

আভাসও অনুবাদ—তুমি যে রূপ কঠিন সঙ্কল্প করিয়াছ এতাদৃশ মহতী প্রতিজ্ঞা চিরদিন রক্ষা করিবার শক্তি কি তোমার আছে ? মনের বিকল্প-জাত এই প্রশ্নের উত্তর—অবশ্যই আমার সে শক্তি নাই কিন্তু আমার সর্ব্বেশ্বরী শ্রীবৃন্দা-বনেশ্বরীর অপার করুণা আমার সম্বল। সে করুণায় কি না হইতে পারে ! এই রূপ ভাবোদয়ে সদৈন্যে তদুচিত প্রার্থনা করিতে ছেন যথা—

করুণাবহুল মহাস্নেহময় (*) সজল-লোচনদিয়ে
বৃন্দাবনেশ্বরী, বারেক আমারে, হেরুণ সদয় হয়ে।
তদীয়াদ্ভূত, করুণাকল্প-লতা ফলবতী হয়ে।
রাখুক তাঁহার, প্রিয় বৃন্দাবনে, মোরে চিরবাস দিয়ে।

(*)উরু অর্থ-বিস্তীর্ণ। উরুস্নেহ-অপারস্নেহ। 'মহাস্নেহ' ঠিক তদর্থ বাচক প্রতিশব্দ। উজ্জ্বলনীলমণিতে স্নেহের লক্ষণ এই রূপ—"আরুহ্য পরমাং কাষ্ঠা প্রেমাচিদ্দীপদীপন। হৃদয়ং দ্রাবয়ন্নেষ স্নেহ ইত্যভিধীয়তে "তত্রোদিতে ভবেজ্জাতু ন তৃপ্তি দর্শনাদিষু।"

স্নেহ কোনও স্বতন্ত্র বস্তু নহে—প্রেমেরই পরিপক্কাবস্থার নাম স্নেহ যথা শ্রীচৈতন্য চরিতামৃতে "প্রেম ক্রমে বাড়ি হয় স্নেহ মান প্রণয়" ইত্যাদি। শ্লোকের ধন্যর্থ এই যে—শ্রীরাধারাণীর প্রিয় কানন বৃন্দাবনে প্রেমবান্ জন গণের প্রতি এই রূপ প্রীতি ও অপরিসীম করুণা প্রদর্শন পূর্ব্বক তিনি তাঁহাদের বাসনা পূর্ণ করেন।

তেনাকারি সমস্ত এব ভগবদ্ধর্ম্মোঽপি তেনাদ্ভুতঃ
সর্ব্বস্মাৎ পুরুষার্থতোঽপি পরম কশ্চিৎ করস্থী কৃতঃ।
তেনাধারি সমস্ত মূর্দ্ধনি পদং ব্রহ্মাদয়স্তং নম-
স্ত্যাদেহান্ত মধারি যেন বসতৌ বৃন্দাবনে নিশ্চয়ঃ ॥২৫॥

টীকা—বিধি-বোধিত যোগজ্ঞান ভক্ত্যাদি সাধন প্রভাবে কৃচ্ছ্রসাধ্য পুরুষার্থ ামুহো বা প্রেমানন্দো-লভনীয় ভবতি, তে বিনা কেবলং বৃন্দাবন বাসেন কিং ফলং? এতদুত্তরঃ—বৃন্দাবন বাসস্য মহা মহিমা দূরেঽস্তু আমরণ-তদ্বাস-সঙ্কল্পাত্মক ক্ষেত্র ন্যাসেঽপি সর্ব্ব সাধন-সাফল্যং স্বতঃ সমুদয়তি, তদাহ—যেন জনেন আদেহান্তং ন্দাবনে বসতৌ নিশ্চয়ং অধারি (অবধৃতঃ) তেন সমস্ত ভগদ্ধর্ম্ম অকারি, তেনচ সর্ব্ব াৎ পুরুষার্থতোঽপি কশ্চিৎঅদ্ভুতঃ (আশ্চর্য্যবস্তুঃ পঞ্চমপুরুষার্থঃ-নিরুপাধিক-প্রেমঃ ইত্যর্থঃ) করস্থী কৃত। পুন স্তেনচ সমস্ত মূর্দ্ধনি (সর্ব্ব সুখাদে র্মস্তকে) পদং ধারি। তং মহাভাগ্যবন্তং জনং ব্রহ্মাদয়ো নমন্তি। শ্রীগোপাল তাপন্যাং "তাসাং ধ্যে সাক্ষাদ্ ব্রহ্ম গোপাল পুরীহীতি" শ্রীভাগবতে "যদ্গোদ্বিজ দ্রুম মৃগাঃ পুলকান্য ভ্রনেতি" শ্রীভাগবতামৃতে "যত্র গোলোক নামস্যাত্তচ্চ গোকুল বৈভব মিতি" বৃহৎ গীতমীয়ে "ইমানন্দ কন্দাখ্যং বিদ্ধি বৃন্দাবন মম, যস্মিন্ প্রবেশমাত্রেন নপুনঃ ঃসৃতিং বিশেৎ ইত্যাদয়ঃ এতদ্সিদ্ধান্তানুকূল বচনানি বিবেচ্যং।

আভাস—টীকায় উদ্ধৃত শাস্ত্র-বচন গুলির তাৎপর্য্যানুসারে, শ্রীকৃষ্ণের ায় শ্রীবৃন্দাবনও সর্ব্বেন্দ্রিয়ের দ্বারা অনুশীলনের ও হৃদয়ে ধারণেরবস্তু। বৃন্দাবনের াধুরী-মহিমায় মুগ্ধ হইয়া কোনও ভাগ্যবান্—তচ্চিন্তনরত এবং তদ্বাসে ব্যাকুল ইলেই তিনি মহাপ্রেমপ্রাপ্ত হন সুতরাং যথারীতি বৃন্দাবন বাসের ফল দূরে থাকুক ন্দাবনে অবিচলিত-চিরবাসের দৃঢ় সঙ্কল্প ধারণ করিতে পারিলেই সর্ব্ববিধ সাধনের ল আপনাআপনি আসিয়া সমুদিত হয়। সকল ধর্ম্মাচরণের, সমুদয় পুরুষার্থের ফল াপেক্ষাও সুদুর্লভ ব্রহ্মাদিরবাঞ্ছিত প্রেমাধিকারী হন। ইহাই এশ্লোকের তাৎপর্য্য।

দ্যানুবাদ—সে করেছে মহাপূত, যাবতীয় অদ্ভুত, ভাগবত ধরমাচরণ,
বর-পরমাতিশয়, পুরুষার্থসমুদয়, করতলে করেছে ধারণ।
ব্রহ্মাদির সে নমিত, সুখাদিক আছে যত, সমস্তের শিরে পদতার-
আজীবন বৃন্দাবনে, বাসের বাসনামনে, সুদৃঢ় সুনিশ্চিত যাহার (ঃ)

(ঃ) আজীবন কোনও ধামবিশেষে বাসের সুদৃঢ় সঙ্কল্পের নাম-ক্ষেত্র সন্ন্যাস। হা এক অতি উচ্চ সাধনাঙ্গ, সেই জন্য জগদেকগুরু শ্রীমন্মহাপ্রভু, পণ্ডিত-াস্বামীকে নীলাচলের ক্ষেত্র-সন্ন্যাস ত্যাগকরিতে নিষেধ করেন এবং গৌড়দেশ য়া বৃন্দাবন যাত্রাকালে তাঁহাকে সঙ্গে লয়েন নাই।

পুলিনে পুলিনে কলিন্দজায়া
বিচরং শ্চাপিতলেতলেতরুণাং
প্রণয়াদ্‌ভুতসৌখ্যকন্দ বৃন্দা-
বিপিনে হন্ত কদা দিনানি নেষ্যে ॥২৬॥

টীকা—শ্রীবৃন্দাবনে কুত্র গৃহাদিকং কৃত্বা ত্বং নিবসিতু মিচ্ছসি? কুত্রাপি গৃহাদিকং নকরোমি, সদাসর্ব্বত্র সর্ব্বলীলাস্থলীষু লীলোদ্দীপনায় বিচরামি। তং প্রার্থনামাহ যথা—হন্ত (অহো!) কদা কলিন্দজায়াঃ (শ্রীযমুনায়াঃ) পুলিনে পুলিনে (প্রতি পুলিন ভূমি) তরুণাং তলেতলে (বৃক্ষাণাং তলে তলে—শ্রীবেণু-গীত লীলা-স্থানং শ্রীবৃন্দাবনস্য প্রতি তরুতলং) বিচরয়ন্, অদ্ভুত প্রেম-সৌখ্যকন্দ-বৃন্দাবনে (নিরুপাধি সুদিব্যালৌকিক-প্রেমসুখনিকরস্য উৎপাদন-সম্বর্দ্ধনত্বেন তৎকন্দায়মানে শ্রীবৃন্দাবনে) কদা দিনানি নেষ্যে?। জীবনাশিষ্ট দিন যামিনী-যাপয়ামি, মমাধমস্য এতদ্ভাগ্যং কদাভবিষ্যতি ইত্যর্থঃ ॥ ২৬ ॥

আভাস ও পদ্যানুবাদ—শ্রীবৃন্দাবনের কোন্‌স্থানে গৃহাদি নির্ম্মাণ-করিয়া তুমি অবস্থানের ইচ্ছুক? ইহারউত্তর-বৃন্দাবনে গৃহস্থালি অযুক্ত, তাই আক্ষেপ প্রকাশ পূর্ব্বক মনোভাব ব্যক্ত করিয়া কহিতেছেন—আমি কোথাও গৃহাদি নির্ম্মাণ করিয়া থাকিবনা। লীলাবলী উদ্দীপনেরআনন্দ লাভাকাঙ্ক্ষায় আমি সর্ব্বত্র বিচরণ করিব, ইহাই আমার মনের সাধ, হায়! কবে আমার এই প্রকারে দিন যাপনের ভাগ্যোদয় হইবে? শ্রীযমুনার সমস্তপুলিনই প্রেম-লীলার-সীমা-শ্রীরাসকেলির রঙ্গভূমি, এবং সমস্ত তরুতল,—গো-বিহঙ্গ-বৃক্ষ-মৃগাবধি যাবতীয় স্থাবরজঙ্গমের প্রেম-পুলক প্রদ-বেণু-বাদ্যের স্থান, এই নিমিত্ত বিশেষভাবে ইহাদেরনামোল্লেখকরিয়াছেন।

পুলিনে পুলিনে কলিন্দ-সুতার করিবরে বিচরণ,
তরু তলে তলে বিহরিব কবে তেজি তুচ্ছ-নিকেতন।
কবে অদভুত প্রেম-সুখ-কন্দ (*) সু মধুর-বৃন্দাবনে,
কাটাইব দিন এই রূপে হায়! পরম আনন্দ মনে?

(*) আলু মূলকাদিরনাম কন্দ, ইহা যেমন বৃক্ষ লতাদির উৎপাদকও সংবর্দ্ধ অথচ স্বয়ংও পুষ্টিকর খাদ্য, তেমনি শ্রীবৃন্দাবনও অলোক-সাধারণ-প্রেম সুখের উৎপাদনাদি গুণান্বিত।

গৌর শ্যামল মিথুনং খেলতি কন্দর্প লীলয়াযত্র
রাধামাধব নাম্না প্রথিতং তন্নৌমি কাননং কিমপি ॥২৭॥

টীকা—শ্রীবৃন্দাবনং দিব্যাদ্ভুত-প্রেম সুখানাং কন্দং ইতি ধ্রুবং, পরন্তু ত্বয়ি তৎপ্রেমানন্দং কথং ভবিষ্যতি? বৃন্দাবনস্য স্মরণদর্শনধ্যানবন্দন প্রভাবেণ শ্রীশ্রীরাধামাধবয়োঃ চিত্তশুদ্ধিসাধিনী(*)লীলাস্ফূর্ত্তিঃ আপ্নোতি, তত্র সংবাস-সংভ্রমণেন সর্ব্ব সৌভাগ্য-সার সিদ্ধির্ভবিষ্যতি। ইতিমহাদ্ভুত-বৃন্দাবনমহিমা নির্ভরেণ মল্লক্ষণস্য পরমাযোগ্যাধমস্য তল্লাভাকাঙ্ক্ষা, ইত্যাবেশাৎ বৃন্দাবনং স্তৌতি যথা—

রাধামাধব নাম্না প্রথিতং (সুবিখ্যাতং) গৌরশ্যামল মিথুনং (নারী পুরুষং) যত্র কন্দর্পলীলয়া খেলতি (অপূর্ব্ব-প্রেম-ধর্ম্মাচরণেন নিত্যং ক্রীড়তি ইত্যর্থঃ) তং কিমপি বর্ণনাতীতং মহামাধুরী শোভা সম্পদ সমন্বিত মিতি ভাবঃ), কাননং নৌমি সদানমস্করোমি) অহমিতি শেষঃ। অসাধারণ বিশেষণেন অত্র—কাননার্থে বৃন্দাবনং বোদ্ধব্যং। অত্র শ্লোকে 'সকাতর-প্রণতিঃ, সলালস-কৃপাভিক্ষাচ করুণালাভার্থায় পরমকর্ত্তব্যা" ইতিব্যঞ্জিতং।

আভাসাদি—শ্রীধামবৃন্দাবন দিব্যাদ্ভুত-প্রেমসুখেরকন্দ ইহা স্বীকার্য্য, কিন্তু সে প্রেমানন্দ তুমি কি করিয়া লাভ করিবে? উত্তর—বৃন্দাবনের যে মহাদ্ভুত মহিমা আমাকে পরিচালিত করিতেছে তাহাই আমার ভরসা এবং আমিজানি ধ্যানদর্শন নিসেবনাদিরন্যায়, নিরন্তর বৃন্দাবন বন্দনও তৎপ্রেমানন্দপ্রাপ্তির এক অপূর্ব্ব উপায়, অতএব আমি সেই বর্ণনাতীত মহামাধুরীও শোভা-সম্পদ্-সমন্বিত শ্রীবৃন্দাবনকে সর্ব্বদা প্রণাম করি। ইহাই কবিবিদ্যাপতির ভাষায় নিম্নে বিবৃত। যথা—

রাধা-মাধব-নাম জগত-চিত-চোর—
শামর গোরী নাহ-বর ভামিনী, যহি মনোভব রসভরে নিতি ভোর।
সোই পরম-মধুরিম ময় মোহন—অনুপম পরম উজোর—
প্রেমসুখদ বরণাতীত কানন—প্রণমি মনোরথ পূর।

(*) যথা শ্রীচক্রবর্ত্তী পাদস্য নিকুঞ্জবিরুদাবল্যাং—"শ্রীকৃষ্ণলীলা হৃদয়ং পুনাতুমে, লীলাচ যা প্রেমরসানুভাবিনী। রসশ্চ কান্তাপরিশীলতোঽপিযঃ, কান্তাচযা বল্লব যৌবতাগ্রণী"।

খগবৃন্দং পশুবৃন্দং ক্রমবল্লী বৃন্দমুন্মদ প্রেম্না
প্রীণয়দমৃত রসেন শান্তং বৃন্দাবনং নমত ॥ ২৮ ॥

টীকা—রাধামাধবয়োঃ কন্দর্পক্রীড়াভূমিত্বেন শ্রীবৃন্দাবনস্থ প্রেম-প্রদান-মহিম কঃ? মাং তন্মহিমানং শ্রাবয়। ক্রমশঃ শৃণু—অনেন শ্রীবৃন্দাবনস্থ—সদাসংবর্দ্ধনশীল পরম-প্রেম-প্রবাহে সংপ্লাবন-কর্ত্তৃত্বরূপ মহামহিমা ব্যক্তিতং। (*) তেন পশু পক্ষ্যাবধিং প্রেম্না প্রীণয়ং!! এতন্মহিম-কণা-কথনেপি মং সামর্থ্য নাস্তি। বৃন্দাবনং নমস্কুরু, তৎকরুণয়া তন্মহিম-স্ফূর্ত্তি ভবতি; ইত্যাহ—

উন্মদ প্রেম্না (উন্মাদনা-প্রদ-প্রেম্না) খগ বৃন্দং (পক্ষী সমুহং) পশু বৃন্দং,—ক্রম বল্লী বৃন্দঞ্চ (বৃক্ষলতা বৃন্দঞ্চ) প্রীণয়ং, (প্রীতিপ্রদং) অমৃত রসেন (নব-প্রাণদ-প্রেমানন্দেন) শান্তং শমগুণ-পূর্ণং (রাধাকৃষ্ণ-নিষ্ঠতাময়ং) বৃন্দাবনং নমত, (যূয়ং নমস্কুরুত) "শমো মন্নিষ্ঠতাবুদ্ধিঃ" ইতি শ্রীভাগবতৈকাদশে উদ্ধবং প্রতি ভগবদ্বচনং। নমস্কার ফলাং—বৃন্দাবন-মহিমোপলব্ধিঃ প্রেমোন্মাদ-প্রাপ্তিঃ রাধাকৃষ্ণয়োঃ নিষ্ঠাচ ভবতি, ইতি শ্লোকাক্ষরাণাং ধ্বনিঃ॥২৮॥

আভাস ও পদ্যানুবাদ—'শ্রীশ্রীরাধাব্রজমোহনের প্রেম-কেলির স্থান" পূর্ব্ব শ্লোকোক্ত এইকথায় বৃন্দাবনের প্রেমদান মহিমা কিপ্রকাশ হইল-বুঝিতে পারিতেছিনা। বৃন্দাবনের ঐ মহিমা বলুন। উত্তর-ঐবাক্যেই বৃন্দাবনের-অপূর্ব্বাদ্ভুত-প্রেম-প্রবাহেপরিপ্লাবনের ক্ষমতারূপ মহামহিমা পরিব্যক্ত হইয়াছে। হে বন্ধুগণ! অনবরত ভক্তিপূতচিত্তে শ্রীবৃন্দাবনকে প্রণাম কর, তদ্দ্বারা তদীয় মহিমাজ্ঞান, প্রেমানন্দলাভ, এবং শ্রীরাধাকৃষ্ণে নিষ্ঠা, নিশ্চয় সংঘটিত হইবে। আহা! কে না জানে আমার প্রাণের বৃন্দাবন—পশু পক্ষী তরুলতা পর্য্যন্ত সমুদয় স্থাবর জঙ্গমকে প্রেমদানে প্রীত করেন। ইহাই কবি বিদ্যাপতির ভাষায় বলা হইতেছে যথা—

উদমদ প্রেম অমিয় রস দানে—
নিতি নিতি প্রীতি-পরফুল্ল যো করতহি বিহগবনগ-তরুবল্লীবিতানে।
প্রণমহ সতত, প্রেমভরে, সু-মহিম, সোই পিরীতি-রসধাম
আন পিয়াস-তাপদব শান্তক "বৃন্দা-বিপিন" মধুর যছুনাম।

(*) যে প্রেমের নিকট অনাদিনিধন সর্ব্বেশ্বরের সর্ব্বৈশ্বর্য্য পদে পদে পরাজিত হয়, উহাকেবল মাত্র বৃন্দাবন বাসীরই নিজ ধন, এ কথা সর্ব্বসম্মত, আর উহা প্রদানের অধিকারও কেবল শ্রীবৃন্দাবনের, তাই স্বয়ং শ্রীকৃষ্ণ অন্য ধামে নিজপ্রিয়পরিকরকেও ইহা প্রদান করিতে অপারগ। পরবর্ত্তী শ্লোক সমূহে, টীকোক্তপূর্ব্বপক্ষের উত্তর-পূর্ণরূপে প্রদত্ত হইয়াছে।

**ঊষর মপি হরিভক্তের্নানাদুর্মার্গ নিষ্ঠ মপ্যধমং
বৃন্দাবিপিন মচিন্ত্য প্রভাব মুন্মাদয়েৎ প্রেম্না ॥২৯॥**

টীকা—স্থাবরতীর্য্যগাদেঃ দুর্মার্গাচার-সমুত্থ কিম্বা দুঃসংসর্গজ অপরাধ নাস্তি। সাপরাধানামস্মাকং কথং তাদৃক্ সৌভাগ্যং ভবতি? এতদুত্তর-'বৃন্দাবনস্য অত্যচিন্ত্য প্রভাবাৎ তদাশ্রয়ে—গন্ধদ্রব্যভাণ্ড-নির্গন্ধ বস্তুবৎ যুষ্মাকমপরাধমপি ক্ষয়ং যাস্যতি,—তেন সৌভাগ্যঞ্চ ভবিষ্যতি। তদাহ—

হরিভক্তে ঊষরমপি (হরিভক্ত্যোদয়ত্বে অনুর্ব্বর ভূমিবৎ অযোগ্য মপি) নানা দুর্মার্গ-নিষ্ঠং অধমঞ্চাপি (নিষিদ্ধাচারং নীচঞ্চাপি) অচিন্ত্যপ্রভাবং বৃন্দাবনং প্রেম্না উন্মাদয়েৎ। ইত্যস্য বহুদৃষ্টান্তং সর্ব্ব গোচরত্বাৎ লোক প্রসিদ্ধ; অতঃ বঃ ক্ষোভস্য কারণাভাবঃ সবিশ্বাস-ভক্ত্যা অচিরে বৃন্দাবনাশ্রয়ং কুরু। ইতি ভাবঃ। গঙ্গা শত গুণ প্রোক্তং যত্র কেশীনিপাতিতঃ, কেশ্যাঃ শত গুণং প্রোক্তং যত্র বিশ্রামিতো হরীতি আদি বারাহে বৃন্দাবন মহিম লবশেস-মাত্র ব্যক্তং।

আভাসাদি—বৃক্ষাদি স্থাবর জাতির এবং পাখাদি তীর্য্যগ জাতির দুর্মার্গাচরণ-সঞ্জাত অথবা কুসঙ্গ-সমুত্থ ভীষণাপরাধ নাথাকায়, বৃন্দাবন তাহাদিগকে প্রেম দান করেন আমরা বহু অপরাধী, আমাদের সে প্রকার সৌভাগ্য লাভ হইবে কেন? উত্তর, বৃন্দাবনের অত্যচিন্ত-প্রভাবে—গন্ধ দ্রব্যে নিমগ্ন নির্গন্ধবস্তুর, সৌগন্ধ-লাভের ন্যায়—নিশ্চয়ই তোমাদেরও যুগপৎ সর্ব্বাপরাধ ক্ষয় এবং সর্ব্ব সৌভাগ্য লাভ হইবে অচিরাৎ-বৃন্দাবনাশ্রয় কর। কালীয়সর্পের ন্যায় মহাদুষ্টের অপরাধ ক্ষয়, প্রেমোদয়ও শ্রেয়োলাভ, যাহার প্রভাবের অভ্রান্ত উদাহরণ—তাহার মহিমায় অবিশ্বাসী হইও না। শ্রীবৃন্দাবনের সমুদয় রজো-কণাই রাধামাধবের পদরেণু, পরমপাবন—পরম-প্রেমপ্রদ ব্রহ্মাদির বাঞ্ছিত সুদুর্লভ ধন। এই নিমিত্ত বৃন্দাবনেরঅত্যচিন্ত প্রভাব অননুভবনীয়।

বৃন্দাবিপিনের, মহাপরভাব, ভাবনার অগোচর (*)
বরণিবেকেবা, সে মহামহিমা, নাহিক যাহার ওর।

হরিভকতির, বিশোষক মরু—ভূমি সম চিত যার,
বিবিধ বিপথে, ধাবিত যে সব অধম সুদুরাচার।

তাহারাও বৃন্দাবন-মহিমায় প্রেমে উন মদ হয়
(কতশত হেন হয়েছে হোতেছে বিদিত জগতময়।)

(*) শ্রীশ্রীরাধাগোবিন্দের শ্রীপদরজের এক একটি কণিকার কত মহিমা। (৩৮ নং শ্লোকেদেখ।)

ভক্ত্যৈকয়াংন্যত্র কৃতার্থমানীনো
ধীরান্তদেতন্নবয়ং বিদামঃ।
শ্রীরাধিকা মাধব বল্লভং নঃ
পরন্তু বৃন্দাবনমেব সংশ্রয়ঃ ॥ ৩০ ॥

টীকা—ভগবদ্ধামমাত্রস্য অচিন্ত্যশক্তিঃ শাস্ত্রানুমোদিতা। এবঞ্চ বহু মহাত্মা ধামান্তরে ভক্তি বিধানেন আত্মনং কৃতার্থং মন্যতে। তথাপি ন তদুপদেশং ন করোসি? ধ্রুবং ন;

অন্যত্র (ধামান্তরে তীর্থাদৌবা) একয়া ভক্ত্যা (একাগ্রভক্তি বিধানেন) কৃতার্থ মানীনোজনাঃ "ধীরাঃ" বয়মিতি ন বিদাম (নজানীম) (*) পরন্তু শ্রীরাধিকামাধব-বল্লভং (রাধামাধবয়োঃ প্রিয়তমং) বৃন্দাবনমেব নঃ অস্মাকং সংশ্রয়ং (পরমগতি ইত্যর্থঃ)

অন্যত্রানুরাগী 'মহতাদপিমহৎ' খ্যাতিমন্তোঽপি পন্থানামনুসরণংঅবাঞ্ছনীয়ং। ইতি শ্লোকস্যোপদেশঃ। 27022

আভাসও পদ্যানুবাদ—বগবদ্ধাম মাত্রেরই অচিন্ত্য-শক্তিশাস্ত্রানুমোদিত। দেখিতেও পাওয়াযায় অনেক মহাত্মা ধামান্তরে একাগ্র ভক্তি বিধান করিয়া আপনাকে কৃতার্থ মনে করেন, তবুও কি তুমি আমাদিগকে তদুচিত উপদেশ প্রদানে অসম্মত? উত্তর—হাঁ অসম্মত, কারণ রাধামাধবের জন্মাদি লীলা এবং পরের শ্লোকের ব্যাখায় বিবৃত কারণ এবং শাস্ত্রোক্তি অনু সারে বৃন্দাবনের ন্যায় অপূর্ব্বাদ্ভুত মহাধাম আরনাই।

পরমভকতি করি কোনোধামান্তরে, যাহারাকৃতার্থ করি মানে আপনারে।
হোন তারা শাস্ত্রবিদ হোনখ্যাতিমান, আমি "ধীর" বলি কভুনাহিকরিজ্ঞান।
রাধামাধবের প্রিয় লীলার নিলয়, প্রেম ধাম বৃন্দাবন আমার সংশ্রয়।
(রাধামাধবের মহা লীলা যাহে নাই, সে কিসের সুখধাম তারমুখে ছাই)

(*) তৎ প্রমাণং বারাহে—গুহ্যাদ্ গুহ্যতরং গুহ্যং পরমানন্দ কারণং, অত্যদ্ভুত রহস্যানাং রহস্যং পরমং শিবং। দুর্লভানাঞ্চ পরমং দুর্লভং সর্ব্বমোহনং, সর্ব্বশক্তিময়ং দেবিঃ সর্ব্বতন্ত্রে সুগোপিতং। নিত্যং বৃন্দাবনং নাম ব্রহ্মাণ্ডোপরিসংস্থিতং ॥ পূর্ণ ব্রহ্ম সুখৈশ্বর্য্য নিত্য মানন্দ মব্যয়ং। বৈকুণ্ঠাদিতদংশাংশে স্বয়ং বৃন্দাবনং ভুবি ॥

দোষাকরোঽহং গুণ লেশ হীনঃ
সর্ব্বাধমো দুর্লভ বস্তুকাঙ্ক্ষী।
বৃন্দাটবী মুজ্জ্বল ভক্তি সার—
বীজং কদাপ্রাপ্য ভবামি পূর্ণঃ ॥৩১॥

টীকা—কিন্তু মমভাগ্যেকিং বৃন্দাবনাশ্রয়ং ভবিষ্যতি? অহো! কদা তল্লাভে পূর্ণ মনোরথঃ ভবামি! লালসৌৎকণ্ঠা পূর্ণ দৈন্যোদয়ে ইতি আক্ষেপাকাঙ্ক্ষা মাহ—সর্ব্ব দোষাকরঃ (দোষাবলীনাং খনিঃ) পুনঃ গুণ-লেশ হীনঃ এবঞ্চ সর্ব্বজীবা ধমঃ (কুক্কুর শূকরাদপি নিকৃষ্টঃ) তথাপি অহং দুর্লভ দ্রব্যাকাঙ্ক্ষী।। অহো! কদা তং (সুদুর্লভং) উজ্জ্বলভক্তি সারবীজং বৃন্দাটবীং (মধুর রসাত্মিকা ভক্ত্যেরবার্থ বীজরূপং বৃন্দাবনং) প্রাপ্য (তৎসংশ্রয়ং প্রাপ্য ইতিভাবঃ) পূর্ণো ভবামি? অত্র সারবীজ শব্দস্তু ধৃস্বর্থে—উজ্জ্বলো ভক্তিঃ কল্প-লতায় মানা ইতি ব্যঞ্জিতং ॥ ৩১ ॥

আভাসাদি—শ্রীল রামানন্দ রায়ের মুখে "কান্তাপ্রেম সর্ব্ব সাধ্যসার" এই কথা শ্রবণে যে শ্রীমন্মহাপ্রভু বলিয়াছিলেন "এই সাধ্যাবধি সুনিশ্চয়" শ্রীবৃন্দাবন সেই উজ্জ্বল রসময়ী প্রেমার অবিনশ্বর-বীজস্বরূপ, কিন্তু সর্ব্ব জীবাধম আমার কপালে কি আজীবন বৃন্দাবনাশ্রয় ঘটিবে? দিনতো গেল, হায়! কবে সে সৌভাগ্য লাভ করিয়া কৃতার্থ হইব, এইরূপ লালসায়ও উৎণ্ঠায় আকুল হইয়া সদৈন্যে কহিতেছেন।

যথা—নিখিল দোষের খনি গুণ-লেশহীন
জগত মাঝারে আমি সর্ব্বাধম-দীন।
তথাপি লভিতে আশা সুদুর্লভ-ধন—
উজ্জ্বল-ভকতি-সার-বীজ-বৃন্দাবন!!
হায়! কবে পাব-বৃন্দাবনের আশ্রয়-
পূর্ণ মনোরথ হইব রে! সুনিশ্চয়।

(*) এই রূপ দৈন্যই সাধকের সর্ব্বস্ব এবং প্রেম রত্নের পেটিকা, সর্ব্বোত্তম হইয়াও আপনাতে হীন বুদ্ধি, ব্রজানুগা প্রেমের লক্ষণ। ইহার ন্যায় ইষ্ট সাধক আর কিছুই নাই, তাহাতেই শ্রীপাদ রূপগোস্বামীর উক্তি—"ন প্রেম শ্রবণাদি ভক্তি রপিবা যোগোঽথবা বৈষ্ণবো। জ্ঞান ম্বা শুভকর্ম্মবা কিয়দহো! সজ্জাতি রপ্যাত্তিবা", ইত্যাদি। (৫৬ নং শ্লোকের ব্যাখ্যা দেখ।)

শুদ্ধোজ্জ্বল প্রেম রসামৃতাব্ধে
রনন্ত পারস্য কিমপ্যুদারং।
রাধাভিদং যত্র চকাস্তি সারং
তদেব বৃন্দাবিপিনং গতির্মে ।।৩২।।

টীকা—শুদ্ধোজ্জ্বল প্রেম-সার স্বরূপা শ্রীরাধা, বৃন্দাবনে সদাবিদ্যোততে, তস্মাৎ তদ্রত্নাকরং বৃন্দাবনং মমৈকাশ্রয়ং ইতি পরমাপূর্ব্বরাধানুরাগেণসমং স্বকীয় বৃন্দাবন নিষ্ঠামাহ—

অনন্ত পারস্য (অসীমস্য) শুদ্ধোজ্জ্বল প্রেমরসাব্ধেঃ সারং (আত্মসুখ-বাঞ্ছা-বর্জ্জিত-নির্ম্মল-মধুর রস-সাগরস্য সারং (সার বস্তুরূপং) কিমপ্যুদারং রাধাভিদং পরম দান-শীলং-রাধেতি নামাখ্যাতং) যত্র চকাস্তি (প্রকাশতি) (ক্ষ) তদ্বৃন্দাবিপিনং মে গতিঃ (মম অনন্যাশ্রয়ঃ) ॥ ৩২ ॥

আভাসও পদ্যানুবাদ—শুদ্ধোজ্জ্বল-প্রেম-সার প্রতিমা, কৃষ্ণকান্তাগণের মৌলীমণি—পরম করুণাময়ী শ্রীরাধা, বৃন্দাবনে সদাবিদ্যোতিতা, সুতরাং সেই পরম চিন্তামণির আধার শ্রীবৃন্দাবন আমার এক মাত্র গতি। বৃন্দাবন ব্যতিত আর কোথাও আমার আশ্রয় স্থান নাই। এই রূপ ভাবোদয়ে স্বকীয় বৃন্দাবন-নিষ্ঠা প্রকাশ করিতেছেন যথা—

পরিসীমাবিরহিত অনন্ত অপার, সুবিমলোজ্জ্বল রস সাগরের সার।
পরম মধুর রাধা নামে অভিহিতা, প্রেম চিন্তামণি ধনী ভুবন বিদিতা।
বচন, লেখনি, কলপনা, বা-ধারণা, বরণিতে অপারগযার গুণ-কণা।
যে থানে তাঁহার প্রেমকেলি নিতিনিতি, সেই প্রেমধাম বৃন্দাবনমোরগতি।

(ক্ষ) "দেবী কৃষ্ণ ময়ী প্রোক্তারাধিকাপরদেবতা, সর্ব্ব লক্ষ্মীস্বরূপাচ কৃষ্ণাহ্লাদ স্বরূপিনী"। "ততঃ সাপ্রোচ্যতেবিপ্র হ্লাদিনীতি মনীষিভিঃ, যৎ কলাকোটি কোট্যংশাদুর্গাস্তাস্ত্রিগুণাত্মিকা। ইতি বৃহৎগৌতমীয়শ্লোকেন শ্রীরাধায়াঃ মহিম্ন লবলেশ মাত্র দিগ্দর্শিতং।

"যো মামেব প্রপন্নশ্চ মৎপ্রিয়াং ন মহেশ্বর। নকদাপি স প্রাপ্নোতি মামেবং তে ময়োদিতং ॥" (স কৃদেব প্রপন্নো য তবাস্মীতি বদে দপি। সাধনেন বিনাপ্যেব মামাপ্নোতি ন সংশয় ॥' এতদ্বয়েন শ্রীরাধাশ্রয়ং অতি কর্ত্তব্যং প্রতিপন্নঃ।

"বৃন্দাবনং পরিত্যজ্য নৈবগচ্ছাম্যহং কচিৎ। নিবসাম্যনয়াসার্দ্ধ মহমত্রৈচ সর্ব্বদা" এতেন শ্রীবৃন্দাবনে বৃন্দাবনেশ্বর্য্যাং নিত্যাবস্থান মভিব্যক্ত।

সর্ব্ব সাধন হীনোঽপি বৃন্দারণ্যৈক সংশ্রয়ঃ।
যঃ কোপি প্রাপ্নুয়াদেব রাধাপ্রিয় রসোৎসবং ॥৩৩॥

টীকা—তব রাধানুরাগং যথেষ্ট মস্তি; অতঃ যত্র তত্র স্থিত্বা বিধিবৎ সাধনানুষ্ঠানং কুরু, দ্বয়োর্মেলনাৎ—পূর্ণ মনোরথঃ ভব। বৃন্দাবন বাসার্থং এতাদৃগ্ অত্যাগ্রহেণ কিংফলং? তদাহ—অহংসাধনাসমর্থঃ অভাজনঃ বৃন্দাবনাশ্রয়ং বিনা মৎ সম্বন্ধে উপায়ান্তরং নাস্তীতিমৎসুনিশ্চিতাতাবধারণা;ঃ অত্র শ্রীগৌর-সর্ব্বেশ্বর-সম্মতং সিদ্ধান্তং শৃণু, যথা—সর্ব্বসাধনহীনোঽপি যঃ কোপি—বৃন্দারণ্যৈক সংশ্রয়ঃ(শ্রীবৃন্দাবনমেব একং সংশ্রয়ঃ অনন্যাশ্রয়ঃ যস্যসঃ) রাধাপ্রিয়-রসোৎসবং প্রাপ্নুয়াৎ।

রাধায়াঃ প্রিয় যঃরসোৎসবঃ তং (রসলীলাসংঘটনাদিকং) যদ্বা রাধাপ্রিয়স্য শ্রীকৃষ্ণস্য যঃ রসানন্দং (রাস কেলি জললীলাদিকং) অথবা শ্রীরাধা যেষাং প্রিয় তেষাং রসোৎসবং (প্রীতি ময়ং তদ্দাস্যং) রাধাপ্রিয় রসোৎসবং ॥৩৩॥

আভাস ও পদ্যানুবাদ—তোমার যথোচিত রাধানুরাগ রহিয়াছে কোনও সন্দেহ নাই। অতএব যে কোনও স্থানে থাকিয়া বিধিবৎ সাধনানুষ্ঠান কর, এই অনুরাগেরও সাধনের সংমিলনে অবশ্যই মনোরথ পূর্ণ হইবে, বৃন্দাবন বাসের জন্য এত অত্যাগ্রহের প্রয়োজন কি? উত্তর—আমি সাধনে অসমর্থ, চিত্ত চঞ্চল, দেহ মন মলিন ও স্বভাবের নাগপাশে বিজড়িত। পরম অভাজন আমার পক্ষ্যে এক মাত্র বৃন্দাবনাশ্রয় ভিন্ন আর কোনও গতি নাই। এসম্বন্ধে আমার সর্ব্বেশ্বর শ্রীমন্মহাপ্রভুর সম্মত সিদ্ধান্ত বলিশুন (*)

সকল সাধন বিহিন যে জন, সেও যদি সারকরে বৃন্দাবন, অনন্যশরণ হয়ে,
জাতি বিত্যাকুল নাথাকুকতার, নাথাকুকযথোচিত সদাচার, থাক্‌সুতাসুত লয়ে।

শ্রীরাধারাণীর প্রিয়রসানন্দ,ঃঅথবা যেরসে হরষগোবিন্দ—অথবা যে দাসী-ভাবে-
শ্রীরাধাতে অতি প্রিয়তাযাদের, মহাসুখোদয় হয় তাহাদের, তাহাই সেজন লভে।

(*) যাহারা আর্ষবাক্য ব্যতিত কোনও সিদ্ধান্ত গ্রহণ করিতে প্রস্তুত নহেন, তাহারা পদ্ম পুরাণের বচন শুনুন—"অতঃ প্রভোঃ প্রিয়ানাঞ্চ ধামশ্চ সময়স্যচ। অবিচিন্ত্যপ্রভাবত্বাদত্র কিঞ্চিন্ন দুর্ঘট॥" শ্রীবৃন্দাবনের অবিচিন্ত্য প্রভাবের নিকটে, যতই কেন অদ্ভুত হউকনা কোনও সৌভাগ্যই দুর্ঘট নহে।

ত্যজন্তু স্বজনাঃ কামং দেহবৃত্তিশ্চ মাস্তুবা
ন বৃন্দাবন সীমান্তঃ পদংমে চলতু কচিৎ ॥৩৪॥

টীকা—স্বভীষ্ট দেবতায়াঃ শ্রীগৌরচন্দ্রস্যানুমোদিতাব্রজবাস-কর্ত্তব্যতা, য "কস্থেয়? ব্রজ এব" ইতি শ্লোকাক্ষরেণ শ্রীচৈতন্যচন্দ্রোদয় নাটকে শ্রীকবিকর্ণপ গোস্বামী অগদৎ; তৎস্ফুরণানন্দাৎ বৃন্দাবনত্যাগে অসামর্থ্যং প্রার্থয়তি। যথা- স্বজনাঃ (স্ত্রীপুত্র মাতৃ-পিতৃ-বান্ধবাদয়ঃ সর্ব্বে) ত্যজন্তু (মাংপরিহরন্তু); বৃন্দাব সীমান্তঃ কচিদপি মে (মম) পদং নচলতু। (ঃ) দুর্ভাগ্যাধিক্যবশাৎ এতাদৃশায় দুর্ব্বুদ্ধৌ জাতায়ামপি পদং গমনাপটু ভবতু ইত্যর্থঃ ॥৩৪॥

আভাসও পদ্যানুবাদ—শ্রীচৈতন্য চরিতামৃতে পাঁচটি ভজনাঙ্গকে সর্ব্ব শ্রেষ্ঠ বলিয়াছেন। যথা—"সাধু সঙ্গ, নামকীর্ত্তন, ভাগবত শ্রবণ, কৃষ্ণ সেবা ব্রজে বাস প্রধান সাধন। এ পাঁচের মধ্যে এক অল্প যদি হয়, সুবুদ্ধি জনের হয় কৃষ্ণ প্রেমোদয়" কিন্তু সাধুসঙ্গ ও ভাগবতশ্রবণে পাত্রাপেক্ষা; নাম কীর্ত্তনে তৃণাদপি সুনীচতাও বৃক্ষবৎ সহিষ্ণুতাদি গুণাপেক্ষা; শ্রীমূর্ত্তিসেবায়—পদে পদে পরাপেক্ষা, এক মাত্র বৃন্দাবন বাসই স্বাধীন ও সর্ব্বোৎকৃষ্ট নিরাপদ ভজন। আবার কবিকর্ণপুর গোস্বামীর পূর্ব্বোল্লিখিত শ্লোকেও কেবল মাত্র বৃন্দাবনকেই অবস্থানের স্থানরূপে নির্ণয় করিয়াছেন। এই মহাত্মাদ্বয়ের বাক্য, আমার শ্রীগৌরাঙ্গ চাঁদেরই উপদেশের প্রতিধ্বনি মাত্র সুতরাং বৃন্দাবন ব্যতিত আমার গতি নাই।"

বৃন্দাবন ত্যাগের প্রসঙ্গ আমার নিকটে প্রাণত্যাগের কথা অপেক্ষাও ভয়ঙ্কর, কিন্তু হায়! দুর্ভাগ্য দুর্দ্দৈব ও কালেরপ্রভাবে কি না হইতে পারে? সুতরাং এই বৃন্দাবনের বাহিরে যাওয়ার দুর্ব্বুদ্ধিও আমারমনে উপজাত হইতে পারে, অতএব আমার এই প্রার্থনা 'আশ্রম ধরম তেয়াগি' বলিয়া, ত্যজয়ে সকল স্বজনেযদি,

যথা প্রয়োজন কামনানুরূপ নাথাকয়ে কোনোজীবিকাআদি।
তবু যেন মোর নাচলে চরণ বৃন্দাবনতেজি বাহিরে যেতে
হেন দুরমতি, কালপরভাবে দৈবের বিপাকে হোলেও চিতে।

(ঃ) বৃন্দাবন প্রাপ্ত হইয়া তৎ পরিত্যাগ শাস্ত্রানুসারেও মহানিষিদ্ধ যথা—"মদ্বনং প্রাপ্য যোমূঢ় পুনরন্যত্রগচ্ছতি। স আত্মহা মহাদেব সর্ব্বথা নাত্র সংশয়।"

সমে ন মাতা সচমে পিতান
সমে ন বন্ধুঃ সচমে সখান।
সমে ন মিত্রং সচমে গুরুর্ন
যোমে ন বৃন্দাবন বাস মাদিশেৎ ॥৩৫॥

টীকা—মাতৃ পিত্রাদয়ঃ শাস্ত্রানুমোদিত মহাগুরুণা, নিজগুরুণাচ আদিষ্টেপি ত্বং বৃন্দাবনাদ্ বহির্নিযাস্যসি? বন্ধুবান্ধবানাং হিতোপদেশেনাপিচ কিংনগচ্ছসি? তদুল্লঙ্ঘনাপরাধং করিষ্যসি? এতদুত্তরমাহ—যঃ মে (মহ্যং) বৃন্দাবন বাসং নআদিশেৎ (বৃন্দাবন বাসরূপ সারধর্ম্মাচরণে আদেশং ন দদ্যাৎইত্যর্থঃ) স মম মাতানহি (গর্ভ্ভধারিণ্যপি মাতৃ-গুরু নহি, সচ মে পিতানহি (জনকোপি পিতৃ-গুরুর্নহি) সবন্ধুরপি বন্ধু নহি, সখাচ (সমপ্রাণতাভাবে) সখানহি, মিত্রংচ (হিতৈষণা ভাবে) মিত্রংনহি, গুরুরপি (লঘুধর্ম্মত্বেন) গুরুর্নহি (সদ্ধর্ম্মোপদেষ্টা সদ্‌গুরুর্নহি ইত্যর্থঃ) তাদৃশান্ জনান্ মাত্রাদি রূপেণ ন গণয়ামি। ভক্তবর্য্য শ্রীমদ্‌প্রহ্লাদস্য অবৈধ-পিত্রাজ্ঞালঙ্ঘনবৎ তান্‌সর্ব্বান্ শ্রীমন্মহাপ্রভোর্ম্মত-বিরুদ্ধাজ্ঞোল্লঙ্ঘনে কদাপি অপরাধং ন ভবতি ইতি তাৎপর্য্যঃ।

আভাস ও অনুবাদ—শাস্ত্রানুমোদিত মহাগুরু-পিতামাতার দ্বারা আদিষ্ট কিম্বা নিজগুরুর স্পষ্ট আজ্ঞা প্রাপ্ত হইলেও, কিম্বা সুবিজ্ঞ বন্ধুজনের হিতোপদেশ প্রাপ্ত হইলেও কি তুমি বৃন্দাবনের বাহির হইবে না? গুর্ব্বাজ্ঞালঙ্ঘন ও বন্ধুবাক্যে অবহেলা করিয়া অপরাধী হইবে? ইহার উত্তরে বলিতেছেন বৃন্দাবনবাসের ন্যায়পরম ধর্ম্মাচরণে যাহারা বিরোধী, তাহারা গুরুজন নহেন বন্ধুও নহেন।

সে আমার মাতানয় পিতাও সেনয়, সুহৃদ স্বজন সখা কিছুই নাহয়।
বৃন্দাবন বাসে নাহি আদেশে যেজন, মিত্রনয় গুরুনয় সেই অভাজন।
(পরমভক্তবর প্রহ্লাদ যেমন, ধরমে পিতার বাণী করিলা লঙ্ঘন
ভরত নারাখিলেন মায়ের বচন, রাজাসনে নাহি করিলেন আরোহণ।
সোদরেরনিদেশ উপেখি বিভীষণ, লইলেন শ্রীরামের চরণে শরণ।
নাশুনি পতির বাণী যজ্ঞপত্নীগণ, রামকৃষ্ণে করিলেন অন্ন অরপণ।
গুরুর বিরোধী হয়ে মহারাজাবলী, বামন দেবেরে দান করিলা সকলি।
তথা গুরুজনের এ অনুচিতা দেশ, অপালনে কদাপি হবেনা দোষ লেশ)

তচ্ছাস্ত্রং মম কর্ণমূল মপি ন স্বপ্নেপি যায়াদহো
শ্রীবৃন্দাবিপিনস্য যত্র মহিমা নাত্যদ্ভুত শ্রূয়তে।
তে মে দৃষ্টি পথং নযান্তু নিতরাং সম্ভাষ্যতা মাপ্নুয়ুঃ
যে বৃন্দাবন বৈভব শ্রুতি গতে নোল্লাসিন স্তে খলাঃ ৩৬

টীকা—তব নিগদিত বৃন্দাবন-মহিমা সর্ব্বশাস্ত্র সম্মতঃ কিংবা সর্ব্ব মহদানুমোদিত নহি, তস্মাৎ তল্লাভায়কিং সর্ব্ব সাধন-বর্জ্জনং বিধেয়ং? ইত্যাশঙ্কয়েণ "শ্রীগৌড়েশ্বরসম্প্রদায়-সমাদৃত-শাস্ত্রাণাং ঔৎকর্ষ্যং ব্যঞ্জয়ন্ (ঃ) সগৌরব মাহ—যত্র শাস্ত্রে—শ্রীবৃন্দাবিপিনস্য (বৃন্দাবনস্য) অত্যদ্ভুতঃ (অতিবিচিত্রঃ) মহিমা (মাহাত্ম্যং) নশ্রূয়তে তৎ শাস্ত্রং স্বপ্নেপি মম কর্ণমূলমপি (কর্ণ সমীপমপি) নযায়াৎ (ন গচ্ছতু); অপিচ যে খলাঃ (দুর্জ্জনাঃ) বৃন্দাবন-বৈভবে (বৃন্দাবন-মাহাত্ম্যে) শ্রুতি গতে (শ্রুতে সতি) উল্লাসিনো ন (প্রেমানন্দাবিষ্টাঃ নভবন্তি) তে মে দৃষ্টি পথং নিতরাং (অবশ্যং) নযান্তু, (নগচ্ছন্তু) নয়ন গোচরাঃ মাভবন্তু ইতি ভাবঃ। সম্ভাষ্যতাঞ্চ ন আপ্নুয়ুঃ (মম সম্ভাষণার্হতাঞ্চ ন প্রাপ্নুয়ুঃ); অহো! ইতি খেদে।

বৃন্দাবন মাহাত্ম্যশূন্য-শাস্ত্রবাক্যং প্রাণান্তেপি অহং—জাগ্রতে নশৃণোমি, অপিতু স্বপ্নেপি দূরে তিষ্ঠতু ইতি ভাবঃ।

আভাসও পদ্যানুবাদ—তুমিঃ বৃন্দাবনের যে প্রকার পরমাদদ্ভুত মাহাত্ম্য বলিতেছ ইহা তো আর সর্ব্বাদৃত-শাস্ত্র-সমূহের কথানয়, এবং সমুদয় সুবিজ্ঞ মহৎ গণেরও অনুমোদিত সিদ্ধান্ত নহে। অতএব ইহার উপর নির্ভর করিয়া সর্ব্বসাধন-পরিত্যাগ কি যুক্তি যুক্ত? ইহার উত্তরে শ্রীমহাপ্রভুর সম্প্রদায়ে সমাদৃত গ্রন্থ সকলের উৎকর্ষ প্রকাশে কহিতেছেন—

বৃন্দাবিপিনের পরম-মহিমা, নাহি যাহে বরণিত
মোর শ্রুতিমূলে, সেশাস্ত্রের বাণী, নালাগুক কদাচিত।
স্বপনেও যেন নাহি হয় ইহা। আর, যাহাদের চিত-
বৃন্দাবন গুণ-বৈভব শ্রবণে নাহি হয় উলসিত—
তাহাদের সনে, কোনও কারণে, কখনও যেন হায়!
দরশ সম্ভাষ নাহি ঘটে। তারপ্রয়োজন (ও) নাহিপায়।

(ঃ) শ্রীমদ্ভাগবত, বিষ্ণু পুরাণ, বরাহ সংহিতা, পদ্মপুরাণ, যামল পঞ্চরাত্রাদি—শাস্ত্রসমূহের ঔৎকর্ষ্য।

**অলমলমিহ যোষিৎ গর্দ্দভীসঙ্গরঙ্গৈ
অলমলমিহ বিত্তাপত্য বিদ্যাযশোভিঃ।
অলমলমিহ নানা সাধনায়াস দুঃখৈ (‡)
র্ভবতভবত বৃন্দারণ্য মাশ্রিত্য ধন্যাঃ ॥৩৭॥**

টীকা—বৃথা বিচারেণদিনক্ষয়ং মাকুরু, বিত্তাপত্য-বিদ্যা-বনিতা-সেবনাদিং বিহায়-নানাসাধনায়াসঞ্চ পরিহর। অচিরাৎ বৃন্দাবনাশ্রয়েণ ধন্যোভব। মহোচ্ছাসেন ইত্যুপদিশতি। যথা—

ইহ (সংসারে) যোষিতঃ (কান্তাঃ) এব গর্দ্দভাঃ তাষাং সঙ্গেন যে রঙ্গাঃ (আনন্দাঃ) তৈঃ অলং অলং (ন কিঞ্চিৎ প্রয়োজনং ইত্যর্থঃ) ইহসংসারে বিত্তাপত্য বিদ্যাশোভিঃ (ধন-পুত্র-বিদ্যা-কীর্ত্তিভিঃ) অলং অলং। ইহ সংসারে নানাসাধনানি (সিদ্ধেরুপায়াঃ) তেষু আয়াসদুঃখৈঃ (প্রয়াসজক্লেশৈঃ) অলং অলং (ন কিমপি প্রয়োজন মিত্যর্থঃ); বৃন্দারণ্যং আশ্রিত্য ধন্যাঃ (কৃতার্থাঃ) ভবত ভবত। যূয় মিতিশেষঃ।

আভাসাদি—স্ত্রীসঙ্গরঙ্গী পুরুষ দিগের পরিণামফল গর্দ্দবের দশাপ্রাপ্তি; নিস্তেজতাও অপবিত্রতালাভ; সুতরাং যোষিৎ গণেতে আর গর্দ্দভীতে প্রভেদকি? এই মরজগতে যোষিৎ গর্দ্দভীর সঙ্গরঙ্গে এবং বিত্ত অপত্য বিদ্যাপ্রতিষ্ঠাদিতে অন্ধ হইলে ও নানা প্রকার সাধনের আয়াসজনিত পণ্ড শ্রমে সুদুর্ল্লভ মনুষ্য জন্ম গোঙা-ইলে আর উদ্ধারের উপায় থাকিবে না। এই সকলেতে কোন ও প্রয়োজন নাই; বৃন্দবনাশ্রয়ের ন্যায় সর্ব্বোত্তম নিরাপদ-সাধন আর কিছুই নহে, অতএব অচি-রাৎ বৃন্দাবনাশ্রয়, করিয়া ধন্য হও। ইহাই এশ্লোকের উপদেশ। পদ্যানুবাদ যথা—

ত্যজ ত্যজ ভাই! আর কাজ নাই নারী-গর্দ্দভীর সঙ্গে,
বিদ্যা-যশোধনে, পুত্র পরি জনে, মাতিয়া সংসার রঙ্গে।
এসবে কেবল, সংসারশৃঙ্খল পরাইয়া মারে। তাই—
বিবিধ সাধন, সহ বরজন, কর এসকল ভাই!
নানা সাধনায়, সব বৃথা যায়। মধুর শ্রীবৃন্দারণ্য—
প্রেম সুখ ময়, চির-সমাশ্রয়—করিয়া হওরে ধন্য।

(‡) সদ্‌গুরুর চরণাশ্রয় পূর্ব্বক তদুপদিষ্ট ব্রজরসে না মজিয়া নানা বিধসাধনের আয়াসে দুঃখ মাত্র সার।

বৈকুণ্ঠং কোটি কোটি প্রগুণিত মপিনোযদ্রজো লেশমাত্রং
প্রোন্মীলৎ সৌভগর্দ্ধের্লবমপি লভতে শুদ্ধভাবোজ্জ্বলায়াঃ
কুর্ব্বারন্ ভক্তিকোটিভগবতি নতথাপ্যদ্ভুত প্রেমমূর্ত্তেঃ
শ্রীরাধায়া অভক্তৈঃ কিমপিনকলিতাংনৌমিবৃন্দাটবীংতাং ৩৮

টীকা—পূর্ব্বান্নুবৃত্তেঃ বৈকুণ্ঠাদপি শ্রীবৃন্দাবন-মহিমোৎকর্ষংকথয়তিযথা—বৈকুণ্ঠং (শ্রীমন্নারায়ণ ধাম) কোটি কোটি প্রগুণিত মপি (বহু কোটি সংখ্যাভিঃ প্রকর্ষেণ গুণিত মপি সংবর্দ্ধিত মপি—ইত্যর্থঃ) যৎ যস্যরজস্য (ধূলেঃ) লবলেশ মাত্রং ন (ক্ষুদ্রাংশবৎ গণ্যংনভবতি); তস্মাৎ-যা-শুদ্ধভাবোজ্জ্বলায়াঃ (পরম প্রেম্না প্রোদ্ভাসিতায়াঃ বৃন্দাটব্যাঃ ইত্যর্থঃ) সৌভগর্দ্ধেঃ (শোভাসম্পদস্য) লবমপি (বিন্দুমপি) ন লভতে (নপ্রাপ্নোতি); তথা ভগবতি (শ্রীবৈকুণ্ঠনাথে) ভক্তি কোটী কুর্ব্বারন্,—তথাপি অদ্ভুত প্রেম মূর্ত্তেঃ শ্রীরাধায়াঃ ন (ন ভক্তিং কুর্য্যুঃ) এতাদৃগ্ভিঃ অভক্তৈর্যা কিমপি (কথমপি) নকলিতাং (অলব্ধাং); তাং বৃন্দাটবীংনৌমি।

সমগ্র বৈকুণ্ঠ শক্তিঃ শ্রীবৃন্দারণ্যেক রজঃ কণস্য সমতাং নযাতি, যথা—শ্রীস্তবাবল্যাং

"বৈকুণ্ঠাদপি সোদরাত্মজবৃতা দ্বারাবতীসাপ্রিয়া,
যত্র শ্রীশতনিন্দিপট্টমহিষীবৃন্দৈঃ প্রভুঃ খেলতি।
প্রেম ক্ষেত্র মসৌততোঽপি মথুরা শ্রেষ্ঠাহরের্জন্মতঃ"

"যত্র ক্রীড়তি মাধবঃ প্রিয়তমৈঃ স্নিগ্ধঃ সখীনাং কুলৈঃ
নিত্যং গাঢ় রসেন রাম সহিতোপ্যত্রাপি গোচারণৈঃ।
যস্যাপ্যদ্ভুত মাধুরী রস বিদাং হৃত্স্বেব কাপিস্ফুরেৎ,
প্রেষ্ঠংতন্মথুরাপুরাদপিহরের্গোষ্ঠংতদেবাশ্রয়ে" ॥

আভাসানুবাদ—শ্রীবৃন্দাবন, বৈকুণ্ঠ হইতেও অনন্ত গুণে শ্রেষ্ঠ যথা—

নিরবধি নিরমল, ভাবরসে উজোরল, শ্রীরাধারাণীর বৃন্দাবন,
যার রজো-লব-লেশ, মহাসৌভাগ্যের শেষ, নিরবধি করে বিকীরণ।

কোটী কোটী বৈকুণ্ঠের, মহিমা ও বৈভবের, সমাহারে সুমহাশকতি-
ধরিলেও হায় হায়! পরব্যোম নাহি পায়, যার শকতির একরতি।

কোনও জগতে আর, নাহি যার পরচার, সে অমলোজ্জল-ভাবরসে-
মূরতি গঠিত যার, প্রেমময়ী সেরাধার, ভকতেরা যাহাতে বিলসে।

শ্রীরাধার অভকত—জনে, যদি অবিরত, বৈকুণ্ঠের পতি ভগবানে—
কোটি সুভকতি করে, তভুনাহি লভে যারে প্রণমহসেই বৃন্দাবনে।

ইদমপি ভবিতাকিং ? যত্রকুত্রাপি বৃন্দা
পদমপি মমযাতং শ্রোত্র-বীথি মকস্মাৎ ।
মধুর মধুর রাধামাধবানঙ্গখেলা-
বন মুপনয়দন্তর্দাস্যতিপ্রেমমূর্চ্ছাং ? ॥:৯॥

টীকা—শ্রীবৃন্দাবনস্য সর্ব্বাতিশায়ি-গুণ-মহিম-প্রভাবেণ, তৎপ্রেমান্বিতভক্ত-বিশেষে যন্মহাসৌভাগ্যং সংঘটয়তি, সদৈন্যং তৎ প্রার্থয়তে। যথা—অকস্মাৎ যত্র কুত্রাপি "বৃন্দা" ইদং পদং (শব্দং), মম শ্রোত্র-বীথিং (কর্ণ পথং) যাতং (গতং) শ্রুতং-সদিতিশেষঃ; রাধামাধবয়োঃ অনঙ্গখেলাবনং (কন্দর্প ক্রীড়াবনং বৃন্দাবনমিতি) অন্তঃ (মনসি) উপনয়ৎ (উপস্থাপয়ৎ) প্রেম মূর্চ্ছাং (সম্বর্দ্ধিতপ্রেমমোহং) দাস্যতি (জনয়তি) ইদং (এবম্ভূতং সৌভাগ্যং) ভবিতা কিং ? ইত্যন্বয়ঃ।

বৃন্দেতি-বৃন্দাবননামার্দ্ধে শ্রবণেসতি তন্মাধুর্য্য-মহিমাদিনা সাকং রাধানন্দ-কিশোরয়োঃ রসকেলি-সম্ভূত-পরানন্দস্ফুরণাৎ অসম্বরণীয়রসোচ্ছাসেন কদা মূর্চ্ছাং জনয়তি ইতি ভাবঃ।

আভাসাদি—শ্রীবৃন্দাবনের সর্ব্বাতিশায়ি-গুণমহিমার প্রভাবে, তৎ প্রেমা-ধীন হইয়া যাহারা বৃন্দাবনাশ্রয় করেন, তাঁহাদের কোনও সৌভাগ্যই অলভনীয় থাকেনা; তাহাতেই দৈন্যের স্বভাবে আপনাকে অযোগ্যজ্ঞান করিয়া ক্ষোভের সহিত এই শ্লোকে শ্রীবৃন্দাবনে প্রেম প্রকর্ষ লাভের লালসা প্রকাশ করিয়াছেন (:॥:)

যদি মোর হয়, "বৃন্দা" বর্ণদ্বয়, শ্রুতি-পথগত অমনি হায় !
"রাধা মাধবের, অনঙ্গরসের, ক্রীড়াবন" মনে পড়িয়াতায়
ত্যজিয়া সম্বিত, প্রেমে মুরছিত, যে থানে সে থানে, অমনি হব,
আমি অভাজন, কভুকি এমন, শুভ দিন এজনমে লভিব ?

:॥: পরাকাষ্ঠা প্রাপ্ত প্রেমের এক উত্তম পরিচয় এই যে প্রিয়তমের অসম্পূর্ণ নামাক্ষর শুনিলেই অসম্বরণীয়-আনন্দাধিক্যে অঙ্গ অবশ, বাহ্যজ্ঞান বিশূন্যতা ইত্যাদি সুদিব্য ভাব উদয় হয়। ইহারদৃষ্টান্ত—শ্রীলগোবিন্দকবিরাজেরপদে শ্রীকৃষ্ণচন্দ্রের রাধা প্রেমোৎকর্ষ বর্ণনায় যথা—রাধা-নাম আধ শুনি চমকই ধরইনাপারই অঙ্গ" ইত্যাদি।

কদানু বৃন্দাবন বীথিকাস্বহং
পরিভ্রমন্ শ্যামলগৌরমদ্ভুতং।
কিশোরমূর্ত্তি দ্বয়মেকজীবনং
পুরঃ স্ফুরদ্‌বীক্ষ্য পতানি মূর্চ্ছিতঃ ॥৪০॥

টীকা—লালসা পরবশঃ এতেন বৃন্দাবনাশ্রিত-তৎপ্রেমবতাং মহাদ্ভুতসৌভাগ্যবিশেষং প্রার্থয়তি যথা নু ভো! কদা অহং বৃন্দাবন-বীথিকাসু (বৃন্দাবন বর্ত্মসু) পরিভ্রমন্ (সমুৎকট প্রেম ভরেণ স্বপ্রেষ্ঠয়োরন্বেষণপরঃ সর্ব্বতঃ বিচরন্) অদ্ভুতং (অলোক সামান্যং) শ্যাম-গৌরং (একঃশ্যামঃ অন্যা গোরীত্যর্থঃ) একজীবনং (*) (অভিন্ন প্রাণং) কিশোর মূর্ত্তি দ্বয়ং (যুবযুগলং) পুরঃ (অগ্রতঃ) স্ফুরৎ (পরিদৃশ্যমানমিব রাজৎ) বীক্ষ্য (দৃষ্ট্বা) মূর্চ্ছিতঃ (মোহং গতঃ) পতানি? প্রেমোন্মাদেন বাহ্যবিস্মৃতৌ বনভ্রমণ-লীলা-বিলসিতৌ রাধানন্দকিশোরৌ সম্মুখে বিরাজিতৌ অবলোক্য সহসা বর্দ্ধিত-প্রেমাধিক্যেন বাহ্যজ্ঞান-শূন্যঃভবামি ইতি তাৎপর্য্যঃ। কিশোর মূর্ত্তি দ্বয়ং ইত্যস্য "মূর্ত্তি মতি-কৈশোর-সুষমেব বিরাজিতং যুবদ্বন্দ্বং" ইত্যর্থোঽপি ভবিতা।

"একজীবনং শ্যামল গৌর মদ্ভুত কিশোর মূর্ত্তিদ্বয়ং—ইতি অসাধারণ বিশেষণেনাত্র "অয়মুদয়তি মুদ্রা-ভঞ্জনঃ পদ্মিনীনাং" অনেন প্রভাকরস্য প্রতীতিবৎ শ্রীশ্রীরাধা-শ্যামসুন্দরৌ জ্ঞেয়ৌ।

আভাসানুবাদ—পূর্ব্ব শ্লোকের অনুবৃত্তিতে প্রার্থনা করিতেছেন যথা—

কবেহেন শুভদিন হইবে আমাররে! হইবে আমার—
বৃন্দাবিপিনের পথে, প্রেমাকুলচিতেরে—বেড়াইয়া গবেষণ করিব দোঁহার।
রসময় অনুপম শ্যামল গউররে! যুগল মুরতি সেই যুগল মুরতি—
অদভুত সুকৈশোর, শোভায় সুন্দররে! তনুযুগে—একই পরাণে নিবসতি।
প্রেমভরে সে দোঁহায় নয়নেনেহারি রে! নিপতিত হব ভূমে মোহগতহয়ে
আনন্দ পুলকেতনু পূরিত হইবেরে! মহা রস পারাবারে রহিব ডুবিয়ে।

(*) প্রেমই প্রেমময়-প্রেমময়ীর প্রাণ, প্রেমেই বাঁচন প্রেমেই মরণ। একই দীপাধারস্থ একই বর্ত্তিকারপার্শ্বদ্বয়ে-প্রজ্জ্বালিত দীপদ্বয়, যেমন একই তৈলে বা ঘৃতে প্রদীপ্তথাকে তেমনি এদুজন একই প্রেমস্নেহে সঞ্জীবিত। (১০১) নং শ্লোক দেখ।

কিমেতাদৃগ্ ভাগ্যং মম কলুষমূর্ত্তে রপিভবে
ন্নিবাসো দেহান্তাবধি যদিহ বৃন্দাবনভুবি।
তয়োঃ শ্রীদম্পত্যোর্নবনব বিলাসৈ র্বিহরতো
পদজ্যোতিঃ পূরৈঃ রপিতু মম সঙ্গোঽনুভবিতা ? ৪১

টীকা—নন্বেবম্ভূতং কদাচিদ্দর্শনং বৃন্দাবনাৎ বহিরপি সম্ভবতি, এ তদুত্তরং "দেহান্তাবধি বৃন্দাবনবাস-ব্রতানুষ্ঠানেন তত্র নবনব বিলাসৈর্বিহরতো শ্রীদম্পত্যোঃ সন্দর্শনমপি ভবতি, স্থানান্তরে কদাপি তৎসম্ভাবনং নাস্তি। সাধকোচিত দৈন্যো-দয়ে আত্মনঃ অযোগ্যতাস্ফুরণাৎ এতৎসহ আক্ষেপোক্তাতঃ "অহো! কলুষিতাত্মজনঃ প্রায়শঃ বৃন্দাবনভূমৌ-চিরনিবাসং ন প্রাপ্নোতি, তেনএতাদৃগ্ভাগ্যং ন লভতে। হাহন্ত! মদ্দেহেন্দ্রিয় মনোবুদ্ধিস্বভাবাদি সর্ব্বং নিরবচ্ছিন্ন পাপেন নির্ম্মিতং! মল্লক্ষণস্য পাপমূর্ত্তিঃ পুংস র্ভাগ্যে আদেহান্তং বৃন্দাবন বাসং কথং ভবিষ্যতি ?" শ্লোকেনএতদভি ব্যক্তি যথা—ইহ (পরিদৃশ্যমানে) বৃন্দাবনভুবি—যদ্দেহান্তাবধি নিবাসঃ তাদৃগ্ভাগ্যং কলুষ মূর্ত্তেঃ মে মম অপি কিং ভবেৎ ? অপিতু নব নব বিলাসৈঃ (নূতনৈঃ কেলিরঙ্গৈঃ) বিহরতো (ক্রীড়তো) তয়োঃ শ্রীদম্পত্যোঃ (রাধাশ্যাময়োঃ ইতি তাৎপর্য্যঃ) পদজ্যোতিঃ পূরৈঃ (চরণ কান্তি পুঞ্জৈঃ সহ) কিং অনু (তৎপশ্চাৎ, তৎফলেন ইতি ভাবঃ) মম সঙ্গ ভবিতা ? ইত্যন্বয়ঃ। ইহ বৃন্দাবন ভুবি—জন্মাদিলীলান্বিত-পারকীয় রসাত্মিকা-প্রেম-লীলা যত্র বিদ্যতে তদিহ ভৌমবৃন্দাবনেত্যর্থঃ।

শ্রীদম্পত্যোঃ—দম্পতি-শ্রী-রূপয়োঃ যূনোঃ। শাস্ত্রসঙ্গত উদ্বাহানুষ্ঠানং বিনা দাম্পত্য-সম্বন্ধ-নভবতি, তর্হি, শ্রীশব্দস্য—সৌভাগ্য, সম্পদ্ সৌন্দর্য্য, ত্রিবর্গাদি নানার্থ বশাৎ তৎসংযোগে শ্রীদম্পত্যোঃ শব্দস্য তাৎপর্য্যার্থ অত্র, পরম-প্রেম-ধর্ম্মাচর-ণাৎ এবঞ্চ অসমোর্দ্ধ—রূপ গুণ লীলা, বৈদগ্ধ্যাদিবশাৎ, ব্রহ্মসাবিত্রী, হরগৌরী, লক্ষ্মীনারায়ণাবধি দম্পতিনাং সৌভাগ্য-সম্পদ-সৌন্দর্য্য স্বরূপেণ বিরাজিতয়োঃ, যদ্বা—ধর্ম্মার্থ কামবৎ তেষাং সাধনীয়রূপয়ো যূনোঃ। অত্রাপি পূর্ব্ব শ্লোকস্য টীকানুসারতঃ অসাধারণ বিশেষণেন রাধামাধবয়োঃ ইতি বোদ্ধব্যং।

আভাস—কোনও কোনও গ্রন্থের বর্ণনানুধাবনে শ্রীবৃন্দাবনের বাহিরেও তো অত্যানুরাগী ভক্তের সাক্ষাতে স্বাভীষ্টদেবতার কদাচিত দর্শনদানের

কথা দৃষ্ট হয়। অত এব ইহা দ্বারা শ্রীবৃন্দাবনের অসাধারণ-মহিমা কি পরিব্যক্ত হইল? এই প্রশ্ন নিরসনের নিমিত্ত শ্লোকের শব্দধ্বনি সবিশেষ অনুধাবনীয়, তদ্ যথা—"আজীবন দৃঢ় সঙ্কল্পে বৃন্দাবন বাসের অনুষ্ঠান-ফলে, নবনব-বিলাসে বিহরিত-শ্রীদম্পতির সন্দর্শন লাভ হয়। অন্যত্র কদাপি এই মহাসৌভাগ্য সংঘটনের সম্ভাবনা নাই।" তথাপি নিজকে অযোগ্য জানিয়া আক্ষেপোক্তি করিয়াছেন যে—কলুষিত চিত্ত ব্যক্তিগণ প্রায়ই অস্খলিত-সঙ্কল্পে বৃন্দাবনে চিরবাস-ব্রতানুষ্ঠানের সৌভাগ্য প্রাপ্ত হয়না। অহো! আমার দেহেন্দ্রিয়, মন স্বভাবাদি সমস্তই পাপে নির্ম্মিত! আমি প্রকৃতই পাপের মূর্ত্তি!! হায়রে! আমার দশা কি হইবে? রাধারসিকেন্দ্রের জন্মাদি লীলান্বিত-পরমোজ্জ্বল-পারকিয়রসাত্মিকা প্রেমলীলার-ভূমি এই শ্রীবৃন্দাবনে চিরবাসের সৌভাগ্য কি আমার অদৃষ্টেঘটিবে? এবং তদনুষ্ঠানের মহা ফলে শ্রীদম্পতি-রাধামাধবের সাক্ষাদ্দর্শন লাভ করিয়া, তাঁহাদের শ্রীচরণের জ্যোতিঃ পুঞ্জের সঙ্গলাভ করিয়া অর্থাৎ তাহা অঙ্গে মাখিয়া কি আমি পূর্ণ মনোরথ হইব?

পদ্যানুবাদ—জনমে জনমে মহা অপরাধী পাপের প্রতিমা আমি,
এই বৃন্দাবন হবেন কি হায়! মোর চিরবাস-ভূমি?
সদানবনব-নানাসুবিলাসে পরম-হরষ ভরে—
যথা শ্রীদম্পতি (*) বিলসিত নিতি প্রেম-মহা-পারাবারে।
অবিচল হয়ে লভিবকি সেই—"এই বৃন্দাবনে" স্থিতি
রস-দরশের সনে, সে যুগের পাইব চরণ জ্যোতি!

(*) যথাশাস্ত্রবিবাহ ব্যতিত দাম্পত্য সম্বন্ধ উৎপন্ন হয়না। শ্লোকোক্ত শ্রীদম্পতি শব্দ, বিশেষার্থ বাচক-অসাধারণ-বিশেষণ। যথা—শ্রীশব্দের অর্থ—সৌন্দর্য্য, সম্পদ্ সৌভাগ্য, ত্রিবর্গ ইত্যাদি। অতএব ব্রহ্মাসাবিত্রী, হরগৌরী, লক্ষ্মীনারায়ণাবধি যে খানে যত দম্পতি আছেন শ্রীশ্রীরাধাব্রজেন্দ্রনন্দন—সমস্তের সাধনীয়বস্তু; সুতরাং তাঁহারা "শ্রীদম্পতি"। এই ব্যাখ্যার নিষ্কর্ষমর্ম্ম এই যে শ্রীরাধাকৃষ্ণ-ভৌম-বৃন্দাবনে যে রস নির্য্যাস আস্বাদনে ও যে সর্ব্বাতিশায়ী-পরমতম-প্রেমধর্ম্মাচরণে নিত্যবিলসিত উহা এবং তাঁহাদের-রূপ, গুণ, লীলা, বৈদগ্ধ্যাদি লক্ষ্মীনারায়ণাবধি সমগ্র পতি-পত্নির সৌভাগ্য সম্পদাদিরন্যায় প্রার্থনীয় এবং ধর্ম্মার্থকামের ন্যায় সাধনেরধন। অন্য পতিপত্নির—কা কথা সত্যভামার সহিত স্বয়ং দ্বারকানাথই উহা আলোচনায় বিহ্বল হইয়া উঠিয়া ছিলেন (বৃহৎ ভাগবতামৃত দ্রষ্টব্য) অতএব কেবল মাত্র শ্রীরাধামাধবই শ্রীদম্পতি শব্দের বাচ্য।

ভূতং স্থাবর জঙ্গমাত্মকমহোযত্র প্রবিষ্টং কিম
প্যানন্দৈক ঘনাকৃতি স্বমহসা নিত্যোৎসবং ভাসতে।
মায়ান্ধীকৃতদৃষ্টিভিস্তু কলিতং নানা বিকল্পাত্মনা
তদ্বৃন্দাবিপিনং কদাধিবশতঃ স্যান্মেতনুশ্চিন্ময়ী ॥৪২॥

টীকা—বিনা প্রেম-নেত্রাভ্যাং অপ্রকট-লীলা-বিলাসিনঃ ভগবতঃ দর্শনং সম্ভবতি, বৃন্দাবনে ক্ষেত্র-সন্ন্যাস-ব্রতাবলম্বনেনকিং প্রাকৃতাক্ষিভ্যাং ইহজন্মনি—সলীল-ব্রজনবযুবদ্বন্দ্বস্য সন্দর্শনংস্যাৎ? ধ্রুবমেবস্যাৎ। বৃন্দাবন-প্রবিষ্টং স্থাবর জঙ্গমাত্মকং সর্ব্বং, দিব্যানন্দঘনস্বরূপায়িতম্ভবতি, তস্মাৎ অপ্রাকৃত-নয়নেন সন্দর্শনাধিকারো প্রজায়তে। তদাহ—যত্র প্রবিষ্টং স্থাবর জঙ্গমাত্মকংভূতং (পশুপক্ষী কৃমিকীট পতঙ্গ মানবাদিকং বৃক্ষ লতাদিকঞ্চেত্যর্থঃ) কিমপি (অনির্ব্বচনীয়েন ইতি ভাবঃ) আনন্দৈক ঘন (আনন্দসার মাত্র পূর্ণেত্যর্থঃ) আকৃতির্যস্য তাদৃশং যৎ স্বস্য (নিজস্য) মহঃ (জ্যোতিঃ) তেন, নিত্যোৎসবং (নিত্যানন্দ যুক্তং সৎ ইত্যর্থঃ) ভাসতে (রাজতি); তু(কিন্তু) মায়য়া (অবিদ্যয়া) অন্ধীকৃতাদৃষ্টি র্যেষাং তাদৃশৈর্জনৈঃ (সংসার মোহান্ধৈরিতি নিষ্কর্ষঃ) নানাবিকল্পাত্মনা (বিবিধ বিকৃত স্বরূপেণ) কলিতং, (দৃষ্টং; প্রাকৃত বস্তুবৎ প্রতীতং ইতি তাৎপর্য্যঃ); তদ্বৃন্দাবনং অধিবশতঃ (সম্যক্‌তিষ্ঠতঃ) মে (মম) তনু (দেহং) কদাচিন্ময়ীস্যাৎ? (জ্ঞানঘনাঅজড়াবিকৃতরূপাচ স্যাৎ)

আভাস—সঙ্কল্পপূর্ব্বক আজীবন বৃন্দাবন-বাস-ব্রতানুষ্ঠানের ফলে কি অপ্রকট-লীলা-বিলসিত রাধাশ্যাম সুন্দরকে প্রাকৃতনয়নেই ইহজন্মে সন্দর্শনের মহাসৌভাগ্য ঘটিয়া যায়? উত্তর—হয়বৈকি? সর্ব্বতোভাবে বৃন্দাবনে প্রবেশলাভ অর্থাৎ কোনও ইন্দ্রিয় বৃত্তিকে বাহিরে না রাখিয়া মন বুদ্ধি অহঙ্কারাদি সর্ব্বতত্ত্বেরসহিত বৃন্দাবনাশ্রিত মানবগণ দিব্যাবস্থা প্রাপ্তহন, তাহাতেই তাহাদের নয়নাদি সমস্ত অঙ্গ প্রত্যঙ্গই চিন্ময় হইয়া যায় এবং অপ্রাকৃতনয়নে, ভাগ্যবান্‌গণ যুগলের সাক্ষাদ্দর্শনলাভ করেন—

পদ্যানুবাদ—অহো কি মহিমা! পশু পাখী নর নারী, বৃন্দাবনগত তরুলতা আদি করি।
সকলি আনন্দ ঘন দেহে বিরাজিত, নিজ তেজে উজোর সতত উৎসবিত।
মায়ান্ধতা-বশেতে তথাপি হীন জন, নেহারে প্রাকৃত সম নানা বিকল্পন।
হরি হরি! নিবসিয়া এই বৃন্দাবনে, চিনময় হবে মোর কায়া কতদিনে?

যত্র প্রবিষ্টঃ সকলোঽপি জন্তুঃ
সর্ব্বঃ পদার্থো প্যবুধৈ রদৃশ্যঃ
স্বানন্দ সচ্চিদ্ ঘনতা মুপৈতি
তদেব বৃন্দাবন মাশ্রয়ন্তু ॥ ৪৩ ॥

টীকা—ননু বৃন্দাবনস্থ শূকর গর্দ্দভাদিজন্তুঃ মল-মার্জ্জকাদি ঘৃণার্হ নরোঽপি কিমত্রস্পর্শনীয়ঃ ? আহ-সর্ব্ব এব যথাযোগ্য পূজনীয়ঃ কৃমিকীটাদি গর্হিততম প্রাণ-ভৃৎ, অস্পৃশ্য পদার্থাবধিচ অত্র সচ্চিদানন্দরূপতা মুপৈতি। শ্লোকেন এতদ্বিবৃতিঃ যথা—যত্র (বৃন্দাবনেত্যর্থঃ) প্রবিষ্টঃ (সম্যক্লব্ধপ্রবেশঃ ইতিভাবঃ) সকল জন্তুরপি (উত্তমাধমনির্ব্বিশেষেণ সমস্তজীবোপি) সর্ব্বপদার্থোঽপি (শুদ্ধাশুদ্ধ বস্তু মাত্রমপী-ত্যর্থঃ) অবুধৈঃ অজ্ঞৈঃ অদৃশ্যঃ (অদর্শনীয়সন্) সু (উত্তম) যঃ আনন্দঃ (প্রেমানন্দ-রিতিভাবঃ) তৎ সংবীত ঘনত্বং (সমুত্তমসান্দ্রানন্দময়ত্বং) এতি (প্রাপ্নোতি); তদেব বৃন্দাবন মাশ্রয়ন্তু, হে সর্ব্বেবুধা ইতি শেষঃ।

আভাস—তাহা হইলে কি বৃন্দাবনস্থ কুকুর শূকরাদি অস্পৃশ্যজন্তু এবং মলমূত্রপরিস্কারক নীচ জাতিও অস্পৃশ্যনহে ? উত্তর—সকলেই পবিত্রবস্তু। কেবল ইহারাকেন—কৃমিকীটাদি গর্হিততম-প্রাণীগণ এবং অস্পৃশ্যবস্তুপর্য্যন্ত বৃন্দাবনের সমস্তদ্রব্যই পরানন্দঘনতত্ত্ব, অবিদ্যাগ্রস্ত-অবোধ জনের অদৃশ্য-সান্দ্রমহানন্দঘন স্বরূপে বিরাজিত। হেয়, ঘৃণনীয়, অস্পৃশ্য, বস্তু বৃন্দাবনে নাই। (*)

পদ্যানুবাদ—কৃমি কীটাবধি যাবতীয় জীবচয়, চর্ম্মপাদুকাদি যত পদার্থআছয়,
প্রবেশের মহাভাগ্য লভিলে যথায়, সৎ-চিদানন্দ ঘন বস্তু হয়ে যায়।
এ মহিমা হয় অবোধের অগোচর, বৃন্দাবন সমাশ্রয় করজ্ঞানী নর !

(*) তবে কোনও সাধুসজ্জনেই গর্দ্দভাদি অস্পৃশ্যজন্তুকে কিম্বা ভাঙ্গী, চণ্ডা-লাদি নীচজাতিকে স্পর্শকরেন নাকেন ? উত্তর—উচ্চাধিকারী মহাত্মাগণের অন্তরে সততই এই রূপ বুদ্ধি বিদ্যমান আছে যে বৃন্দাবনের কুকুর গর্দ্দভাদি এবং ভাঙ্গী প্রভৃতি নীচজাতি এবং ব্রজরজোস্পৃষ্ট মন্দদ্রব্যাদিও পবিত্র বস্তু, কিন্তু শ্রীভগবদ্ বিগ্রহ এবং ব্রাহ্মণ বৈষ্ণব ও ভক্ত মণ্ডলী, যাহাদের হৃদয়কমলে শ্রীভগবান্ সর্ব্বদা স্বরূপেবিরা-জিত, তাঁহারা এইসকল নিকৃষ্টপশু ও মানবাদিহইতে বহু গুণে পবিত্র। অতএব ইহাদিগকে স্পর্শকরিয়া শ্রীভাগবৎ বিগ্রহকে কিম্বা ঐ সকল মহান্‌কে স্পর্শ, কিম্বা তাঁহাদের সেবোপচারাদি প্রস্তুত, বহন, বা স্পর্শ করিলে শাস্ত্রানুসারে অপরাধ হইবে। ইত্যাদি কারণে স্পর্শ করেন না। "আমিবড়" এই অভিমানে নহে।

বৃন্দাবনস্থেষ্বপি যে হত্র দোষা
নারোপয়ন্তি স্থিরজঙ্গমেষু।
আনন্দ মূর্ত্তিষ্বপরাধিনস্তে
শ্রীরাধিকা মাধবয়োঃ কথংস্যুঃ॥ ৪৪॥

টীকা—সচ্চিদানন্দ ঘনতাংপ্রাপ্তে বৃন্দাবনস্থে স্থাবরজঙ্গমে কিমপি দোষ সংস্পর্শঃ ন যাতি, তস্মাৎ তেষু দোষারোপিণঃ (ধামাপরাধিনঃ) রাধামাধবয়োর্নিজগণ স্থান্তঃ প্রবেশং ন লভন্তে। যথা—যে জনাঃ অত্র বৃন্দাবনস্থেষু অপি স্থির জঙ্গমেষু (অচল সচলেষু প্রাণভৃৎসুচ) দোষান্ আরোপয়ন্তি (মিথ্যাদোষান্ স্থাপয়ন্তি) তে আনন্দ-মূর্ত্তিষু অপরাধিনঃ শ্রীরাধিকামাধবয়োঃ কথংস্যুঃ? (কিদৃশং ভবেয়ুঃ) নৈবতে রাধামাধবয়ো নিজজনত্বং লভন্তে ইতিভাবঃ।

আভাস—পূর্ব্বোক্ত প্রকারে ইহজীবনেই সচ্চিদানন্দ-ঘন-দেহধারী ভাগ্যবান্ গণের আর কোনও প্রকার দোষের সংস্পর্শপর্য্যন্ত সম্ভব হয়না, সুতরাং তদবস্থাপ্রাপ্ত বৃন্দাবনের মনুষ্য পশু পক্ষী কীট পতঙ্গাদির অথবা বৃক্ষ লতা গুল্মাদির উপরে যাহারা নানা বিধ দোষারোপকরে, সেই সকল ধামাপরাধী ব্যক্তিগণ এই অপরাধে শ্রীশ্রীরাধামাধবের অন্তরঙ্গ হইতে পারেনা, সুতরাং রাধাশ্যামের সাক্ষাৎ দর্শনাদি কোনও মহাসৌভাগ্যই এজীবনে লাভ করিতে পারেনা। ইহাদের সুদুর্লভ মানব জন্ম বৃথা হইয়া উঠে। রাধারসিকেন্দ্রে প্রীতিপোষণ করিয়াও তাঁহাদের দ্বারা উপেক্ষিত হয়!

পদ্যানুবাদ—বৃন্দাবনে বিরাজিত স্থাবর জঙ্গম
সকলি আনন্দ ঘন-তনু-অনুপম।
যে সকল অভাজন, দোষাবলী আরোপণ—
তাঁহাদের উপরে করয় হায় হায়।
এই অপরাধ-ফলে, যায় তারারসাতলে—
রাধামাধবের জন হইতে না পায়॥

(*) নামাপরাধীর যেমন নামের কৃপাবিনা উপায়ান্তর নাই, তেমনি ধামের কৃপা-ব্যতিত ধামাপরাধীরও অন্তউপায় নাই। ভক্তের নিকটে ও ধামের নিকটে অপরাধী গণ ভগবৎ কৃপা প্রাপ্ত হয়না।

যে বৃন্দাবনবাসি নিন্দনরতা যে বা ন বৃন্দাবনং
শ্লাঘন্তে, তুলয়ন্তি যেচ কুধিয়ো কেনাপি বৃন্দাবনং।
যে বৃন্দাবন মত্র নিত্য সুখচিদ্রূপং সহন্তে ন বা
তৈঃ পাপিষ্ঠ নরাধমৈর্নভবতু স্বপ্নেপি মে সঙ্গতিঃ ॥৪৫॥

টীকা—যে শ্রীবৃন্দাবনে অপ্রীতি মন্তঃ, যেচ বৃন্দাবননিন্দনরতাঃ অপিচ যে তদ্গুণ-মহিমাদি শ্রবণাসহিষ্ণবঃ তৈঃ পাপিষ্ঠ নরাধমেষু সধিকাৎং ঘৃণা প্রদর্শয়ন্ তৈঃ সঙ্গবর্জ্জনং প্রার্থয়তি। যথা—

যে ইতি যে জনাঃ বৃন্দাবন বাসিনাং নিন্দনরতাঃ (কুৎসাকথনে প্রবৃত্তাঃ) যেবা বৃন্দাবনং ন শ্লাঘন্তে (ন প্রশংসন্তি) যেচ কুধিয়ঃ (মন্দমতয়ঃ) কেনাপি স্থানেন বৃন্দাবনং তুলয়ন্তি (সমীকুর্ব্বন্তি); যে অত্র বৃন্দাবনং (অস্যাং ভুবি-বৃন্দাবন মিত্যর্থঃ) "নিত্যসুখ-চিদ্রূপং" (সচ্চিদানন্দময়ং ইত্যর্থঃ) ইতি বর্ণনং ন সহন্তে (ন স্বীকুর্ব্বন্তীত্যর্থঃ) তৈঃ পাপিষ্ঠৈঃ নরাধমৈঃ সহ স্বপ্নেঽপি মে (মম) সঙ্গতিঃ (সংসর্গঃ) ন ভবতু ॥৪৫॥

আভাস—যে সকল কুমতি, সতত বৃন্দাবনবাসীর নিন্দায় নিরত, যাহারা কখনও শ্রীবৃন্দাবনের প্রশংসার কথা মুখে আনেনা, অথবা যাহারা অন্যস্থানের সহিত শ্রীবৃন্দাবনের তুলনা করে, আর যাহারা বিদ্যমান ভৌম বৃন্দাবনের নিত্যতা ও চিদানন্দ স্বরূপতার প্রতিবাদ করে, এজগতে তাঁহারাই নরাধম এবং পাপিষ্ঠ; কদাপি ইহাদের সঙ্গকরা কর্ত্তব্য নহে; স্বপ্নেও না। করিলে সমস্ত সৌভাগ্য চলিয়া যাইবে। (*)

পদ্যানুবাদ—ইঁদুর বানর মশা মাছি কচ্ছপাদি।
যে কোনও বৃন্দাবন-বাসীকেও যদি।
নিন্দে কোনো মন্দমন, নাপ্রশংসে বৃন্দাবন, তুলনা করয় আনধামাদিরসহ
কিম্বা "নিত্যানন্দরূপ, চিন্ময় অপরূপ-বৃন্দাবন," এ কথা সহিতে নারে কেহ
কভুযেন সে পাপিষ্ঠ নরাধম গণে
নাহেরি নাসঙ্গকরি জাগরে স্বপনে।

(*) এই সকল নরাধমকুমতি কোনও ভাগ্যে বৃন্দাবনস্থ হইলেও নিজদোষে সচ্চিদানন্দতা লাভ করিতে পারে না, সুতরাং ইহারা সর্ব্বথা অবজ্ঞেয় এবং অসম্ভাষ্য।

(‡) ইহারা প্রায়শঃ যে সকলজনসঙ্কুলস্থান অপক্ক সাধকের ভজনসাধনের পক্ষ্যে অনুপযোগী হইয়া উঠিয়াছে তথায় উৎপাত করিয়া ভজনোপযোগী নিরুপদ্রব স্থানে প্রেরণ করে।

**অসহ্য বহু দুর্ব্বচো যদি বদন্তি সাক্ষাৎ স্ত্রিয়ং
বলাদপহরন্তিচেৎ প্রিয় সুতাদিকং ঘ্নন্তি বা।
ধনাদ্যপিচ জীবনং যদি হরন্তি বৃন্দাবন-
স্থিতা স্তদপিতে প্রিয়া মমভবন্তি বন্দ্যাঃ সদা ॥৪৬॥**

টীকা—পূর্ব্বানুবৃত্তোঃ অনেনাপি ততোধিক বৃন্দাবনৈক প্রাণতাংব্যঞ্জয়ন্ স্বাবধারণ মাহ—বৃন্দাবনস্থিতাঃ (বৃন্দাবনাধিবাসিনঃ জনাঃ) যদি মমসাক্ষাৎ (নয়ন-গোচরং) অসহ্যং (অসহনীয়ং) বহুদুর্ব্বচঃ (কটুক্তিং) বদন্তি, চেৎ (যদি) স্ত্রিয়ং (বনিতাং) বলাৎ অপহরন্তি, অথবা প্রিয় সুতাদিকং (স্নেহাস্পদ-পুত্রকন্যাদিকং) ঘ্নন্তি (বিনাশয়ন্তি); ধনাদি (ধন মান খ্যাতি প্রতিপত্ত্যাদি) হরন্তি; জীবনাপহরণা-নুষ্ঠানঞ্চ আচরন্তি (প্রাণ হরণান্তে প্রীতি প্রদর্শনাদি নসম্ভবতি, তর্হি ইয়ং লক্ষণাত্মিকা ব্যাখ্যাঃ) তদপি তে জনাঃ মমপ্রিয়াঃ পরং (বহু) বন্দ্যাশ্চ (বন্দনীয়াশ্চ) ভবন্তি।

আস্বাদনী—শ্রীবৃন্দাবনের উপরে যাঁহাদের মদীয়তা বুদ্ধি অর্থাৎ "আমাদের-বৃন্দাবন" বলিয়া অভিমান, সেই সকল মহাশয়েরাই প্রকৃত বৃন্দাবনবাসী। বৃন্দাবনের নিন্দুক এবং প্রশংসা অসহিষ্ণু মন্দমতি গণের নিকটে বৃন্দাবন পরের দেশ, সুতরাং কোনও কারণে বৃন্দাবনেবাসকরিলেও তহারা বৃন্দাবন বাসীনহে। যথার্থ বৃন্দাবন বাসীরা যদি ধন মান হরণ করেন, পত্নী কাড়িয়ানেন, প্রাণ তুল্য কন্যাদিবধ করেন, এমন কি প্রাণ হরণের চেষ্টানুষ্ঠান করেন তথাপি বৃন্দাবন-প্রিয়তারূপ বর্ণনাতীত গুণের এবং বৃন্দাবনাধিবসতিরূপ মহাসৌভাগ্যের পরমাধার বলিয়া তাঁহাদের দ্বারা পূর্ব্বোক্ত সমুদয় অঘটন সংঘটিত হইলেও তাঁহারা প্রীতি ভক্তির পাত্র। স্বাবধারণরূপে, ব্রজানুগাভজনের এই মূলভিত্তিটি, এ শ্লোকে প্রকাশ করিয়াছেন।

পদ্যানুবাদ—বৃন্দাবনবাসী গণ যদ্যপি আমায়—
যাহাতে উপজে ব্যথা, হেন বহু কটুকথা, বলে যাহাকিছুতেই সহানাহি যায়।
দারাপহরণ করে, পুত্রাদি পরাণে মারে, ধন যশ গৌরব জীবন হরে লয় (*)
তথাপি তাঁহারা মোর, বন্দনীয় প্রিয়বর, এই অভিমান মোর সদাযেন রয়।

(*) প্রাণ নাশের পরে প্রীতি প্রদর্শন অসম্ভব বিধায় প্রাণনাশের চেষ্টাই এখানে জীবন হরণের অর্থ।

পরস্ব স্তেয়ৈক ব্যসনমপি নিত্যং পরবধূ
প্রসক্তং বিশ্বেষামহহ বহুধা হিংসক মপি ।
দুরাচারং লোভাদ্যুপহতমপি ভ্রাত ররুণং
দিবান্ধন্তং বৃন্দাবনগতজনং নাবগণয়েঃ ॥ ৪৭ ॥

টীকা—বৃন্দাবনাশ্রয়ী পরদারাশক্তঃ পরধন লোভী, তস্কর হিংসকাদি দুরাচারোপি কিং অগ্রাহ্যঃ ? এতদুত্তরং-অল্পাধিকগুণাঃ সর্ব্বেষ্বপি বসন্তি,কেচিদুত্তমগুণাশ্চ বিদ্যন্তে, অতঃ "বৃন্দাবনগত জনাঃ দুরাচার ইত্যবধারণং কদাপি ন কর্ত্তব্যং," গুণাবিষ্কারেণ তেষু শ্রদ্ধাচরণং কর্ত্তব্যং ইত্যভিপ্রয়েন আহ—

পরস্বঃ (পরধনঃ) তত্র স্তেয়ৈকব্যসন মপি, (চৌর্য্যে একান্তাশক্ত মপি) নিত্যঃ (নিরন্তরং) পরবধূষু প্রসক্তমপি, বিশ্বেষাং (জগতাং) বহুধাহিংসক মপি, লোভাৎ উপহত মপি (বিনষ্ট জ্ঞানাদি যস্য তথা বিধমপি) বৃন্দাবন গতজনং দুরাচার মিতি ন অবগণয়েঃ (ন অবজ্ঞানীয়াঃ) অপিতু বৃন্দাবনস্থংজনং অরুণং (বাল সূর্য্য সদৃশং) ত্বং দিবান্ধঃ (আলোকাসহিষ্ণু পেচকবৎ গুণ-দর্শনাক্ষমঃ ইতি ভাবঃ) হে ভ্রাতঃ ইত্যবধারয়েতিশেষঃ। ইত্যবধারণেন শ্রদ্ধাসংরক্ষণীয়েতি ভাবঃ।

আভাস—চৌর্য্যাদি জঘন্যপাপে যাহারাসর্ব্বদানিরত, তাহারা তো চিরদিনই সাধুজনের ঘৃণার্হ, কেহ বৃন্দাবনাশ্রয়ী হইয়া এই রূপ জঘন্য পাপাচরণ করিলে তিনিও কি ঘৃণার্হ নহেন ? এই প্রশ্নের উত্তর—৪৩ নং শ্লোকোক্ত সৌভাগ্যের অলাভে কাহারওদ্বারা তদ্রূপ পাপাচরণ সম্ভব হইলেও তিনি অবজ্ঞেয় নহেন, সকলেরই কিছু না কিছু গুণ, অবশ্যই থাকে; তাঁহার গুণানু সন্ধান করিয়া, এবং বৃন্দাবনসংপ্রাপ্তিরূপ পরম সুমহান্ সৌভাগ্যেরআলোচনা দ্বারা, ভগবান্‌ভার্গবের মাতৃহত্যার ন্যায় নিশ্চয়ই ইহার কার্য্য তমোগুণের ক্রিয়া নহে, আমি—দিবান্ধপেচকের ন্যায় গুণান্ধ, তাহাতেই ইহার ব্যবহারের সদুদ্দেশ্যগ্রহণেও গুণ দর্শন করিতে পারিতেছিনা" এই রূপ উপলব্ধি করিবে, ইহাই শ্লোকের শিক্ষা। (পরের শ্লোকের ব্যাখ্যাদেখ)

পদ্যানুবাদ—পরদারেরুচিআর পরস্বহরণ, নিতি নিতি নিরবাহ যাহারব্যসন।
অশেষ বিশেষে বিশ্ববাসীর হিংসায়, রত হয়ে অনুদিন, যার দিন যায়।
লোভে উপহত আর হীন সর্ব্ব গুণে, যদিবা এমনি দেখ ব্রজবাসী জনে।
তথাপিও অবহেলা করিওনা তায়, এই অপরাধে ভাই ! সবকুল যায়।
ভাবিও দিবান্ধসম গুণান্ধ আপনে, শকতি নাহিক পরগুণ দরশনে।

নির্ম্মর্য্যাদাশ্চর্য্য কারুণ্য পূর্ণৌ রাধাকৃষ্ণৌ পশ্যতশ্চেৎ কদাচিৎ
যঃ কোপ্যস্মিন্ যাদৃশস্তাদৃশো বা দেহস্যান্তে প্রাপ্নুয়াদেব সিদ্ধিং

টীকা—'এতাদৃক্ ব্যবহারাৎ অধর্ম্মাচরণাভ্যাসেন অবশ্যম্ভাবি পাপাশক্তি প্রজাতায়াং সতী সর্ব্বনাশমুপৈতি! ইত্যাশঙ্কায়াঃ অত্র অবসরং নাস্তি। যতঃ বৃন্দাবন বাসবশতঃ তৎ ক্রীড়াপরয়োঃ রাধানন্দকিশোরয়োঃ পূতদৃষ্টি লাভঃ কদাকুত্র অবশ্য মেব ভবতি, তদেব সর্ব্বে বৃন্দাবন বাসিনাং দেহান্তে সিদ্ধিঃ সংজায়তে। তদাহ—

নির্ম্মর্য্যাদং (সীমাতিক্রমি) আশ্চর্য্যং (বিস্মাপকং) যৎ কারুণ্যং তেন পূর্ণৌ রাধাকৃষ্ণৌ কদাচিৎ (যেন তেনাবসরেণ কচিৎ) পশ্যতঃ (পবিত্রমবলোকয়তঃ ইত্যর্থঃ) চেৎ যদি (যৎ কশ্চনেতিশেষঃ); স যাদৃশঃ তাদৃশো বা (স্বধর্ম্মনিষ্ঠঃ বিধর্ম্মী বা) যঃ কোপি (বাল বৃদ্ধ বনিতাঃ ব্রাহ্মণঃক্ষত্রিয়শ্চণ্ডালাদি বা) অস্মিন্ (ইহ বৃন্দাবনে) দেহস্যান্তে সিদ্ধিং (সাধানফলং) প্রাপ্নুয়াদেব (লভেতৈব); সা ফলাগত্র সুকৃতিনাং নিত্যসিদ্ধদেহেন শ্রীশ্রীরাধাকৃষ্ণয়োঃ-চির প্রেম—সেবানন্দ লভনং। অধমানামপি ইহ ধাম্নি দেব দুর্লভ-স্থাবর-তির্য্যগত্ব লাভেন তয়োর্দর্শনং পদরেণু স্পর্শমিত্যাত্ম সুসৌভাগ্য প্রাপ্তিরিতি বৈষ্ণব সিদ্ধান্তঃ। (দ্বিপঞ্চাশৎ সংখ্যক-শ্লোকস্য টীকা দ্রষ্টব্যং) ৫০

আভাস—এই প্রকারে স্বধর্মত্যাগ ও সুদীর্ঘকাল অধর্ম্মানুষ্ঠান করিতে করিতে পাপাচরণ প্রকৃতিগত হইয়া কি সর্ব্বনাশ ঘটিবেনা? উত্তর—ঘটিবে না। যে হেতুক বৃন্দাবনে বাস ও বিচরণের ফলে কোনও না কোনও সময়ে অবশ্যই বৃন্দাবন বিলাসি-যুগলের পবিত্র দৃষ্টিলাভ হবেই হবে। তাহা হইলেই মরণান্তে সিদ্ধিলাভ।

"সিদ্ধি" অর্থে এখানে বৈষ্ণবীয় সিদ্ধি অর্থাৎ সুকৃতি জনের পক্ষে—নিত্য সিদ্ধ গোপী দেহে রাধাগোবিন্দের প্রেমসেবানন্দলাভ এবং অধম জনেরপক্ষে—যথা যোগ্য স্থাবর দেহ কিম্বা ইতর প্রাণী দেহে বৃন্দাবনে অবস্থান করিয়া তাঁহাদের পদরেণু, অঙ্গসৌগন্ধ ও স্পর্শাদি প্রাপ্তি। শেষোক্ত সৌভাগ্যটিও দেব-সুদুর্ল্লভ, সুতরাং তৎ প্রাপ্তিও মহা সুমঙ্গল সিদ্ধি।

পদ্যানুবাদ—উচ্ছলিত চমৎকার, সীমাহীন করুণার আধার-আমার রাধাশ্যাম।
বৃন্দাবনাশ্রয় কর, লভিবে বিমলতর, তাঁহাদের "দিঠি" অনুপাম।
পাপী তাপী দুরাশয়, নারী বা পুরুষ চয়, পাইয়া সে পূতাবলোকনে॥
তনুত্যেজি বৃন্দাবনে, লভে সিদ্ধি অসাধনে, যে-সে-দেহে পায় সে দুজনে।

রাধামধুপতি পাদাম্বুজ ভক্তি রসপূর দূর মুক্তস্য
অজিতেন্দ্রিয়স্য কৃপয়ামম বৃন্দারণ্য মাশ্রয়োভবতু ॥৫১॥

টীকা।—আত্মনঃ পূর্ব্বাবস্থা স্মরণাৎ-অনেন দৈন্যং প্রকট যতি, অহোবিড়ম্বনা ! জ্ঞান-গর্ব্বানুরোধাৎ শ্রীশ্রীরাধাকৃষ্ণয়োঃ নিত্যসেবা রূপং স্বধর্ম্ম পরিহারকঃ মায়াবাদমতা বলম্বকঃ অহং পরম মন্দঃ। তেন রাধামধুপতের্ভক্তৈঃ চিরমুপেক্ষিতঃ অপিতু অজিতে ন্দ্রিয়ঃ (দম্ভমাৎসর্য্যাদীনাং চিরদাসঃ)।। মদ্ভাগ্যোকিং আজীবনং বৃন্দাবন-বাসো ভবিষ্যতি ? ইতি ভাববশাৎ বৃন্দাবনাশ্রয়ং প্রার্থয়তি। যথা—

রাধামধুপত্যোঃ (রাধা-বৃষভানুজা ; মধুঃ—মধুর-রসঃ, শৃঙ্গার রসঃ ইতিযাবৎ, তদধিপতীত্যর্থে মধুপতি শ্রীকৃষ্ণঃ—তয়ো রাধাকৃষ্ণয়ো ইত্যর্থঃ) পাদাম্বুজেষু (চরণ এব কমলাঃ তেষু) ভক্তৈঃ (ভক্ত জনৈঃ) দূর মুক্তস্য (দূরতঃ পরিত্যক্তস্য) অজিতেন্দ্রিয়স্য মম ; বৃন্দাবনং নিজ কৃপয়া আশ্রয়ঃ ভবতু। (রস পূর মুক্তস্যেতি ছন্দার্থয়ো বাধকাপপাঠঃ ॥ ৫১ ॥

আভাস—গ্রন্থ কর্ত্তা পরম বন্দনীয় শ্রীপাদ প্রবোধানন্দ সরস্বতী মহাশয়ের ভ্রাতুষ্পুত্র পূজ্যপাদ শ্রীমদ্ গোপালভট্ট গোস্বামী, আপন প্রিয়তম শিষ্য শ্রীমুকুন্দহরিবংশ গোস্বামীকে, একাদশীর দিনে তাম্বুল চর্ব্বনাপরাধেপরিত্যাগ করেন তথাপিও শ্রীসরস্বতী পাদ তৎসহ সংশ্রব রক্ষা করায় বৃন্দাবনের সমগ্রবৈষ্ণব মণ্ডলী গ্রন্থকার শ্রীপাদ প্রবোধানন্দ সরস্বতীকে যে স্বতন্ত্র করিয়া রাখেন, সে পরের কথা এ শ্লোকে পূর্ব্বাবস্থাকে অর্থাৎ মায়াবাদী সন্ন্যাসী দশাকে স্মরণ করিয়া অথবা তদ্ অবস্থার স্ফুরণে আপনাকে রাধাকৃষ্ণ ভজনপরায়ণ ভক্ত মহাত্মাগণের চির উপেক্ষিত ও দম্ভাদি ইন্দ্রিয়ের বশীভূত মনে করিয়া—এই রূপ আক্ষেপ উপজাত হইল—"বৃন্দাবন বাসের অনুরোধে তদ্‌বিরুদ্ধ ধর্ম্ম ত্যাগ অবশ্যই দোষাবহনহে কিন্তু হায় ! আমি বৃথা পাণ্ডিত্যগর্ব্বে অন্ধ হইয়া স্বতঃই যে—রাধাকৃষ্ণের সেবারূপ স্বধর্ম্ম বিসর্জ্জন দিয়া নির্ব্বিশেষ ব্রহ্মোপাসনায় জীবনাতি বাহিত করিয়াছি ও ভক্ত কৃপায় বঞ্চিত হইয়াছি ।। আমার ভাগ্যে কি আজীবন-বৃন্দাবনবাস ঘটিবে ?" তাহাতেই এশ্লোকে বৃন্দাবনের অযাচ কৃপাপ্রার্থনা করিয়াছেন—

পদ্যানুবাদ—বৃন্দাবনে বাস লাগি, বিরোধি-ধরমত্যাগী, কোনেও না হয়দোষলেশ,
আমি মায়াবাদে মজি, রাইকানু সেবাত্যেজি, চিরঅপরাধীরে অশেষ।।
তাহাতে অজিতেন্দ্রিয়, ভকতেরো নহিপ্রিয়, তাঁহাদেরো চির উপেখিত ।
বৃন্দাবন নিজ গুণে, এই নিরুপায় জনে কৃপাকরি করুন আশ্রিত ।

পরধন পরদার দ্বেষ মাৎসর্য্য লোভা-
নৃত পুরুষ পরাভিদ্রোহ মিথ্যাভিলাপান্।
ত্যজতিযইহভক্তো রাধিকা প্রাণনাথে
নখলু ভবতি বন্ধ্যা তস্য বৃন্দাবনাশা॥৪৮॥

টীকা — কিন্তু পঙ্কিল গঙ্গা যমুনা জলবৎ, বৃন্দাবনাশ্রয়ী সদা সুপবিত্রঃ স্যাৎ, তদ্দেহ মনসোঃ কদাপি দোষস্পর্শো ন সম্ভবতি, ইত্যবধারণং কৃত্বা পাপাচরণং মা কুরু; অনেন ইত্যুপদিশতিযথা—যঃ জনঃ ইহ (অস্মিন্ বৃন্দাবনে স্থিতোঽপি) রাধিকায়াঃ প্রাণ নাথে (ব্রজেন্দ্র নন্দনে) ভক্তঃ সন্ পরধনেষু পরদারেষুচ প্রসক্তিঃ ত্যজতি ইতি শেষঃ এবঞ্চ দ্বেষঃ (বৈরাচারঃ)মাৎসর্য্যং(পরোৎকর্ষ অসহিষ্ণুতা)লোভঃ (পরধন লালসা) অনৃতং (কাপট্যং) পরুষ (নিষ্ঠুরব্যাপারং) পরাভিদ্রোহঃ (পরানিষ্টঃ) মিথ্যাভিলাপং (মিথ্যা বাক্যাং) এতান্ ত্যজতি, তস্য বৃন্দাবনাশা (বৃন্দাবনে চিরবাসেন রসময় দাস্য সৌভাগ্য লাভাশা) নখলু (নৈব) বন্ধ্যা(বিফলা) ভবতি (৪৮)॥

আভাস—"গঙ্গা যমুনার জল যেমন পঙ্কিল হইলেও অপবিত্র হয়না, তেমনি বৃন্দাবন বাসিরও পাপাচরণে পাতিত্য বা মালিন্য নাই", এইরূপ সিদ্ধান্তের অধীন হইয়া অপরের প্রতি উচ্চভাব পোষণ করিবে; কিন্তু সাবধান! ইহার বলে তুমি কদাপি পাপে নিমগ্ন হইও না। তাহা করিলে হয়ত বৃন্দাবনে চিরবাসের ও তৎফল প্রাপ্তির সকল আশাই বিফলে যাইবে (পাপাচার পরিত্যাগেই তৎ প্রাপ্তি সুনিশ্চিতা।

পদ্যানুবাদ—("সুরধুনিনীর আবিল হলেও পরম পাবন যথা
বৃন্দাবনবাসী দোষী হইলেও মহা পূজনীয় তথা"
তা বলিয়ে কভু কেহ যেন ভাই! ডুবিওনা পাপাচারে
তাহাই এখন কহিছেন জীবে, সাবধান করিবারে)
পরধনেমতি ' পরদারে রতি, নিঠুর জীবের প্রতি
পরের কুশলে মনে দুখ বোধ, লোভের দুরানুগতি,
কপটাচরণ আর কঠিনতা, অপরের অপকার
অসত্যভাষণ, (সত্তেরেদূষণ) যে করিয়া পরিহার
এইবৃন্দাবনে, শ্রীরাধারমণে, আশাধরি পড়ে রয়
তাহার সেআশা কিছুতেই কভু, বিফল নাহিক হয়।

কুরুসকল মধর্ম্মং মুঞ্চসর্ব্ব স্বধর্ম্মং
ত্যজগুরুনপি বৃন্দারণ্য বাসানুরোধাৎ।
স তব পরম ধর্ম্মঃ সাচ ভক্তির্গুরুণাং
সকিল কলুষরাশির্যদ্ধি বাসান্তরায় ॥৪৯॥

টীকা—পরন্তু বৃন্দাবনে নিত্যাচরিত নিত্য নৈমিত্তকস্য ধর্ম্মাচারাদেঃ সংরক্ষণস্য বিঘ্নোপজাতেসতি এবঞ্চ দুর্জ্জনাদিনাং পরাক্রমাৎ অধর্ম্মাচরণংবিনা বৃন্দাবনাবস্থানস্য অসম্ভাবনায়াং, অনভীষ্টঅধর্ম্মাচারং বিধেয়, স্বধর্ম্মত্যাগঞ্চ কর্ত্তব্য। অতএব তৎকারণাৎ তব বৃন্দাবনত্যাগার্থ দৃঢ় সঙ্কল্প-মাতৃপিত্রাদি গুরুমপি পরিহর; তদপি বৃন্দাবন বাস মাত্যাজ, ইত্যুপদেশ মাহ—

বৃন্দারণ্যে বাসস্য অনুরোধাৎ (বৃন্দাবনবাসার্থং) সকলমধর্ম্মং সকলংনিষিদ্ধাচারং) কুরু; সর্ব্বং স্বধর্ম্মং(আশ্রমোচিত নিজকর্ত্তব্যং, নিত্যনৈমিত্তিক বাস্বধর্ম্মাচরণং বা) মুঞ্চ (ত্যজ); গুরুমপি (গুরুজনং, পিত্রাদিমপি ত্যজ (পরিহর); সতব পরম ধর্ম্মঃ (সঃ অধর্ম্মাচরণং স্বধর্ম্ম ত্যাগশ্চ তব সুমহান্ ধর্ম্মঃ) সাচ গুরুণাং ভক্তিঃ গুরুন্ ত্যাগঃ এব অত্রাবস্থায়াং গুরুণাং ভক্তিঃ) যৎহি (যদেব) বাসান্তরায় (বৃন্দাবন বাসস্য বিঘ্নোৎপদকঃ ইত্যর্থঃ) স কিল (নিশ্চিত) কলুষ রাশিঃ (পাপপুঞ্জঃ) ॥৪৯।

আভাস—উদ্দেশ্য এবং মনোভাবই ধর্ম্মাধর্ম্মের প্রধান নিয়ামক, সেই জন্য ভগবান্ শ্রীরামচন্দ্রের পিত্রাজ্ঞাপরিপালন এবং ভক্তশিরোমণি প্রহ্লাদের পিত্রাজ্ঞা লঙ্ঘন-দুইই সদ্ধর্ম্মের আদর্শ। পরম ধর্ম্মের নিমিত্ত সাধারণ ধর্ম্ম বর্জ্জন, শাস্ত্রানুসারে ও অবৈধনহে, অতএব নিজের আশ্রমোচিত কর্ত্তব্যপালনের কিম্বা নিত্যনৈমিত্তিক ধর্ম্মাচরণের বাহ্যাঙ্গপরিত্যাগ না করিলে যদি বৃন্দাবন বাসের বাধা জন্মে অথবা দুর্জ্জনের দুরতিক্রমাপরাক্রমাদিরপ্রভাবে—অনভীষ্ট-অধর্ম্মাচরণ না করিয়া তথায় বাস করা যায় না, তাহা হইলে উহা করিয়াও বৃন্দাবনবাসরূপ পরম ধর্ম্মাচরণ করা উচিত। কখনও অধর্ম্মাচরণেরজন্য বৃন্দাবনাশ্রয় কর্ত্তব্য নহে, কিন্তু বৃন্দাবনবাসের উদ্দেশ্যে বাধ্য হইয়া অনভীষ্ট নিষিদ্ধাচরণ করা দোষাবহনহে।

পদ্যানুবাদ—বহু অধরমাচার যদি হয় করিতে, সকল স্বধর্ম্মাচার যদি হয়তেজিতে।
যদি প্রয়োজন হয় গুরু জনে ছাড়িতে, অনায়াসে কর বৃন্দাবন-বাস করিতে।
ইহাই ধরম, এই ভকতিহে গুরুতে, তাই পাপ যা কিছু বাধক হয় ইহাতে।

যত্তদ্ বল্গন্তুশাস্ত্রাণ্যহহো জনতয়া গৃহ্যতাং যত্তদেব
স্বং স্বং যত্তন্মতং স্থাপয়তু লঘুমতিস্তর্কমাত্র প্রবীনঃ।
অস্মাকন্তূজ্জ্বলৈকোন্মদ-বিমল রস-প্রেম-পীযূষ মূর্ত্তেঃ
শ্রীরাধায়াঃ বিহারাটবি মিহ নবিনান্যত্র নির্যাতি চেতঃ ৫৪

টীকা।—মন্বাদিধর্ম্মশাস্ত্রে বৃন্দাবনাশ্রয়স্য স্পষ্ট ব্যবস্থানাস্তি। তদুক্ত প্রব্রজ্যা বিধান, বৃন্দাবন প্রসঙ্গশূন্য যথা—"পঞ্চাশোর্দ্ধেবনং ব্রজেৎ" ইতি তদুক্ত বিধানং যেন কেনাপি বনগমনোপদেশাত্মকং বাক্য মাত্রম্। অপিতু চিত্ত-শুদ্ধি-সমন্বিতং সাধনানুষ্ঠানং বিনা কেনাপি সিদ্ধির্নভবতি ইতি বিদাং মতম্। বৃন্দাবনে পর্ণকুটী নির্ম্মাণস্য কর্ত্তব্যতা কুত্র? এতদুত্তরে "কৃষ্ণং স্মরন্ জনঞ্চাস্য প্রেষ্ঠং নিজ সমীহিতং। তত্তৎকথারতশ্চাসৌ কুর্য্যাদ্বাসং ব্রজেসদা"॥ ইতি শ্রীমচ্চৈতন্য চন্দ্র-সম্মত শাস্ত্র বিধানানুগত স্বকীয় মনোগতি প্রকাশতি যথা—

শাস্ত্রাণি ধর্ম্ম-সংহিতাদয়ঃ যৎ-তৎ বল্গন্তু (উল্লম্ফয়ন্তু, ব্যবস্থাপয়ন্তু ইতি ভাবঃ) জনতয়া (লোকবৃন্দেন) যত্তদেব গৃহ্যতাং (গৃহীত মস্তু) তর্কমাত্র প্রবীণঃ (তর্কৈকদক্ষঃ) লঘুমতিঃ (অল্প বুদ্ধি জনঃ) স্বং স্বং মতং (নিজনিজসিদ্ধান্তং) স্থাপয়তু। অস্মাকন্তু, উজ্জ্বলঃ (শৃঙ্গারঃ) এক: (সর্ব্বোত্তমঃ) উন্মদ. উন্মাদকঃ বিমলঃ (শুদ্ধঃ) রসোযস্য তাদৃশং যৎ প্রেমপীযূষং—তন্ময়ীমূর্ত্তির্যস্যা তস্যা ভূতায়াঃ শ্রীরাধায়াঃ বিহারাটবীং (ক্রীড়াবনং বৃন্দাবন মিত্যর্থঃ) বিনা ইহ জগতি অন্যত্র চেতঃ (চিত্তং) ন নির্য্যাতি ন চলতি ॥৫৪॥

আভাস—মনুসংহিতা প্রভৃতি ধর্ম্ম শাস্ত্রে প্রব্রজ্যার যে ব্যবস্থা আছে উহাতে বৃন্দাবন বাসের তো কোনও কথানাই, যে কোনও বনে বাস করিলেই হয় বিশেষতঃ চিত্ত শুদ্ধির সহিত সাধনানুষ্ঠান বিনা কোনও সিদ্ধিই লাভ হয় না, ইহাই পণ্ডিত গণের সিদ্ধান্ত। বৃন্দাবনে পর্ণ কুটিরে বাসের ব্যবস্থা কোথায়? টীকায় উদ্ধৃত "কৃষ্ণং জনং" শ্লোক, এই প্রশ্নের সমীচিন উত্তর। গ্রন্থকর্ত্তা তদবলম্বনে আপন মনোগতিও বৃন্দাবন নিষ্ঠা প্রকাশ করিয়াছেন।

পদ্যানুবাদ—করুন শাস্ত্রেরা উল্লম্ফন, লোকে যা-তা করুণ গ্রহণ।
লঘুমতি তার্কিক সকল, নিজ মত করুন প্রবল।
উন্মদবিমল উজ্জ্বল-প্রেমে যাহাসদাটল টল।
রাধিকার সেই ক্রীড়াবন, ছাড়িতে চাহেনা মোর মন।

স্নিগ্ধশ্যামাভিরামাচ্ছবি মৃদু মসৃণোত্তপ্ত হেমাবদাতং
জ্যোতির্দ্বন্দ্বং কিশোরাকৃতি মধুর মহোদ্ ঘূর্ণমানং রসেন।
নিত্যং যত্রৈব খেলায়তি মদন-কলা কৌতুকেনাত্যুদারং
সারং সারাদশেষাদপি তদিহ ধনং শ্রীলবৃন্দাবনং নঃ ৫৫

টীকা—অসংখ্য চিত্ত শুদ্ধাদিকান্ সর্ব্বেষাংসারাৎসারস্ত—প্রেমমহাভাণ্ডারস্ত শ্রীবৃন্দাবনস্ত সার্ব্বোৎকর্ষং ব্যঞ্জয়ন্—পূর্ব্বানুবৃত্তে বৃন্দাবন-নিষ্ঠাং প্রদর্শয়তি যথা—

স্নিগ্ধা (প্রেমার্দ্রা) শ্যামা (শ্যামবর্ণা) অভিরামা (মনোহারিণী) ছবিঃ (কান্তিঃ) যস্ত তৎ (শ্রীকৃষ্ণেতি বোদ্ধব্যং) তথা মৃদু (কোমলং) মসৃণং (চিক্কণং) উত্তপ্তং (অগ্নিদগ্ধং) যৎ হেম (স্বর্ণং) তদ্বদবদাতং (গৌরং) (অত্র শ্রীরাধেতি বোদ্ধব্যাং) কিশোরাকৃতি মধুরং (কুমারাকারেণ মধুরং) রসেন (অনুরাগেণ) ঘূর্ণ-মানং (বিঘূর্ণিত দেহ মনসং) জ্যোতির্দ্বন্দ্বং (অত্যুজ্জ্বল-স্বকান্ত্যাঃপ্রদীপ্ত—জ্যোতির্দ্বন্দ্বং প্রোদ্ভাসৎ-যুগল মিতি ভাবঃ) মদন কলা কৌতুকেন (কন্দর্প লীলা চাতুর্য্যজনিত কুতুহলেন) অত্যুদারং (অতি মনোহরং যথা স্যাত্তথা) যত্র নিত্যং (সততং) খেলায়তি (ক্রীড়তি) অশেষাদপি (অসংখ্যাতঃ ভগবদ্ধামান্তরাদপি, অগণ্য সিদ্ধিসাফল্য দায়কাদপিচ) সারাৎ সারং তৎ ইহ (অস্মিন্) শ্রীলবৃন্দাবনং (সৌন্দর্য্য, সৌভাগ্য, সম্পদান্বিতঃ বৃন্দাবনং) নঃ (অস্মাকম্) ধনং (সর্ব্বস্বং) ॥৫৫॥

আভাস—যে পরম-পাবন মহালীলা শ্রবণ পঠনে চিত্তশুদ্ধিরসহিত বৈকারিক ভাবথিনষ্ট হয়, তাহার রঙ্গভূমি বৃন্দাবনযে অনন্ত চিত্ত শুদ্ধ্যাদির ও নিখিল ভগবদ্ধা-মের সারাৎসার, তাহা বলাই বাহুল্য। তাহাই কহিতেছেন অত এব হেভ্রাতৃবৃন্দ! বৃন্দাবনই আমাদের ধন অর্থাৎ পরম সম্বল। অন্য কিছুতেই আমাদের প্রয়োজন নাই। ইহাই অভিপ্রায়।

পদ্যানুবাদ—রসময় একঅমল শ্যাম, আর উত্তপ্ত হেমানুপাম।
মৃদু সুচিক্কন মধুরা কৃতি, যাহাবিরাজিত যুগল জ্যোতি।
মধুর রসের সুমহাপাকে, ঘুরুণিতস্মরকলা কুতুকে।
কিশোর মূরতি পরমোদার, যে ধামে সেই তো সারের সার।
তাই আমাদের পরমধন, (পরমসম্বল) শ্রীবৃন্দাবন॥

রাধামাধব পাদপঙ্কজ রজঃ প্রেমোন্মদে তৎপ্রিয়-
ক্রীড়া কানন বাসিষু স্থিরচর প্রাণিষ্বপি দ্রোহিষু ।
প্রত্যেষং পরমাপরাধ মহহো ত্যক্তেতরৈ রপ্যঘৈ
র্যুক্তোপ্যামরণাদ্ধ লব্ধবসতি বৃন্দাবনে স্যাৎকৃতী ॥৫২॥

টীকা—পঞ্চাশৎ সংখ্যক—শ্লোকান্তর্গত "যাদৃশস্তাদৃশোবা যঃ কোপি" বাক্যস্য তাৎপর্য্যেণ ইতি ন সিদ্ধান্তিতব্যং—বৃন্দাবনস্থেষু স্থির চরেষু বিদ্বেষ্টাঃ আমরণ-বৃন্দাবন বাস-লাভেন সিদ্ধি মাপ্নোতি । তদাহ—

রাধামাধবয়োঃ পাদপঙ্কজরজঃসু (পাদ এব পদ্ম তৎ পরাগেষু) প্রেমাউন্মদাঃ (প্রেমাহ্লাদ-বিহ্বলাঃ) সন্তঃ এতস্মিন্ প্রিয়ক্রীড়া-কাননে (প্রিয়তাযত্র, তত্রক্রীড়াবনে; যদ্বা প্রিয়া যা ক্রীড়া—কন্দর্পকেলি ইতিযাবৎ তৎ সাধক কাননে বৃন্দাবনেঽর্থঃ) বসন্তীতি তথোক্তাঃ তেষু স্থিরচর প্রাণীষু (পশু পক্ষী-কীট-পতঙ্গ-উরগ-মানবাদির বৃক্ষ লতাগুল্মাদি সর্ব্বভূতেষু) দ্রোহিষ্বপি (অনিষ্ট মাচরৎ-মশক মর্কট মূষিকাদি উৎপাতক প্রাণীষ্বপি) প্রত্যেষং (বিদ্বেষরূপং) পরমাপরাধং ত্যক্তা ইতরৈ রন্যৈ রপি (অন্যবিধৈঃ) অঘৈঃ পাপৈঃ যুক্তোজনঃ বৃন্দাবনে আমরণান্তং লব্ধাবসতিযেন তথাভূতঃসন্ কৃতী (তত্র প্রেমোল্লাসাৎ কৃতার্থঃ) স্যাৎ । অহহেতি বিস্ময়ে ॥৫২॥

আভাস—পঞ্চাশ নম্বরের শ্লোকে যে "যাদৃশোস্তাদৃশ যে কেহ" শব্দ আছে তার অভিপ্রায়—বৃন্দাবন বাসী স্থাবর জঙ্গম যে কোনও প্রাণীতে বিদ্বেষী মহাপরাধী ভিন্ন অন্যবিধ পাপী, ঐ প্রকার বিদ্বেষী জনের চিরবাস অথবা তৎফলে সদ্গতি ও অতীব সুকঠিন । ইহাই এশ্লোকের মূল কথা ।

পদ্যানুবাদ—রাধামাধবের "পদ পরিমলে হোয়েসদা উনমত ।
তাঁহাদের প্রিয়-কেলিকাননেতে নিবসিলে অবিরত ।
বৃন্দাবিপিনেতে স্থির চর নর আছয়ে যতেক প্রাণী ।
দ্রোহি হইলেও তাদের বিদ্বেষ, সুমহা-দোষের খনি ।
সে মহা বিষম-পরমাপরাধ, ঘটিলে ভরসা নাশ ।
সব যায় দূরে, আর নাহি পুরে সুমহা ভক্তাভিলাষ ।
তাহাবিনা আর, যত কিছু পাপ সকলি লয়ে কেহ-
আমরণ বৃন্দাবিপিনে বসতি, যে মহা কৃতীর হয় ।

যে লোক বেদোদ্ধৃত মার্গভেদৈ
রাবিশ্য সংক্লিশ্যত রে বিমূঢ়াঃ।
হঠেন সর্ব্বং পরিহৃত্য বৃন্দা-
বনান্তরে পর্ণকুটীং কুরুধ্বং ॥৫৩॥

টীকা—"সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ। অহং ত্বাং সর্ব্ব পাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচ" শ্রীগীতোপনিষদি—ইতি যদ্ভগবদ্বাক্যং বর্ত্ততে তদুক্ত শরণস্য প্রকারং—"রাধামাধব পাদ পঙ্কজরজঃ প্রেমোন্মদেতি" পূর্ব্ব শ্লোকে ব্যঞ্জয়ন্ অনেন তন্নিষ্পদোপায়ং কথয়তি। যথা—

হে বিমূঢ়াঃ (বিমুগ্ধাত্মনাঃ) লোকেষু বেদেষু চ উদ্ধৃতাঃ (উদ্ধৃতাঃ বিহিতা ইতি ভাবঃ) যে মার্গ ভেদাঃ (ধর্ম্মবর্ত্ম বিশেষাঃ) তৈঃ আবিশ্য (আবেশিতভূত্বা) ন সংক্লিশ্যত (সংক্লেশং গচ্ছত); সর্ব্বং (বৈদিকলৌকিকআচারাদিকং) হঠেন (সহসা দ্বিধারাহিত্যেন ইতি ভাবঃ) পরিহৃত্য (পরিত্যাগপূর্ব্বকং) বৃন্দাবনান্তরে (বৃন্দাবনমধ্যে) পর্ণকুটীং (পত্রনির্ম্মিত ক্ষুদ্র গৃহং) কুরুধ্বম্ সর্ব্বাশক্তিং বিহায় বৃন্দাবনাশ্রয় মাচর ইতি শ্লোকস্য শিক্ষা ॥৫৩॥

আভাস—শ্রীমদ্ভগবদ্গীতার যে শ্লোকটি টীকায় উদ্ধৃত হইয়াছে তা ভগবদ্বাক্যের অর্থ—"সমস্ত ধর্ম্ম ত্যাগ করিয়া আমাতে একান্ত শরণাপন্ন। এই শরণাপত্তির প্রকার—সর্ব্ব ধর্ম্মাতীত নিরুপাধিক-অবাধ-প্রেমাবলম্বনে বৃন্দা শ্রীশ্রীরাধামাধবের পাদপদ্মে আত্মসমর্পণ,—পূর্ব্ব শ্লোকে ইহা বিবৃত করিয়া এই শ্লোকে তৎ পদ্ধতি প্রকাশ করিতেছেন। সে পদ্ধতি-এইরূপে—ধন জন, অ লোকাচার বিধির অনুশাসিত সমস্তধর্ম্ম পরিত্যাগ করিয়া বৃন্দাবনে পর্ণ কুটীর প্রস্তত প্রশান্তচিত্তে নিরুদ্বেগে তাহাতে পরমানুরাগে অবস্থান ও যুগল ভজন।

পদ্যানুবাদ—বিধানিত লোকবেদ মার্গাচারে, আবেশ ত্যজিয়া উপরে উঠ
যে ধরমাচারে শুধু শ্রম সার, এখনি সে সব কর পরি
ত্যজ শ্রীবৃন্দাবনের ভিতরে, নিবস নিরখি পরণ কুটীরে
কর, যুগলের চরণ সার, এহোতে ধরম নাহিক আর।

অপার-করুণাকরং ব্রজ-বিলাসিনী-নাগরং
মুহুঃ সুবহু-কাকুভি র্নতিভি রেতদভ্যর্থয়ে।
অনর্গল-বহন্-মহাপ্রলয়-সীধু-সিন্ধৌ মম
ক্বচিজ্জনুষি জায়তাং রতিরিহৈব বৃন্দাবনে ॥ ৫৬ ॥

টীকা—"ইহ ধনং শ্রীল-বৃন্দাবনং নঃ" পূর্ব্বশ্লোকোক্তমেতৎ সিদ্ধান্তেন সমং। সাধকোচিতদৈন্যোপজাতেন—অহো! দরিদ্রস্য ধনবৎ পরমপ্রিয়তা দূরেহস্তু, ইহ বৃন্দাবনে পরমাধমস্য মম রতিমাত্রমপি নাস্তি! অতঃ চেৎ রাধানন্দকিশোরয়োঃ প্রাপ্তয়োরপি বিনা ব্রজপ্রেম্ণা কথং সেবিষ্যে? ইতি প্রেম-ক্ষোভাকুলঃ সন্ দীনবচনেন বৃন্দাবনে রতিং প্রার্থয়তি যথা—

অপারকরুণাকরং (অশেষকৃপানিধানং "কৃষ্ণাদন্যঃ কো বা লতাম্বপি প্রেমদো ভবতি" ইত্যাদ্যৈঃ প্রমাণৈঃ) ব্রজবিলাসিনীতি অত্র শ্রীরাধা তস্যা নাগরং (কান্তং শ্রীকৃষ্ণমিতি যাবৎ) মুহুর্ব্বারম্বারং সুবহু-কাকুভিঃ (কাতরোক্তিভিঃ) নতিভিশ্চ (প্রণামৈশ্চ) এতৎ অভ্যর্থয়ে (যাচে), মম ক্বচিৎ জনুষি (জন্মনি), অনর্গলং (অবাধিতং) যথাস্যাৎ তথা বহন্ মহাপ্রলয়-সীধু-সিন্ধুঃ (পরমপ্রেমৈব মধু তস্য সাগরঃ) যস্মিন্ তাদৃশে ইহৈব (অস্মিন্নেব বৃন্দাবনে) রতিঃ (প্রেমলক্ষণা প্রীতিঃ) জায়তাম্। "মায়াবাদার্কতাপ-দগ্ধস্য রস-লেশ-বিহীনস্য পরমাধমস্য মম, ইহ জন্মনি, বৃন্দাবন-রতি-লাভ-প্রার্থনাধিকারো নাস্তি" ইতি পরম-মনোহর-দৈন্যেন বৃন্দাবন-প্রেম-পূর্ণত্বেহপি এতাদৃক্ প্রার্থনা সম্ভবতি;—"ন প্রেমগন্ধোঽস্তি দরাপি মে হরৌ" প্রেমাবতারস্য শ্রীমদ্‌গৌরচন্দ্রস্য ইত্যুক্তিবৎ ॥ ৫৬ ॥

আভাস—"একমাত্র বৃন্দাবনই আমাদের ধন" পূর্ব্ব শ্লোকের এই সিদ্ধান্ত নবীন বিক্রমে হৃদয়ে জাগরিত হওয়ায় প্রেমের স্বভাবে পরম দৈন্যোদয়ে যেন মনে হইতে লাগিল—হায় হায়! কোথায় দরিদ্রের ধনের মত মহাপ্রীতি করিব, এ হেন বৃন্দাবনে আমার প্রেমলক্ষণা রতিই নাই! অহো বিড়ম্বনা! ব্রজানুগা প্রেম ব্যতীত শ্রীরাধা মাধবকে পাইয়াই বা কি হইবে? সেবা করিব কি দিয়া? তাহাতেই বৃন্দাবনের লতাগুলিকে পর্য্যন্ত, যিনি প্রেমদানে প্রফুল্লা এবং নৃত্যশীলা করেন, সেই অপার করুণাকর শ্রীকৃষ্ণচন্দ্রের শ্রীচরণে বৃন্দাবন-রতি প্রার্থনা করিতেছেন। রতি অর্থ—প্রেমলক্ষণ স্থায়ীভাব-বিশেষ, রতির পরিপক্কাবস্থাই

প্রেম। যথা—শ্রীচৈতন্যচরিতামৃতে "রতি গাঢ় হইলে ধরয়ে প্রেম নাম" বাল্য-পৌগণ্ডোদয়ের পরে সুনিশ্চিত যৌবনোদয়ের ন্যায় রতির উদয়ে প্রেমলাভ সুনিশ্চিত। সেই জন্য শ্লোকে সদৈন্যে রতিলাভের প্রার্থনা।

আর আপনার পূর্ব্বাবস্থার স্মৃতিতে পরম বন্দনীয় গ্রন্থকার মহাশয় অনুতপ্ত হইয়া বুঝি মনে করিলেন হা ধিক্! "সোঽহং" অর্থাৎ "আমিই ব্রহ্ম" এই বিষাক্ত-ভাবনা করিতে করিতে সুদুর্লভ নরজন্মটি মাটি করিয়াছি! এ জন্মে আমার রসলেশ-বিহীন প্রতপ্ত-মরুপ্রাণে বৃন্দাবন-রতি লাভের কোনও আশাই নাই! তাহাতেই প্রার্থনা করিতেছেন—কোনও জন্মে যেন আমার বৃন্দাবনে রতি জন্মে। এ প্রকার পরম-মনোহর-প্রাণস্পর্শী দৈন্য, একমাত্র আমার জগন্মঙ্গলাবতার-শ্রীগৌরচন্দ্রের ভক্তেতেই সম্ভব হয়; কারণ যাঁহারা সুনির্ম্মল মহাপ্রেমে পরিপূর্ণ, তাঁহারাই মনে করিয়া থাকেন হায় কি দুর্ভাগ্য! শ্রীশ্রীগৌরনিত্যানন্দের অপার করুণায় সমগ্র প্রাণীই প্রেমলাভ করিল, কেবল জীবাধমতম পাপাত্মা আমিই বঞ্চিত রহিলাম!! তাহাতেই পরম-প্রেমাবতার শ্রীমন্ মহাপ্রভুর শ্রীমুখোক্তি—"দূরে শুদ্ধ প্রেমবন্ধ, কপট প্রেমের গন্ধ, সেহো মোর কৃষ্ণে নাহি হয়।" তাহাতেই প্রেমের চরম পরিপাক মহাভাবের মহাপ্রতিমা স্বয়ং শ্রীরাধারাণীর আক্ষেপোক্তি—"সখি! আমার প্রাণবল্লভ আমাকে পরিত্যাগ করিয়া গিয়াছেন, তথাপি আমি এখনও বেঁচে আছি!! হায় হায়! অধন্যা অভাগিনী আমাতে নিরুপাধিক-নির্ম্মল প্রেমের নবলেশও নাই! যে হেতুক—

অকৈতব কৃষ্ণপ্রেম, যেন জাম্বুনদ হেম, সেই প্রেম নৃলোকে না হয়,
যদি হয় তার যোগ, কভু না হয় বিয়োগ, বিয়োগ হইলে কেহ না জীয়য়।

আর তাহাতেই শ্রীগৌরাঙ্গ-সুধাকরের অপরিসীম করুণায় নবজীবন প্রাপ্ত, বৃন্দাবন প্রেমোন্মত্ত আমাদের গ্রন্থকার মহোদয়ের এই চারু পরমা-চিত্তদ্রাবিণী দৈন্যোক্তি। এই প্রকার অকপট কাকুবচনে পুনঃ পুনঃ প্রণতির সহিত প্রার্থনা করিতে পারিলে, সে প্রার্থনা কিছুতেই বিফল হয় না, হাতে হাতে ফল লাভ হয়। ইহাই শ্লোকের শিক্ষা।

পদ্যানুবাদ—অপার করুণাকর, শ্রীরাধার সুনাগর—শ্রীহরির চরণকমলে।
বহু কাকুতিতে আর, প্রণতিতে বারবার, মিনতি লুটিয়া ভূমিতলে॥
নিতি যাহে অবাধিত, প্রেমমধু প্রবাহিত, সেই প্রেমসিন্ধু অনুপমে।
সে বৃন্দাবনের প্রতি, হেন অবিচলা রতি, জনময়ে কোনও জনমে॥

নানামার্গরতোঽপি দুর্ম্মতিরপি ত্যক্তস্বধর্ম্মোঽপি হি
স্বচ্ছন্দাচরিতোঽপি দূরভগবৎসম্বন্ধ-গন্ধোঽপি চ।
কুর্ব্বন্ যত্র চ কামলোভবশতো বাসং সমস্তোত্তমং
যায়াদেব রসাত্মকং পদমহং তন্নৌমি বৃন্দাবনম্॥ ৫৭॥

টীকা—"ভগবদ্‌বহির্ম্মুখস্য রিপুপরতন্ত্রস্য কলুষিতচেতসো মল্লক্ষণজনস্য বৃন্দাবন-রতিলাভেন কিং স্যাৎ? নূনং কিমপি সৌভাগ্যং ন ভবিষ্যতি।" অস্মিন্, কস্যাপি ইত্যাশঙ্কায়াঃ অবসরো নাস্তি, বৃন্দাবনবাসেন এতে সর্ব্বে বিনষ্টতাং যান্তি। এতন্মহিমোল্লাসাৎ বৃন্দাবনং প্রণমতি। যথা—

নানামার্গেষু (কর্ত্তব্যাকর্ত্তব্য-বিবিধপথিষু বিবিধাচারেষু ইতি ভাবঃ) রতোঽপি (প্রবৃত্তোঽপি), দুর্ম্মতিরপি (মন্দবুদ্ধিজনোঽপি); ত্যক্তস্বধর্ম্মোঽপি (বিবর্জ্জিতঃ নিজধর্ম্মঃ যেন তথাবিধোঽপি); স্বচ্ছন্দাচরিতোঽপি (স্বেচ্ছাচারী অপি); দূরে ভগবতঃ (শ্রীহরেঃ) সম্বন্ধগন্ধঃ যস্য তাদৃশোঽপি (তদ্বহির্জনোঽপি) কাম-লোভ-বশতঃ (কামস্য লোভস্য চ বশী ভূত্বা) যত্র বাসং কুর্ব্বন্ সমস্তোত্তমং পদং যায়াৎ গচ্ছেৎ (সর্ব্বোত্তম ইতি পদবীং খ্যাতিং, যদ্বা রাধাদাস্যরূপং সর্ব্বোত্তম-পদং লভেত) রসাত্মকং প্রেমময়ং ধাম তদ্‌বৃন্দাবনং অহং নৌমি (স্তৌমি)॥৫৭॥

আভাস—"রিপু পরতন্ত্র, দুর্ম্মতি, স্বধর্ম্মচ্যুত, স্বেচ্ছাচারী, ভগবদ্‌বিমুখ আমি বৃন্দাবন-রতি লাভ করিলে কি হইবে? এগুলি দূর না হইলে তো আর কোনও সৌভাগ্যই সংঘটিত হইবে না।" এখানে কাহারও এপ্রকার কোনও আশঙ্কার অবসর নাই। বৃন্দাবনে বাসের ফলে অর্থাৎ মন বাহিরে রাখিয়া অবস্থানরূপ 'প্রবাস' না করিয়া প্রকৃত প্রস্তাবে বৃন্দাবনে বাস করিলে সমস্ত স্বভাব ব্যবহারাদি উত্তমতা লাভ করে* এই সর্ব্বাতিশায়ী মহাশক্তির স্মরনানন্দে বৃন্দাবনের বন্দনা করিয়াছেন।

পদ্যানুবাদ—বিবিধ-বিপথগত, কদাচারে রত; দুরমতি স্বধরমাচার বিরহিত।
ভগবত সম্বন্ধের গন্ধও বিহীন, নিষেধিত স্বেচ্ছাচারে সতত বিলীন।
এইরূপ অভাজন পামর নিচয়, যদি বৃন্দাবনধামে বসতি করয়।
কাম লোভাদির বশে যদি করে বাস, তথাপিও হয় সর্ব্বোত্তমতা বিকাশ।
এহেন মহিমাময় মহারস-ধাম, বৃন্দাবনে দিবানিশি আমার প্রণাম।

* চিত্তশুদ্ধি ও বুদ্ধি সুনির্ম্মলা হওয়ায় তত্ত্বানুভূতি এবং সদসৎ বিচার বুদ্ধির সঙ্গে সঙ্গে প্রেমোদয় হয়।

ইহ সকলসুখেভ্যঃ সূত্তমং ভক্তিসৌখ্যং
তদপি পরমকাষ্ঠাং সম্যগাপ্নোতি যত্র।
তদিহ পরমপুংসো ধাম বৃন্দাবনাখ্যং
নিখিলনিগমগূঢ়ং মূঢ়বুদ্ধি র্ন বেদ ॥ ৫৮ ॥

টীকা—"রসাত্মকং বৃন্দাবনং সর্ব্বোত্তমপদপ্রদং"ইতি পূর্ব্বশ্লোকোক্তমহাত্ম মূঢ়বুদ্ধির্জ্জনো ন জানাতি। যতঃ সর্ব্বসুখসারস্য ভক্তিসুখস্য পরমোৎকর্ষরূপ সুনির্ম্মলা সর্ব্বেন্দ্রিয়াহ্লাদিনী অবিমিশ্র-পূর্ণানন্দপ্রদা-মহাভক্তিঃ কেবলং বৃন্দাবনে যা নিত্যং বর্ত্ততে, তৎপ্রসঙ্গঃ নিগমগর্ভে গূঢ়ং বিনিহিতঃ। "রসো বৈ সঃ" ইত্যাদি বেদোক্তেরুপলক্ষিতরসাত্মকস্য শ্রীভগবতঃ "প্রেমধাম", বৃন্দাবনং বিনা কুত্র? তদাহ—

ইহ সংসারে ভক্তিসৌখ্যং (সানুরাগসেবাকাঙ্ক্ষাপ্রজাত-সুখং) সকল সুখেভ্যঃ সুত্তমং (সুষ্ঠু উত্তমং, সর্ব্বেভ্যো বহুশ্রেষ্ঠমিত্যর্থঃ) যত্র তৎপরমকাষ্ঠা (পূর্ণতমোৎকর্ষং) সম্যক্ আপ্নোতি, ইহ (এতজ্জগতি) পরমপুংসঃ (সর্ব্বোত্তম নায়কস্য শ্রীকৃষ্ণস্য ইত্যর্থঃ) তৎ বৃন্দাবনাখ্যং নিখিলনিগমগূঢ়ং (সর্ব্বৈ বেদান্তৈঃ সুসংবৃতং) ধাম মূঢ়বুদ্ধির্জনঃ ন বেদ (ন জানাতি, নাববুধ্যতে ইতি ভাবঃ); এতেন সর্ব্বনিগমেষু এতত্তত্ত্বং মহারত্নবৎ সুগুপ্ত-সংরক্ষিতং ইতি (বোদ্ধব্যং) ॥ ৫৮ ॥

আভাস—সর্ব্বসুখাপেক্ষা ভক্তিসুখ শ্রেষ্ঠ, কারণ "কৃষ্ণভক্ত নিষ্কাম অতএব শান্ত, ভুক্তি-মুক্তি-সিদ্ধিকামি সকলি অশান্ত" বিশেষতঃ অর্চ্চন বন্দ নৃত্যগীত উৎসব ও লীলা গুণ রূপাদি স্মরণাত্মিকা ভক্তির অঙ্গগুলি—সাধনে ভাষণে, দর্শনে—সর্ব্বাবস্থায়ই আনন্দপ্রদ এবং তাহার চরমফল অপূর্ব্ব প্রেমান লাভ। ভক্তিসুখ সুনির্ম্মল, সর্ব্বাঙ্গসম্পূর্ণ ও সর্ব্বেন্দ্রিয়ের আহ্লাদক, ইহাতে হেয়াংশের লেশও নাই। এই ভক্তিসুখের পরমকাষ্ঠা বৃন্দাবনেই বর্ত্তমান কিন্তু এই মহাতত্ত্বটি দরিদ্রের নিধির ন্যায় নিগম সমূহের অভ্যন্তরে লুক্কায়িত কাজেই ইহা মূঢ়লোকে জানে না। "রাসো বৈ সঃ" এই সুপ্রসিদ্ধ বেদবাণী উপলক্ষিত রসময় পরমপুরুষের রসময় লীলাধামই বৃন্দাবন।

পদ্যানুবাদ—এ জগতে যত, সুখ নানামত, ভকতি সকল সুখের সার,
গুণে আচরণে, ফলে বা সাধনে, কেবলি অমিয় আনন্দ যার।
তাহার পরম, সীমা মনোরম, রসশেখরের পরম ধাম
নাহি জানে মূঢ়, নিগম নিগূঢ়, বৃন্দাবনভূমি কি অনুপাম।

ভজন্তমপি দেবতান্তরং যথাক্ষরে ব্রহ্মণি
স্থিতং পশুবদেব বা বিষয়ভোগমাত্রে রতম্।
অচিন্ত্য-নিজশক্তিতঃ স্বগত-রাধিকা-মাধব-
প্রগাঢ়-রসদুর্গমং কুরুত এব বৃন্দাবনম্ ॥ ৫৯ ॥

টীকা—বৃন্দাবনে প্রেমমহানিধিরস্তু, তেন মল্লক্ষণস্য সর্ব্বাধমস্য কিং?* যোগ্যভক্তজনঃ তৎপ্রাপ্ত্যধিকারী; অস্মাদৃশস্য অযোগ্যস্য তল্লাভোপায়ং বদ। "আদেহান্ত-বৃন্দাবন-বাস-ব্রতফলেন, সর্ব্বেষাং ভগবতি প্রগাঢ়া প্রীতিঃ সংজায়তে" ইতি এতদুত্তরং বিবৃণোতি।

যথা—বৃন্দাবনস্য অচিন্ত্যা যা নিজা শক্তিঃ তস্যাঃ হেতোঃ—দেবতান্তরং (অন্য-দেবং) ভজন্তমপি, অক্ষরে (ব্রহ্মণি) স্থিতমপি (ব্রহ্মসমাধৌ মগ্নমপি); পশুবৎ (বিচার-বিরহিতঃ সন্ ইতি ভাবঃ) বিষয়ভোগমাত্রে রতং এতাদৃশং জনমপি,—স্বগতয়োঃ (স্বস্মিন্, নিত্যলীলাগতয়োরিত্যর্থঃ) রাধা-মাধবয়োঃ প্রগাঢ়েন রসেন (অচঞ্চলানুরাগেণ ইতি ভাবঃ) সুদুর্গমং † (অন্যেষাং দুর্ব্বোধং) কুরুতে এব ॥৫৯॥

আভাস—বৃন্দাবন পরম মহোত্তমা ভক্তি সম্পদের ভাণ্ডার ইহা বুঝা গেল, কিন্তু ভাণ্ডারতো আর যার তার জন্য উন্মুক্ত হয় না, উপযুক্ত ব্যক্তির জন্যই হয়। (আমার হৃদয়ে ভুক্তিমুক্তির স্পৃহারূপ পিশাচীর রাজত্ব, আমার ন্যায় দুরাশয় সর্ব্বথা অযোগ্যাধমের পক্ষে সে মহাধন লাভের উপায় কি? যদি কেহ এরূপ প্রশ্ন করেন তাহার উত্তর এই—করুণানিধান বৃন্দাবন কেবলমাত্র ৫৭নং শ্লোকোক্ত উত্তমতা দিয়াই ক্ষান্ত হইতে পারেন না আপনার অচিন্ত্যশক্তি-প্রভাবে নিজ ক্রোড়স্থ রাধামাধবেতেও প্রগাঢ় প্রেমান্বিত করেন। সত্য বটে যে "নিত্যসিদ্ধ কৃষ্ণপ্রেম সাধ্য কভু নয়, শ্রবণাদি শুদ্ধচিত্তে করয় উদয়" তথাপি বৃন্দাবন এহেন স্বপ্রকাশ পরমবস্তু প্রদানেও সমর্থা। ইহাই তাঁহার অচিন্ত্য শক্তি।

পদ্যানুবাদ—

অন্যদেব উপাসনা, যদি করে কোন জনা, কিবা নির্ব্বিশেষ ব্রহ্মে নিমগন রহে,
অথবা পশুর মত, বিষয় ভোগেতে রত, রহে নিরবধি; আন কিছুই না চাহে।
আপন আশ্রয়গত, এইরূপ বিড়ম্বিত-জনেও, অচিন্ত্য নিজ শকতির গুণে
যুগলের প্রেমরসে, দুরগম সবিশেষে, করুণায় বৃন্দাবন করেন যতনে॥

* যতঃ—"ভুক্তিমুক্তিস্পৃহা যাবৎ পিশাচী হৃদি বর্ত্ততে। তাবৎ ভক্তিসুখস্যাত্র কথমভ্যুদয়ো ভবেৎ॥"

† যথা—ধন্যস্যায়ং নবপ্রেমা যস্যোন্মীলতি চেতসি। অন্তর্ব্বাণীভিরপ্যস্য মুদ্রা সুষ্ঠু সুদুর্গমা। (এই শ্লোক দুইটি শ্রীভক্তিরসামৃতসিন্ধু গ্রন্থের)

যৎকোট্যংশমপি স্পৃশেন্ন নিগমো যন্নো বিদু র্যোগিনঃ
শ্রীশ-ব্রহ্ম-শুকার্জ্জুনোদ্ধবমুখাঃ পশ্যন্তি যন্ন ক্বচিৎ।
অন্যৎ কিং ব্রজবাসিনামপি ন যৎ দৃশ্যং, কদালোকয়ে
শ্রীবৃন্দাবনরূপমদ্‌ভুতমহং রাধাপদৈকাশ্রয়ঃ ॥ ৬০ ॥

টীকা—শ্রীবৃন্দাবনং নিজাশ্রিতায় জনায় ইতঃ পূর্ব্বোক্তং সর্ব্বং সৌভাগ্যং দদাতি, কিন্তু রাধাপদৈকাশ্রয়ব্যতিরিক্তায়েতরস্মৈ স্ব-স্বরূপং কদাপি ন প্রকাশয়তি। সম্পদ্-সৌন্দর্য্যাদীনাং অধিষ্ঠাত্রী মহালক্ষ্মীঃ জগৎস্রষ্টা ব্রহ্মা শিবশুকাদয়শ্চ সর্ব্বসুদুর্লভং বেদগুহ্যং তৎ রূপং দর্শনলালসাবশাৎ পরমাকুলঃ প্রার্থয়তি।

নিগমঃ (বেদঃ) যস্য (বৃন্দাবনরূপস্য) কোট্যংশমপি (কোটিভাগৈকভাগমপি) ন স্পৃশেৎ (বক্তুমশক্যমিতিভাবঃ), যোগিনঃ যৎ ন বিদুঃ (ন জানন্তি) শ্রীঃ (লক্ষ্মীঃ) ঈশঃ (মহাদেবঃ) ব্রহ্মা (বিরিঞ্চিঃ) শুকঃ (বাদরায়ণিঃ) অর্জ্জুনঃ (তৃতীয়পাণ্ডবঃ) উদ্ধবঃ (মাথুরভক্তবর্য্যঃ) মুখানি (প্রভৃতয়ঃ যেষাং) ক্বচিৎ যৎ ন পশ্যন্তি; অন্যৎ কিং ব্রজবাসিনামপি (নন্দাদীনামপি) যৎ ন দৃশ্যং (ন দৃষ্টিপথগতমিত্যর্থঃ—সর্ব্বেঽপি প্রাকৃতায়মানং পশ্যন্তীতি তাৎপর্য্যং) কদা রাধাপদৈকাশ্রয়ঃ (শ্রীরাধায়াঃ চরণপরায়ণঃ সন্) অহং তদদ্ভুতং বৃন্দাবনরূপং আলোকয়ে? (পশ্যামি?) ॥ ৬০ ॥

আস্বাদনী—বৃন্দাবনের অচিন্ত্য শক্তিতে কেহ অবিশ্বাস করিও না, বৃন্দাবন জড়বস্তু নহেন। "চিন্তামণিভূমি কল্পবৃক্ষময় বন, চর্ম্মচক্ষে দেখে তারে প্রপঞ্চের সম" শ্রীচরিতামৃতের এই পয়ার বৃন্দাবনের স্বরূপাবলোকনের দ্বারস্বরূপ। বৃন্দাবন যাহাকে তাহাকে যথেচ্ছ সৌভাগ্য দান করেন, কিন্তু শ্রীরাধার চরণকমলে একান্ত শরণাগত জন ব্যতীত অন্য কাহারও নিকটে স্বরূপ প্রকটন করেন না। এই স্বরূপ, জগৎ-সৃষ্টিকর্ত্তা ব্রহ্মার,সৌন্দর্য্যসম্পদের অধিষ্ঠাত্রী লক্ষ্মীর,দেবদেব মহাদেবেরও অগোচর, শুক, অর্জ্জুন, উদ্ধবাদি ভক্তবর্য্যগণের অগোচর, এমন কি নন্দাদি ব্রজবাসিগণেরও অদৃশ্য। তাহাতেই শ্রীরাধারাণীর চরণাশ্রিত হইয়া এ শ্লোকে বৃন্দাবনের স্বরূপ দর্শনের প্রার্থনা।

পদ্যানুবাদ—

হায় সে সুখের দিন কবে মোর হবে, বৃন্দাবন-স্বরূপ নয়নে প্রকটিবে।
অদ্‌ভুত যে রূপের কোট্যংশের কণ, পরশিতে অপারগ নিগমের গণ।
উদ্ধব অর্জ্জুন শুকাদিক ভক্তবর, রমা, মহাদেব ব্রহ্মা আদি সুর নর।
যে নিগূঢ় রূপের না পান দরশন, যোগবলে জানিতে না পারে যোগিগণ।
আন্যের কা কথা—ব্রজবাসী সাধারণ, যাহা নিরখিতে নাহি পান কদাচন।
কেবল শ্রীরাধিকার শ্রীচরণাশ্রিত, ভকতজনের যাহা হয় সুবিদিত।
সকল সৌভাগ্য করিয়া বিতরণ, এ রূপ অপরে না দেখান বৃন্দাবন।
"মণি মুকতার কুঞ্জ মন্দির প্রাঙ্গণ, রতনের বিশ্রাম বেদিকা সুশোভন।
হেমরত্নে বাঁধা ঘাট বাট সরোবর, পশু পাখী তরুলতা প্রেমরসে ভোর।
লীলা বিলসিত যুগলের রূপগুণ, গানে অলি পিক শুক সারী সুনিপুণ।" *
কবে অনুরাগে রাধাপদাশ্রয় পেয়ে, ধন্য হইব রে এই সব নেহারিয়ে ?

---

* শ্রীগোবিন্দলীলামৃতের বর্ণনাবলম্বনে এইগুলি লিখিত হইয়াছে। নিম্নে পূজাপদ্ধতি হইতে বৃন্দাবনের ধ্যানের কিয়দংশ দেওয়া গেল যথা—

তেতা বৃন্দাবনং ধ্যায়েৎ পরমানন্দবর্দ্ধনং
সর্ব্বর্ত্তুকুসুমোপেতং পতত্রিগণনাদিতম্।
ভ্রমদ্‌-ভ্রমর-ঝঙ্কারমুখরীকৃত-দিঙ্মুখং
কালিন্দী-জল-কল্লোল-সঙ্গি-মারুত-সেবিতম্।
নানা-পুষ্প-লতা-বদ্ধ-বৃক্ষষণ্ডৈশ্চ মণ্ডিতম্
কমলোৎপল-কহ্লার ধূলি ধূসরিতাম্বরম্॥
তন্মধ্যে রত্নভূমিঞ্চ সূর্য্যাযুতসমপ্রভাম্
তত্র কল্পতরূদ্যানং নিয়তং প্রেমবর্ষিণম্।
মাণিক্য-শিখরালম্বি তন্মধ্যে মণিমণ্ডপম্
নানা-রত্ন-গণৈশ্চিত্রং সর্ব্বতঃ সুবিরাজিতম্।
রত্ন-তোরণ গোপুর-মাণিক্যচ্ছাদনান্বিতম্।
দিব্যঘণ্টাযুতমুক্তামণিশ্রেণি-বিরাজিতং।
কোটিসূর্য্যসমাভাসং বিমুক্তং ষট্‌তরঙ্গকৈঃ
তন্মধ্যে রত্নখচিতং রত্নসিংহাসনং মহৎ॥

ইত্যাদি। স্থানাভাবে সমস্ত উদ্ধার করা গেল না। অপ্রয়োজনও বটে। ধ্যানের বৃন্দাবন যমুনায় পরিবেষ্টিত।

বিস্মৃত্য দ্বৈতমাত্রং প্রণয়ময়মহাজ্যোতিরেকার্ণবান্তঃ
শ্রীবৃন্দারণ্যমত্যুজ্জ্বলদতুলরসাম্ভোধি তস্মিন্ সখে ত্বম্।
বেশো কিঞ্চিদ্ গৃহীত্বোজ্জ্বলমখিলকলাকোমলাভীরবালা-
প্রাণ-শ্রীরাধিকায়াঃ কিমপি রসনিধেশ্চাটুকারং ভজেথাঃ।৬১॥

টীকা—সর্ব্বশাস্ত্রসম্মতং সর্ব্বসিদ্ধিপ্রদং শ্রীকৃষ্ণ-ভজনং হিত্বা কিং রাধা-পদৈকাশ্রয়োঃ ভবামি? এতদুত্তরেণ স্বমতমুপদিশতি যথা—

হে সখে! (হে মনঃ! ইত্যর্থঃ) ত্বং দ্বৈতমাত্রং (দ্বিধামাত্রং) বিস্মৃত্য (সংশয়ং ত্যক্ত্বা ইতি ভাবঃ) প্রণয়ময়ং (প্রেমপূর্ণং) জ্যোতিরেব একঃ অর্ণবঃ (অসীম-মহাসমুদ্রঃ); তদন্তঃ (তন্মধ্যে) অত্যুজ্জ্বলৎ (অতিশয়েন ঔজ্জ্বল্যেন বিরাজৎ) অতুলরসাম্ভোধি—(প্রেমসাগরঃ) যৎ বৃন্দাবনং তস্মিন্ উজ্জ্বলং (উজ্জ্বলরসরূপং) কিঞ্চিৎ বেশং গৃহীত্বা, অখিলাসু কলাসু কোমলানাং (সুবিদগ্ধারসিকানাং) আভীরবালানাং (গোপকন্যানাং) প্রাণায়াঃ (প্রাণভূতায়াঃ) রসনিধেঃ শ্রীরাধিকায়াঃ কিমপি (অনির্ব্বচনীয়ং) চাটুকারং (তোষামদবিধায়কং শ্রীকৃষ্ণমিতি তাৎপর্য্যং) ভজেথাঃ (সেবনং কুরু)॥ ৬১॥

আভাস—সর্ব্বশাস্ত্রানুমোদিত সর্ব্বসিদ্ধিপ্রদ শ্রীকৃষ্ণ ভজন ছাড়িয়া কি রাধাপদৈকাশ্রয় হইতে হইবে? উত্তর—তাহা নহে! চিন্ময় সমুজ্জ্বল প্রেম-রসের অতুলনায় মহাসমুদ্রে শ্রীবৃন্দাবনসারভাগ, বৃন্দাবন অত্যুজ্জ্বল অতুল রসাম্ভোধি, অখিল কলারসে সুনিপুণা কোমলবয়স্কা আভীরসুন্দরীগণ সেই রসসাগরের সার উপাদান; শ্রীরাধা সেই রসময়ীগণের প্রাণ; কামমনোহরা সেই শ্রীরাধাকে মানাদি প্রেমলীলার মধুরাবর্ত্তে ঘুরিতে ঘুরিতে যে শ্রীকৃষ্ণ নিরন্তর তোষামোদ বিধানে রত, শ্রীরাধার সেই অপূর্ব্ব চাটুকারকে ছাড়িবে কেন? তাহাকে ভজ।

পদ্যানুবাদ—প্রেমে নিরমিত জ্যোতির্ম্ময় একার্ণবে
অতুল উজোর রসসাগর শ্রীবৃন্দাবন, অবনীতে বিরাজিত পরম বিভবে।
সকল কলায় সুকোমলা গোপবালাদের পরাণপুতলী বৃষভানু সুকুমারী
দাসীবেশ ধরি তার অনুপম চাটুকার শ্রীকৃষ্ণে ভজহ সখে মনোসাধ পূরি।

দুর্ব্বাসনা-সুদৃঢ়-রজ্জুশতৈ নিবদ্ধ-
মাকৃষ্য সর্ব্বত ইদং স্ববলেন কৃষ্ণ।
বৃন্দাবনে বিহরতঃ সহ রাধয়া তৈ
পাদারবিন্দসবিধং নয় মানসং মে ॥ ৬২ ॥

টীকা—শ্রীকৃষ্ণলীলায়াং 'কৃষ' আকর্ষণেতি ধাত্বর্থস্য সাফল্যাস্মরণাৎ, মুক্তিবাঞ্ছাদৌ দুর্ব্বাসনা-বিদূষিত-স্বকীয়পূর্ব্বাবস্থাস্মরণ-ভীতঃ শ্রীকৃষ্ণচরণে তদ্‌বলেন স্বচিত্তসংলগ্নতাং প্রার্থয়তি। যথা—

হে কৃষ্ণ! দুর্ব্বাসনাঃ (মুক্তিবাঞ্ছাদয়ঃ) এব সুদৃঢ়াঃ রজ্জবঃ তাসাং শতৈঃ নিবদ্ধং ইদং মে (মম) মানসং, স্ববলেন (নিজগুণেন ইত্যর্থঃ) সর্ব্বতঃ (সর্ব্বেভ্যঃ বিষয়েভ্য) আকৃষ্য (আকর্ষণং কৃত্বা) বৃন্দাবনে রাধয়া সহ বিহরতঃ (ক্রীড়তঃ) তব পাদারবিন্দসবিধং (চরণকমলসমীপং) নয় (প্রাপয়) ॥ ৬২ ॥

আভাস—মুক্তিবাঞ্ছাদি দুর্ব্বাসনায় বিদূষিত স্বকীয় পূর্ব্বতন মায়াবাদী সন্ন্যাসীদশা স্মরণ-জনিত ভীতিগ্রস্ত সাধকচূড়ামণি গ্রন্থকর্ত্তা, শ্রীধাম বৃন্দাবনে শ্রীকৃষ্ণের প্রাণ-মনাকর্ষণী সুমধুর রূপগুণ লীলা স্মরণ করিয়া 'কৃষ' ধাতুর 'আকর্ষণ' অর্থের সাফল্য ভাবিতে ভাবিতে আশান্বিত হইয়া এবং আপনাকে অযোগ্য অসমর্থ জানিয়া শ্রীকৃষ্ণের পূর্ব্বোক্ত সাহজিক নিজবলে চিত্তাকর্ষণার্থ এ শ্লোকে শ্রীরাধার সহিত বৃন্দাবনে লীলাবিহারী শ্রীকৃষ্ণের চরণান্তিকে প্রার্থনা করিয়াছেন। শ্রীমন্মহাপ্রভুর প্রিয় পার্ষদ সর্ব্বশক্তিমান্ গ্রন্থকর্ত্তার এই শ্লোকটি সাধনপদ্ধতির পরমাদর্শ।

পদ্যানুবাদ—

বিবিধ দুরভিলাষে নিরমিত শত পাশে, দৃঢ় বদ্ধ হয়ে প্রাণ যায়,
হে কৃষ্ণ নিখিলাকর্ষি! নিজগুণ পরকাশি, এ বিপদে উদ্ধারো আমায়।
সুমধুর বৃন্দাবনে, শ্রীরাধারাণীর সনে, প্রেমরসে বিহরিত হয়ে
শ্রীপদপঙ্কজ পাশে এ দাসের কু-মানসে কৃপা করি লও হে টানিয়ে।

বশীকর্ত্তুং শক্যো নহি নহি মনাগিন্দ্রিয়গণো
গুণোঽভূন্নৈকোঽপি প্রবিশতি সদা দোষনিচয়ঃ ।
ক্ব যামঃ কিং কুর্ম্মো হরি হরি ! ময়ীশোঽপ্যকরুণঃ
স্ববাসং শ্রীবৃন্দাবন বিতর মানন্যগতিকম্ ॥ ৬৩ ॥

টীকা—হা হন্ত। জগৎ-নিয়ন্তাপি ময়ি করুণাশূন্যঃ অন্যেষাং মনঃ ইতরেন্দ্রিয়াণামধীশ্বরঃ কিন্তু বিধিনির্ব্বন্ধতঃ মম চেতঃ ইতরেন্দ্রিয়াণাং ভৃত্যঃ তস্মাৎ স্বল্পমপি ইন্দ্রিয়ং বশীকর্ত্তুং মসমর্থঃ এবম্ভূতং অধঃপাতগ্রস্তং মম অস্পৃশ্যং মনঃ কৃষ্ণেনাকর্ষণার্হং নহি। "হৃষীকেণ হৃষীকেশসেবনং ভক্তিরুচ্যতে" কিন্তু ইতরেন্দ্রিয়বশস্য মে মনসঃ সর্ব্বেন্দ্রিয়েণ তৎসেবনসামর্থ্যং নাস্তি! অতঃ সর্ব্বথা শ্রীবৃন্দাবনবাসমাত্রং অজিতেন্দ্রিয়স্য পরমাধমস্য মম অনন্যা গতিঃ।

তদেবাহ—ইন্দ্রিয়গণঃ (ত্বক্-চক্ষু-কর্ণ নাসিকা-রসনা-মনশ্চ ষট্জ্ঞানেন্দ্রিয়াণি বাক্-পাণি-পাদ-পায়ূ-পস্থেতি পঞ্চ কর্ম্মেন্দ্রিয়াণি) মনাগপি (অল্পমপি) বশীকর্ত্তুং শক্যঃ নহি নহি। একোঽপি গুণঃ ন অভূৎ (মমেতিশেষঃ); দোষনিচয়ঃ (বহুদোষাঃ) সদা প্রবিশতি (ময়ীতিশেষঃ) হরি হরি! ক্ব যামঃ? (কুত্র গচ্ছামঃ) কিং কুর্ম্মঃ ঈশোঽপি (মদ্‌ভাগ্যবিধাতাপি ইত্যত্রার্থঃ) ময়ি অকরুণঃ (মৎসম্বন্ধে নির্দ্দয়ঃ) অতঃ হে বৃন্দাবন! অনন্যগতিকং (গত্যন্তরবিহীনং মাং ইত্যর্থঃ। কর্ম্মবিবক্ষয়া সম্প্রদানে দ্বিতীয়া, মহ্যম্ ইতি যাবৎ) স্ববাসং (স্বস্মিন্ বাসানুগ্রহং ইতি তাৎপর্য্যং) বিতর (দেহি) ॥ ৬৩ ॥

আভাস—হায় হায়! কি ভীষণ-বিড়ম্বনা! একটুমাত্রও ইন্দ্রিয় বশীকরণের শক্তি আমার নাই! হইবে কি করিয়া? লোকের মন অন্যান্য ইন্দ্রিয়ের রাজা, কিন্তু আমার মন তাহাদের দাস! আমার সম্বন্ধে নিষ্করুণ বিধাতার এমনি দুর্ব্বিধান! এই অধঃপতিত অস্পৃশ্য মনকে কৃষ্ণ কখনই আকর্ষণ করিবেন না। অতএব গুণলেশ-বিহীন সর্ব্বদোষাকর আমার পক্ষে একমাত্র বৃন্দাবনই পরমাশ্রয় (এইরূপ আক্ষেপে এ শ্লোকে বৃন্দাবনের কৃপা প্রার্থনা।)

পদ্যানুবাদ—

বারেক ইন্দ্রিয়গণে, অশকত সুশাসনে, কোনও একটি গুণ নহিল উদয়,
হায় হায়! দিনে দিনে, কেবলি আমার মনে, প্রবেশিছে নানাবিধ দোষের নিচয়!
হরি হরি কোথা যাই? কি করি? উপায় নাই! বিধাতাও আমার উপরে নিরদয়।
তুমিই আমার গতি, তব পদে দেও স্থিতি, প্রেমধাম-বৃন্দাবন! করুণা নিলয় ॥

* শ্রুত্বা স্পৃষ্ট্বাচ, ভুক্ত্বা ঘ্রাত্বাচ যঃ নরঃ ন হৃষ্যতি গ্লায়তি বা স বিজ্ঞেয়ঃ জিতেন্দ্রিয়ঃ।

জাতি-প্রাণ-ধনানি যান্তু সুযশোরাশিঃ পরিক্ষীয়তাং
সদ্ধর্ম্মা বিলয়ং প্রযান্তু সততং সর্ব্বৈশ্চ নির্ভৎ'স্যতাম্।
আধিব্যাধিশতেন জার্য্যতু বপুর্লু'প্তপ্রতীকারতঃ
শ্রীবৃন্দাবিপিনং তথাপি ন মনাক্ ত্যক্তুং মমাস্তাং মতিঃ।৬৪॥

টীকা—"আনুকূল্যস্য সঙ্কল্প-প্রাতিকূল্য-বিবর্জ্জনং, রক্ষতীতি বিশ্বাসঃ গোপ্তৃত্বে বরণং তথা (আত্মনিক্ষেপকার্পণ্য ষড়্‌বিধা শরণাগতিঃ।)" ইত্যুক্তসমস্ত বিধানৈ বৃন্দাবনাশ্রিতঃ গ্রন্থকর্ত্তা স্বকীয়বৃন্দাবনৈকতানতা উদ্গীরতি,

যথা—জাতিঃ (অত্র উচ্চশ্রেণিত্বং) প্রাণাঃ (প্রাণাপানসমানোদানব্যানেতি পঞ্চ, জীবনাবলম্বনানি) ধনানিচ (সর্ব্বস্বংচ) যান্তু (গচ্ছন্তু নশ্যন্তু ইত্যর্থঃ) সুযশো রাশিঃ (উচ্চসুখ্যাতিসমূহাঃ) ক্ষীয়তাং (ক্ষয়ং গচ্ছতু) সদ্ধর্ম্মাঃ (নির্ম্মলোত্তমবৈধিধর্ম্মাচারাঃ) বিলয়ং (বিশেষেণ ক্ষয়ং) প্রযান্তু (গচ্ছন্তু), সর্ব্বৈশ্চ জনৈঃ সততং নির্ভৎ'স্যতাং (তিরস্ক্রিয়তাং), বপুঃ (শরীরং) আধিব্যাধিশতেন (শতসংখ্যকেন মনস্তাপেন, রোগেণ চ) লুপ্তপ্রতীকারতঃ (প্রতিবিধানরাহিত্যেন) জীর্য্যতু জীর্ণং ভবতু); তথাপি মম মতিঃ শ্রীবৃন্দাবনং ত্যক্তুং (হাতুং) মনাগপি (অল্পমপি) ন আস্তাং (ন ভবতু) ॥৬৪॥

আভাস—বৃন্দাবন বাসের অনুকূল আচরণাদি গ্রহণ, প্রতিকূল বিষয় ও ব্যবহার পরিবর্জ্জন এবং "আমার সমস্ত অপরাধ ও নিষিদ্ধাচার দূর করিয়া (শ্রেয়োদানে, অবশ্যই বৃন্দাবন আমাকে রক্ষা করিবেন" এইরূপ দৃঢ় বিশ্বাস পোষণ, বৃন্দাবনকে আপন রক্ষিত্বে বরণ, আত্মসমর্পণ এবং দৈন্যার্ত্তিময় প্রার্থনা দ্বারা বৃন্দাবনের পূর্ণ শরণাগত গ্রন্থকার মহোদয়, নানা শ্লোকে অনুকূলাচরণের কথা; ৩৫।৩৬।৪৫ প্রভৃতি শ্লোকে প্রতিকূল্য বর্জ্জনের কথা, ৩০।৩২।৬৩ প্রভৃতি শ্লোকে সংরক্ষণ বিশ্বাস ও রক্ষিত্বে বরণের কথা ব্যক্ত করিয়া—এই শ্লোকে আত্মার্পণের কথা প্রকাশ করিয়াছেন।

পদ্যানুবাদ—জাতি ধন প্রাণ যদি যায়, সুযশের রাশি ক্ষয় পায়।
সুধরম বিনয়াদি, বিনাশ হয়রে যদি, সকলেই গালমন্দ প্রদানে সদায়।
শত রোগ শোকে মোর, দেহ হয় জরজর, কিছুতেই না হয় তাহার প্রতীকার—
তথাপিও বৃন্দাবন, সর্ব্ব সিদ্ধি নিকেতন, তেয়াগিতে মন যেন না চাহে আমার।

রক্ষতি সংসারভয়াদ্দোষাকরমপ্যশেষদেহভৃদ্বৃন্দম্।
বৃন্দাবনমিতি তেন প্রথিতং তন্নৌমি কাননং কিমপি ॥৬৫॥
বৃন্দারণ্যাদন্যৎ প্রকৃতেরন্তর্বাহির্ব্বাপি।
নৈবাস্তি মধুরং বস্ত্বিত্যবকলিতং যৈর্নমস্তেভ্যঃ ॥৬৬॥

টীকা—পূর্ব্বানুবৃত্তেঃ অনেন বৃন্দাবনস্য সংরক্ষণ-ক্ষমতায়াং নিজ-বিশ্বাসমাহ। যথা—

দোষাকরমপি ('সকলদোষাধারমপি) অশেষং (সর্ব্বং) দেহভৃতাং (প্রাণিনাং) বৃন্দং (সমূহং) সংসারভয়াৎ রক্ষতি (অবতি), তেন হেতুনা বৃন্দাবননাম্না প্রথিতং (প্রসিদ্ধং) তৎ কিমপি (অনির্ব্বচনীয়ং) * কাননং নৌমি (স্তৌমি) ॥ ৬৫ ॥

টীকা—স্বকীয় বৃন্দাবনপ্রীতিপ্রকর্ষং প্রদর্শয়ন্ তন্মহিমাবকলিতান্ জনান্ স্তৌতি। যথা—

প্রকৃতেঃ (ব্রহ্মসৃষ্টেঃ প্রপঞ্চজগতঃ ইত্যর্থঃ) অন্তঃ (মধ্যে) বহির্বা (বাহ্যদেশে বা অপ্রাকৃতজগৎসু বা ইত্যর্থঃ) বৃন্দারণ্যাৎ অন্যৎ মধুরবস্তু (প্রীত্যুৎপাদকবস্তু) নৈবাস্তি (নিশ্চিতং ন বিদ্যতে) ইতি যৈর্জনৈঃ অবকলিতং (নির্ণীতং) তেভ্যো জনেভ্যো নমঃ (নমামি) ॥ ৬৬ ॥

আভাস—পূর্ব্ব শ্লোকের অনুবৃত্তিতে এ শ্লোকে বৃন্দাবনের সংরক্ষণ-শক্তিতে আপনার দৃঢ় বিশ্বাস প্রকাশ করিয়াছেন।

পদ্যানুবাদ—

'বৃন্দ' অর্থ সমুদয়, 'অবন' রক্ষণ; তাহাতেই সুবিখ্যাত নাম বৃন্দাবন।
অশেষ দোষের খনি হলেও আশ্রিত প্রাণী, করুণা বিতরি যিনি করেন রক্ষণ—
প্রদানি পরম গতি, নাশি অপরাধ ততি, প্রণমি বর্ণনাতীত সেই সু-কানন।

আভাস—বৃন্দাবনের মহিমা ও মাধুরী উপলব্ধিতে প্রবীণ ব্যক্তিগণকে বন্দন দ্বারা এই শ্লোকে আপন বৃন্দাবন প্রীতির পরম প্রকর্ষ প্রকটন করিয়াছেন। যথা—

পদ্যানুবাদ—"প্রাকৃতাপ্রকৃত, কোনও জগতে, এমন মধুর আর—
কিছু নাই বৃন্দা-বিপিনের সম—মহা মধুরিম-সার।"
এই মহাসত্য, যাহার হৃদয়ে, গৃহীত—সে মহাশয়ে
শত শত বার প্রণতি আমার, ভকতি ভাবিত হয়ে।

* আকরের দ্রব্য যেমন সহজে ফুরায় না, সেইরূপ যাহাদের দোষ নিঃশেষ করা যায় না এবং যাহারা নিজেই নিজ দোষের উৎপাদক, তাহারাই 'দোষাকর শব্দের বাচ্য, এ হেন মহা অধঃপাতগ্রস্ত জীবকে পর্য্যন্ত উদ্ধার ও পরম গতি প্রদানে বৃন্দাবনের অনির্ব্বচনীয় মহিমা এই শ্লোকে পরিব্যক্ত।

বিভ্রাজত্তিলকা কলিন্দতনয়া নীরৌঘনীলাম্বরো-
দঞ্চৎকাঞ্চনচম্পকচ্ছবিরহো নানারসোল্লাসিনী।
কৃষ্ণপ্রেমপয়োধরেণ রসদেনাত্যন্তসংমোহিনী
গোপেন্দ্রাত্মজবল্লভা বিজয়তে রাধৈব বৃন্দাটবী ॥ ৬৭ ॥

টীকা—বৃন্দাবন-ভজন-ফল-সঞ্জাত পরম মহারস-পূর্ণ-ভাবোল্লাসেন বৃন্দাবনস্থ রাধোদ্দীপকতারূপং পরমাদ্ভুতং গুণং, শোভাবিশেষঞ্চ বর্ণয়তি। যথা—

রাধৈব বৃন্দাটবী বিজয়তে (সর্ব্বোৎকর্ষেণ বর্ত্ততে ইত্যন্বয়ঃ।) কিম্ভূতা? বিভ্রাজৎ (বিশেষেণ শোভমানং) তিলকং (তিলকাখ্যং পুষ্পবৃক্ষং) যস্যাঃ, (শ্রীরাধাপক্ষে তু বিভ্রাজৎ ললাটস্থ-কামযন্ত্রাখ্য-তিলকং) পুনঃ কিম্ভূতা? কলিন্দ-তনয়া (যমুনা) তস্যাঃ নীরৌঘঃ জলরাশিরেব নীলাম্বরং (নীলবসনং) যস্যাঃ (শ্রীরাধা-পক্ষে তু যমুনায়া নীরৌঘবৎ নীলদুকূলং) তথা—উদঞ্চন্তী (বিকসন্তী) কাঞ্চনচম্প-কানাং (কনকচাঁপা ইত্যাখ্য পুষ্পবিশেষাণাং কান্তির্যস্যাঃ (শ্রীরাধা পক্ষে কাঞ্চন-চম্পকবৎ অঙ্গচ্ছবিঃ কান্তিঃ; পুনঃ কিম্ভূতা? সদা নিঃস্যন্দিত-পুষ্পাসবাদিভিঃ পক্কা-পক্কবিবিধাস্বাদবিশিষ্টফলাদিভিশ্চ রসোল্লাসিনী (পক্ষে বিবিধবিলাসানন্দেন উল্লা-সিনী) তথাবিধ-কৃষ্ণপ্রেমরসদেন পয়োধরেণ—(শ্রীরাধাকুণ্ডাদিকেন সরো-বরেণ) অত্যন্তসংমোহিনী (লোকরঞ্জনী); (শ্রীরাধাপক্ষে উরোজেন, যতঃ শ্রীরাধারসসুধানিধৌ তন্নূতনস্তনযুগং বৃষভানুজায়াঃ স্বানন্দসিন্ধুমকরন্দঘনং স্মরামি) অপিচ—গোপেন্দ্রাত্মজঃ (নন্দনন্দনঃ শ্রীকৃষ্ণঃ) তৎ তস্য বল্লভা প্রিয়া (প্রীতিভাজিকা যা) (শ্রীরাধাপক্ষে কান্তা) ॥৬৭॥

আভাস—এক অপূর্ব্ব ভাবোল্লাসে এই শ্লোকে বৃন্দাবনের রাধা উদ্দীপন মহিমা ও অপূর্ব্ব মাধুরী বর্ণন।

পদ্যানুবাদ—বৃন্দাবিটপীও, শ্যামপ্রিয়তমা, যথা বৃষভানুসুতা।
তিলকরাজিতা রাধার সুষমা, তিলক তরুতে হেথা।
রাধার সুনীল দুকূলের সম, কালিন্দী-সলিল যায়
কনক চাঁপার ছবিতে রাধার হেমরুচি শোভা পায়।
নানা রসভরে শ্রীরাধা যেমন নিরবধি উল্লসিতা,
তথা ফুল ফল মুকুলের রসে বৃন্দাটবী বিরাজিতা!
চারু পয়োধর রাধার যেমন শ্যাম-প্রেমরসপ্রদা
শ্রীকুণ্ডাদি তথা প্রেমরসদাতা পয়োহ্রদে ধরি সদা।

যস্মিন্ কোটিসুরদ্রুবৈভবযুতা ভূমীরুহাঃ পোষকাঃ,
ভক্তিঃ সদ্বনিতা মহারসময়ী যত্র স্বয়ং শ্লিষ্যতি।
যত্র শ্রীহরিদাসবর্য্যগণিতাঃ খট্টায়মানা শিলা
স্তদ্ বৃন্দাবনমদ্ভুতং সুখময়ং কো নাম নালম্বতে। ৬৮॥

টীকা—নমু (৬৫ সংখ্যক শ্লোকানুসারতঃ) ভবভীতজনানাং বৃন্দাবনাশ্রয়ঃ কর্ত্তব্যঃ। বয়ং যত্র তত্র স্থিত্বা গোবিন্দভজনং করিষ্যামঃ, জনপদস্থমহৎসঙ্গং হিত্বা, যত্র অভীষ্টব্যবহার্য্যদ্রব্যাভাবঃ স্যাৎ তদ্ বৃন্দাবন-বনবাসেন কিং ফলং? দ্বাভ্যাং এতদুত্তরমাহ। অনেন বৃন্দাবনস্য সর্ব্ববাঞ্ছিতপূর্ণত্বং বর্ণয়তি। যথা—

যস্মিন্ (যদ্ বৃন্দাবনে ইত্যর্থঃ) কোটিসুরদ্রূণাং (বহুকল্পবৃক্ষাণাং) বৈভবযুতা (ঐশ্বর্য্যেণ অন্বিতা) ভূমিরুহাঃ (বৃক্ষাঃ) পোষকাঃ (অভীষ্টব্যবহার্য্যপ্রদানৈঃ সর্ব্ব-নির্ব্বাহকাঃ পালকাঃ); যত্র মহারসময়ী (অপ্রাকৃতরসময়ী) সদ্বনিতা (সাধ্বী নারীরূপেতি ভাবঃ) ভক্তিঃ স্বয়ং শ্লিষ্যতি (স্বতঃ আলিঙ্গতি স্বয়মুদেতীতিভাবঃ); যত্র শ্রীহরিদাসবর্য্যগণিতাঃ (হরিভক্তপ্রবরত্বে সংখ্যাতাঃ মহজ্জনা,—(হন্তায়মদ্রিরবলা হরিদাসবর্য্যঃ—ইতি শ্রীমদ্ভাগবতোক্তানুসারেণ তত্তন্মুখ্যঃ শ্রীগিরিরাজগোবর্দ্ধনঃ) বিরাজতে ইতি শেষঃ। যত্র খট্টায়মানা শিলা (পর্য্যঙ্কেব কোমলা শিলা বিদ্যতে ইত্যর্থঃ); কো জনঃ অদ্ভুতসুখময়ং (লোকদুর্ল্লভ-সুখপূর্ণং) তদ্ বৃন্দাবনং ন আলম্বতে? (নাশ্রয়তি?) অপিতু সর্ব্ব এব জনঃ সমাশ্রয়তীতি ভাবঃ ॥ ৬৮ ॥

আভাস—৬৫ নং শ্লোক পাঠ করিয়া যদি কেহ বলেন—যাহারা ভব-ভয়ে ভীত, তাহারা বৃন্দাবনাশ্রয় করুন, আমরা যে কোনও স্থানে থাকিয়া গোবিন্দ ভজন করিব, বৃন্দাবনের বনে, আমাদের বাঞ্ছিত ও প্রয়োজনীয় দ্রব্যাদি কোথায় পাইব? বিশেষতঃ লোকালয়স্থ মহৎগণের সঙ্গ পরিত্যাগ করিয়া অরণ্যবাসে প্রয়োজন কি? দুই শ্লোকে একথার উত্তর রহিয়াছে।

পদ্যানুবাদ—কোটি কোটি কলপ তরুর মহিমায়
পরম বিজয়ভাজী. বিরাজিত তরুরাজী অবহেলে নিখিলের পোষক যথায়।
রসময়ী অনুপমা, ভকতি বনিতাসমা, আপনি আসিয়া দেন আলিঙ্গন দান,
যথা হরিদাসবর, গোবর্দ্ধন মহীধর, ভকতপ্রবরগণ সহ বিদ্যমান।
সুবিথার সুশীতল, অপরূপ সুকোমল, পালঙ্কের সম শিলা শোভিতানুপাম,
(ত্রিতাপের মহাগার, তেজি গৃহপরিবার) কেনা ভজে বৃন্দাবন এত সুখধাম?

বিন্দন্তি যাবৎ প্রণয়ং ন মন্দা
বৃন্দাবনে প্রেম-বিলাস-কন্দে।
তাবন্ন গোবিন্দপদারবিন্দ-
স্বচ্ছন্দসদ্‌ভক্তিরহস্যলাভঃ ॥ ৬৯ ॥

টীকা—বৃন্দাবনপ্রেমাণং বিনা শ্রীগোবিন্দ-পদারবিন্দে নির্ব্বাধ-ভক্তি-রহস্যং ন যাতি, (তর্হি বৃন্দাবনধ্যানান্তরে শ্রীকৃষ্ণচন্দ্রস্য ধ্যানং পূজাদে বিধৌ ব্যবস্থা) অতঃ প্রেমভরেণ বৃন্দাবনাশ্রয়ং কুরু, কুতর্কাশ্রয়ং পরিহর, ইত্যুপদিশতি, যথা—

মন্দাঃ মূঢ়া জনাঃ প্রেমবিলাসকন্দে (প্রেমদেবতরৌ শ্রীশ্রীরাধামাধবয়োঃ প্রেমময়-বিলাসঃ এব কল্পতরবঃ তদুৎপাদনবর্দ্ধনপোষণত্বে সংসারমূল-ভূতে বৃন্দাবনে যাবৎ প্রণয়ং ন বিন্দন্তি (ন লভন্তে) তাবৎ গোবিন্দস্য (বৃন্দাবনাধীশস্য শ্রীকৃষ্ণস্য) পদারবিন্দে স্বচ্ছন্দা (অসঙ্কোচিতা) যা সদ্‌ভক্তিঃ (স্বার্থ সুখাদের্ব্বাঞ্ছাবিরহিতা যা নির্ম্মলা প্রেমলক্ষণা ভক্তিঃ তস্যা রহস্যং (নিগূঢ়াস্বাদঃ, মর্ম্ম বা) লাভঃ ন ভবতীতি শেষঃ। সদ্ ভক্তের্লক্ষণং যথা—

'অন্যাভিলাষিতাশূন্যং জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতং
আনুকূল্যেন কৃষ্ণানুশীলনং ভক্তিরুত্তমা।

তৎরহস্যং—রাধানন্দকিশোরয়োঃ মানসসেবানুশীলনসঞ্জাত আনন্দানুভবঃ ॥ ৬৯ ॥

আভাস—অন্য সমস্ত অভিলাষ পরিত্যাগ পূর্ব্বক, জ্ঞান কর্ম্মাদির দ্বারা অনাবৃত ও স্বার্থ-সুখাদির বাসনা দ্বারা অকলুষিত ভাবে, সর্ব্বথা অনুকূল ব্যবহারে কৃষ্ণানুশীলন করার নাম উত্তমা ভক্তি, ইহার নিগূঢ় সার—রাধামাধবের মানসী সেবা-সমুদ্‌ভূত আনন্দ। বৃন্দাবন প্রীতি ব্যতিরেকে এই পরম বস্তুর প্রাপ্তি কিছুতেই হয় না। অতএব বৃথা বিতর্ক বিসর্জ্জন করিয়া প্রেমের সহিত বৃন্দাবনাশ্রয় করা কর্ত্তব্য, ইহাই এ শ্লোকের অভিপ্রায়। গোবর্দ্ধন-ধারণ লীলার পরে দেবরাজ ইন্দ্র, দেবমাতা, সুরভি প্রভৃতি, শ্রীকৃষ্ণচন্দ্রকে বৃন্দাবনের অধীশ্বরত্বে অভিষেক ও গোবিন্দ নাম প্রদান করেন, সুতরাং গোবিন্দ শব্দ বৃন্দাবনাধীশ অর্থে প্রযুক্ত।

পদ্যানুবাদ—

যদবধি প্রেমরস বিলাসের কন্দ,—বৃন্দাবনে, প্রেম নাহি জনমে সানন্দ।
তদবধি মন্দমতি অভাজনগণ,—সুভকতি রহস্য না পায় কদাচন।
নিগূঢ় পরমোত্তমা ভকতির সার, বৃন্দাবনে প্রেম বিনা না মিলে কাহার।

স্মারং স্মারং নবজলধরশ্যামলং ধাম বিদ্যুৎ-
কোটিজ্যোতিস্তনুলতিকয়া রাধয়া শ্লিষ্যমাণম্।
উচ্চৈরুচ্চৈঃ সরসসরসং প্রোজ্জ্বলীজৃম্ভমান-
প্রেম্ণাবিষ্টো ভ্রমতি সুকৃতিঃ কোঽপি বৃন্দাবনান্তঃ॥৭০॥

টীকা—পূর্ব্বশ্লোকস্থ সমাচীনসিদ্ধান্তানুগতভাগ্যবন্তো জনাঃ বৃন্দাবনাশ্রয়ং কৃত্বা রাধানন্দকিশোরয়োঃ স্মরণানন্দেন লীলাস্থলীষু অটন্তি, এবঞ্চ তৎফলেন পরমোত্তমপ্রেমাণমুপযান্তি। তদাহ—

কোঽপি সুকৃতিঃ (পুণ্যবান্ জনঃ) বিদ্যুতাং কোটিরিব জ্যোতিঃ (কোটি-বিগুণিততড়িদ্বৎকান্তিযুক্তা) তনুর্লতিকা (শরীরযষ্টিকা) যস্যাঃ তথাভূতয়া শ্রীরাধয়া শ্লিষ্যমাণং (আলিঙ্গ্যমানং) নবজলধরশ্যামলং (নবমেঘবৎ ঘন-শ্যামরুচিং শ্রীকৃষ্ণং ইত্যর্থঃ) স্মারং স্মারং (স্মরণং কুর্ব্বন্) সরসসরসং (সরসাদপি সরসং যথাস্যাৎ তথা) উচ্চৈরুচ্চৈঃ (অত্যুচ্চৈঃ) প্রোজ্জ্বলীভূতেন (প্রকর্ষেণ উজ্জ্বলীভূতেন) জৃম্ভমাণেন (প্রকাশমানেন) প্রেমণা, আবিষ্টঃ সন্ বৃন্দাবনান্তঃ (বৃন্দাবনে) ভ্রমতি (পর্য্যটতি)॥ ৭০ ॥

আভাস—পূর্ব্বশ্লোকোক্ত সমীচীন-সিদ্ধান্তের অনুবর্ত্তী, সদ্‌বিশ্বাসী, সদ্‌জ্ঞানী ও ভাগ্যবান্ ভক্তগণ অনুরাগে বৃন্দাবনাশ্রয় করিয়া শ্রীশ্রীরাধা ব্রজেন্দ্র-নন্দনের পরম মহামধুর রূপ, গুণ, লীলার স্মৃতিতে বিভোর হইয়া অনুদিন বৃন্দাবনে পরিভ্রমণ করেন। এইরূপে লীলাস্থলী সকলে পর্য্যটনই পরমোত্তমা ভক্তিরহস্য প্রাপ্তির সর্ব্বোৎকৃষ্ট উপায়। ইহাই শ্লোকের শিক্ষা।

পদ্যানুবাদ—সুকৃতি যে জন, করিয়া স্মরণ, শ্যাম নবঘন মুরতি কানু
কোটি বিগুণিতা, তড়িতের লতা, রাধা বিজড়িতা নন্দিত তনু।
উচ্চে বিদ্যমান সুপ্রকাশমান, উজোর মহান, পরম প্রেমে
আবেশিত চিতে, সু-সরসরীতে, হরষ ভরেতে, এ মহাধামে
সুমধুর তানে, নামগুণগানে, মহানন্দমনে, পরোমোল্লাসে
সতত বিহরে, কানন অন্তরে, লভে সে অচিরে যুগলরসে॥ *

* পূর্ব্বশ্লোকোক্ত সদ্‌ভক্তিরহস্যই যুগলরস, ইহা বলা বাহুল্য মাত্র।

াধা-পদাঙ্কভূষিত-বৃন্দারণ্য-স্থলীষু নির্ভরপ্রেম্ণা।
্রি হরি! কদা লুঠামি প্রতিপদগলদশ্রুরুল্লসৎপুলকঃ ।৭১॥
্র্ণোজ্জ্বলপ্রেমরসৈকমূর্ত্তি র্যত্রৈব রাধা বিজয়ী হরীতি।
়দেব বৃন্দাবনমাশ্রিতানাং, ভবেৎ পরং ভক্তিরহস্যলাভঃ ।৭২॥

টীকা—পূর্ব্বশ্লোকোক্ত-ভাবাক্রান্তে সতি সাধকোচিত সুমনোহর-দৈন্যো-াৎ প্রার্থয়তি। যথা—

হরি হরি! (খেদে) শ্রীরাধায়াঃ পদাব্জেন ভূষিতাসু (অলঙ্কৃতাসু) বৃন্দারণ্য-লীষু, নির্ভরপ্রেম্ণা (প্রগাঢ়প্রেমবশেন) প্রতিপদে গলন্তি অশ্রূণি (আনন্দজ-াত্রজলানি) যস্য তথাভূতঃ, তত্র—উল্লসৎপুলকঃ উদঞ্চৎ-রোমাঞ্চঃ) সন্ কদা ঠামি (ধূল্যবলুণ্ঠিতো ভবামি ইত্যর্থঃ)। ৭১॥

টীকা—প্রেম্ণা বৃন্দাবনমাশ্রিতানাং—সর্ব্বোত্তমা প্রেমলক্ষণা সদ্ভক্তিঃ থং উপজায়তে, তৎ কথয়তি যথা—

পূর্ণঃ (সর্ব্বাঙ্গসংপূরিতঃ) উজ্জ্বলপ্রেমরসৈকমূর্ত্তিঃ (মধুর-প্রেম-রসস্য দ্বিতীয়োৎকৃষ্টপ্রতিমা) যস্যাঃ, তথাভূতা শ্রীরাধা, তথা বিজয়ী (সর্ব্বোৎকর্ষেণ ্যমানঃ) হরিশ্চ যত্রৈব বর্ত্ততে ইতি শেষঃ; তদেব বৃন্দাবনমাশ্রিতানাং (মীনস্য লবৎ, আশ্রয়ত্বে গৃহীতানাং জনানাং ইত্যর্থঃ) পরং ভক্তিরহস্যলাভঃ ভবেৎ প্রেমলক্ষণা সর্ব্বোত্তমা যা ভক্তিঃ তদ্গূঢ়ভাবঃ অবশ্যমেব জায়তে। ৭২॥

আভাস—পূর্ব্ব শ্লোকোক্ত মহাফল-লালসায় তদুচিত প্রার্থনা।

পদ্যানুবাদ—

শ্রীরাধার পদাঙ্কে ভূষিত বৃন্দাবনে, পুলকিত কলেবরে সজল লোচনে।
পরম প্রেমের ভরে হরি হরি হায়! কবে আমি বিলুঠিব পড়িয়া ধরায়!!
শ্রীবৃন্দাবনের সব রজোকণাবলী, 'ব্রহ্মাদির বাঞ্ছিত রাধার পদধূলি'।
হায়! কবে সে ধূলায় ধূসর হইয়ে, দেহ-গেহধর্ম্ম সব যাব রে ভুলিয়ে?

আভাস—বায়ুসংযোগে সলিলের শৈত্য ও পুষ্পের সৌগন্ধ লাভের ্য লীলাস্থলী দর্শনেই নবযুব দ্বন্দ্বের লীলার মহিমা মাধুরী ভক্তের প্রাণে সঞ্চারিত ্য়া, প্রেমলক্ষণা সর্ব্বোত্তমা সদ্ভক্তি স্বতঃ প্রাদুর্ভূতা হন।

পদ্যানুবাদ—

পরাবধি পরিণত উজ্জ্বল রসের—"মধুর মূরতি"-রাধাব্রজমোহনের।
রসময়ী রাধা সনে, বিরাজিত বৃন্দাবনে, সব দুঃখহারী সেই হরি রসময়,
লালনে আকুল হোয়ে, তাই বৃন্দাবনাশ্রয়ে, পরতরা ভকতি-রহস্য লাভ হয়।

সর্ব্বং ত্যক্ত্বা সরসবিশদপ্রেমপীযূষসান্দ্রে
বৃন্দারণ্যেঽদ্ভুত-তরুলতাগুল্মকাদ্যৈ র্মনোজ্ঞে।
রাধাকৃষ্ণোজ্জ্বলগুণগণোদ্গানমত্তালিকীরৈ
র্নীরেণাপি স্থিতিমিহ তনোরধ্যবস্যাবসন্তু। ৭৩॥

টীকা সর্ব্বেন্দ্রিয়ান্বিতজঙ্গমবৎ প্রেমচরিত্রং প্রকটয়তি লোকাতীত-তরুলতাগুল্মাদ্যৈঃ—যুগলগুণগানোন্মত্তভ্রমরশুকাদৈঃ তথাবিধনীরে চ মনোজ্ঞে বৃন্দারণ্যে, ধনজনাদিনানাসাধনাগ্রহঞ্চ বিহায় বাসং উপদিশতি। যথা—

সর্ব্বং ত্যক্ত্বা (সর্ব্ববাঞ্ছাং সর্ব্ববাঞ্ছিতঞ্চ 'হিত্বা') সরসেন (মধুরেণ) বিশদেন (নির্ম্মলেন) প্রণয়পীযূষেণ (প্রেমামৃতেন) সান্দ্রে (ঘনে) রাধা-কৃষ্ণয়োঃ উজ্জ্বলগুণগণঃ (মধুরগুণাবলী) তেষাং উদ্গানেন (উচ্চৈর্গানেন) মত্তা অলি-কীরাঃ (ভ্রমরশুকাঃ) যেষু, * তৈঃ অদ্ভুতা (অপরূপা) তরুলতাগুল্ম-কাদ্যৈঃ তথাভূতা নীরেণাপি মনোজ্ঞে (মনোহরে) ইহ বৃন্দারণ্যে তনোঃ শরীরস্য স্থিতিম্ অধ্যবস্য (উৎসাহং কৃত্বা) আবসন্তু (জনা ইতি শেষঃ);

আভাস পরমধাম বৃন্দাবনের মহামহিমময়, তত্রস্থ বৃক্ষলতাগুল্মাদি পর্য্যন্ত ইন্দ্রিয়ধারী জনগণের ন্যায় প্রেমচরিত্র প্রকটন করে। শুক ভৃঙ্গাদি তীর্য্যগেরাও যুগলের গুণ গান করে, এই সকল মহাদ্ভুত মহিমামাধুরীর উদ্দীপনে উচ্ছ্বলিত হইয়া জনগণকে সমস্ত ত্যাগ করিয়া বৃন্দাবন বাসার্থ উপদেশ প্রদান এই শ্লোকের বিষয়।

পদ্যানুবাদ—সরসবিশদ, প্রেম পীযূষের সারে নিরমিত যে বৃন্দাবনে।
অদভুত তরু গুলম রাজিত, শোভিত সুচারু লতা-কেতনে।
রাধামাধবের পরম মধুর রসলীলা গুণ যশাদি গানে
উনমত অলি পিকশুকাবলী সলিল লহরী, ললিত তানে।
ধন জন গেহ দারা সুতাসুত সাধনা বাসনা সকল তেজি
সে পরমধামে অবিচল মনে বিলসয়ে লোক রসেতে মজি।

* শুকশারীর বহুতর কর্ণমনানন্দী শ্লোক শ্রীগোবিন্দলীলামৃতে রহিয়াছে, উদাহরণরূপে নিম্নে একটি শ্লোক দেওয়া গেল। যথা—শুকমুখোদ্গত—

কৃষ্ণস্য পূর্ণবিধুমণ্ডলসন্নিবেশং রাধাধরামৃতরসায়নসেকপুষ্টম্।
গণ্ডদ্বয়ং মকরকুণ্ডলনৃত্যরঙ্গং ভাতীন্দ্রনীলমণিদর্পণদর্পহারি। ১৬সর্গ ৮৬॥

শ্রীরাধায়াঃ কনক-রুচিরজ্যোতিরঙ্গচ্ছটৌঘৈঃ
শুদ্ধপ্রেমোজ্জ্বলরসময়ৈঃ সেব্যমানং সমন্তাৎ।
গোবিন্দস্যাম্বুদরুচিতনোর্জ্যোতিরম্ভোধিপূরৈঃ
সান্দ্রানন্দাত্মভিরপি চিতং নৌমি বৃন্দাবনং তৎ। ৭৪ ॥

টীকা—শ্রীরাধায়াঃ স্বর্ণোজ্জ্বল-কান্তিচ্ছটাভিঃ তথা শ্রীকৃষ্ণচন্দ্রস্য নবনীরদ-তনুকান্তিভিঃ যুগপৎ প্রোদ্ভাসিতং শ্রীবৃন্দাবনমাত্রং যেন, তদুভয়স্য অঙ্গজ্যোতিঃ সংস্পর্শ-সৌভাগ্যং অবশ্যম্ভাবি, ইতি আনন্দোল্লাসেন পুনঃ শ্রীবৃন্দাবনং প্রণমতি।

যৎ বৃন্দাবনং শ্রীরাধায়াঃ—শুদ্ধপ্রেমোজ্জ্বলরসময়ৈঃ (স্বসুখবাসনাদি বিবর্জ্জিতোজ্জ্বলাখ্যপবিত্রপ্রেমরসেন পরিব্যাপিতৈঃ) কণকরুচিরজ্যোতিঃ (বিশুদ্ধস্বর্ণবৎমনোহরকান্তিঃ) তদ্বৎ অঙ্গচ্ছটানাং যে ওঘাঃ (সমূহাঃ) তৈঃ সমন্তাৎ (সর্ব্বতঃ) সেব্যমানং (অধ্যাস্যমানং); তথা গোবিন্দস্য (শ্রীকৃষ্ণস্য) সান্দ্রা-নন্দাত্মভিঃ (ঘনানন্দস্বরূপৈঃ) অম্বুদরুচিতনোঃ (নবনীরদনীলশরীরস্য) জ্যোতীংষ্যেব অম্ভোধিপূরাঃ (সমুদ্রপ্রবাহাঃ) তৈঃ (অপি নিশ্চিতং) চিতং (ব্যাপ্তং); তং বৃন্দাবনং—নৌমি, অহমিতি শেষঃ। ৭৪ ॥

আভাস—শ্রীরাধিকার প্রেমরসভাবিত স্বর্ণোজ্জ্বল জ্যোতির্ম্ময় অঙ্গচ্ছটা সমূহে এবং শ্রীকৃষ্ণচন্দ্রের নবজলধরশ্যাম তনুরুচিনিচয়ে শ্রীবৃন্দাবন সর্ব্বদা পরিপূর্ণ। মলিন নয়নে উহা প্রত্যক্ষ না হউক কিন্তু প্রকৃতপক্ষে শ্রীবৃন্দাবনাশ্রয়ে অভীপ্সিত নব যুবযুগলের শ্রীঅঙ্গচ্ছটার সংস্পর্শন সৌভাগ্য লাভ সুনিশ্চিত সত্য। তাহাতেই পরম বন্দনীয় গ্রন্থকর্ত্তা প্রোল্লসিত চিত্তে সুদৃঢ় আশা ধারণ করিয়া পুনঃ প্রণতির দ্বারা শ্রীবৃন্দাবনের কৃপা প্রার্থনা করিয়াছেন।

পদ্যানুবাদ—

সুমধুর প্রেমরসে সতত উজোর, রাধাঙ্গের চারু ছটা হেম-মনোহর।
অম্বুদ সুন্দর গোবিন্দের রুচিপূর, ঘনীভূত নিজানন্দসন্দোহে মধুর।
এই দুই জ্যোতিতে নিসেবিত বৃন্দাবন, রাধাগোবিন্দের নিত্য-লীলানিকেতন।
অতএব বৃন্দাবন করিলে নিলয়, এ জ্যোতির পরশন লাভ সুনিশ্চয়।
সুমধুর-সুবিশেষ-এ জ্যোতির নিধি, বৃন্দাবনে আমার প্রণতি নিরবধি।

নিন্দা বা স্তুতিরেব বা বহুবিপৎ সম্পত্তিরেবাস্তু বা
পাণ্ডিত্যং বত মূর্খতাপি যদি বা রাগো বিরাগোঽথবা।
যৎকিঞ্চিদ্ভবতু শ্রুতেরপি মনাগ্ লক্ষ্যং ন যদ্ বৈভবং
তদ্ বৃন্দাবিপিনং ন জীবনমিদং স্বপ্নেঽপি হাতুং ক্ষমঃ ॥৭৫॥

টীকা—নন্ন শ্রুতিবহির্ভূতবৃন্দাবনগুণাদিবর্ণনং, তস্মাত্তদাশ্রয়ঞ্চ লোকনিন্দাদে নিদানমাত্রম্। এতদুত্তরং শাস্ত্রতাৎপর্য্যাৎ বহির্ভ্রাম্যমাণেতরস্য নিন্দোপেক্ষাবশাৎ প্রাণরূপং বৃন্দাবনাশ্রয়ং অথবা তদ্‌গুণমহিমা-কথনসৌভাগ্যং কদাপি ন জহামি; ভ্রাতঃ ত্বং তাপনীশ্রুতিঋক্‌পরিশিষ্টাদিষু অবগাহ্য ভ্রমাপনয়নং কুরু, ইত্যাবেশেন স্বনিষ্ঠামাহ যথা ;—

নিন্দা বা স্তুতিরেব বা (অখ্যাতিঃ প্রশংসৈব বা) বহুবিপৎ (প্রচুরদুরবস্থা) সম্পত্তিরেব বা অস্তু (ভবতু); পাণ্ডিত্যং (বিদ্যাবত্তাং) বত (খেদে) মূর্খতা বাপি অস্তু, রাগঃ (লোকপ্রীতিঃ) বিরাগঃ (লোকবৈমুখ্যং যদি বা ভবতু, অথবা যৎকিঞ্চিৎ (অন্যৎ যদ্ভাবতব্যং) ভবতু (বৃন্দাবনবাসফলাদিতি শেষঃ); যস্য বৈভবং (মাহাত্ম্যং) শ্রুতেরপি (বেদস্যাপি) মনাক্ (অল্পমপি) লক্ষ্যং ন (শ্রুতেরপি অগম্যমিতি ভাবঃ) জীবনং (প্রাণরূপং) তদ্ বৃন্দাবিপিনং স্বপ্নেঽপি হাতুং (ত্যক্তুং) ন ক্ষমঃ (অহং ন সমর্থঃ ইত্যর্থঃ); ৭৫ ॥

আভাস—শ্রুতি বহির্ভূত বর্ণনায় তোমার এত আগ্রহ কেন? এবং তন্নির্ভরে বৃন্দাবনাশ্রয়ই বা কেন? ইহা দ্বারা মূর্খতার অপবাদ এবং লোকনিন্দা, লোকের বিরাগ ও উপেক্ষা ব্যতীত অন্য লাভ কি? উত্তর—ভ্রাতঃ গোপালতাপনী শ্রুতি ও ঋক্ পরিশিষ্টাদিতে অবগাহন কর, আমাদের সর্ব্বেশ্বরীর 'গান্ধর্ব্বিকা' নাম এবং গোপালদেবের পরম ধাম বলিয়া বৃন্দাবনের বর্ণন দেখিতে পাইবে কিন্তু বৃন্দাবনের অনন্তাদ্ভুত মহিমার একটি কলাও সম্যক্‌রূপে বেদের গোচরীভূত নহে, শ্রীমদ্‌ভাগবতে বেদবক্তা ব্রহ্মার উক্তিতে ইহা পরিব্যক্ত আছে। আমি কাহারও প্রশংসা বা আনুকূল্যাদি প্রাপ্তির জন্য বৃন্দাবনাশ্রয় করি নাই, এবং শাস্ত্রার্থের বহির্ভ্রাম্যমাণগণের কথায় বৃন্দাবনের প্রকৃত গুণ বর্ণন কি তদাশ্রয় ছাড়িতেও অক্ষম।

পদ্যানুবাদ—

বিপদ সম্পদ স্তুতি, বিরাগ বা অখেয়াত, অনুরাগ, পাণ্ডিত্যের প্রশংসার রাশি
মূর্খতার অপবাদ, কিছুতে নাহিক সাধ, কিছুতেই ভয় নাহি বাসি।
নিগমের অগোচর, যে পরমানন্দভর, আমি তার বিন্দুর ভিকারী,
সে সৌভাগ্যদাতা মোর, প্রাণ বৃন্দাবনরে, স্বপনেও তেয়াগিতে নারি ॥

চণ্ডাল-শ্বখরাদিবৎ যদি জনাঃ কুর্ব্বন্তি সর্ব্বে তির-
স্কারং দুর্ব্বিসহঞ্চ তেন নহি মে খেদস্তনীয়ানপি।
দেবা দেব্য ইমে চ ভূতনিবহাঃ প্রাণাশ্চ দদ্যুর্মহা
স্নেহাত্তুষ্টিমতো ন মে গুরুতৃষো বৃন্দাবনীয়ে রসে? ॥৭৬॥

টীকা—অনভিজ্ঞজনস্য নিন্দাপবাদ-প্রতিকূলাচারস্য কা বার্ত্তা? বৃন্দাবন-বাসার্থং সমস্তবিঘ্নং যাবতীয়নির্য্যাতনঞ্চ অহং অক্ষুব্ধঃ গৃহ্ণামি। যথা—
চণ্ডালাঃ (কুক্কুরমাংসভুগস্পৃশ্যজাতীয়মানবাঃ) শ্বানঃ (কুক্কুরাঃ) গর্দ্দভাশ্চ, আদয়ো (কৃমিকীটবরাহপ্রভৃতয়ঃ) তাদৃশনিকৃষ্টপ্রাণিবৃন্দবৎ যদি সর্ব্বে জনাঃ (পণ্ডিতাঃ মূর্খাশ্চেতি ভাবঃ আত্মপরনির্ব্বিশেষেণ বা), জনাশ্চ দুর্ব্বিসহং (দুঃসহং) তিরস্কারং কুর্ব্বন্তি, তেন তিরস্কারেণ মে (মম) তনীয়ানপি (অত্যল্পোঽপি) খেদঃ (দুঃখং) ন অস্তি। দেবাঃ (শ্রীগোপেশ্বরাদয়ঃ) দেব্যঃ (শ্রীবৃন্দাদয়ঃ, ইমে চ ভূতনিবহাঃ (দৃশ্যমানপ্রাণিবর্গাঃ বৃন্দাবনীয়-পশু-পক্ষ্যাদয়ঃ) মহাস্নেহাৎ (পরমস্নেহভরেণ) বৃন্দাবনীয়ে রসে (বৃন্দাবনানন্দে) গুরুতৃষঃ (অতি-পিপাসিতাঃ) মে (মম) তুষ্টিং কিং ন দদ্যুঃ? অবশ্যমেব দদ্যুঃ ইত্যর্থঃ ॥৭৬॥

আভাস—আমার বৃন্দাবনরসের পিপাসা, অনভিজ্ঞশাস্ত্রার্থের বাহিরে ভ্রাম্যমাণ জনগণের নিন্দাপবাদ কি বিপদাদির ভয়ে কিছুতেই সঙ্কুচিত হইবে না, কোনও বিঘ্নবিপদ কি নির্য্যাতনেই নিবারিত হইবে না; আমার হৃদয় না জানিয়া অনেকে প্রতিকূল ব্যবহার করিলেও বৃন্দাবনস্থ শ্রীগোপেশ্বরাদি দেবতাগণ এবং ভগবতী পৌর্ণমাসী, বৃন্দা প্রভৃতি দেবীগণ নিশ্চয়ই স্নেহপূর্ব্বক আমার আশা পূর্ণ করিবেন।

পদ্যানুবাদ—

চণ্ডাল সদৃশ যদি সবে তুচ্ছ করে, খর-কুক্কুরাদি সম ঘৃণা সমাচারে।
অসহন তিরস্কার, বরষণ অনিবার, সমুদয় লোকে যদি করয়ে আমারে॥
নাহি খেদ-বিন্দুকণ যাবতীয় দেবগণ, গোপেশ্বর আদি ইহ যাহাদের স্থিতি
বৃন্দা আদি দেবীগণ, জানিয়া আমার মন, অবশ্যই সদয় হবেন আমার প্রতি
স্থিরচর প্রাণিগণ, হয়ে কৃপা-পরায়ণ, জানিয়া আমার গুরুতৃষা বৃন্দাবনে
পরম স্নেহের ভরে, পিয়াসা পূরণ করে, বাঁচাবেন তুষ্টিদান করি মোর প্রাণে?

ভ্রাতঃ সমস্তান্যপি সাধনানি বিহায় বৃন্দাবনমাশ্রয়স্ব।
যথা তথাপ্রাক্তনবাসনাবশাচ্ছরীরবাণীহৃদয়ং বিচেষ্টতাম্ ॥৭৭॥

টীকা—কালদেশপাত্রবিভেদাৎ নানাশাস্ত্রে নানাবিধসাধন-মার্গো ব্যবস্থিতো হস্তি, বিশেষতঃ নানমতবাদ-গ্রাহ-পরিব্যাপ্তসিদ্ধান্ত-সমুদ্রাতিক্রমঃ অতীব সুদুরূহঃ; অতঃ অস্মাদৃশশক্তিহীনজনস্য বৃন্দাবনাশ্রয়মেব পরমা গতিঃ, এতদ্ ভাবাক্রান্তঃ 'হে ভ্রাতঃ' ইতি সম্বোধনেন স্বচিত্তমুপদিশতি। যথা—

হে ভ্রাতঃ (হে মনঃ) সমস্তানি অপি সাধনানি (উপায়ান্) বিহায় (ত্যক্ত্বা) বৃন্দাবনং আশ্রয়স্ব। (অহো! দেহেন্দ্রিয়াণি নহি মমানুগতানি ইতি আক্ষেপবশাৎ মা বিরম) প্রাক্তনবাসনাবশাৎ (পূর্ব্বজন্মার্জ্জিতসুকৃতদুষ্কৃতজনিতপ্রারব্ধ-কর্ম্মফলাৎ) শরীরং বাণী (বাক্) হৃদয়ঞ্চ যথা তথা (ভদ্রমভদ্রং বেতি) বিচেষ্টতাং (স্বং স্বং বিষয়মবলম্বতাং, ত্বং তদপেক্ষণং মাকুরু, ইতি ভাবঃ) ॥ ৭৭ ॥

আভাস—বাহিরের বাধার কথা ভাবিতে গিয়া স্বগত বাধার কথা চিত্তে উদয় হইয়া আকুল করিয়া তুলিল, অহো! কি বিড়ম্বনা! আমার দেহেন্দ্রিয়াদিই যে আমার অবাধ্য!! একমাত্র মনের করুণা ব্যতীত আর কোনও উপায়ই দেখিতেছি না, এই প্রকার দৈন্যোদয়ে আপন মনকে লক্ষ্য করিয়া বিচার করিতে লাগিলেন,ভাইরে মন! ভিন্ন ভিন্ন শাস্ত্রে কালদেশ পাত্রাদি বিবেচনায় নানা প্রকার সাধন পন্থা ব্যবস্থিত হইয়াছে, একালে সে সকল পন্থাবলম্বন করিয়া চলা সাধ্যাতীত এবং চলিলেও পরমধন ব্রজপ্রেম তদ্দ্বারা লাভ হইবার নহে। অতএব হে ভ্রাতঃ এইরূপ সম্বোধনে এই শ্লোকে আপন মনকে উপদেশ করিয়াছেন।

পদ্যানুবাদ—

আন সাধনের গুণে শকতির লাভে—
বাসনাদি বিদূরণ, হৃদয়ের বিবর্ত্তন, বড়ই দুরূহতর হয় কলিভরে।
অতএব বিসর্জ্জন, করি সমস্ত সাধন, ওরে ভাই! বৃন্দাবন করহ আশ্রয়,
পূরব জনমার্জ্জিত, যথা বাসনার স্রোত, চলুক তেমনি বাণী শরীর হৃদয়।
ধামের মহিমাগুণে, কোনও সাধন বিনে, আপনি ফলিবে সব সাধনের ফল
পরাপ্রেমা লাভ হবে, কর্ম্মফল পলাইবে, দেহেন্দ্রিয় হৃদয় হইবে নিরমল॥

তাদৃক্‌ কামো ভবতু ভগবন্‌ যেন কস্যাঞ্চিদেণী-
দৃশ্যাসক্তোঽপ্যহহ ন বহির্যামি বৃন্দাটবীতঃ।
তাদৃগ্‌দম্ভোঽপ্যুদয়তু তথাহঙ্কৃতিশ্চাপি মে স্যাৎ
যেনাপ্যস্মিন্‌ রসময়বনে রোচয়ে নিত্যবাসম্‌॥ ৭৮॥

টীকা—বৈকারিকো দম্ভোঽহঙ্কারঃ কামশ্চ সাধকানাং ভীষণবৈরী, পরন্তু
বিকার-বর্জ্জিত-পরিশুদ্ধৈতত্রয়াণামানুকূল্যেন অচিরাৎ ভজনসাফল্যং ভবতি।
অতেন অপূর্ব্বোপায়েন তৎপ্রার্থনং যথা—

হে ভগবন্‌! (অত্র হে শ্রীগৌরাঙ্গচন্দ্র ইত্যর্থঃ) মে, তাদৃক্‌ কামো
ভবতু যেন কামেন কস্যাঞ্চিৎ এণীদৃশ্যাং (বর্ণনাতীতায়াং মৃগ-
নয়নায়াং, 'হরিণীনেত্রেতি' নামানুসারতঃ শ্রীরাধায়ামিত্যর্থঃ) আসক্তোঽপি (অনু-
রক্তোঽপি) বৃন্দাটবীতঃ (বৃন্দাবনাৎ) বহিঃ ন যামি (ন গচ্ছামি); মে (মম)
তাদৃক্‌ দম্ভোঽপি (তেজোঽপি) উদয়তু, তথা অহঙ্কৃতিঃ (অহঙ্কারশ্চাপি) স্যাৎ
যেন দম্ভেন অহঙ্কারেণচ অস্মিন্‌ রসময়বনে নিত্যবাসং (সততাবস্থানং) রোচয়ে;
সর্ব্বাতিশায়ি-শ্রীধাম বিহায় ইতরে তুচ্ছপদে কুত্র বসামি? ইতি—দম্ভাহঙ্কারয়োঃ
তাৎপর্য্যং (শ্রীগৌরচন্দ্রস্য ষড়ৈশ্বর্য্যপূর্ণমহাভগবত্তাস্ফুরণাৎ) অহহ! ইতি সহ-
র্ষোক্তিঃ। ঐশ্বর্য্য-বীর্য্য যশো-জ্ঞান-বৈরাগ্য-সৌভগানাং মধ্যে বৈরাগ্যৈশ্বর্য্যস্য
পূর্ণতমপ্রকাশত্বেন সর্ব্বতঃ পূর্ণতমভগবত্তায়াঃ কেবলং শ্রীগৌরচন্দ্রেষু সর্ব্বাতিশায়ি-
পরিণতিপ্রাপ্তত্বাৎ তৎসম্বোধনাত্মিকা প্রার্থনা॥ ৭৮॥

আভাস বৈকারিক কাম ক্রোধাদি যেমন সাধনমার্গের ভীষণ শত্রু,
তেমনি বিকারবর্জ্জিত বিশুদ্ধাবস্থা প্রাপ্ত হইলে উহারাই সাধকের পরম সহায় হইয়া
উঠে, বিদ্রোহাচারীদিগের মধ্যে দম্ভ, অহঙ্কার ও কাম সর্ব্বাপেক্ষা বিঘ্নকর, তাই
এ শ্লোকে অতি অপূর্ব্বরীতিতে ইহাদের বিশুদ্ধি প্রার্থনা করিয়াছেন। পূর্ব্ব
শ্লোকোক্ত উচ্ছাসবাণীকে সিদ্ধান্ত জ্ঞান করিয়া কেহ ইহাদিগকে অব্যাহত
স্বাধীনতা দিবেন না, ইহাই এ শ্লোকের শিক্ষা।

পদ্যানুবাদ—

হা হা প্রভু ভগবান, করহ কামনা দান, শ্রীনাগরীমণি মৃগনয়নীর পদে
বৃন্দাবন পরিহার, নাহি যেন করি আর, শুনিতেই সে কথা পরাণ যেন কাঁদে।
সেইরূপ দম্ভ আর, তদুচিত অহঙ্কার, দেও মোরে যেন ইহ রসময় বনে,
রুচি হয় চিরবাসে, কভু কোন অভিলাসে, তিলেকের তরেও বাহিরে নাহি টানে।

বরং বৃন্দারণ্যে হরি হরি করে খর্পরভৃতো
ভ্রমামো ভৈক্ষ্যার্থং শ্বপচগৃহবীথীষু দিনশঃ।
তথাপি প্রাচীনৈঃ পরমসুকৃতৈ রত্র মিলিতং
ন নেষ্যামোঽন্যত্র ক্বচিদপি কথঞ্চিৎ বপুরিদম্ ॥ ৭৯

টীকা—অবিচলবৃন্দাবনরতিপ্রার্থনং, বৃন্দাবনবাসানুকূলকামদম্ভাহঃ প্রার্থনঞ্চ যুক্তমেব, পরন্তু ষট্সপ্ততিসংখ্যকশ্লোকানুসারতঃ চণ্ডালশ্বখরাদি তিরস্কৃতাঃ সন্তঃ কথং ভিক্ষানির্ব্বাহং করিষ্যথ? ইতি ঐকান্তিকবৃন্দাবন-নি প্রকটয়ন্ এতদুত্তরমাহ—

বরং বৃন্দাবণ্যে (বৃন্দাবনে) করে খর্পরভৃতঃ (হস্তে মৃণ্ময়ভিক্ষাপাত্রং ধৃতব দিনশঃ (অনুদিনং) শ্বপচানাং (চণ্ডালানাং) গৃহবীথীষু (গৃহসমূহেষু) ভৈক্ষ্য ভ্রমামঃ (পর্য্যটামঃ) তথাপি—প্রাচীনৈঃ (প্রাক্তনৈঃ) পরমসুকৃতৈঃ (মহাপু অত্র (বৃন্দাবনে) মিলিতং, ইদং বপুঃ (ইদং শরীরং) অন্যত্র (তদ্ বহিরিত্যঃ ক্বচিদপি (কথঞ্চিৎ কেনাপি প্রকারেণ) ন নেষ্যামঃ (হরি হরি ইতি উচ্ছাসে) ॥

আভাস—বৃন্দাবনে অবিচলা রতি ও বৃন্দাবনে আমরণবাসের অনুকূ কামদম্ভাহঙ্কারের পরিণতি প্রার্থনা উত্তম ; কিন্তু ৭৬নং শ্লোকানুসারে, সাধার নিকটে চণ্ডালের বা কুক্কুর গর্দ্দভাদির ন্যায় ঘৃণিত ও তিরস্কৃত হইলে তো ভি লাভেরও উপায় থাকিবে না ? তাহা হইলে তো বাধ্য হইয়াই বৃন্দাবনের বা যাইতে হইবে। অবিচলিত বৃন্দাবননিষ্ঠা প্রকাশ করিয়া এ শ্লোকে ইহার উ স্বকীয় কর্ত্তব্য বলিয়াছেন।

পদ্যানুবাদ—

হরি হরি কত পুরাতন-পুণ্যফলে রে, কত জনমের কত সুকৃতির বলে রে
হরি গুরু ভকতের কত করুণায় রে, পাইয়াছি পরমধামের পদাশ্রয় রে!
যদি চণ্ডালাদি নীচজাতির দুয়ারে রে,মাগিয়া খাইতে হয় তাহাই করিব রে
তাহাদের ঘরে ঘরে ঘুরিয়া ফিরিব রে,তবু এই বপু কভু বাহিরে না নিব রে

* ইহা বলা বাহুল্য যে এই শ্লোকের দ্বারা চণ্ডালান্ন ভোজনের "ব্যবস্থা' হয় নাই। বরং অস্পৃশ্যতাই বিশেষরূপে প্রতিপন্ন হইয়াছে, কারণ শ্লোকের নিষ্কর্ষ তাৎপর্য যে নিরুপায় হইলে, এতাদৃশ মহানিষিদ্ধাচার করিয়াও বৃন্দাবনে বাস করা উচিত। (অ এই সকল কথা অসাধারণ অধিকারীর সম্বন্ধে নহে)।

§ এই প্রকার অটল সঙ্কল্পে ধামাদির আশ্রয় করার নামই ক্ষেত্রসন্ন্যাস, ইহার ফলে ভীষ্ট সংসিদ্ধ হয়। ২৫ নং শ্লোকের ব্যাখ্যায় আমরা এই বিষয়ে শ্রীমন্মহাপ্রভুর দৃ দেখাইয়াছি।

জরৎকন্থামেকাং দধদপিচ কৌপীনমনিশং
প্রগায়ন্ শ্রীরাধামধুপতিরহঃকেলি-লহরীম্।
ফলং বা মূলং বা কিমপি দিবসান্তে কবলয়ন্
কদা নেষ্যে বৃন্দাবনভুবি দশাং জীবনময়ীম্॥ ৮০॥

টীকা—বৃন্দাবনে শ্বপচবাসো বিরলঃ, বিশেষতঃ ধর্ম্মাচারবর্জ্জিতস্য অদাতু শ্বপচস্য গৃহে নিত্যভিক্ষালভঃ অসম্ভবঃ। ইতি সোচ্ছাসোক্তিং বিহায় ব ত্বং কিমাচরিষ্যসি? এতস্যোত্তরে বৃন্দাবনাশ্রয়িনিষ্কিঞ্চনানাং প্রকৃতকর্ত্তব নিজনির্দ্ধারিতাচরণং ব্যক্তীকৃত্য সাক্ষেপগদ্গদং প্রার্থয়তি। যথা—

কদা একাম্ (একমাত্রাং) জরৎকন্থাং (জীর্ণাং কন্থাং) কৌপীনঞ্চ দধদপি (এতন্মাত্রং শীতে গ্রীষ্মে সর্ব্বকালেষু দধানোঽপি) অনিশং (সততং) শ্রীরাধামধু পত্যোঃ (শ্রীরাধাকৃষ্ণয়োঃ) রহঃকেলিলহরীং (নিভৃতলীলারসতরঙ্গং) প্রকর্ষে গায়ন্ (উৎকীর্ত্তয়ন্) দিবসান্তে কিমপি (কিঞ্চিৎ) ফলং বা মূলং বা কবলয় (ভক্ষয়ন্) বৃন্দাবনভুবি (ইহ ভৌমবৃন্দাবনে ইত্যর্থঃ) জীবনময়ীং দশা (প্রেমোত্তেজনাসঞ্জাতহর্ষবিষাদসমাকুলিতাং সদা সচৈতন্যাবস্থাং) নেষ্যে (অতিবাহয়িষ্যামি?) ॥৮০॥

আভাস—চণ্ডালাদি নীচ জাতি বৃন্দাবনে দুর্লভ, বিশেষতঃ উহারা আ ধার্ম্মিক বা বদান্য হয় না। সুতরাং তাহাদের গৃহে প্রতিনিয়ত ভিক্ষাটন, তোমা উচ্ছাসোক্তি মাত্র, প্রকৃত প্রস্তাবে তুমি কি প্রকার ব্যবহারে বাস করিবে তা বল। ইহার উত্তর—বৃন্দাবনাশ্রয়ীর যাহা কর্ত্তব্য তাই করিব। আহা! আম ভাগ্যে কি সে শুভযোগ সংঘটিত হইবে? এইরূপ দৈন্যোদয়ে এই শ্লোকে তত্তুচি প্রার্থনা করিয়াছেন।

পদ্যানুবাদ—

এক ছেঁড়া কাঁথা ধরি, একই কৌপীন পরি, অনুদিন নিরাকুল মনে,
রাধামাধবের রহঃ কেলির লহরী রে! গাইয়া বেড়াব বৃন্দাবনে।
ফলমূল যাহা পাই, দিনান্তে খাইব তাই, রহিব সতত সচেতন
কবে হেন প্রাণময়ী সাধের দশায় রে! বৃন্দাবনে যাপিব জীবন॥*

* এই প্রকার অবস্থায় সর্ব্বত্যাগী হইয়া বৃন্দাবন বাস করাই প্রকৃত বৃন্দাবনাশ্রয়। ই এই শ্লোকের শিক্ষা।

প্রকৃত্যুপরি কেবলে সুখনিধৌ পরব্রহ্মণি
শ্রুতিপ্রথিতবৈভবং পরপদং বিকুণ্ঠাভিধম্ ।
তদন্তরখিলোজ্জ্বলং জয়তি মাথুরং মণ্ডলং
মহারসময়ং সখে ! কলয় তত্র বৃন্দাবনম্ ॥ ৮১ ॥

টীকা—প্রাপঞ্চিকসৃষ্টবস্তুবৎ প্রতীয়মানমপি শ্রীবৃন্দাবনং জড়াতীত-নিত্যচিন্ময়-প্রেমানন্দঘন-সর্ব্বশ্রেষ্ঠ শ্রীভগবদ্ধাম। এবঞ্চ তত্রত্যফলমূলাদিকং অমৃতগুণসম্পন্নং; ইতি পরমতত্ত্বপরিজ্ঞানাৎ বৃন্দাবননিষ্ঠায়াঃ দৃঢ়সংগঠনার্থং সখে! ইতি সম্বোধনেন স্বান্তং উপদিশতি। যথা—

প্রকৃতেঃ সৃষ্টজগতঃ উপরি (উপরিস্থিতে ইতি ভাবঃ) কেবলে (অবিমিশ্রে) পরব্রহ্মণি সুখনিধৌ (পরব্রহ্মানুভূতিময়সুখসমুদ্রে) শ্রুতিষু (বেদেষু) প্রথিতং (প্রসিদ্ধং) বৈভবং (মাহাত্ম্যং) যস্য, তাদৃশং বিকুণ্ঠাভিধং (বৈকুণ্ঠ-নামানং) পরপদং (পরমস্থানং মোক্ষধামেতি যাবৎ) অস্তি ইতি শেষঃ, তদন্তরে (তদূর্দ্ধে) অখিলোজ্জ্বলং (প্রাকৃতনয়নদুর্গমোজ্জ্বলং সান্দ্রজ্যোতির্ম্ময়মিত্যর্থঃ) মাথুরং মণ্ডলং (মথুরাখ্যং ধাম) জয়তি; (ভগবজ্জন্ম-লীলাদি-হেতুনা সর্ব্বোৎকর্ষেণ বর্ত্ততে) হে সখে! তত্র (মথুরামণ্ডল-মধ্যে) মহারসময়ং (পরম প্রেমানন্দময়ং) বৃন্দাবনং কলয় (অবধারয়) ৮১ ॥

আভাস—তত্ত্বোপলব্ধিদ্বারা চিত্তের দৃঢ়সংলগ্নতা স্বতঃ সংসাধিত হয়, এই নিমিত্ত শ্রীবৃন্দাবনের চিন্ময়ত্ব, সর্ব্বধাম হইতে শ্রেষ্ঠত্ব, এবং তত্রত্য ফল মূলাদির অমৃতগুণসম্পন্নতা প্রভৃতি তত্ত্ব ও মহিমা বর্ণন দ্বারা, সুদৃঢ় বৃন্দাবন নিষ্ঠা সংগঠনের অভিপ্রায়ে শ্রীবৃন্দাবনের স্বরূপ সংক্ষিপ্তাক্ষরে বর্ণন দ্বারা—হে সখে! সম্বোধনে আপন মনকে তদুচিত উপদেশ প্রদানই এই শ্লোকের উদ্দেশ্য।

পদ্যানুবাদ—

বিধাতার নিরমিত জগত উপরে হে! সুখের সাগর এক 'পরব্রহ্ম' নাম
তাহে শ্রুতি নিগদিত সম্পদ ভাণ্ডার হে! অনুপ পরমপদ শ্রীবৈকুণ্ঠ ধাম।
তাহার উপরে নিজ তেজে উজোলিত হে! নয়নের দুরগম মাথুর মণ্ডল
তাহে মহারসময়; ধাম শিরোমণি হে! বিরাজিত বৃন্দাবন পরম মঙ্গল।
চিদানন্দ ঘন বৃন্দাবনের স্বরূপ হে! ফলমূল সকলি অমিয় রসময়
এই অবধারি সখে! অনুরাগ ভরে হে! মনোসুখে বৃন্দাবন করহ আশ্রয়।

কদা বৃন্দারণ্যং শ্রবণ-রসনস্পর্শন-নিরী-
ক্ষণ-ঘ্রাণাদৈ্য র্মে ভবতি রসসিন্ধু-স্রবদিব।
কদা বা তল্লোকোত্তররসমদান্ধো মধুপতে
র্গুণানুচ্চৈরুচ্চৈঃ সরসমিহ গাস্যামি পরিতঃ ॥৮২॥

টীকা—সর্ব্বেন্দ্রিয়াহ্লাদকস্য পরমমধুরানন্দধাম-শ্রীবৃন্দাবনস্য মহামাধুরী স্ফুরণাৎ তত্ত্বানুশীলনং বিসৃজ্য সংপ্রার্থয়তি।

যথা—কদা বৃন্দাবনং, শ্রবণ-রসনস্পর্শন-নিরীক্ষণ-ঘ্রাণাদ্যৈঃ (চক্ষুঃ কর্ণাদি-পঞ্চেন্দ্রিয়াণাং বিষয়ী ভূত্বা ইতিভাবঃ) মে (মহ্যং) রসসিন্ধু-স্রবদিব (বর্ষদিব) ভবতি। (রসধারায়াঃ স্থৌলাদৌর্ল্ভত্বে, বিশ্রান্তিসুনিশ্চিতে চ তদুৎপ্রেক্ষায়াং অতৃপ্তিবশাৎ রসসিন্ধু-বর্ষদিতি অদ্ভুতালঙ্কারঃ) কদা বা তৎ (বৃন্দাবনস্য) লোকোত্তররসমদান্ধঃ (সর্ব্বলোকাতীত-রসেন প্রমত্তঃ সন্) পরিতঃ (সমন্তাৎ) মধুপতেঃ (নিখিলমধুরাণাং অধিপতেঃ শ্রীকৃষ্ণস্য ইত্যর্থঃ) গুণান্—উচ্চৈরুচ্চৈঃ (তারস্বরেণ) সরসং (সপ্রেম) ইহ (বৃন্দাবনে) গাস্যামি।

আভাস—শ্রীবৃন্দাবনের মহামধুরানন্দময়ী পরমমাধুরী চিত্তে স্ফূর্ত্তি হওয়াতে এ হেন হৃদয়োন্মাদি মাধুরী ছাড়িয়া তাত্বিক মহিমা ও উৎকর্ষ অন্বেষণ করার নিমিত্ত এ শ্লোকে আত্মধিক্কার পূর্ব্বক, বৃন্দাবনের সর্ব্বেন্দ্রিয়াহ্লাদক মাধুরী আস্বাদনের প্রার্থনা করিয়াছেন।

পদ্যানুবাদ—হায়রে আমার হেন শুভদিন, আর কত দিনে হবে?
বৃন্দাবন গুণ মহিমা মাধুরী, শুনি কাণ জুড়াইবে।
সুধারসময় ফলমূল জল, ভোজনেও গুণগানে
রসনা আমার তিরপিত হবে, মধুর শ্রীবৃন্দাবনে।
রাধামাধবের পরশনে পূত ভূমি বারি তরুলতা,
পরশিয়া তনু ধারণ করিবে প্রেমানন্দ-পুলকতা।
স্থিরচরে নীবে মহামনোলোভা চারুশোভা দিব্যভাব
হেরিয়ে নয়ন করিবে রে কবে আনন্দ-সলিল স্রাব?
লোকাতীত মহা পরিমল লাভে নাসিকা হইবে ভোর,
রসসাগরের প্রবাহ বহিবে হৃদয় মাঝারে মোর।
উনমদ মনে গাইব পঞ্চমে, প্রেমলীলা বিলসিত
রস মধুরিমা নিধি, মাধবের, যশোগুণ লীলা গীত।

স্বানন্দ-সচ্চিদ্‌ঘন-রূপতা মতি
র্যাবন্নবৃন্দাবনবাসিজন্তুষু ।
তাবৎ প্রবিষ্টোঽপি ন তত্র বিন্দতে
ততোঽপরাধাৎ পদবীং পরাৎপরাম্ ॥ ৮৩ ॥

যদৈব সচ্চিদ্রসরূপবুদ্ধি, র্বৃন্দাবনস্থ-স্থিরজঙ্গমেষু ।
স্যান্নির্ব্ব্যলীকং পুরুষস্তদৈব চকাস্তি রাধাপ্রিয়সেবিরূপঃ॥৮৪

টীকা—তর্হি কিং বৃন্দাবনতত্ত্বানুশীলনং নিষ্ফলমেব ? এতদুত্তররূপেণ "বৃন্দাবনস্থ সর্ব্বপ্রাণি প্রেমানন্দঘনা প্রাকৃতমূর্ত্তিঃ" ইতি পরমজ্ঞানোদয়ার্থং, তদাবশ্যকতামাহ—

বৃন্দাবনবাসিষু জন্তুষু (প্রাণিষু) যাবৎ স্বানন্দসচ্চিদ্‌ঘনরূপতায়াং (স্ব+ আনন্দঃ=স্বানন্দঃ, প্রেমানন্দ ইতি যাবৎ। সৎ—নিত্যসত্ত্বং, চিৎ—জ্ঞানং ; এতৎ ত্রয়াণাং ঘনীভূতাবস্থাস্বরূপত্বে ইত্যর্থঃ) মতিঃ ন স্যাদিতিঃ শেষঃ। তাবৎ তত্র (বৃন্দাবনে) প্রবিষ্টোঽপি (লব্ধপ্রবেশোঽপি) ততঃ অপরাধাৎ—পরাৎপরাং (অত্যুত্তমাং পদবীং নিকুঞ্জসেবোপযোগিদাসীপদং) ন বিন্দতে (ন লভতে) ।

টীকা—পূর্ব্বশ্লোকোক্তজ্ঞানেন পুরুষস্য রাধাদাস্যরূপং পরাৎপরপদবীপ্রাপ্তিং বিবৃণোতি যথা—

যদৈব বৃন্দাবনস্থেষু স্থিরজঙ্গমেষু (চরাচরপ্রাণিষু) সচ্চিদ্রসরূপবুদ্ধির্নির্ব্ব্যলীকং (সত্যং) যথা তথা স্যাৎ ; তদৈব পুরুষঃ রাধায়াঃ প্রিয়ঃ সেবিরূপঃ (সেবনযোগ্য- গোপকিশোরীরূপঃ) যস্য তাদৃশঃ সন্ চকাস্তি (উদ্ভাসতে) ।

আভাস—তবে কি বৃন্দাবনের তত্ত্বানুশীলন অনাবশ্যক ? এই প্রশ্নের উত্তরে এ শ্লোকে বৃন্দাবনবাসী প্রাণিগণের সচ্চিদানন্দঘন-রূপতা উপলব্ধির জন্য তদাবশ্যকতা বলিয়াছেন।

পদ্যানুবাদ—বৃন্দাবনবাসী সমুদয় প্রাণিগণ—
কুক্কুর শূকর আদি, পুরীষের কীটাবধি, সকলের শরীর সচ্চিদানন্দঘন।
এই মহা সত্য না হইলে অনুভব—
বৃন্দাবন বাস ফলে, কদাপি নাহিক মিলে, পরতর পদবী (সাধন সুদুর্ল্লভ) ।

আভাস—পূর্ব্বশ্লোকের লিখিত জ্ঞান জন্মিলেই পুরুষের শ্রীরাধার দাসীপদ প্রাপ্তি ঘটে।

পদ্যানুবাদ—

যদি জ্ঞানোদয় হয়, স্থাবর জঙ্গমচয়, বৃন্দাবনে সৎ-চিৎ আনন্দস্বরূপ,
লভে তবে অনুরাগী রূপে গুণে ডগমগি, দাসী দেহে, রাধাপ্রিয়সেবনীয় রূপ।

সকল-বিভব-সারং সর্ব্ব-ধর্ম্মৈক সারং
সকল-ভজন-সারং সর্ব্ব-সিদ্ধৈক-সারম্।
সকল-মহিম-সারং বস্তু বৃন্দাবনান্তঃ
সকল-মধুরিমাম্ভোরাশিসারং বিহারম্ ॥৮৫॥

টীকা—স্বহৃদয়ে যুগপৎ বৃন্দাবনগুণ-মধুরিমোদয়াৎ, মহোল্লাসেন অন্যতম মেকং পরমমহিমানং কথয়তি—

বৃন্দাবনান্তঃ বিহারং (বৃন্দাবনে ভ্রমণং) সকলবিভবানাং (সম্পদাং) সারং, সকলানাং ধর্ম্মাণাং একমদ্বিতীয়ং সারং; সকলানাং ভজনানাং (উপাসনানাং) সারং; সর্ব্বেষাং সিদ্ধানাং এবং (সর্ব্বোত্তমং) সারং; সকলানাং মহিম্নাং সারং; সকলানাং মধুরিমাম্ভোরাশীনাং (মাধুর্য্যসাগরাণাং) সারং বস্তু পার্থিবাপার্থিবসকলসম্পদঃ সমস্তধর্ম্মানুষ্ঠানেন সর্ব্বোপাসনানাং সাফল্যেন সর্ব্বেষাং সিদ্ধিলাভেন চ যন্ন ভবতি, একেন বৃন্দাবনভ্রমণফলেন তন্মহা সৌভাগ্যমুপৈতীতিভাবঃ। সর্ব্বলোকেষু, সর্ব্বধামসু যাদৃশমহিম-মধুরিমা বিদ্যতে, তৎ সর্ব্বেষাং সারেণ বৃন্দাবনবিহারঃ পরিপূরিত ইতি চ। সারঃ (হেয়াংশবর্জ্জিত সমুৎকৃষ্টভাগঃ।) বৃন্দাবনভ্রমণপদ্ধতিতৎফলাদি চ নানাশ্লোকে পশ্চাৎ প্রকাশিতং।

আভাস—অতীন্দ্রিয়গ্রাহ্য তাত্ত্বিক মহিমাদি ও সর্ব্বেন্দ্রিয়াস্বাদ্য বৃন্দাবন মধুরিমা পরিচিন্তনের ফলে, যুগপৎ শ্রীধামের পরমগুণোৎকর্ষ ও মহামাধুরীতে হৃদয় পরিপূর্ণ হওয়ায় মহোল্লাসে শ্রীবৃন্দাবনের সর্ব্বাতিশয়তা বর্ণন করিতেছেন। শ্লোকের নিষ্কৃষ্ট তাৎপর্য্য এই যে পৃথিবীর, স্বর্গের, কি বৈকুণ্ঠাদি মহাধামের যত প্রকার সম্পদ আছে বৃন্দাবনে সুধু পরিভ্রমণের ফলেই তদপেক্ষা পরম সম্পদ লাভ হয়। ইহা সমস্ত ধর্ম্মাচরণের, সমস্ত উপাসনার, সর্ব্ববিধ সিদ্ধির যাবতীয় মহিমার ও মধুরিমার সারধন স্বরূপ এবং মহাদ্ভুত শ্রেয় ও পরমালৌকিক দিব্যা-নন্দপ্রদ। এই সকল কথার উদাহরণ এবং বৃন্দাবন ভ্রমণের পদ্ধতি পরপর অনেক শ্লোকে বর্ণিত হইয়াছে।

পদ্যানুবাদ—রাধামাধবের বরজ বিপিনে বিহরণে, রসে উছলিত মনে
সকল বিভব সকল ধরম সকল ভজন সার,
নিখিল সিদ্ধির সারে নিসেবিত, সুমহিমাসারে পরিপূরণিত
যাবতীয় মহাঘন মধুরিমা অমিয়ার পারাবার।

দৈবাবাক্ প্রতিষেধিনী ভবতু মে স্যাদ্‌বাগুরূণাং গিরাম্
শ্রেণী. শাস্ত্রবিদামিহাস্তু বহুধা যঃ কোঽপি কোলাহলঃ।
ত্যক্ত্বা সাধ্যসাধনজাত মখিলং লগ্নস্তু মে রাধিকা
ক্রীড়াকাননবাসসম্পদি মনাগ্ ব্যাবর্ত্ততে নো মনঃ ॥ ৮৬ ॥

টীকা—"রাধা ষোড়শনাম্নাঞ্চ বৃন্দানাম শ্রুতৌ শ্রুতং। তস্যাঃ ক্রীড়াবনং রম্যং তেন বৃন্দাবনং স্মৃতম্" ইতি পুরাণপ্রবচনানুসারতঃ সেশ্বরী শ্রীরাধায়াঃ প্রমোদোদ্যানে বৃন্দাবনে, বিহরণস্য সানন্দমধুরসৌভাগ্যসম্পদাদীন্ সংস্মরন্— স্বকীয়া-ব্যাহত-সুদৃঢ় বৃন্দাবনবাসস্য মহাসঙ্কল্পমাহ—

দৈবীবাক্ (দৈববাণী) মে (মম) প্রতিষেধনী (নিবারিণী) (বৃন্দাবন-বাসস্যেতিশেষঃ) ভবতু; গুরূণাং গিরাং (বাচাং) শ্রেণী, প্রতিষেধিনী স্যাদ্‌বা; শাস্ত্রবিদাং (শাস্ত্রজ্ঞানাং) ইহ (অস্মিন্ বৃন্দাবনবাসবিষয়ে) বহুধা (নানাপ্রকারঃ) যঃ কোঽপি কোলাহলঃ (বাদবিতর্কঃ) অস্তু বা তু (কিন্তু) অখিলং (সর্ব্বং) সাধনসাধ্যজাতং (বাঞ্ছিতলাভোপায়-বাঞ্ছিতসমূহং) ত্যক্ত্বা শ্রীরাধিকায়াঃ ক্রীড়াকাননং (বৃন্দাবনং) তত্র বাসসম্পদি লগ্নং মে (মম) মনঃ মনাক্ (অল্পমপি) নো ব্যাবর্ত্ততে (ন পরাঙ্মুখীভবতীত্যর্থঃ) ॥ ৮৬ ॥

আভাস—"আমার সর্ব্বলক্ষ্মীময়ী পরা ঠাকুরাণী শ্রীরাধার শ্রুতিবিশ্রুত ষোলটী নামের মধ্যে এক নাম 'বৃন্দা', এবং তাহার ক্রীড়াবনের নাম বৃন্দাবন। অতএব তাঁহার প্রমোদোদ্যান বৃন্দাবনে চিরবাসরূপ মহাসম্পদের লোভ, আমি কিছুতেই ত্যাগ করিব না, যতই গুরুতর যতই অনুল্লঙ্ঘনীয়-বিঘ্ন বাধা বিপদ উপস্থিত হউক না কেন আমি সমস্ত অগ্রাহ্য করিয়া আমরণ বৃন্দাবনে বাস করিবই করিব" এই প্রকার দৃঢ় নিশ্চয়াত্মক স্বকীয় অব্যাহত সঙ্কল্প (বৃন্দাবনবাসের সানন্দ মধুর সুখসৌভাগ্য স্মরণ করিতে করিতে) এই শ্লোকে প্রকাশ করিয়াছেন। (এইরূপ সুদৃঢ় অধ্যবসায় ও অবিচলিত অটল সঙ্কল্প ব্যতীত ক্ষেত্রসংন্যাস সংসিদ্ধ হয় না, ইহাও এ শ্লোকের আনুষঙ্গিক শিক্ষা)

পদ্যানুবাদ—

আকাশের দেববাণী, যদি হয় নিষেধিনী, গুরু নিকরেও যদি করেন তাহাই,
শাস্ত্রবিদ্‌গণ মিলি, মহা কোলাহল তুলি, নিষেধানুশাসন করেন ঠাঁই ঠাঁই।
তথাপি আমার আশ, বৃন্দাবনে চিরবাস, তেয়াগিয়ে সকল সাধন সাধ্যচয়
রাধাকেলিবনে মন, লাগি রহু অনুখন, বারেকের তরেও চলিত নাহি হয়।

প্রগায়ন্ নটন্নুদ্ধসন্ বা লুঠন্ বা
প্রধাবন্ রুদন্ সম্পতন্ মূর্চ্ছিতো বা।
কদা বা মহাপ্রেমমাধ্বীমদান্ধ
শ্চরিষ্যামি বৃন্দাবনে লোকবাহ্যঃ॥ ৮৭॥

টীকা—পঞ্চাশীতিসংখ্যকশ্লোকানুসারতঃ অহর্নিশং পরমপ্রেমানন্দে বৃন্দাবনে বিচরণং শ্লোকদ্বয়েন প্রার্থয়তি। যথা—

কদা লোকবাহ্যঃ (লোকৈর্জনৈর্বহিষ্কৃতঃ অসঙ্গঃ লোকরীতিমতিক্রম্য ইতি ভাবঃ) মহান্ প্রেমা এব মাধ্বী (মধুনির্ম্মিতাসবঃ ইত্যর্থঃ) তস্যাঃ মদেন অন্ধঃ সন্ (তদাস্বাদপ্রমত্তঃ সন্ ইত্যর্থঃ) প্রগায়ন্ (উচ্চৈর্গায়ন্) নটন্ (নৃত্যন্) উদ্ধসন্ (উচ্চৈর্হাস্যং কুর্ব্বন্) লুঠন্ (ভূলুণ্ঠিতঃ সন্) ধাবন্ (স্বাভীষ্টদর্শনস্ফূর্ত্ত্যা তৎসমীপে দ্রুতং ধাবন্ ইতি ভাবঃ) রুদন্ (ইষ্টস্যাদর্শনাৎ ক্রন্দন্) সম্পতন্ (ভূপতিতঃ সন্) মূর্চ্ছিতঃ (মোহং গতো বা) বৃন্দাবনে বিচরিষ্যামি; অহমিতি শেষঃ। প্রেমোন্মাদেন কদা এতানি প্রেমচরিতানি প্রকটয়ন্ বৃন্দাবনে বংভ্রমামি ইতি নিষ্কর্ষার্থঃ। শ্রীমদ্ভাগবতে একাদশ-স্কন্ধে, প্রজাত-প্রেমজনানামাচরিতং যথা—"এবং ব্রতঃস্বপ্রিয়নামকীর্ত্ত্যা, জাতানুরাগো দ্রুতচিত্ত উচ্চৈ। হসত্যথো রোদিতি রৌতি গায়ত্যুন্মাদবৎ নৃত্যতি লোকবাহ্যঃ।

আভাস—"কৃষ্ণপ্রেমা যার চিত্তে করয় উদয়, তার বাক্য ক্রিয়া মুদ্রা বিজ্ঞে না বুঝয়"স্ফূর্ত্তিতে বিশেষ বিশেষ লীলা দর্শন করিয়া কখন উচ্চৈঃস্বরে গান, কখনও বা উচ্চহাস্য কদাপি নৃত্য আবার আবেশ হারাইয়া ক্রন্দন, ভূমিতলে লুণ্ঠন মূর্চ্ছা প্রভৃতি প্রেমিক ভক্তের আচরণে বৃন্দাবনে বিচরণ করার উৎকট আকাঙ্ক্ষায় এ শ্লোকে তদুচিত প্রার্থনা করিয়াছেন।

পদ্যানুবাদ—কবে লোকলাজ পরিহরি, কভু উচ্চৈস্বরে গান করি।
কদাপি নাচিব রসাবেশে, কভু বিলসিব উচ্চহাসে।
কভু ভূমে লুণ্ঠিত হইব, কভু বেগে ধাইয়া চলিব।
যাহা চাহি না পাইয়া তায়, কখনো কাঁদিব উভরায়।
অদরশে করি হায় হায়, মুরছিয়ে পড়িব ধরায়।
মহাপ্রেম মধুমদে মাতি, ভ্রমিব ভূমিলোকরীতি। *
হায় হায় কবে এই ভাবে, বৃন্দাবনে মোর দিন যাবে॥

* পরের শ্লোকে ইহা অতি সুন্দর ও সুবিশদরূপে বর্ণিত হইয়াছে দৃষ্টি করুন।

ন লোকং ন ধর্ম্মং ন গেহং ন দেহং
ন নিন্দাং স্তুতিং নাপি সৌখ্যং ন দুঃখম্।
বিজানন্ কিমপ্যুন্মদঃ প্রেমমাধ্ব্যা
গ্রহগ্রস্তবৎ কর্হি বৃন্দাবনে স্যাম্ ॥ ৮৮ ॥

টীকা—প্রেমপারবশ্যাৎ দেহদৈহিকাদিকং বিস্মৃত্য পরমানন্দোন্মাদেন বৃন্দাবন-ভ্রমণস্য পরপদ্ধতিং প্রার্থনানুষঙ্গে প্রদর্শয়তি। যথা—

কর্হি বৃন্দাবনে, লোকং (লৌকিকাচারং লোকাপেক্ষণং বা) ন, ধর্ম্মং (বিধিবোধিতধর্ম্মাচরণং) ন গেহং ন, দেহং ন, নিন্দাং ন, স্তুতিং ন, সৌখ্যং ন, দুঃখঞ্চ ন বিজানন্ (এতেষাং সর্ব্বেষাং অনপেক্ষাভূয় ইতি ভাবঃ) কিমপি (অনির্ব্বচনীয়ঃ) উন্মদঃ (উন্মাদকঃ) প্রেমমাধ্ব্যা (প্রেমমাধ্বীকপানেনেতি ভাবঃ) গ্রহগ্রস্তবৎ (উপদেবাবিষ্ট ইব) স্যাং (ভবামি) ॥ ৮৮ ॥

আভাস—লোকাপেক্ষা ও লোকাচার; বিধিবোধিত ধর্ম্মাচরণ; অবস্থানের বিচার, আহার, পান, স্নান, নিদ্রা, সুখ দুঃখ শ্রান্তি ক্লান্তি শীত গ্রীষ্মাদির অনুভব প্রভৃতি সমুদয় দেহধর্ম; নিন্দাপ্রশংসাদির ভয়াকাঙ্ক্ষা; সুখলালসা দুঃখ পরিহার বাসনা ও সুখদুঃখের সম্ভাবনার জ্ঞান অর্থাৎ বিচার; এ সকলই প্রেমানন্দের উদয়ে আপনি অন্তর্হিত হয়, বাহ্যাপেক্ষা কিছুই থাকে না। এই সমুদয়ের স্মৃতি ও অস্তিত্ববোধ পর্য্যন্ত তিরোহিত হইয়া যায়, প্রেমিক ভক্ত প্রেমানন্দে পরিতৃপ্ত ও প্রেমরসাস্বাদে কৃতকৃতার্থ হইয়া এক পরম সুদিব্য অলৌকিক অবস্থা লাভ করেন, তখন পার্থিব কোনও ব্যাপারের সহিতই তাঁহার কোনও প্রকার সম্বন্ধ থাকে না, তাঁহার প্রাণ মন ইন্দ্রিয়াদি সমস্তই প্রেমামৃতে অনুপ্রাণিত হয়। ইহারই নাম অন্তর্দ্দশা। এই দশার উদয়ে স্বকীয় স্বরূপের অর্থাৎ সিদ্ধদেহের পূর্ণরূপ স্ফূর্ত্তি এবং অভীষ্ট লীলার সন্দর্শন ও মানসী সেবা প্রত্যক্ষের ন্যায় আচরিত হন। এই সাধনসুদুর্ল্লভ-মহাভাগ্য যথাযোগ্য বৃন্দাবন নিসেবনের ফলে অসাধনে লাভ হইয়া থাকে। এই সমুৎকট-লালসা-পরবশ হইয়া সদৈন্যে উহা প্রার্থনা করিয়াছেন।

পদ্যানুবাদ—লোকধর্ম্মাচার, দেহ গেহ আর, স্তুতি নিন্দা সুখ দুখাদি ভুলি,
প্রেমমধুপানে, মাতোয়ারা মনে, বিহরিব বৃন্দাবনে একলি।
গ্রহাবিষ্ট প্রায়, নিবসিব হায়, আপন আবেশে রহিব সদা,
না রহিবে কোন, স্বভাবাচরণ, হেন দশা মোর হইবে কদা?

হরে কৃষ্ণ কৃষ্ণেতি কৃষ্ণেতি মুখ্যান্
মহাশ্চর্য্যনামাবলী-সিদ্ধ মন্ত্রান্।
কৃপা-মূর্ত্তি-চৈতন্যমেবোপগীতান্
কদাভ্যস্য বৃন্দাবনে স্যাং কৃতার্থঃ। ৮৯ ॥

টীকা।—কলিপাবনাবতার-শ্রীগৌরচন্দ্রেণোপদিষ্টং হরিনাম-মহামন্ত্রমেব সাধকস্য সর্ব্বস্বং। শ্রীবৃন্দাবনে এতন্নামাশ্রয়ে অবাধিত-সর্ব্বসিদ্ধিলাভঃ সুনিশ্চিতঃ। ইতি অমোঘসিদ্ধান্তানুসারতঃ সলালসং তৎ প্রার্থয়তি। যথা—

কৃপামূর্ত্তিনা (করুণাবতারেণ) শ্রীচৈতন্যদেবেন উপগীতান্ (আধিক্যেন গীতিতান্) হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ ইতি মুখ্যান্ (ইত্যাদীন্) মহাশ্চর্য্যনামাবলী-সিদ্ধ-মন্ত্রান্ (হরেকৃষ্ণ হরেকৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে। হরে রাম হরে রাম রাম রাম হরে হরে॥ ইতি নামাবলীগ্রথিত অব্যর্থমহামন্ত্রঃ যেষু, প্রতিনাম এব সিদ্ধ-মন্ত্রবৎ মহাশক্তিসম্পন্নং ইত্যর্থঃ) কদা বৃন্দাবনে অভ্যস্য (আবৃত্তিপূর্ব্বকং) কৃতার্থঃ স্যাং? (তদুচ্চারণস্য অবধারিতফলেন—সর্ব্ববিঘ্নবিনাশেন, মহাপ্রেম-লাভেন চ, রাধানন্দকিশোরয়োঃ রূপগুণলীলাস্বাদেনৈব, পূর্ণমনোরথো ভবামীতি ভাবঃ), (এতেন বৃন্দাবনাশ্রয়িভক্তানাং এতৎকর্ত্তব্যব্যাকুলতা শিক্ষণীয়া;

আভাস—জগদুদ্ধারকর্ত্তা শ্রীমন্মহাপ্রভু আচরণ ও সনির্ব্বন্ধ শিক্ষাদ্বারা যে হরিনাম মহামন্ত্র জগতে রাখিয়া গিয়াছেন। এবং লীলা সংবরণের পূর্ব্বে তাঁহার অব্যর্থ স্মরণে তদীয় জীবদুঃখ-কাতর হৃদয়ে সান্ত্বনার ও আনন্দের উদয় হওয়ায়—সহর্ষে যাহার গুণব্যাখ্যা করিয়াছিলেন * সেই সর্ব্বশক্তি-সম্পন্ন হরিনাম মহামন্ত্র বৃন্দাবনে পরিজাপিত হইলে সর্ব্বাপেক্ষা নিরবে ও সহজে স্বকীয় শক্তি প্রকটন করিয়া জাপকের সর্ব্ব বিঘ্ন বিনাশ, প্রেমদান ও শ্রীশ্রীরাধানন্দকিশোরের রূপগুণ লীলাস্বাদনের পূর্ণাধিকার প্রদান দ্বারা মনোরথ পূর্ণ করেন; তাই পরম লালসা ব্যাকুলিত হইয়া এ শ্লোকে তৎসাধন প্রার্থনা।

পদ্যানুবাদ—

করুণাবতার দেব চৈতন্য আমার, আপনি আচরি যাহা করিলা প্রচার।
সেই হরেকৃষ্ণ হরে আদি নামমালা, নিজগুণে গাঁথি যাহা জীবে প্রদানিলা।
প্রেমরসে মাখা সেই হরিনামাবলী, সরব শকতিময় সুমহিমাশালী।
কবে বৃন্দাবনে এই সিদ্ধ মন্ত্রচয়, জপিয়ে কৃতার্থ হব জুড়াবে হৃদয়।

* "হর্ষে প্রভু কহে শুন স্বরূপ রাম রায়! নামসংকীর্ত্তন কলৌ পরম উপায়॥ ইত্যাদি, শ্রীচৈতন্যচরিতামৃতে।

হৈমস্ফাটিক-পদ্মরাগরচিতৈর্মাহেন্দ্রনীল-দ্রুমৈ
র্নানারত্নময়স্থলীভিরলিঝঙ্কারৈঃ স্ফুটদ্বল্লিভিঃ।
চিত্রৈঃ কীর-ময়ূর-কোকিলমুখৈর্নানাবিহঙ্গৈর্লসৎ-
পদ্মাদ্যৈশ্চ সরোভিরদ্ভুতমহং ধ্যায়ামি বৃন্দাবনম্। ৯০ ॥

টীকা—চর্ম্মচক্ষুষি প্রাকৃতবৎ প্রতীতস্য শ্রীবৃন্দাবনস্য শোভাসন্দর্শনফলেন চ তৎ স্বরূপাবলোকনাকাঙ্ক্ষাসম্বদ্ধনতঃ বৃন্দাবনস্য ধ্যানস্ফূর্ত্তির্ভবতি, ভাবোল্লাস পরবশঃ তদাহ—

হৈমং (হেমমণিঃ) স্ফাটিকং (স্ফাটিকমণিশ্চ) তেন পদ্মরাগেণ চ রচিতৈঃ (নির্ম্মিতৈঃ) মাহেন্দ্রনীলং (ইন্দ্রনীলমণিঃ) তেন চরিতৈঃ দ্রুমৈঃ (বৃক্ষৈঃ) অপিচ নানারত্নময়স্থলীভিঃ; অলীনাং (ভ্রমরাণাং ঝঙ্কারৈঃ, স্ফুটদ্-বল্লীভিঃ) (প্রস্ফুটিত কুসুমলতাভিঃ); কীরাঃ (শুকাঃ) ময়ূরাঃ কোকিলাশ্চ মুখানি প্রধানানি যেষাং তৈঃ চিত্রৈঃ (মনোহরৈঃ) নানাবিহঙ্গৈঃ (বিবিধপক্ষিভিঃ) তথা লসন্তি (বিকসন্তি) পদ্মাদ্যানি (কমলাদিজলজপুষ্পাণি) যেষু তৈঃ সরোভিঃ (শ্রীরাধা-কুণ্ডাদিভিঃ ইত্যর্থঃ) অদ্ভুতং বৃন্দাবনং অহং ধ্যায়ামি (চিন্তয়ামি);

আভাস—প্রপঞ্চের ন্যায় প্রতীত শ্রীবৃন্দাবনের পরিদৃশ্যমান মাধুরী সন্দর্শনই তৎস্বরূপাবলোকনের লালসা ও ধ্যান স্ফূর্ত্তির নিদান, এ শ্লোকে তৎ প্রার্থনা।

পদ্যানুবাদ—মহা ইন্দ্রনীলমণি, হেমমণি আর
পদ্মরাগ স্ফটিকাদি মণিতে সুবিরচিত যথা তরুরাজি চারু শোভার আগার
বিবিধ বরণ রতনের নিরমিত—
তরুতল, বেদী, ভূমি, ঘাট, বাট, কাননাদি সমুদয় স্থলী মহা-সুষমা-লসিত।
যাবতীয় লতায় কুসুম বিকসিত—
রবিকরে বিমলিন হয় না ঝরে না তাহা, সদাই সুমনোহর শোভায় ভূষিত।
অলিকুল পরিমল-লোভে অবিরত—
গুঞ্জরিছে তাহে সুখে পবনে পরাগরাশি সতত উড়িছে তব রেণুতে পূরিত।
ময়ুর কোকিল শুক আদি নানাজাতি—
বিচিত্র বিহগগণ গাইতেছে সুমোহন যুগলের রূপগুণ লীলা-রসগীতি।
এইরূপ শোভাও বিভবে বিদ্যমান
সরোজাদি জলজকুসুমে ষড়ঋতু ভরি বিলসিত বৃন্দাবন আমার ধেয়ান।

তাম্বূল-পানক-মনোহর-মোদকাদি-
রম্যে লসন্মৃদুল-পল্লব-চারুতল্পে।
দ্বারস্থিতালিভিরহো সুহৃদাববেক্ষ্য
বৃন্দাবনং স্মর নিকুঞ্জগৃহৈর্মনোজ্ঞম্। ৯১ ॥

টীকা—পূর্ব্বানুবৃত্তেন রাধানন্দকিশোরয়োঃ রহোলীলান্বিতসখীসজ্জিত সঙ্কেতকেলিনিকুঞ্জান্বিতবৃন্দাবনস্য ধ্যানং কথয়তি যথা—

তাম্বূলানি (পর্ণগুবাক-বীটিকানি) পানকানি (পানীয়ানি) মনোহর-মোদকাদীনিচ (মনোরমলড্ডুকাদীনিচ) তৈঃ রম্যে (সুসজ্জিতে ইতি যাবৎ); তথা—লসৎ (বিরাজৎ) মৃদুলং (কোমলং) পল্লবেন চারু (মনোহরং) (মৃদুপল্লব-রচিতমিতি যাবৎ) যৎ তল্পং (শয়নং) তস্মিন, সুহৃদৌ (প্রণয়িনৌ রাধাকৃষ্ণাবিতি শেষঃ) অবেক্ষ্য (দৃষ্ট্বা) দ্বারস্থিতাভিঃ আলিভিঃ (দ্বারাৎ বহিঃস্থিতাভিঃ লতাবাতায়নে দত্ত-নয়নাভিঃ লীলাসন্দর্শনকারিণীভিঃ সখীভিঃ * সমন্বিতৈঃ নিকুঞ্জ-গৃহৈঃ (লতাকেতনৈঃ) মনোজ্ঞং (মনোহরং) বৃন্দাবনং স্মর (চিন্তয়); অহো ইতি হর্ষে।

আভাস—সেবাপরা সখীগণের দ্বারা সর্ব্বোপচারে সুসজ্জিত সঙ্কেতকুঞ্জে শ্রীশ্রীরাধারসিকেন্দ্রের মহানিভৃত রসলীলার সময়ে—সেবিকা সখীগণের নিকুঞ্জের বহির্ভাগ হইতে লতারন্ধ্রে নয়ন দিয়া সেই মনঃপ্রাণাভিরাম প্রেম নিরুপম আচরিত সন্দর্শনের পরমাভীষ্ট ধ্যান, এই শ্লোকে আংশিক প্রকাশ করিয়াছেন। অর্থাৎ প্রকাশ্য গ্রন্থে যতদূর বলা যাইতে পারে তন্মাত্র প্রকটন দ্বারা দিগ্‌দর্শন প্রদর্শন করিয়াছেন। পূর্ণধ্যান গুরূপদেশ গম্য।

পদ্যানুবাদ—

সুমধুর মোদক সু-রসাল তাম্বূল, সুখদ পানীয় আদি পরম অতুল।
কেলি-সুতলপ নানা উপচার যুত, সুকোমল মৃদুল পল্লবে সুরচিত।
তাহে বিলসিত রাধামাধব-বিহারে, পরমানুপম মঞ্জু নিকুঞ্জ আগারে।
দ্বারের বাহিরে সেবাপরা সখীগণ, যথা লতাবাতায়নে দানিয়ে নয়ন—
অনুরাগে লীলা নেহারিছে অনিমিষে, স্মর সেই বৃন্দাবন সদা মনোসুখে।

* "তল্পে ময়ৈব রচিতে বহুশিল্পভাজি, পৌষ্পে নিবেশ্য ভবতীং ন ন নেতি বাচাং।
কৃষ্ণঃ সুখেন রময়ন্তমনন্তলীলং বাতায়নাত্তু নয়নেন নিভালয়ানি॥"
ইতি শ্রীমদ্ বিশ্বনাথ চক্রবর্ত্তি-পাদস্য সঙ্কল্পকল্পদ্রুমস্থ শ্লোকানুসারতঃ এতদ্ বিবৃতিঃ

ক্বচিদ্রতি-বিমর্দ্দিত-প্রসব-তল্পকৈঃ কুত্রচিৎ
রতোপকরণান্বিত-প্রিয়-মৃদু-প্রসূনাস্তরৈঃ।
ক্বচিৎ প্রমদ-রাধিকামধুপতি-প্রবৃত্তোৎসবৈঃ
সদা নবনিকুঞ্জকৈঃ স্মর সুমঞ্জু বৃন্দাবনম্। ৯২ ॥

টীকা—এতেন লীলাবিলাসাবসিতনিকুঞ্জানাং; সম্ভাব্য ভাবিলীলার্থং সখীভিঃ সজ্জীকৃতানাং কুঞ্জাবলীনাং; এবঞ্চ যথেচ্ছলীলা-বিলাসান্বিতস্য কস্যচিৎ কেলিকুঞ্জস্য ধ্যানপ্রাধান্যময়ং শ্রীবৃন্দাবনধ্যানমাহ—

ক্বচিৎ রত্যা (সুরতেন) বিমর্দ্দিতং প্রসবতল্পং (পুষ্পশয়নং) যত্র তৈঃ, কুত্রচিৎ রতস্য (রতিবিলাসস্য) উপকরণেন (নব-নির্ম্মিতশয্যাদিনেতি ভাবঃ) অন্বিতানি (যুক্তানি) প্রিয়াণি (প্রীতিপ্রদানি) মৃদূনি (কোমলানি) প্রসূনান্যেব (পুষ্পাণ্যেব) আস্তরাঃ (আস্তরণানি) যত্র তৈঃ; ক্বচিৎ প্রমদয়োঃ (প্রোল্লসতোঃ) রাধিকামধুপত্যোঃ (রাধাকৃষ্ণয়োঃ) প্রবৃত্তঃ (আরব্ধঃ) উৎসবঃ (ক্রীড়ানন্দঃ) যেষু, তৈঃ নবনিকুঞ্জকৈঃ (নিত্যনবায়মাননিকুঞ্জকৈঃ) সুমঞ্জু বৃন্দাবনং সদা (নিরন্তরং) স্মর (ইত্যপি সর্ব্বেষাং সাধনস্য সারাৎসারমিতি শ্লোকস্য শিক্ষা)।

আভাস—এই শ্লোকে শ্রীবৃন্দাবনের যে কেলিকুঞ্জে রাধাশ্যামসুন্দরের কন্দর্প বিলাস সুসম্পন্ন হইয়াছে তাহার এবং ভাবী লীলাবিলাসের সম্ভাবনা জানিয়া সেবাপরা সুচতুরা সখীগণ কর্তৃক নানাপ্রকার লীলোপকরণে সুসজ্জিত নিকুঞ্জ সমূহের এবং বনভ্রমণাদির সময়ে কন্দর্পাবেশ উপজাত হওয়া প্রযুক্ত অনির্দ্দিষ্ট যে কোনও কুঞ্জে রসময়ী রসিকেন্দ্রের প্রেমক্রীড়ানন্দ চলিতেছে তাহার বর্ণনা করিয়াছেন।

পদ্যানুবাদ— মরদিত বিলাস-তলপ কোনো কুঞ্জে
বিরাজিত অনুপম, ধরি অঙ্গে মনোরম, সমাপিত বিলাসের পরিচয় পুঞ্জে।
কোথাও কুসুম-সেজে রতোপকরণে
শোভিত নিকুঞ্জাগার, চারুতম চমৎকার, নানাবিধ ভাবী মহালীলার সাধনে।
কোনও নিকুঞ্জে বিলসিত লীলারণে
রাধা সহ মধুপতি, প্রেমমধুমদে মাতি, সুখের সাগরে ভাসাইয়া নিজ জনে।
এইরূপ মধুর রসের-নিকেতন
নব নব কুঞ্জচয়, যাহে রসানন্দময়, স্মর সদা সেই রস ধাম বৃন্দাবন।

রাধাকৃষ্ণ-রহঃ-সুহৃৎ-ক্ষিতিধরস্যোপত্যকাসু স্ফুরন্
নানা-কেলি-নিকুঞ্জ-বীথিষু নবোন্মীলৎকদম্বালিষু।
ভ্রামং ভ্রামমহর্নিশং নমু পরং শ্রীরাসকেলিস্থলী-
রম্যাস্বেব কদা প্রকাশিতরহঃপ্রেমা ভবেয়ং কৃতী ॥ ৯৩ ॥

টীকা—অলক্ষ্যলক্ষিতলীলান্বিতকুঞ্জানাং ধ্যানানুসারতঃ: শ্রীগিরিরাজস্যো-পত্যকাবর্ত্তিনী অক্ষিগোচরনিকুঞ্জাবলী, তত্রৈব বসন্তরাসস্থলীচ, স্মরণাৎ তেষু সম্ভ্রমণ-লালসাপরবশঃ ভাবোল্লাসেন অধুনা তদানন্দং প্রার্থয়তি যথা—

রাধাকৃষ্ণয়োঃ রহঃসুহৃৎ (রহস্যলীলাসাধনবন্ধুঃ ইত্যর্থঃ) যঃ ক্ষিতিধরঃ (পর্ব্বতঃ শ্রীগোবর্দ্ধন ইতি ভাবঃ) তস্য উপত্যকাসু (আসন্নভূমিষু) স্ফুরন্তীষু (বিরাজন্তীষু) নানাকেলি-নিকুঞ্জ-বীথিষু (বিবিধকেলিকুঞ্জাবলীষু); তথোক্তাসু নবং, উন্মীলন্তঃ (নববিকশন্তঃ) কদম্বাদয়ঃ (কদম্বকুসুমাদয়ঃ) যাসু তত্র, অহর্নিশং (দিবারাত্রং) ভ্রামং ভ্রামং (বংভ্রমন্) পরং (শ্রেষ্ঠং, সর্ব্বাসু লীলাস্থলীষু পরতরং ইত্যর্থঃ) রম্যাসু শ্রীরামকেলিস্থলীষু (সৌভাগ্যপ্রেমসম্পদাদিপ্রদাসু তত্রস্থ রাসস্থলীষু) কদা নমু প্রকাশিতং (উদ্ভাবিতং) রহঃপ্রেম (নিগূঢ়প্রীতিপ্রকর্ষঃ) যেন তথাভূতঃ সন্—কৃতী (কৃতার্থঃ) ভবেয়ম্ ॥

আভাস—পূর্ব্বোক্তরূপে মহালীলাসমন্বিত অথবা তদুদ্দীপক উপকরণান্বিত শ্রীনিকুঞ্জাবলীর অনুধ্যান এবং শ্রীবৃন্দাবনে প্রত্যক্ষ বর্ত্তমান লীলাস্থলী সমূহে পরিভ্রমণ, দুই-ই সাধনের সারাৎসার। এ শ্লোকে শ্রীগোবর্দ্ধনের উপত্যকাভূমে অদ্যাপি বর্ত্তমান নিকুঞ্জাবলী এবং 'রাসৌলি' নামে পরিচিত সর্ব্বসৌভাগ্যপ্রদা রাসস্থলীতে পরিভ্রমণের ও নিগূঢ় প্রেমাবেশে তত্রত্য লীলাস্ফূর্ত্তি-সঞ্জাত পরমানন্দলাভের প্রার্থনা করিয়াছেন।

পদ্যানুবাদ—রাধামাধবের, লীলানিকরের সদা সমাধান কারী
গূঢ় প্রিয়তম, সুহৃদের সম, যেই গোবর্দ্ধন গিরি।
যাহার সমীপ-ভূমে অপরূপ, নানা কেলি-নিকেতন,
নব বিকসিত, কুসুমে লসিত কদম্ব তরুর গণ।
করে দিবানিশি প্রেমরসে ভাসি ভ্রমিয়া ভ্রমিয়া তায়
রাস-রস-ভূমে প্রকটিত প্রেমে, কৃতী হইবরে হায়!!

অলং ক্ষয়ি-সুখপ্রদৈ র্যুবতিপুত্রবিত্তাদিকৈ
র্বিমুক্তিকথয়াপ্যলং মম নমো বিকুণ্ঠশ্রিয়ে।
পরং ত্বিহ ভবে ভবে ভবতু বার্ষভানব্যথ
ব্রজেন্দ্রতনয়ো বনে লসতি যত্র তস্মিন্ রতিঃ। ৯৪ ॥

টীকা—পূর্ব্বশ্লোকোক্তভাবোল্লাসাতিশয্যেন সকলপার্থিবসুখানাং দুঃখদত্বং মুক্তিসুখানাং অসারতা, এবঞ্চ বৈকুণ্ঠবৈভবলাভস্যাপি হেয়ত্বানুভূতিঃ সংজায়তে, তৎসর্ব্বং তুচ্ছমন্যঃ প্রতিজন্মসু বৃন্দাবনরতিরূপপরমসৌভাগ্যমাকাঙ্ক্ষতি। যথা—

ক্ষয়িভিঃ (বিনশ্বরৈঃ) সুখপ্রদৈঃ যুবতিপুত্রবিত্তাদিকৈঃ (স্ত্রীপুত্রধনাদিভিঃ) অলং (ন কিমপি প্রয়োজনমিত্যর্থঃ) বিমুক্তিকথয়া (মোক্ষচর্চ্চয়াপি) অলং; বিকুণ্ঠশ্রিয়ে (শ্রীবৈকুণ্ঠধাম্নঃ মহৈশ্বর্য্যাদিসম্পদে) মম নমঃ (প্রণামঃ কিমপি প্রয়োজনং নাস্তি, ইত্যর্থঃ) পরং (কেবলং) বার্ষভানবী (বৃষভানুনন্দিনী শ্রীরাধা) ব্রজেন্দ্রতনয়ঃ (শ্রীকৃষ্ণশ্চ) যত্র লসতি (ক্রীড়তি) তস্মিন্ বনে (শ্রীবৃন্দাবনে ইত্যর্থঃ) ভবে ভবে (প্রতিজন্মনি) মম রতিঃ (অনুরাগঃ) ভবতু।

আভাস—অন্ধকারে বিদ্যুৎ—প্রদীপ্তির পরে যেমন অন্ধকার আরও গাঢ় তেমনি মায়াতমসাচ্ছন্ন সংসারে অচিরস্থায়ী ধনজনাদি-সঞ্জাত সুখে প্রকৃত পক্ষে কেবল দুঃখেরই পুষ্টিসাধন করে। আর বিমুক্তি অর্থাৎ মোক্ষদ্বারা আত্মনাশ হওয়ায়, আর সুখাস্বাদের উপায়ই থাকে না। এবং বৈকুণ্ঠের পরম সম্পদ ও সার্ষ্টি, সারূপ্য ও সালোক্য মুক্তিতে কেবলমাত্র রাজসিক ভাবেরই পরিতোষ বিধান করে, সুনির্ম্মল প্রেমানন্দের গন্ধও তাহাতে নাই' ইত্যাদি হেতুতে এ সকলের প্রতি বিতৃষ্ণা প্রকাশ করিয়াছেন।

পদ্যানুবাদ—

দারাসুত ধনাদিক সকলি অসাররে! ক্ষণিক সুখের ধাঁধাঁপ্রদ।
বিমুকতি বাঘিনীর সম ভয়ানকরে! কবলিত করে একেবারে
আনমুকতিরা বিভবাদি দিয়া ফেলেরে! অভিমান কূপের ভিতরে।
এসবের কথাও শুনিয়া কাজ নাইরে! এ সকলের কিছুই না চাই।
প্রেমানন্দ হীন সব বৈকুণ্ঠ বিভবেরে! দূর হোতে পরণাম ভাই।
জনমে জনমে মোর অবিচলা রতিরে! রহ রাধা কানুর কাননে
যথা মধুপতি ভানুকুমারী বসিতরে! সেই মোর প্রাণ বৃন্দাবনে।

নমামি বৃন্দাবনমেব মূর্দ্ধ্না বদামি বৃন্দাবনমেব বাচা।
স্মরামি বৃন্দাবনমেব বুদ্ধ্যা বৃন্দাবনাদন্যদহং ন জানে ॥৯৫॥
রাধাপতিরতিকন্দং বৃন্দাবনমেব জীবনং যেষাম্।
তচ্চরণাম্ভোজরেণোরাশামেবাহমাশাসে ॥ ৯৬ ॥

টীকা—প্রাগ্ বর্ণিতশ্লোকানাং তাৎপর্য্যং পরিব্যক্তং—বৃন্দাবনে সতত-লীলাবিহারিণৌ শ্রীশ্রীরাধানন্দকিশোরৌ, তয়োর্লীলাপরিকরনিকরাঃ, লীলো-পাদানানি শ্রীনিকুঞ্জাদীনি, লীলানন্দসম্বর্দ্ধকাঃ খগমৃগাদয়ঃ, লীলাসহায়াঃ শ্রীবৃন্দাদি বনদেব্যঃ, এতেষাং সর্কেষাং সমষ্টিরেব শ্রীবৃন্দাবন-শব্দ-বাচ্যং। অধুনা কায়মনো-বাক্যেন স্বকীয়তদাশ্রয়প্রিয়তামাহ—

বৃন্দাবনমেব মূর্দ্ধ্না (শিরসা) নমামি, বৃন্দাবনমেব বাচা বদামি, (বৃন্দাবনগুণমহিম মাধুর্য্যাদীনি বদামি ইত্যর্থঃ) বৃন্দাবনমেব বুদ্ধ্যা স্মরামি, অহং বৃন্দাবনাৎ অন্যৎ বস্তু ন জানে, (বৃন্দাবনেতরস্মরণকীর্ত্তন-বন্দনীয়ং বস্তু ন জানে ইতি তাৎপর্য্যং);

টীকা—ভাগ্যবতাং চরণাশ্রয়ে সৌভাগ্যমুদয়তি, তস্মাৎ দৈন্যেন বৃন্দাবন-প্রাণমহাসৌভাগ্যবতাং চরণরেণুমাশাস্তে। যথা,—

রাধাপতেঃ (শ্রীকৃষ্ণস্য) রতিকন্দং (রতিসুরুরুহস্য, পোষণোৎপাদনসংবর্দ্ধনবিষয়ে সসারমূলরূপমিতি ভাবঃ) বৃন্দাবনমেব যেষাং জীবনং অহং তেষাং চরণাম্ভোজ রেণোঃ (পাদপদ্মপরাগস্য) আশাং এব আশাসে (প্রার্থয়ে);

আভাস—বৃন্দাবন অর্থাৎ সদা বৃন্দাবনবিহারী শ্রীশ্রীরাধানন্দকিশোর, তাঁহাদের লীলাপরিকর সখী মঞ্জরী প্রভৃতি, লীলার উপাদান শ্রীনিকুঞ্জাদি, লীলানন্দ বর্দ্ধক ও লীলার সহায় খগমৃগ, বনদেব্যাদি সমন্বিত স্থান। এ শ্লোকে আপনার তদাশ্রয়নিষ্ঠতা প্রকাশ করিয়াছেন। ১০৫নং শ্লোক দেখ।

পদ্যানুবাদ—

প্রণমি শ্রীবৃন্দাবন অবনত শিরে, সদা গুণগান করি প্রেমানন্দ ভরে।
স্মরি সদা বৃন্দাবন অমল গেয়ানে, কিছুই রুচে না মোর বৃন্দাবন বিনে।

আভাস—বৃন্দাবন প্রাণ ভাগ্যবানের চরণাশ্রয়ে সেইরূপ ভাগ্যলাভ হয়, ঐ শ্লোকে তদর্থে প্রার্থনা

পদ্যানুবাদ—

বৃন্দাবন, রাধেশের মহারতিকন্দ, * তাহা যাহাদের প্রাণ তাহে মহানন্দ।
তাহাদের শ্রীচরণ সরোজের রেণু, লভিবার আশায় ধারণ মোর তনু।
(ভাগ্যবান্ মহতের শ্রীচরণধূলি, সুমহান্ সৌভাগ্যদানেতে মহাবলী)।

* শ্রীকৃষ্ণের রতিকল্পতরুর পোষণ উৎপাদন ও বর্দ্ধনবিষয়ে বৃন্দাবন উদ্ভিদের কন্দবৎ।

গৃণন্তি শুকশারিকাঃ সুচরিতানি রাধাপতে
স্তদেকপরিতুষ্টয়ে তরুলতাঃ সদোৎফুল্লিতাঃ।
সরাংসি কমলোৎপলাদিভিরধুশ্চ যত্র শ্রিয়ং
তদুৎসবকৃতে মনঃ স্মর তদেব বৃন্দাবনম্ ॥ ৯৭ ॥

টীকা—নবত্যেকনবতিদ্বিনবতীতি শ্লোকত্রয়েণ শ্রীবৃন্দাবনস্যাপ্রকটস্বরূপস্য ধ্যানং বর্ণয়ন্ অধুনা পঞ্চনবতিসংখ্যকশ্লোকানুসারতঃ ভাগ্যবদ্‌ভক্তানামনুভূতং শ্রীবৃন্দাবনস্য প্রকটিতসৌন্দর্য্যমাধুর্য্যং শ্লোকদ্বয়েন স্মরতি। যথা—

যত্র শুকশারিকাঃ রাধাপতেঃ (শ্রীরাধাকান্তস্য, যদ্বা রাধায়াঃ প্রাণরক্ষকস্য শ্রীকৃষ্ণস্য ইত্যর্থঃ) সুচরিতানি (প্রেমচরিতানি) গৃণন্তি, * যত্র তরবঃ লতাশ্চ তদেকপরিতুষ্টয়ে (তস্যৈব রাধাপতেঃ পরিতুষ্টয়ে) উৎফুল্লিতাঃ (বিকসিতাঃ নবনবপুষ্প-পল্লব-মুকুলান্বিতাঃ ইত্যর্থঃ); যত্র সরাংসি চ তস্য রাধাপতেঃ উৎসব-কৃতে (প্রীণনায়) কমলোৎপলাদিভিঃ শ্রিয়ম্ অধুঃ (সম্পদ্‌সৌন্দর্য্যং ধারয়ামাসুঃ) হে মনঃ তদেব বৃন্দাবনং স্মর।

আভাস—শ্রীবৃন্দাবনের অপ্রকট স্বরূপের ধ্যান ৯০, ৯১, ৯২, এই তিন শ্লোকে বর্ণনা করিয়া এক্ষণে ভাগ্যবান্ ভক্তগণের অনুভূত ও আস্বাদ্য প্রকটস্বরূপের শোভা ও মাধুরী, ৯৫ সংখ্যক শ্লোকের অনুবৃত্তিতে সানন্দে স্মরণ করিতেছেন।

পদ্যানুবাদ—

শুক শারিকাগণ, গাইতেছে অনুখণ, যথা রাধাপতির মধুর সুচরিত রে।
(কভু শারী রাধাগুণে, শুক কৃষ্ণগুণগানে, গুণপনা পরকাশি প্রেমে পুলকিত রে।
কভু বা মিলিত তানে, কভু একা একজনে, বরণিয়া মাধুরী চাতুরী কলা রস রে।
সুধার লহরী তুলে, প্রেমপয়োধির জলে, দোলাইছে শ্রোতাদের শরীর মানস রে।
যাবতীয় তরুলতা, ফুলফল দলযুতা, বিকাশিয়ে সদা নব নব চারু শোভা রে।
কত হরষের ভরে, উলসিত কলেবরে, করিতেছে রাধেশের প্রেমময় সেবা রে।
বাপীকূপ সরোবর, পুলকে পূরিতান্তর, কমল কুমুদ কুবলয়াদি ভূষিত রে।
যে লীলায় যাহা চাই; প্রদান করিয়া সেই সমাধি মহামহোৎসব সুললিত রে।
এইরূপ মনোরমা, শোভাদির পরিসীমা, মধুরিমা আনন্দ নিকেতন রে।
সুললিত রসসুধা, যাহে বিলসিত সদা, অনুদিন স্মরহ সুখের বৃন্দাবন রে।

* ১০৬নং শ্লোক দেখ, আরও অনেক সুন্দর বিবরণ, শ্রীগোবিন্দ লীলামৃতে আছে।

নানাকেলিনিকুঞ্জমণ্ডপযুতে নানাসরোবাপিকা-
রম্যে গুল্মলতাদ্রুমৈশ্চ পরিতো নানাবিধৈঃ শোভিতে।
নানাজাতিসমুল্লসৎখগমৃগৈ র্নানাবিলাসস্থলী-
প্রোন্মীলন্মণি-রোচিষি প্রিয় কদা ধ্যেয়োঽসি বৃন্দাবনে ॥৯৮

টীকা—"মদীশানাথত্বে ব্রজবিপিনচন্দ্রং স্মর মনঃ" ইতি শ্রীমদ্দাসগোস্বামিনা মনঃশিক্ষোক্ত্যনুসারতঃ রাধয়া সহ বিহারী শ্রীকৃষ্ণদেবঃ রাগানুগীয় সাধকস্য শ্রেষ্ঠঃ, অতএব সদা স্মরণীয়ঃ; তর্হি পূর্ব্বানুবৃত্তেঃ শ্রীবৃন্দাবনং বর্ণয়ন্ 'প্রিয়,' ইতি সম্বোধনেন তত্র, রাধাকান্তশ্রীকৃষ্ণস্য ধ্যানস্ফূর্ত্তিং প্রার্থয়তি যথা—

হে প্রিয়! (হে শ্রীকৃষ্ণ! ইতিভাবঃ) নানাকেলিনিকুঞ্জমণ্ডপযুতে (বিবিধক্রীড়াকুঞ্জগৃহসমন্বিতে) নানাসরোভিঃ (বিবিধকূপপুষ্করিণীভিঃ) বাপিকাভিশ্চ (দীর্ঘিকাভিশ্চ) রম্যে (মনোহরে); পরিতঃ (সমন্তাৎ) নানা জাতয়ঃ (বিবিধাঃ ইত্যর্থঃ) সমুল্লসন্তঃ খগাঃ (পক্ষিণঃ) মৃগাশ্চ (পশবশ্চ) যেষু, তৈঃ; নানাবিধৈঃ গুল্মলতাদ্রুমৈশ্চ (গুল্মাঃ সদা স্বল্পায়তা অনুচ্চা উদ্ভিদাঃ,লতা—মাধবী-লবঙ্গ-বল্ল্যাদয়ঃ, দ্রুমাঃ বৃক্ষাঃ তৈশ্চ) শোভিতে; নানা বিলাসস্থলীনাং (শ্রীরাসহোরিকাদি-বিবিধ-লীলা-সাধনস্থলীনাং) প্রকর্ষেণ উন্মীলৎ-মণিরুচিঃ (মহার্ঘোজ্জ্বলপ্রস্তারণাং কান্তির্যত্র তাদৃশে) বৃন্দাবনে কদা (কস্মিন্ সময়ে) ধ্যেয়ঃ (চিন্তনীয়ঃ আস) স্বমিতি শেষঃ।

আভাস—টীকাধৃত মদীশাদ্যশ্লোকের অভিপ্রায় এই যে শ্রীকৃষ্ণ আমাদের সর্ব্বেশ্বরী শ্রীরাধার সহিত প্রেমলীলায় বিলসিত, তিনিই আমাদের শ্রেষ্ঠ এবং আমরা তাহাকেই চাই। সুতরাং "হে প্রিয়! কবে তুমি বৃন্দাবনে আমার ধ্যানের বিষয় হইবে?" শ্লোকের এইরূপ উক্তি শ্রীরাধার সহিত লীলা বিলসিত শ্রীকৃষ্ণকে সম্বোধন করিয়া, শ্রীরাধাসঙ্গ বিচ্ছিন্ন কৃষ্ণকে লক্ষ্য করিয়া নহে।

পদ্যানুবাদ—

নানা কেলি নিকুঞ্জ মণ্ডপ মনোহর, অপরূপ বাপী যথা চারু-সরোবর।
রমণীয় তরুলতা গুল্মসুমোহন, চারিদিকে সুশোভিত বিবিধ বরণ।
নানা জাতি পশু পাখী প্রেমে উলসিত, দোলাদ্যুতাদির খেলাস্থলীতে লসিত।
মধুপান, জলকেলি বনবিহারের, মল্লরণ লুকোচুরী আদি কুতুকের
হিন্দোল, হোরিকা, রাস, কুসুমচয়, নাবিকের, দানীর সুরঙ্গ আচরণ,
এ সবের, আরো নানা বিলাসের স্থান, রতনের বেদিকাদি যথা বিদ্যমান।
হে আমার প্রিয়তমা হেন বৃন্দাবনে, ধ্যানের গোচর তুমি হবে কত দিনে?

যত্রৈবাতিরসোন্মদং বিহরতে মৎপ্রেষ্ঠবস্তুদ্বয়ং
ভক্তিঃ কাপি মহারসোৎসবময়ী যত্রৈব নিঃস্যন্দতে।
যত্রৈব প্রবিশন্তি নৈব নিগমশ্রেণীগিরাং ভঙ্গয়-
স্তস্মিন্নেব মমাস্তু ধীঃ প্রণয়িনী বৃন্দাবনে পাবনে ॥ ৯৯ ॥

টীকা—যস্যাঃ প্রেষ্ঠত্বে শ্রীকৃষ্ণো মম প্রেষ্ঠঃ সা মম পরমপ্রেষ্ঠা শ্রীরাধা সতত-মহাপ্রেমরসমধুমত্তা সতী স্বকান্তেন সার্দ্ধং বৃন্দাবনে বিহরিতাস্তি। উন্মদানাং বিচারাবেশঃ নবিদ্যতে, তস্মাৎ সন্দর্শনবিধুরস্য অযোগ্যজনস্যাপি শ্রীবৃন্দাবনে কুত্রাপি হঠাৎ তয়োর্দর্শনসৌভাগ্যং সম্ভবতি, ইতি আশায়াঃ সমুল্লাসপরবশঃ শ্রীবৃন্দাবনে স্বকীয়বিবিধবিচারদুষ্ট-বুদ্ধেঃ প্রিয়তাং প্রার্থয়তি। যথা—

অতিরসেন (প্রবর্দ্ধিতমহাপ্রেম্ণা) উন্মদং (প্রমত্তং) মম প্রেষ্ঠবস্তুদ্বয়ং (অতিপ্রিয়বস্তুযুগলং রাধাকৃষ্ণাখ্যিত ভাবঃ) যত্র বিহরতে (ক্রীড়তি); যত্রৈব কাপি (অনির্ব্বচনীয়া) মহারসেন (স্বসুখবাসনাদিবিকারশূন্যোজ্জ্বলরসোৎকর্ষেণ) উৎসবময়ী ভক্তিঃ (পরমানন্দপ্রদপ্রেমা) নিঃস্যন্দতে (স্রবতি, অবচ্ছিন্ননির্ঝর প্রবাহবৎ সততং স্বতঃ উৎসরতীত্যর্থঃ); যত্রৈব নিগমশ্রেণীগিরাং (উপনিষদ্ বাক্যানাং) ভঙ্গয়ঃ (তরঙ্গনিবহাঃ) নৈব প্রবিশন্তি (অপৌরুষবেদবাক্যেনাপি যদ্রসমাধুর্য্যাদয়ঃ ব্যক্তিং ন যান্তি, ইত্যর্থঃ) তস্মিন্নেব পাবনে বৃন্দাবনে মম ধীঃ (বুদ্ধিঃ) প্রণয়িনী অস্তু (প্রেমবতী ভবতু)।

বিশুষ্কোপনিষদালোচনাং বৃথা বিচারাদিকং পরিহৃত্য, পাবনবৃন্দাবনে প্রীত্যর্পণফলাৎ মম দুর্ব্বিচারকলুষিতা বুদ্ধিঃ বিশুদ্ধা ভবতু ইত্যভিপ্রায়ঃ।

আভাস—অতিরসে উন্মত্ত হইয়া আমার পরমপ্রেষ্ঠ বস্তুদ্বয় শ্রীশ্রীরাধা-ব্রজকিশোর বৃন্দাবনেই সতত অবস্থান করেন, সুতরাং আমার ন্যায় সর্ব্বথা অযোগ্যাধমজনের পক্ষে তাঁহাদের দর্শন লাভ কেবল মাত্র বৃন্দাবনেই সম্ভাবনীয় কারণ উন্মত্তের বিচারাবেশ থাকে না যোগ্যাযোগ্য বিচার পূর্ব্বক দর্শন প্রদান—যে সকল ধামের রীতি. তাহাতে আমার আশা পূর্ণ হইবার নহে, পবিত্রতা সাধক বৃন্দাবনে আমার বুদ্ধি প্রীতিযুক্তা হউক।

পদ্যানুবাদ—

মোর প্রিয়তম দোঁহু, মোর প্রিয়তম দোঁহু, যথা অতি রসভরে উনমত মুহু।
যাহা হোতে প্রবাহিত, যাহা হোতে প্রবাহিত,রসময়ী ভকতি নিখিল লোকাতীত
নিগমাবলীর বাণী, নিগমাবলীর বাণী, তরঙ্গ পশে না যাহে, বহে হারমানি।
সে পাবন বৃন্দাবনে, সে পাবন বৃন্দাবনে; লাগুক পিরীতিরস আমার গেয়ানে।

বাণ্যা গদ্‌গদয়া কদা মধুপতের্নামানি সঙ্কীর্ত্তয়ে
ধারাভির্নয়নাম্ভসাং তরুতলক্ষৌণীং কদা পঙ্কয়ে।
দৃষ্ট্বা ভাবনয়া পুরো মিলদিব স্বৈন্তেকভোগ্যং মহো-
দ্বন্দ্বং হেমহরিন্মণিচ্ছবি কদা নংস্যে মুহুর্ব্বিহ্বলঃ ॥১০০॥

টীকা—"অহো! কদা বৃন্দাবন-প্রণয়-রসবিধৌতবুদ্ধিঃ সন্‌ মম বক্ষ্যমাণং পরমমহাভাগ্যং ভবিষ্যতি" ইতি গৌরভক্তোচিতপরমশ্রেয়োদদৈন্যেন সাক্ষেপং সংপ্রার্থয়তি। যথা—

কদা গদ্‌গদয়া বাণ্যা (প্রেমবিজড়িতবাচা) মধুপতেঃ (সমস্তমধুরাণামধীশ্বরস্য শ্রীকৃষ্ণস্য) নামানি (মধুরনামসমূহানি ইত্যর্থঃ) সঙ্কীর্ত্তয়ে (সম্যক্‌ কায়মনোবচনেন কীর্ত্তয়ামি ইত্যর্থঃ); কদা নয়নাম্ভসাং (অশ্রূণাং ধারাভিঃ) তরুতলক্ষৌণীং (বৃক্ষতলভূমিং) পঙ্কয়ে? (তৎপ্রেক্ষণবাঞ্ছাজনিতদুর্ব্বিসহবিরহেণ প্রেমার্ত্তঃ সন্‌ অবিরতক্রন্দনেন; বৃন্দাবনতরুতলমৃত্তিকাং পঙ্কয়ামি ইতি তাৎপর্য্যং) কদা ভাবনয়া (স্মরণতীব্রতয়া) পুরঃ (অগ্রতঃ) মিলদিব (বিদ্যমানমিব) স্বৈন্তেক-ভোগ্যং (স্ব-অন্তঃ অনুরাগি চিত্তং যেষাং তৈঃ একং কেবলং ভোগ্যং) হেম-হরিন্মণিচ্ছবি (কাঞ্চননীলমণিপ্রভং) মহোদ্বন্দ্বং (জ্যোতির্যুগলং, রাধাকৃষ্ণাবিতি-ভাবঃ) দৃষ্ট্বা, প্রেমবিবশঃ সন্‌ মুহুর্ব্বারম্বারং) নংস্যে, (বন্দিষ্যে);

আভাস—শ্রীকৃষ্ণচন্দ্রের নাম গুণ রূপলীলা বাক্যব্যবহার চরিত্রাদি সমস্তই মধুর হইতে মধুর, সেই জন্য শ্লোকোক্ত 'মধুপতি' বৃন্দাবনস্থ শ্রীকৃষ্ণ, বৃন্দাবন প্রীতির অমৃতরসে বিধৌত বুদ্ধি হইয়া মধুপতির মধুর নামাবলী সংকীর্ত্তন অর্থাৎ কায়মনোবাক্যে কীর্ত্তন করার এবং তদ্দর্শন-বিধুর হইয়া বৃন্দাবনের বৃক্ষতলে প্রেমাশ্রুবর্ষণ করিতে করিতে তৎফলে রাধাশ্যামের স্বর্ণ-নীলোজ্জ্বল-কান্তিচ্ছটা দর্শনার্থ এই শ্লোকে সকাতর প্রার্থনা।

পদ্যানুবাদ—

হায়! কবে গদগদস্বরে, মধুসূদনের নামাবলী গাইব রে।
নয়নে ঝরিবে প্রেমজল, তাহাতে পঙ্কিল হইবে রে মহীতল।
বৃন্দাবন তরুর তলায়; এইরূপে কবে করিব রে হায় হায়!!
ভাবাবেশে ভাবিতে ভাবিতে যায় আমি কবে হেরিবরে আচম্বিতে।
অনুরাগী-হৃদয়ের ধন, সমুখে প্রকটিত নয়ন-মোহন,
হেমমণি নীলমণি জোর,রাজিত যুগল জ্যোতি পরম উজোর।
নেহারি পরম প্রেমভরে, বিভোর হইয়া প্রণমিব বারে বারে।

বৃন্দারণ্যনিকুঞ্জসীমনি বসন্ প্রেমাতুরশ্চিন্তয়ন্
স্বপ্রাণৈকধনং কিশোরমিথুনং দ্রক্ষাম্যকস্মাৎ কদা।
শ্যামাঃ কাশ্চন চন্দ্রিকা রসময়ী র্গৌরীশ্চ কাশ্চিচ্ছটাঃ
পশ্যামি শৃণুয়াঞ্চ শীতমধুরাঃ কাশ্চিন্মিথো বাক্সুধাঃ॥১০১॥

টীকা—বৃন্দাবনরসবিধৌত-মনসাং তদাশ্রিতানাং সর্ব্বসুদুর্লভালৌকিক-সৌভাগ্যবলীং পরিচিন্তয়ন্—পূর্ব্বশ্লোকানুবৃত্তে অন্যদপি পরমমহাসৌভাগ্যং প্রার্থয়তি যথা—

কদা—বৃন্দারণ্য-নিকুঞ্জ-সীমনি (বৃন্দাবনে বিদ্যমানে নিকুঞ্জে) বসন্,প্রেমাতুরঃ (প্রেম্ণা বিকল :—স্বপ্রেষ্ঠয়োঃ প্রেমসেবাকুলঃ ইত্যর্থঃ) চিন্তয়ন্ (তৎ সংস্মরন্) অকস্মাৎ (সহসা) স্বপ্রাণৈকধনং (নিজজীবনস্য একমদ্বিতীয়ং ধনং সম্বলমিতি ভাবঃ) কিশোরমিথুনং (নিত্যকিশোরবিগ্রহৌ নারীপুরুষৌ রাধাকৃষ্ণাবিতি যাবৎ) দ্রক্ষ্যামি; তথা কাশ্চন শ্যামাঃ (ঘনশ্যামবর্ণাঃ) চন্দ্রিকাঃ, (জ্যোৎস্নাঃ) (জ্যোৎস্নাবৎ শীতমধুরোজ্জ্বলকান্তিরিতি যাবৎ); কাশ্চিৎ রসময়ীঃ (প্রেমপ্রচুরাঃ) গৌরীঃ (গৌরবর্ণাঃ) ছটাশ্চ (কান্তিশ্চ) পশ্যামি। কাশ্চিৎ শীতমধুরাঃ (স্নিগ্ধমনোহারিণীঃ) মিথোবাক্সুধাশ্চ (সংলাপামৃতানিচ) শৃণুয়াম্। (উক্তিপ্রত্যুক্তিমৎ বাক্যং সংলাপ ইতি কীর্ত্ত্যতে)॥ ১০১॥

আভাস—স্মরণাত্মিকা-সাধনভক্তিই আবেশে লীলায় প্রবেশ করার সর্ব্বোত্তম উপায়। শ্রীবৃন্দাবনস্থ লীলাস্থলী সমূহ সাধারণ দৃষ্টিতে সম্প্রতি নাম মাত্রে পর্য্যবসিত হইলেও উহা লীলা উদ্দীপনের পরম সহায়। বৃন্দাবন রস বিধৌত-সুনির্ম্মল বুদ্ধি বৃন্দাবনাশ্রয়ী ভক্তগণের নিকটে কি রাধা বৃন্দাবনচন্দ্র কি লীলাস্থলী কেহই আত্মগোপন করিয়া থাকিতে পারেন না। সেই সকল ভক্তের যে সমস্ত অলৌকিক ও পরমাদ্ভুত সৌভাগ্য, উদয় হইয়া থাকে, তাহা পরিচিন্তন করিতে করিতে—লালসাকুল হইয়া পূর্ব্বশ্লোকের ন্যায় এই শ্লোকে আরও চমৎকার এক দেব-দুর্ল্লভ সৌভাগ্যাকাঙ্ক্ষা করিয়াছেন। ৪০ নং শ্লোক দেখুন।

পদ্যানুবাদ—

রসধাম বৃন্দাবনে, নিকুঞ্জের নিকেতনে, প্রেমাতুর হয়ে হায়! নিরজনে বসি,
কবে প্রাণধন মোর, কিশোর কিশোরীবর—মিথুনে, ভাবিব প্রাণ ভরি দিবানিশি।
বৃন্দাবন মহিমায়, ভাবনার ফল হায়! হাতে হাতে ফলিবে, পাইব অকস্মাৎ
রসময়ী সুবিমল, শ্যাম গৌরী নিরমল—জ্যোতিতে উজোর যুবযুগের সাক্ষাৎ।
দোহাকার সুমধুর, রসালাপ সুধাপূর, শুনি প্রাণ মন হইবে রে সুশীতল,
এমন সুদিন কিরে, আমি অভাগার তরে, হইবেক সমাগত (পরম মঙ্গল)।

বৃন্দারণ্যে কিমপি জনতাদুষ্প্রবেশং প্রদেশং
গত্বা প্রোচ্চৈ র্নিজদয়িতয়োর্নাম জল্পন্নুদশ্রুঃ।
অত্যন্তার্ত্ত্যা বিকলবিকলো দিব্যমূর্ত্ত্যা কয়াপি
শ্রীশ্বর্য্যাজ্ঞাকরমৃগদৃশা বাক্‌সুধাশ্বাসিতঃ স্যাম্‌ ॥ ১০২ ॥

টীকা—পূর্ব্বানুবৃত্তেঃ এতেনাপি সুনির্ম্মলৈকান্তপ্রেমবতাং বৃন্দাবনবাসিভক্তানাং মহাপ্রেমাচরণসঞ্জাতপরমাদ্ভুতং সৌভাগ্যান্তরং সংস্মরন্—তদাকাঙ্ক্ষতি। যথা—

কদা—বৃন্দারণ্যে কিমপি জনতাভিঃ (লোকসমূহৈঃ) দুষ্প্রবেশং (দুর্গমং) প্রদেশং গত্বা, উদশ্রুঃ (উদ্গতঃ আনন্দবাষ্পঃ যস্য তথাভূতঃ সন্) নিজদয়িতয়োঃ (স্বপ্রিয়য়োঃ রাধাকৃষ্ণয়োরিতি ভাবঃ) নাম প্রোচ্চৈঃ (প্রকর্ষেণ উচ্চৈঃ) জল্পন্ (কীর্ত্তয়ন্) অত্যন্তার্ত্ত্যা (প্রেমার্ত্তিভরেণ ইত্যর্থঃ) বিকলবিকলঃ (বিকলাদপি বিকলঃ অতিবিহ্বলো ভূত্বেতি ভাবঃ) অহং, কয়াপি দিব্যমূর্ত্ত্যা (অপার্থিব শরীরয়া) শ্রীশ্বর্য্যা (সৌভাগ্যনিধেঃ মদীশ্বর্য্যাঃ শ্রীরাধায়াঃ) আজ্ঞাকরমৃগদৃশা (কয়াপি হরিণ-নয়নীকিঙ্কর্য্যা ইত্যর্থঃ) বাক্‌সুধয়া বচনামৃতেন আশ্বাসিত স্যাম্? (ভবেয়ম্)। "ভো প্রেমার্ত্ত! ধৈর্য্যাবলম্বনং কুরু, করুণৈকপ্রতিমা শ্রীবৃন্দাবনেশ্বরী অবশ্যমেব ত্বন্মনোরথং সফলীকরিষ্যতীতি আশ্বাসপ্রকারম্।

আভাস—প্রেমাকুল ভক্তের প্রতি শ্রীবৃন্দাবনেশ্বরীর করুণাশ্বাস স্মরণে, এ শ্লোকে তৎ প্রার্থনা।

পদ্যানুবাদ—

বৃন্দা বিপিনের অতীব গহন কোনো নিরজন দেশে,
প্রবেশি, হা রাধে! – হা কৃষ্ণ বলিয়া ডাকিব সমুচ্চভাষে।
কবে বে আমার পরাণের ধন মিথুনেরে স্মউরিয়া,
নয়নের জলে—ভাসিব দোহার সুধামাখা নাম নিয়া।
অনরশ দুখে –আকুল পরাণ বিকল হইবে দেহ,
শয়ন ভোজন—বিসারিয়ে কাঁদি কাটাইব অহরহ।
করুণা কোমল—হৃদয়া, আমার শ্রীমতী ঈশ্বরী হায়
সে দশা নিরখি কোনো দাসী দিয়া আশ্বাসিবে অভাগায়।
সে দিব্যরূপিণী হরিণ-নয়নী আসি এ দুঃখীর পাশ
ভবসার সুধা বরষি বলিবে, "পূরিবেরে অভিলাষ।
ত্যজ হাহাকার অবশ্য আমার রাধারাণী নিজ গুণে
করুণা করেন নাম প্রেমাকুল হয় যারা বৃন্দাবনে।

এতৎ কারুণ্যপুঞ্জং কতিদিনকলিতস্বাশ্রয়প্রৌঢ়রাধা-
কৃষ্ণাঙ্ঘ্রিদ্বন্দ্বগূঢ়প্রণয়ভব-রসাভ্যঞ্জিতোদারদৃষ্টম্।
শ্রীমদ্‌বৃন্দাবনং মে নিজপরম-চমৎকারিরূপেণ সান্দ্রা-
নন্দৌঘস্যন্দি-বপ্রোচ্ছলিত-মধুরিমৈকার্ণবেনাবিরাস্তাম্ ॥১০৩॥

টীকা—অধুনা প্রেম্ণঃ স্বভাবেন সাধকোচিতসুমনোহরদৈন্যোদয়াৎ—প্রাগুক্ত যোগীন্দ্র-মুনীন্দ্র-সুদুর্লভসৌভাগ্য-সংপ্রার্থনা ধৃষ্টতৈবেতি প্রতীয়মানতয়া, চিত্তশুদ্ধি-সংসাধক-পাবনবৃন্দাবনস্য অনন্তমহিমান্বিতচমৎকারস্বরূপস্য স্ফূর্ত্তিমাশাস্তে। যথা—

এতৎকারুণ্যপুঞ্জং (এবম্ভূতঃ পূর্ব্ববর্ণিতাস্বরূপমিত্যর্থঃ) কারুণ্যপুঞ্জং (অগণ্য করুণাময়ং) শ্রীমদ্‌বৃন্দাবনং (সর্ব্বসৌভাগ্য-সম্পৎ সৌন্দর্য্যান্বিতং বৃন্দাবনং) কতিদিনানি কলিতেন (গৃহীতেন) স্বাশ্রয়েণ (স্বাবস্থানেন)—শ্রীশ্রীরাধাকৃষ্ণয়োঃ অঙ্ঘ্রিদ্বন্দ্বে (পদযুগলে) গূঢ়প্রণয়ভব-রসেন (রহস্যপ্রেমসঞ্জাতরসেন) অভ্যঞ্জিতস্য (ম্রক্ষিতস্য) উদারস্য (মহাত্মনঃ দৃষ্টং, সান্দ্রানন্দানাং (ঘনানন্দানাং) ওঘাঃ (প্রবাহাঃ) স্যন্দন্তে যস্মাৎ তাদৃশঃ বপ্রঃ (বেলাভূমিঃ) উচ্ছলিতঃ (পরিপ্লাবিত ইত্যর্থঃ) মধুরিম্ণঃ একার্ণবেন (অদ্বিতীয়সাগরেণ) নিজচমৎকারিরূপেণ, মে (মম হৃদি —ইতি ভাবঃ) আবিরাস্তাং (আবির্ভবতু) ঘনানন্দনিঃস্যন্দি-মধুরিমান্বিতেন নিজ স্বরূপেণ স্ফুরতু ইতি তাৎপর্য্যং। নিজপরমচমৎকারিরূপেণ চিদ্রূপেণ। পাদ্মে —এতৎ প্রমাণং যথা—

"নরাকারং ব্রহ্ম প্রভবতি পরং যঃ স্বয়মিতি, স্থলাকারং ব্রহ্ম ত্বমপি পরমস্মাৎ পরমিতি। তদীয়ঃ কামাদিঃ কিল ভবতি তনুধর্ম্ম ইব চিত্তবাপি শ্রীবৃন্দাবনধরণী ধর্ম্মোঽপি চিদিহ॥"

"তদেতৎ সর্ব্বং তে প্রণয়রসচিৎসাররমিতং, ধরাত্মাকাশান্তং পরিজনগণাঃ পক্ষিপশবঃ; দ্রুমা বল্ল্যো নদ্যো দ্রুম উদকমুখ্যাস্পদমুখং, তবান্তঃসম্বন্ধাৎ পরমপি পদন্তে সমদৃশং॥"

'উদারস্য দৃষ্টম্' ইত্যক্তেঃ প্রমাণং যথা তত্রৈব—

* * * লীলাঢ্যোঽপি প্রদেশোঽস্য কদাচিৎ কিল কাশ্চন, শূন্য এবেক্ষতে দৃষ্টি যোগ্যৈব স্বপরৈরপি॥

বৃহদ্‌বামনপুরাণে বৃন্দাবনস্য স্বরূপং যথা—

যত্র বৃন্দাবনং নাম বনং কামদুঘৈর্দ্রুমৈঃ মনোরম্যনিকুঞ্জাঢ্যং সর্ব্বর্ত্তুসুখসংযুতং।
তত্র গোবর্দ্ধনো নাম সুনির্ঝরদরীযুতঃ রত্নধাতুময়ঃ শ্রীমান্ সুপক্ষিগণসঙ্কুলঃ।
যত্র নির্ম্মলপানীয়া কালিন্দী সরিতাম্বরা, রত্নবদ্ধোভয়তটা হংসপদ্মাদিসংকুলা।
শশ্বদ্রাসরসোন্মত্তং যত্র গোপীকদম্বকং, তৎকদম্বকমধ্যস্থঃ কিশোরাকৃতি রচ্যুতঃ॥

আভাস—পূর্ব্ববর্ত্তী শ্লোকদ্বয়ে যোগীন্দ্র মুনীন্দ্রাদির সুদুর্লভ পরম মহা সৌভাগ্য লাভের প্রার্থনা করিতে করিতে প্রেমের স্বভাবে সাধকোচিত দৈন্যের উদয় হওয়াতে মনে হইতে লাগিল "অহো! পরম মলিন কলুষিতান্তর হইয়া আমি, বৃন্দাবনরস-বিধৌত-বুদ্ধি মহোত্তমভক্তের লভনীয় সৌভাগ্য লাভের নিমিত্ত লালায়িত! এইরূপ প্রার্থনার ফল লাভ হইবে কেন? তাহাতেই আদৌ শ্রীবৃন্দাবনের স্বরূপের স্ফূর্ত্তি হইয়া তাহাতে চিত্ত সুনির্ম্মল হওয়ার নিমিত্ত এই শ্লোকে বৃন্দাবনের কৃপা প্রার্থনা করিয়াছেন।

শ্রীকৃষ্ণ চন্দ্র যেমন নরাকার ব্রহ্ম অথচ দেহ ধর্ম্মান্বিতের ন্যায় প্রতীত, তেমনি তদীয় মহাধাম শ্রীবৃন্দাবন, স্থলাকার ব্রহ্ম এবং ধরণী ধর্ম্মে অপরিচিত। বস্তুতঃ শ্রীবৃন্দাবনের পৃথিব্যাদি আকাশান্ত সমস্ত ভূত, পরিজনগণ পশু পক্ষী বৃক্ষলতা নদী পর্ব্বতাদি সমস্তই চিদানন্দমূর্ত্তি এবং পরম প্রেমরসে রমিত। যেমন শ্রীকৃষ্ণ চন্দ্রকে ভিন্ন ভিন্ন ব্যক্তি ভিন্ন ভিন্ন রূপে দর্শন করিত। ভাগবতের বর্ণনানুসারে কংসের মল্লরঙ্গভূমিতে মল্লগণ দেখিয়াছিল বজ্র সদৃশ,নারীগণ দেখিয়াছিলেন মূর্ত্তিমান কন্দর্প, এইরূপে কংসের নয়নে সাক্ষাৎ মৃত্যু, বাৎসল্য রসাধিকারীগণের চক্ষে সুকোমলাঙ্গ শিশু ইত্যাদি প্রতীত জন্মিয়াছিল, তেমনি শ্রীধাম বৃন্দাবনকেও কেহ ভগবৎ ধামরূপে, তাহাকেই তীর্থ ক্ষেত্ররূপে, কেহ বা সাধারণ স্থানরূপেই দর্শন করেন, এবং কেবল রাধাপদাশ্রয়ি প্রেমিক ভক্তেরাই, বৃন্দাবনের মাধুরীও স্বরূপ সন্দর্শন করিতে পান। সকাতরে উৎকণ্ঠাকুল হৃদয়ে বৃন্দাবনের কৃষ্ণ প্রার্থনায় স্বরূপে সন্দর্শন লাভ হয়।

পদ্যানুবাদ।

এইরূপ স্বপাকার, করুণার মহাগার, শুভগ শুভদ বৃন্দাবন নিজ গুণে
কিছুদিন আবস্থান—আপনাতে করি দান, মহারতি দেন রাই কানুর চরণে।
সে পরম অভাজনে, বিলেপিয়া দেহ মনে, উদার হৃদয় মহা মহতের গণ
অতিশয় অপরূপ, যে বৃন্দাবনের রূপ, সুখে তাহা সতত করেন দরশন।
ঘনানন্দ রসস্রোত, বিসারী সে অদ্ভুত, মহামধুরিমার অতুল জল নিধি—
সুমিলিত চমৎকার, স্বরূপেতে আপনার, স্ফুরিত হউন মোর চিতে নিরবধি।
(সুললিত কেলিকুঞ্জ, সুরতরু তরুপুঞ্জ, রতনের ধাতুময়-গোবর্দ্ধন গিরি
মণিগণে বাঁধা তীর, সদা নিরমল নীর, শ্রীযমুনা যাহার বসন মনোহারী।
ষড় ঋতু নিসেবিত, নিরবধি সুশোভিত নব নবফুলে ফলে দলে মনোহর
অলিপিক শুকসারী, রবে দিবা বিভাবরী, মুখরিত। শিখির পেখমে চারুতর
গোপনারীগণ যুত, নানা লীলা বিলসিত, প্রেম মধুরিমার বারিধি বৃন্দাবন
এই মহা অভাগায়, করুণা করিয়া হায়, কতদিনে দিবেন স্বরূপে দরশন॥)

কদা সুদৃঢ়ভাবনোদিতনিজেষ্টরূপং মনা-
গপিস্মৃতশরীরকেণ হি রসে প্রবিষ্টোঽদ্ভুতে।
ক্ষণং কিমু মুহূর্ত্তকং কিমথ যামমেবাস্থিতো
বহির্দৃগপি মুগ্ধবৎ ব্যবহরামি বৃন্দাবনে॥ ১০৪॥

টীকা বিনা স্বাভীষ্ট-সিদ্ধ স্বরূপস্য স্ফুরণেন, পুরুষাভিমানান্বিতান্তরে ব্রজনব-যুবদ্বন্দ্বস্য রসলীলোদয়ো নাস্তি। তল্লোভ সম্পন্ন-সাধকভাব বির্মাজ্জিতঃ সংক্ষুব্ধহৃদয়েন বৃন্দাবনমহিম্না আত্মনঃ সিদ্ধমঞ্জরীস্বরূপস্য স্ফূর্ত্তিমাকাঙ্ক্ষতি। যথা—

কদা—সুদৃঢ়য়া (বিঘ্নাদিনা অবাধিতয়া একাগ্রয়েত্যর্থঃ) ভাবনয়া উদিতা (জাতা) নিজেষ্টরূপস্য স্বাভিলষিতমঞ্জরীরূপস্য ইতি ভাবঃ) মনাগপি (অল্পোঽপি) স্মৃতঃ (সংস্মরন্) শরীরকেণ (তৎ ক্ষুদ্র-গোপকিশোরীশরীরেণ ইত্যর্থঃ) (অল্পার্থে কন্) হি (নিশ্চিতং) অদ্ভুতে রসে প্রবিষ্টঃ (শ্রীরাধায়াঃ রহোদাস্যে প্রবিষ্টে সতীতি ভাবঃ) ক্ষণং (দণ্ডস্য ষড়ংশমাত্রং) কিমু (অথবা) মুহূর্ত্তকং (দণ্ডদ্বয়ং) অথকিং যামমেব (প্রহরকালমেব। বহির্দৃগপি (বাহ্যদৃষ্টিরপি) মুগ্ধবৎ (বহির্দৃষ্টি-বিমূঢ়বৎ) আস্থিতঃ (একাবস্থানঃ) বৃন্দাবনে ব্যবহরামি (আচরামি); ১০৪॥

আভাস—স্বকীয় সিদ্ধদেহের অর্থাৎ স্বাভীষ্ট গোপকিশোরী দেহের স্ফূর্ত্তিতে, বাহ্যানুভূতি অতিক্রম করিয়া অন্তর্দ্দশায় আবিষ্ট না হইলে ব্রজকিশোর কিশোরীর—পরমাভীষ্ট প্রদ প্রেমলীলায় চিত্তের সুপ্রবেশ ও যথাবিহিত মানসী-সেবানুশীলনের মহাসৌভাগ্য লাভ হয় না, অথচ উহাই রাগানুগীয় ব্রজোপাসকের সমস্ত কর্ত্তব্যের ও সমস্ত ভজনের সার। * "হায়! আজ পর্য্যন্ত আমার যথোচিত সিদ্ধ দেহাবেশ সঞ্জাত হইল না! কি করিয়া মনোভিলাষ পূর্ণ হইবে? একমাত্র বৃন্দাবনের করুণা বিনা আমার ন্যায় অভাজনের ইহা হইবার কোনও উপায় নাই, এইরূপ ভাবোদয়ে এই শ্লোকে উৎকট আক্ষেপাকাঙ্ক্ষা প্রকটিত।

পদ্যানুবাদ—

অদ্ভুত প্রেম যেই, তাহে পরবেশ নেই, বাহিরে নয়ন মোর বাহিরে নিবেশ,
সুদৃঢ় চিন্তার ফলে, যার দরশন মিলে, সেই নিজ সিদ্ধ দেহে নাহিরে আবেশ!
বৃন্দাবন মহিমায়, সে নিজেষ্টরূপ হায়! সেই নব সুকুমার ছোট তনুখানি,
বারেকের তরে মোর, স্মরণের সুগোচর, কবে হইবে হায়! জুড়াবে পরাণি?
ক্ষণেক বা মুহূর্ত্তেক, অথবা প্রহর এক, হায় কিরে সে দশায় পরবেশ করি,
বৃন্দাবনে বিহরিব, বাহ্য দৃষ্টি ভুলে যাব, মুগধ জনের সম—আনন্দ আচরি?

* যথা—সেবা সাধকরূপেণ সিদ্ধরূপেণ চাত্র হি। তদ্ভাবলিপ্সুনা কার্য্যা ব্রজলোকানু-সারতঃ। ইতি।

নান্যদ্বদামি ন শৃণোমি ন চিন্তয়ামি
নান্যদ্ব্রজামি ন ভজামি নচাশ্রয়ামি।
পশ্যামি জাগ্রতি তথা স্বপনেঽপি নান্যৎ
শ্রীরাধিকা-রতি-বিনোদ-বনং বিনাহম্ ॥ ১০৫ ॥

টীকা—প্রাক্‌পশ্চাদ্বর্ণিতবৃন্দাবনানন্দসমন্বিতং তন্মহিমোৎপন্নাসাধারণাদ্ভুত-পরমমহাসৌভাগ্যং সংস্মরন্ উল্লাসোন্মত্তঃ স্বকীয়তচ্ছরণসর্বস্বতামাহ যথা—

অহং শ্রীরাধিকায়া রতিবিনোদবনং (রতিক্রীড়য়া বিনোদং, যস্মা রতিক্রীড়নে বিনোদঃ মনোমদং বনং বৃন্দাবনস্থং বনমিত্যর্থঃ) বিনা অন্যৎ ন বদামি, ন শৃণোমি, ন চিন্তয়ামি, ন ব্রজামি (ন গচ্ছামি) ন ভজামি, নচ আশ্রয়ামি, জাগ্রতি (জাগরণাবস্থায়াং) তথা স্বপ্নেঽপি ন পশ্যামি ইত্যন্বয়ঃ (শুচিরস-লীলোপাদানানি, লীলাসহায়াঃ) তৈঃ সমন্বিতৌ সপরিকরশ্রীশ্রীরাধামাধবৌ যত্র বিলসিতৌ (তৎ যোড়শক্রোশভূমিরেবং বৃন্দাবনং) তন্মহিম-রূপগুণাদেরন্যৎ ন বদামি, ন শৃণোমি ন চিন্তয়ামি। তৎ পরিহৃত্য অন্যধামাদিষু কুত্রাপি ন গচ্ছামি; বৃন্দাবন-লীলেতরলীলাদিকং কথান্তরং দেবতান্তরংবা ন ভজামি, ন আশ্রয়ামি স্বপ্নেঽপি ন পশ্যামি ইতি ভাবঃ।

আভাস—শ্রীবৃন্দাবনের নব আনন্দামৃতভর এবং তৎকৃপা ও মহিমা-সম্ভূত মহা শোভানিচয়ের স্মরণানন্দে, এই শ্লোকে—বৃন্দাবনে আপনার অনন্যশরণাগতি প্রকাশ করিয়াছেন এবং তাঁহাদের সুপবিত্র রসলীলা লীলোপাদান লীলা সহায়াদি সমন্বিত ষোলক্রোশ পরিব্যাপ্ত সেই শ্রীরাধার রতি-বিনোদবনের গুণ লীলা মহিমাদি ব্যতীত আর কিছুই বলিব না, শুনিব না, ভাবিব না, অন্য ধামাদি কোথাও যাইব না। অন্য কাহাকেও ভজিব না, অন্য কাহারও আশ্রয় প্রাণ গেলেও লইব না, স্বপ্নেও অন্য কিছু দর্শন করিব না। ইহাই শ্লোকাক্ষরের ভাবার্থ।

পদ্যানুবাদ—রাধা-রতিবিলাসের বিনোদ বিপিন রে—বিনোদ বিপিন,
মনোন্দ্রিয়-নিচয়ের, পরম পরিতোষের, পরানন্দদানের বিষয় চিরদিন।
বৃন্দাবন গুণলীলা মহিমাদি বিনা রে—মহিমাদি বিনা—
কোনো কথা কহিতে, চিতে চিন্তইতে, কিছুতেই কোনো কালে আমি পারিব না।
ভোগাদির কারাগারে স্বরগাদি ধামে রে—স্বরগাদি ধামে
যাইতে কি আশ্রয়িতে, ভজিতে কি নিরখিতে, স্বপনেও সাধ নাই, আমার মরমে।

কিং মাং খেদয়সে বিমুঞ্চ বসনং, তল্পোত্তমেঽস্মিন্ সুখে-
নাগত্য স্বপিহি, ত্যজ ত্যজ ভুজং,শ্লিষ্যামি কান্তে ! সকৃৎ।
আঃ কিং নির্দ্দয় ! মুঞ্চ মুঞ্চ, ন কিমপ্যাপীড়য়ে রাধিকা-
কৃষ্ণালাপমিমং কদা নু শৃণুয়াং বৃন্দাটবী-কীরতঃ ॥১০৬॥

টীকা—নৈশ নিকুঞ্জলীলায়াং বামমনোহরায়াঃ শ্রীরাধায়াঃ পরমপ্রেমমধুর-বাম্যবচনামৃতমিলিতঃ ধীরললিত-নাগরেন্দ্রস্য প্রাণ-মনোহর-প্রেমাগ্রহ-সংলাপ-সুধা আস্বাদ্য, প্রভাতে বৃন্দাবনকীরস্য তদুদ্গীরণস্ফুরণাৎ। এতেন সকাতরং তৎশ্রবণসৌভাগ্যমাকাঙ্ক্ষতি। যথা—

(১) "মাং কিং (কথং) খেদয়সে ? (বিবঞ্চয়সি ?) বসনং (বস্ত্রং) বিমুঞ্চ (ত্যজ)," (২) "অস্মিন্ তল্পোত্তমে (উত্তমশয়নে—তব, কুসুম-সুকোমলতনু-সংস্থাপনযোগ্যশয্যায়াং) সুখেন আগত্য স্বপিহি" (৩) "ভুজং ত্যজ ত্যজ (মুঞ্চ মুঞ্চ)" (৪) "হে কান্তে ! সকৃৎ (বারমেকং) শ্লিষ্যামি (আলিঙ্গামি)" (৫) "আঃ কিং নির্দ্দয় ! মুঞ্চ মুঞ্চ (কথং পীড়য়সে মাং পরিহর)" (৬) "ন কিমপি আপীড়য়ে (কিঞ্চিদপি ন পীড়য়ামি) ইমং (ইত্থং) রাধিকাকৃষ্ণয়োঃ আলাপং (পরস্পরং সুরম্যপ্রেমকথনং) কদা বৃন্দাটব্যা কীরতঃ (বৃন্দাবনশুকমুখাদিতি ভাবঃ) শৃণুয়াম্ ? ইত্যন্বয়ঃ। ইত্যর্থঃ।

আঃ বিরক্ত্যতিশয়সূচকমব্যয়ং—অত্র অবহিত্থাময়ং কপট-বিরক্তি-ব্যঞ্জকং (নু—বিতর্কে) শ্লোকস্থপ্রথমোক্তিঃ কোমলশয্যাধ্যাসনার্থং কান্তাকর্ষিত বস্ত্রাঞ্চলায়াঃ শ্রীরাধায়াঃ দ্বিতীয়বাক্যং বস্ত্রাঞ্চলং বিসৃজ্য পরম-প্রেমাদরেণ কান্তাকর-ধারিণা শ্রীকৃষ্ণেনোক্তং, তৃতীয়োক্তিঃ প্রাণপ্রিয়তমস্য হস্তাৎ হস্তাকর্ষণব্যাজেন নিজাঙ্গে তৎকরস্পর্শবিধায়িন্যাঃ শ্রীনাগরীরাঙ্গনায়াঃ; চতুর্থং প্রিয়তমা-বরামুরা[illegible] ধারিণা শ্রীকৃষ্ণচন্দ্রেণ। পঞ্চমোক্তিঃ অবহিত্থামধুরায়াঃ শ্রীরাধায়াঃ। ষষ্ঠোক্তি প্রেমিকপ্রবরেণ শ্রীরাধাকান্তেন নিগদিতা।

আভাস— বৃন্দাবনের পশু-পক্ষিগণের বিশেষতঃ শুকসারিকা সকলে[র] ন্যায় পরমাতুল সৌভাগ্যশালী কোনও লোকে কেহ নাই। শ্রীরাধা রসিকেন্দ্র শিরোমণি দিবারাত্রি যত লীলাচরণ করেন, ইহারা সেই সমস্ত দর্শন করে এ[বং] তদুভয়ের বনভ্রমণলীলা বিশ্রামলীলা প্রভৃতির সময়ে, লীলাসহায়িনী শ্রীবৃন্দাদেবী দ্বারা অধ্যাপিত—শ্রীশ্রীরাধাশ্যামসুন্দরের গুণলীলা ও প্রেমচরিত্রাদি প্রকাশক প[দ]

মনোহর এবং মহানন্দপ্রদ শ্রুতিসুখদ সুমধুর কবিতাবলীর মধ্যে সময়ানুরূপ রসপোষণার্থ যখন যেগুলি আবৃত্তি করিলে রসরঙ্গের সমুদ্র তরঙ্গায়িত হয়, সেইগুলি এমন দক্ষতার সহিত সুললিত স্বরে উচ্চারণ করে এবং সময়ে সময়ে তদ্দ্বারা এমন সুমনোহর, এমন সুমধুর, এমন অমৃতস্রাবী পরস্পর প্রেম-কল্লোল বিস্তার করে যে সমগ্র পরিজনের সহিত শ্রীশ্রীরাধাকৃষ্ণ তাহাতে আনন্দ বিমোহিত ও বিভোর হইয়া যান। এই সকল শুক-সারিকার উচ্চারিত বহুতর সুধারসপূর্ণ শ্লোক শ্রীগোবিন্দলীলামৃতে বর্ণিত আছে। সুতরাং এই শ্লোকোক্ত কথাগুলি আবৃত্তি করা বৃন্দাবনস্থ শুকের পক্ষে কদাপি অসম্ভব নহে। এইরূপে শ্রীশ্রীরাধামাধবের পরমরসময় সংলাপামৃত, প্রাণ ভরিয়া কর্ণপুটে পানকারী এবং সময়ান্তরে উহা উদ্গারকারী কোনও শুকের অমৃতবর্ষি-বাণীর স্ফূর্ত্তিতে এই শ্লোকের তৎশ্রবণ-সৌভাগ্য প্রার্থনা। যথা—ব্রজরঙ্গিণী-রাঙ্গিয়ার নৈশনিকুঞ্জলীলাকালে শ্রীনাগরশেখরেন্দ্র বামমনোহরা প্রিয়তমাকে কেলিশয্যাগত করণার্থ তাহার বস্ত্রাঞ্চল আকর্ষণ করায় তাঁহার কপট বচনে বারণ—"কেন আমাকে কদর্থনা করিতেছ? বস্ত্রাঞ্চল ত্যাগ কর" এতচ্ছ্রবণে শ্রীনাগরমণি তদীয় কর ধারণ করিয়া কহিলেন "প্রিয়ে! তোমার কুসুম সুকোমল শ্রীঅঙ্গ স্থাপনোপযোগী এই পরমোত্তম শয্যায় মনঃসুখে আগমন পূর্ব্বক শয়ন কর" শুনিয়া রসরঙ্গিণীর উক্তি—"আমার হাত ছেড়ে দেও তুমি অমন কর কেন?" এই বলিয়া হস্তাকর্ষণ ছলে কান্তের হস্ত আপনার অঙ্গে অর্পণ করাইবামাত্র রসিক-শিরোমণি দুই হস্তে প্রেয়সী মণিকে দৃঢ়ালিঙ্গন পূর্ব্বক বক্ষে ধারণ করিলেন। তাহাতে শ্রীরাধা অন্তরে আনন্দের সাগরে ভাসিয়াও বাহিরে বিরক্তি প্রকাশের সহিত নিবারণ করিতে লাগিলেন "আঃ তুমি কি নির্দ্দয়! ছেড়ে দেও, বড় কষ্ট হইতেছে" নাগররাজ সোহাগের অমৃত বর্ষণ করিয়া বলিলেন "কই আমি তো বিন্দুমাত্রও দুঃখ দিতেছি না" শুক অবিকল এই সমুদয় উক্তি করিবে এবং আমি শুনিয়া ধন্য হইব।

পদ্যানুবাদ—"কেন দুঃখ দেও ছাড় বসন," দয়িতার এই পিরীতি-ভাষে
কহিলা নাগর—"সুখে এসে এই স্বতল্পে শোও বারেক বসে।"
প্রেমাদরময়, এই অনুনয় করে ধরি কানু করিলে পরে
"ত্যজ ত্যজ ভুজ অমন ক'রো না" কহিলেন ধনী মধুর স্বরে
"একবার মোরে দেহ আলিঙ্গন" বলি রসরাজ ধরিলা হৃদে
"আঃ কি নিরদয়! ছাড়হ পীড়ন" উত্তরিলা রাই বীণার নাদে।
"পীড়া দিনু কই?" কহিলা নাগর নিকুঞ্জলীলায় নিশীথকালে
শুনি প্রেমভরে পরম মধুরে উগারিছে শুক বসিয়া ডালে।
হায় কি আমার হেন দিন হবে বৃন্দাবনবাসী শুকের মুখে
লোকদুরলভ এই সুধারস পান করিবরে মনের সুখে।

কদা বা স্বচ্ছন্দং দিনরজনিবৃন্দাবন-বনে
চরন্নেকঃ স্বস্ত্যদ্ভুতনবনিকুঞ্জালিষু বিশন্।
অকস্মাদেবালৌকিকমধুরকৈশোরসুবয়াঃ
'ইতো ন ত্বং যায়া' ইতি মৃদুগিরা বারয়তি মাম্।১০৭॥

টীকা—এতেনাপি প্রেম্ণা বৃন্দাবনাশ্রয়িণাং পরম-মহাসৌভাগ্যান্তরং সংস্মৃত্য তদাকাঙ্ক্ষতি যথা—

কদা বা দিনরজনি (দিবারাত্রং) বৃন্দাবনবনে (দ্বাদশবনসমষ্টিভূতে বৃন্দাবনধামান্তঃস্থিতে বৃন্দাবনাখ্যে বনে) স্বচ্ছন্দং (স্বেচ্ছানুরূপং) চরন্ (ভ্রামং ভ্রামং) নবনিকুঞ্জালিষু (অদৃষ্টপূর্ব্ব-নিকুঞ্জশ্রেণীষু) বিশন্ (প্রবিষ্টঃ সন্) একঃ (সর্ব্বোত্তমঃ) অদ্ভুতঃ সু (মহাশ্চর্য্যমঙ্গলং, সৌভাগ্য' বা) অস্তি (ভবতি); তৎপ্রকারমাহ অকস্মাৎ এব (হঠাৎ) অলৌকিকঃ (সর্ব্বলোকাতীতঃ) মধুরা (মনোহরা) কৈশোরসুবয়াঃ (কাপি সুকিশোরী) "ইতঃ (অত্র পুরঃস্থে নিকুঞ্জে) ত্বং ন যায়াঃ (নাগচ্ছ) ইতি মৃদুগিরা (অনুচ্চকোমলবচসা) মাং বারয়তি (নিষেধয়তি) ইত্যন্বয়ঃ।

যদৃচ্ছয়া পর্য্যটন্ অগ্রতঃ নবশোভান্বিতনিকুঞ্জাবলীঃ সংবীক্ষ্য—কাস্মিংশ্চিৎ নিকুঞ্জাভ্যন্তরে প্রবেশোদ্যতে ময়ি, অবলোক্য কাচিৎ সুদিব্যনবকিশোরী মৎপুরঃ সমাগত্য, তৎকুঞ্জে রাধামাধবয়োঃ রহোলীলাচারঃ বর্ত্ততে ইতি হেতুনা মাং নিবারয়িষ্যতি। ইতি তাৎপর্য্যং।

আভাস—প্রেমবান্ বৃন্দাবনাশ্রয়ী সুগভীর নিশাকালে এইরূপে কুঞ্জে কুঞ্জে পরিভ্রমণ করিতে করিতে কদাপি কোনও দিন হঠাৎ অভিনব অর্থাৎ পূর্ব্বে কখনও দেখা নাই এমত কোনও নিকুঞ্জে আপন অন্বেষণীয় ধন প্রাপ্ত হইয়া কৃতার্থ হন, বৃন্দাবনের এই সর্ব্বলোকাতীত পরমাদ্ভুত মহিমা স্মরণে সেইরূপ সৌভাগ্যলাভের মহালালসা এই শ্লোকে প্রকাশ করিয়াছেন।

পদ্যানুবাদ—

হায় কি এ হেন দিন হইবে আমার রে! হইবে আমার?
দিবানিশি বৃন্দাবনে, বিয়াকুল মনে রে ভ্রমিয়ে বেড়াব নবকুঞ্জালি মাঝার।
আচম্বিতে হবে তাহে নবশুভোদয় রে—নবশুভোদয়।
অপরূপ সুরূপসী, কোনও কিশোরী আসি, সুমধুর মৃদুভাষে নিবারিবে মোয়।
"এদিকে এসো না ওহে যাও দূরদেশে রে! যাও দূরদেশে,
যে লাগি অমিয়মাখা, সেই নিবারণে রে! বুঝিয়া ভাসিব কবে পিরীতির রসে!*

* এ কুঞ্জে রাধামাধবের রহস্যলীলা হইতেছে এদিকে আসিও না, ইহাই সে নিবারণের উদ্দেশ্য।

কদা বা তূষ্ণীকঃ শিথিলিতসমস্তব্যবহৃতি
স্ত্যজন্ দীর্ঘশ্বাসং কথমপি গৃহীতৈক-কবলঃ।
সদা জাগ্রৎপ্রায়ঃ ক্ষণমুদিততন্দ্রোঽতিমধুরং
তদালোকে বৃন্দাবনভুবি নিজপ্রাণমিথুনম্ ॥ ১০৮ ॥

টীকা—বৃন্দাবন-প্রেমবতামধিবাসিনাং "ক্ষান্তিরব্যর্থকালত্বং" ইত্যাদি ভক্তিশাস্ত্রোক্তব্যবহৃতিঃ, অচিরাৎ তজ্জাত-ফলোৎকর্ষপরিচিন্তনাৎ তেষাং একঃ স্বপ্নলব্ধঃ সুমহান্, সৌভাগ্যস্ফুরণেন আগ্রহাকুলঃ তদাকাঙ্ক্ষতি। যথা—

কদা বা বৃন্দাবনভুবি, তূষ্ণীকঃ (মৌনব্রতী অহং ইত্যর্থঃ), শিথিলিতা (ত্যক্তা, বিস্মৃতেতি যাবৎ) সমস্তা ব্যবহৃতিঃ যেন (বাহ্যব্যবহারঃ যেন) তথাভূতঃ অহং দীর্ঘশ্বাসং ত্যজন্ (হা বৃন্দাবনেশ্বরি! হা ব্রজসুধাকর! বারমেকং মম সান্নিধ্যো ভব ইতি সকাতরোৎকণ্ঠদুঃখার্ত্তহৃদয়ো নিরন্তরং দীর্ঘশ্বাসং প্রক্ষিপন্) কথমপি গৃহীতং এককবলং (গ্রাসমাত্রৈকং, কদাপি যথালব্ধং কিঞ্চিৎভোজীত্যর্থঃ) সদা (সততং দিবারাত্রমিতিভাবঃ) জাগ্রৎপ্রায়ঃ (প্রায়েণ আধিক্যেন জাগরিত স্তিষ্ঠন্) ক্ষণং উদিতা (উপস্থিতা) তন্দ্রা (নিদ্রাবেশঃ) যথা, তথাভূতঃ সন্ অতিমধুরং তৎ (পূর্ব্বশ্লোকোক্তং নিকুঞ্জলীলাবিলসিতং) নিজপ্রাণমিথুনং (স্বপ্রাণরূপং যুগলং রাধাকৃষ্ণাবিতি ভাবঃ) আলোকে? (পশ্যামি?)॥

আভাস—প্রেম-পরবশ বৃন্দাবনাশ্রয়ী মহাশয়েরা অনিদ্রায় অনাহারে দিবা-নিশি ইষ্টান্বেষণ করিতে করিতে কদাপি তন্দ্রাভিভূত হইলেও আপনাদের জীবনী-ভূত রাধাগোবিন্দের নিকুঞ্জলীলাই দর্শন করেন। প্রীতিকর্পূরে সুবাসিত বৃন্দাবনের মহিমামৃত, এমনই পরমাদ্ভুত বস্তু, কিন্তু প্রেম-রস-কণিকার স্পর্শ-বিরহিত বিশুষ্কহৃদয় অভাগিয়া আমার অদৃষ্টে সে সুসৌভাগ্য লাভের সম্ভাবনা কোথায়? এইরূপ ক্ষোভাভিভূত-চিত্তে শ্রীবৃন্দাবনের মহামহিমোদয় হওয়ায় তাহাই প্রার্থনা করিয়াছেন।

পদ্যানুবাদ—

কদাপি বা বৃন্দাবন ভূমে সব ভুলি বিলসিব শিথিল নিয়মে
যথা লাভ গ্রাসেক আহারে, রাখিয়া পরাণ রহিব রে মৌনাচারে।
যুগলের লীলা স্মউরিয়া, ছাড়িব দীর্ঘশ্বাস বিরহে পুড়িয়া,
দিবানিশি জাগিয়া কাটাবো, কদাচিত ক্ষণতরে তন্দ্রালু হইব।
তাহাতেও নিরখিব হায়! লীলাবিলসিত মোর পরাণ দোহায়।

অকস্মাদেকস্মান্নবললিতকুঞ্জাদ্বত বহি-
র্ভবৎ স্মিত্বা নব্যং তরুণমিথুনং লৌকিকমিব।
গতো দূরং দৃষ্ট্বা পুনরথ নিবৃত্য স্বদয়িতৌ
বিলোক্য স্থাং বৃন্দাবনভুবি মহাপ্রেমবিকলঃ।১০৭॥

টীকা।—স্বপ্রাণমিথুনস্য বনভ্রমণার্থং বহির্গমনসময়ে তয়োর্দ্দর্শনমাশাস্তে। যথা—বৃন্দাবনভুবি (ইহ ভৌমবৃন্দাবনে) অকস্মাৎ (সহসা, পূর্ব্ববৎ পর্য্যটনস্য সময়ে ইতি ভাবঃ) একস্মাৎ নবললিতকুঞ্জাৎ (অভিনব-চারুনিকুঞ্জাৎ)* স্মিত্বা (ঈষৎ হাস্যং কৃত্বা) বহির্ভবৎ (বহিরাগতং) লৌকিকমিব (সাধারণমানবমিব) নব্যং (নবীনং) তরুণমিথুনং (যুবযুগলং) দৃষ্ট্বা দূরং গতঃ (সামান্যমানব-মিথুন-বোধাৎ সঙ্কোচাদাঃ আদৌ দূরং ব্রজামীত্যর্থঃ) অথ (অনন্তরং) নিবৃত্য পুনঃ (ভ্রমাপনয়নে পুনরাগত্য) স্বদয়িতৌ (নিজবল্লভৌ শ্রীরাধামাধবৌ ইত্যর্থঃ) বিলোক্য (নিরীক্ষ্য) মহতা প্রেম্ণা (পরমপ্রেমরসেন) বিকলঃ (বিহ্বলঃ) স্যাং (ভবেয়ম্?) মম কিং এতাদৃশং সৌভাগ্যং ভবিষ্যতীতি শেষঃ। বত ইতি খেদে।

আভাস—পূর্ব্বোক্তরূপে দিবানিশি বৃন্দাবনে ভ্রমণ করিতে করিতে প্রেমবান্ বৃন্দাবনাশ্রয়ী মহাত্মাগণের অকস্মাৎ কোনও দিন বনভ্রমণার্থ নিকুঞ্জ হইতে বহির্গত হইয়া শ্রীশ্রীব্রজকিশোরকিশোরীর সাক্ষাৎসন্দর্শনরূপ মহাসৌভাগ্য লাভ হয়, এক্ষণে সেই সৌভাগ্য লাভের নিমিত্ত দুর্ব্বারণীয় লালসাকুল হইয়া শ্রীবৃন্দাবনের কৃপাসম্বলে তদাকাঙ্ক্ষা করিতেছেন।—

পদ্যানুবাদ—

বৃন্দাবন মহিমায়, নয়নে হেরিব হায়! সহসা সে সদা নব ব্রজযুবদ্বয়
কোনো নব সুললিত, কুঞ্জ হো'তে আচম্বিত, স্মিতমুখে করেছেন বাহিরে বিজয়।
লৌকিক আচারসম, সেই লীলা মনোরম, নিরখি চিনিতে নারি সঙ্কুচিত হয়ে
আন লোক মনে করি প্রথমে যাইব সরি, তখনি আবার আসিবরে পালটিয়ে।
(অনুপম লীলারসে, সুখের সাগরে ভেসে, হরষিত, নানাভাব ভূষায় মধুর
তুলি কাননের ফুল, কিসলয় সু-মুকুল, একে আনে পরাইয়া মহাসুখে ভোর)
এইরূপ লীলাময়, আমার দয়িতদ্বয়, মহাপ্রেম-মাধুরী-কলিত কলেবর
নিরখি হায় রে কবে, আঁখি তিরপিত হবে, বিকল হইবে দেহ হৃদিপ্রাণ মোর।

* অভিনব চারুনিকুঞ্জ অর্থে যাহা ইতিপূর্ব্বে আর কখনও নয়নগোচর হয় নাই, এইরূপ একটি মনোহর নিকুঞ্জ। ইহার দ্বারা স্পষ্টই ব্যক্ত হইল, শ্রীশ্রীরাধাগোবিন্দের রহোলীলান্বিত নিকুঞ্জ, চর্ম্মচক্ষের অগোচর, কেবল প্রেমনয়নে দর্শনীয়।

কদা পূর্ণজ্যোৎস্নাধবলে রাসবলয়ে
চরন্নেকো বৃন্দাবনপতি-বিলাস-স্মৃতিপরঃ।
অকস্মাদানন্দাম্বুধিলহরি-কোলাহলমিব
ধ্বনিং দিব্যং বেণোর্ব্বলয়রসনাদেশ্চ শৃণুয়াম্ ?।১১০॥

টীকা—শ্রীরাসলীলাবিষ্টঃ তদ্দর্শনাধিকারাভাবাৎ শ্রীবৃন্দাবনস্য কৃপায়াং তদানন্দকোলাহলাদেঃ শ্রবণসৌভাগ্যমাকাঙ্ক্ষতি। যথা—

কদা পূর্ণয়া জ্যোৎস্নয়া ধবলা (শুভ্রা) রজনী (রাকানিশা) যস্মিন্ তাদৃশে রাসবলয়ে (শ্রীরাসলীলানাং মণ্ডলে), বৃন্দাবনপতেঃ (অভীষ্টদানাৎ, বিঘ্ন-বিপদ্-বিনাশাচ্চ—বৃন্দাবনং পাতি রক্ষতি যঃ তস্য শ্রীকৃষ্ণস্য ইত্যর্থঃ) বিলাসঃ (প্রেমলীলা-দয়ঃ) তেষাং স্মৃতিপরঃ (স্মরণাবিষ্টঃ সন্) একঃ (একাকী) চরন্ (পর্যাটন্) অকস্মাৎ (সহসা) আনন্দাম্বুধেঃ (আনন্দসাগরস্য) লহরেঃ (তরঙ্গস্য) কোলাহলমিব (কল-রবমিব) বেণোঃ (মুরল্যাঃ) বলয়স্য (চূড়িকায়াঃ) রসনাদেশ্চ (কিঙ্কিনানূপুরাদেশ্চ) দিব্যং * (অলৌকিকং) ধ্বনিং শৃণুয়াম্? ইতি। আদিশব্দেনাত্র বীণা-মুরজ-ডমরু রবাদিবাদ্যযন্ত্রাণাং ধ্বনিশ্চ জ্ঞেয়ঃ?

আভাস—রাসকেন্দ্রশেখর শ্রীকৃষ্ণচন্দ্রের সমস্ত লীলার সারভূতা শ্রীরাস-লীলা সিদ্ধদেহ প্রাপ্তি ব্যতীত প্রত্যক্ষ দর্শনের সৌভাগ্যলাভ কিছুতেই হইতে পারে না তথাপি শ্রীবৃন্দাবনের পরমাতিশায়া কৃপার প্রভাবে, প্রেমে বৃন্দাবনাশ্রয়ী ভক্তগণ উহার শ্রাব্যরসামৃত কর্ণচষকে পান করিয়া ইহ দেহেই চরিতার্থ হইয়া থাকেন, তাঁহাদের এই অভাবিত মহাভাগ্যের স্মরণে রাসরসাবিষ্ট পরমবন্দনীয় গ্রন্থকর্ত্তা দৈন্যার্ত্তিসংমিশ্রিত লালসায় আকুল হইয়া এই শ্লোকে তল্লাভের প্রার্থনা করিয়াছেন।

পদ্যানুবাদ—কবে রে কবে রে মোর হবে শুভক্ষণ ?
জোছনা উজোর রজনীতে—রাস-রসভূমি পুলিন বলয়ে করিব রে বিচরণ।
ভ্রমিয়া ভ্রমিয়া তায়, একা মনসুখে হায়, স্মরি রসশেখরের মধুর বিলাস,
পিরীতির পরভাগে, সুমহান্ অনুরাগে, উপজিবে চিতে চারু রসের উল্লাস।
অমনিরে আচম্বিতে, পশিবেক শ্রুতিপথে বেণু-বীণা-রসনা-বলয়াদির নাদ
পরানন্দ বারিধির, সুললিত লহরীর, কোলাহল-সম তাহে হইব উনমাদ!

* সমস্ত বৃন্দাবনের বিঘ্নবিপদ বিনাশ এবং অভীষ্ট পূর্ণ করিয়া তৎপালক অথবা দেবরাজ-কর্ত্তৃক বৃন্দাবনাধীশরূপে অভিষিক্ত, শ্রীকৃষ্ণই বৃন্দাবনপতি।

কদা বা কস্যাপি স্ফুটনবকদম্বস্য বিটপে
স্ফুরদ্‌গোপীভর্ত্তুঃ কিমপি কলয়ে স্মেরবদনম্।
কদা শ্রীরাধায়াঃ কুসুমচয়-লোলঞ্চ ললিতং
করং বীক্ষে বৃন্দাবনভুবি লতৌঘে ক্বচিদপি।১১১॥

টীকা—স্বৈশ্বর্য্যাঃ কুসুমচয়নলীলায়াং, অলক্ষিত-কদম্বশাখোপবিষ্টনাগরেন্দ্রস্য শ্লথোত্তরীয়ায়াঃ কান্তায়াঃ বস্ত্রাদ্যুন্মোচিতাঙ্গনিরীক্ষণ-কৌতুকস্য স্ফুরণাৎ তৎ সন্দর্শনভাগ্যং আকাঙ্ক্ষতি। যথা—

কদা বা বৃন্দাবনভুবি (ইহ ভৌমবৃন্দাবনে) কস্যাপি স্ফুটস্য (বিকশিতস্য) নবকদম্বস্য (নবপুষ্পিতানুচ্চকদম্ববৃক্ষস্য ইত্যর্থঃ) বিটপে (শাখায়াং) স্ফুরন (বিরাজমানঃ) যঃ গোপভর্ত্তা (গোপনারীণাং দেহেন্দ্রিয়প্রাণমনঃপ্রভৃতীনাং অধীশ্বরঃ শ্রীকৃষ্ণ ইত্যর্থঃ) তস্য কিমপি (অনির্ব্বচনীয়ং) স্মেরবদনং (মৃদুহাস্যময়ং মুখং) কলয়ে? (অবলোকয়িষ্যে?); কদা বা ক্বচিদপি লতৌঘে (লতায়াঃ ওঘে সমূহে) শ্রীরাধায়াঃ কুসুমানাং (পুষ্পাণাং) চয়ে (আহরণে) লোলং (চঞ্চলং) ললিতং (সুন্দরং) করং বীক্ষে? (পশ্যামি)

আভাস—প্রেমের সহিত বৃন্দাবনাশ্রয়ী ভাগ্যবান্ গণের অপূর্ব্বাদ্ভুত সৌভাগ্যরাশি পর্য্যালোচনা করিতে করিতে, শ্রীশ্রীরাধাশ্যামসুন্দরের একটি অপূর্ব্ব প্রেমলীলা হৃদয়ে দেখিলেন। তাহা এই যে—শ্রীবৃষভানুনন্দিনী বৃন্দাবনের লতার ঝোপ হইতে ফুল তুলিতেছেন, সুতরাং উত্তরীয় শিথিল ও অর্দ্ধোন্মোচিত হওয়াতে শ্রীঅঙ্গের অনেক অংশ দেখা যাইতেছে, ভাল করিয়া এই শ্রীঅঙ্গমাধুরী দর্শনার্থ নাগরেন্দ্র রসিকমণি নিকটবর্ত্তী একটি নবপুষ্পান্বিত কদম্বের শাখায় আরোহণপূর্ব্বক অনিমিখ নয়নে সানন্দে নিরীক্ষণ করিতেছেন। শ্রীবৃন্দাবনের করুণায় এই পরমাপূর্ব্ব প্রাণানন্দী প্রেমলীলা সন্দর্শনের জন্য অদম্য লালসান্বিত হইয়া এই শ্লোকে তাহাই প্রার্থনা করিয়াছেন।

পদ্যানুবাদ—

নব-কুসুমিত কদম্ব শাখায় কবে নিরখিব বৃন্দাবনে হায়! মাধবের স্মিতমুখে,
লোল-সুললিত কর উত্তোলিয়ে রাধার, কুসুমাহরণ করিয়ে বিলসিত মহাসুখে।
চারুতম লতাবিতানে প্রিয়ার ভুজমূল, মহা শোভার আধার অনিমিখে নিরখিয়া
প্রেমসমাকুল শ্রীগোপবল্লভ, লীলাপিপাসিত দেহ মন সব, রসে উছলিত হিয়া।

* এই লীলা পুষ্পাপহরণব্যাজে প্রেমময় প্রেমময়ীর প্রেমকল্লোল এবং শ্রীরাধার স্ফীত বক্ষে বহুতর পুষ্প লুক্কায়িত বলিয়া নাগরশেখরের তদন্বেষণাদিতে বড়ই মধুমাখা ভাব।

ইদং মে কিং ভাবি ? দ্রুতকণকগৌরচ্ছবি, হরি-
ন্মণিশ্যামং ধামদ্বয়মিহ মিথোঽংসার্পিতভুজম্।
নিরীক্ষে তৎ স্মেরং মম বহুবিধপ্রেমবিসৃতং
মুখং পশ্চাচ্ছায়াদ্বয়মথ পুরো মূর্চ্ছয়তি মাম্ ॥১১২॥

টীকা—মে (মহ্যং) কিং ইদং (এতাদৃশং সৌভাগ্যং ইত্যর্থঃ) ভাবি ? ভবিষ্যতি ?) যৎ দ্রুতং (দ্রবীভূতং) কণকং (স্বর্ণং) তদ্বৎ গৌরচ্ছবিঃ (গোরোচনা-কান্তিঃ) যস্য এবম্ভূতং 'একং' ইতি শেষঃ, এবঞ্চ হরিন্মণিশ্যামং (মকরতশ্যামলং) 'অপরং' ইতি শেষঃ ধামদ্বয়ং (বিগ্রহযুগলং রাধাকৃষ্ণাবিতি ভাবঃ) যৎ ইহ (অস্মিন্ বৃন্দাবনে) মিথঃ পরস্পরং) অংসে (স্কন্ধদেশে) অর্পিতভুজং (একৈক-হস্তন্যস্তং) স্মেরং (মন্দহাস্যযুক্তং) বহুবিধেন প্রেম্ণা বিসৃতং (ব্যাপ্তং) মুখং ; যৎ পশ্চাৎ (পৃষ্ঠতঃ) অথ পুরঃ (অগ্রতঃ) ছায়াদ্বয়ং (জ্যোতির্যুগ্মং গৌর-শ্যামলং কান্তিচ্ছটাযুগলং বিদ্যতে ইতিশেষঃ) তৎ (অপূর্ব্ববিগ্রহদ্বয়ং ইতি ভাবঃ) মম নিরীক্ষে (দৃষ্টিপথে স্থিত্বা ইতি শেষঃ) মাং মূর্চ্ছয়তি (মোহয়তি) ;

আভাস "বৃন্দাবনে আমার অদ্যাবধি যৎসামান্য অবিচলা প্রীতিও উপজাত হইল না। অথচ পরমপ্রেমবান্ বৃন্দাবনাশ্রয়ী ভাগ্যবান্ গণের লভনীয় সুদুর্ল্লভ সৌভাগ্যলাভের নিমিত্ত আমার দুর্নিবার দুরাশা ! হায় ! আমার এ সকল আশা কি কখনও পূর্ণ হইবে ?" উপরের ও নীচের অনেক শ্লোকই গ্রন্থকার মহোদয়ের এইরূপ দৈন্যার্ত্তি-সংমিলিত। এই শ্লোকেও তদ্ভাবাঢ্য হইয়া প্রার্থনা করিয়াছেন হায় ! আমার প্রাণপ্রিয়তম মিথুন অগ্রে ও পশ্চাতে উভয়ত্র গৌর-শ্যামলোজ্জ্বল অপূর্ব্ব কান্তিচ্ছটায় বিলসিত হইয়া একে অপরের স্কন্ধে বাহু বেষ্টনপূর্ব্বক স্মিতমুখে শ্রীবৃন্দাবনের বনান্তে পরিভ্রমণ করিবেন আর আমি নয়ন ভরিয়া উহা দেখিব, আমার কি এমন সৌভাগ্য হইবে ?

পদ্যানুবাদ

হেন মহামঙ্গল কি ঘটিবে আমার রে ! ঘটিবে আমার ?
গলিত কণক কাঁতি, মহানীলমণি ভাতি, নিরখিব যুগল মূরতি জ্যোতিসার।
দুঁহু ভুজ দুঁহু কাঁধে, গমন বিবিধ ছাঁদে, নানা রস বিলসিত হসিত বদন
হেমনীল অনুপম, মনোনয়নাভিরাম, আগে পাছে জ্যোতিযুগ রাজিত মোহন
বৃন্দাবন মহিমায়, নিরখিয়ে সে দোহায়, প্রেমমূরছায় আমি হারাব চেতন,
অভাবিত অনুভবে, জনম সফল হবে, হেন শুভদিনের কি হবে আগমন ?

অতিপ্রেমোৎকট্যাৎ ক্ষিতিষু বিলুঠৎ মে বপুরিদং
করেণ স্পৃষ্ট্বা মাং বিলুঠয়তি রাধা প্রিয়যুতা।
অহো বৃন্দারণ্যেঽদ্ভুতমহিমসীমন্যপি সুদু-
র্ঘটাশা কাপ্যেকা সমুদয়তি হা কিং ন ভবিতা ? ॥১১৩॥

টীকা—স্বপ্রাণপ্রেষ্ঠয়োঃ দর্শনবাসনাসমুত্থ-পরমোৎকট-প্রেমাধিক্যাৎ বৃন্দাবন-ক্ষিতিবিলুণ্ঠিতঃ সন্ তয়োর্দ্দর্শন স্পর্শনলাভেন অচিরাৎ সিদ্ধস্বরূপং সংপ্রাপ্য নিত্যলীলায়াং প্রেমসেবালভনমাকাঙ্ক্ষতি। যথা—

অহো! অদ্ভুতমহিম্নাং (বিচিত্রপ্রভাবানাং) সীমনি (অবধিভূতে) বৃন্দারণ্যে কাপি অনির্ব্বচনীয়া) সুদুর্ঘটা (অত্যসম্ভবা) একা আশা সমুদয়তি (সম্যক্ স্ফুরতি, মদীয়েতি শেষঃ); প্রিয়েণ (বল্লভেন শ্রীকৃষ্ণেন ইত্যর্থঃ) যুতা (মিলিতা) রাধা অতিপ্রেমোৎকট্যাৎ (মহোৎকটপ্রেমার্ত্তিবশৎ) ক্ষিতিষু ভূমিষু বিলুঠৎ ইদং মে বপুঃ (মদীয়ং দেহং) করেণ স্পৃষ্ট্বা মাং বিলুঠয়তি, (তয়োঃ শ্রীপদে বিলুণ্ঠনং কারয়তি)"; হা! কিং ন ভবিতা? (এষা মমাশা কিং সফলা ন ভবিতা);

অভাস—অমার একটি অতি সুদুর্ঘটা আশা এই—আমার প্রাণপ্রিয়তম বৃন্দাবনেশ্বরী ও ব্রজসুধাকরের অদর্শন-সঞ্জাত মহোৎকট বিরহবিষদাহে আমি বাহ্যহারা হইয়া বৃন্দাবনভূমিতে অনবরত বিলুণ্ঠিত হইব, আর কোনও সময়ে নিজবল্লভের সহিত বৃন্দাবনবিহারিণী অপার করুণাময়ী আমার রাধারাণী,—তদ্দর্শনে স্নেহার্দ্র হইয়া নিকটে আগমনপূর্ব্বক আমার গায় হাত বুলাইয়া অমৃতাভিষিক্ত করিবেন; তাহাতে নয়ন মেলিয়া চিরবাঞ্ছিত যুগলরূপমাধুরী দর্শনে আমি উভয়ের শ্রীপদে লুটাইয়া পড়িব, হায় রে! বৃন্দাবনের মহিমায় কি আমার এ সাধ পূর্ণ হইবে না?

পদ্যানুবাদ—

"অতি উতকট প্রেমে বিবশের ভরে, বিলুঠিব বৃন্দাবনে পরম কাতরে।
বঁধুসহ বিহরিতা বনে, বৃষভানুসুতা, আহা রসে উনমাদ দশা নিরখিয়া
পরশি কোমলকরে পরম সেনেহ ভরে, দানিবেন কৃপাসুধা নিকটে আসিয়া।
তাহে সচেতন হয়ে, সব দুখ বিসরিয়ে, অমনি নয়ন মেলি নিরখি দোঁহারে
লুঠিয়া চরণতলে, বলিব কাতর বোলে, প্রদানিয়া দাসীপদ বাঁচাও আমারে।"
বৃন্দাবনধামের অপার মহিমায়, এ চির আশা কি মোর পূরিবে না হায়?

কদা বা কালিন্দী-তট-নিকট-বৃন্দাবন-লতা-
নিকুঞ্জান্তঃ সুপ্তং তদতিসরসং প্রেষ্ঠমিথুনং।
মিথোগাঢ়াশ্লিষ্টং মৃদুমৃদু ময়া লালিতপদং
মুদা বীক্ষ্যে স্বপ্নেঽপ্যহহ সুখনিদ্রাং গতমহং॥ ১১৪॥

টীকা—প্রোচ্ছলিত-প্রেম-স্বভাবজ দৈন্যোদয়েন আত্মনং পরমাযোগ্যমন্য-মানো রাধামাধবয়োঃ সাক্ষাৎসেবাসৌভাগ্যং সুদূরপরাহতাবধৃতঃ স্বপ্নেষু ধার্যাতয়োঃ পদসেবানন্দমাশাস্তে। যথা,—

অহো! কদা বা কালিন্দীতটস্য (যমুনাতীরস্য) নিকটে যৎ বৃন্দাবন-নিকুঞ্জঃ (বৃন্দাবনস্থলতামণ্ডপঃ; তদন্তঃ (তন্মধ্যে) সুপ্তং (শয়িতং, রহো লীলাবসানে অলসলীলাবিলাসতং ইতি ভাবঃ) অতিসরসং (পরমানন্দপূর্ণম্) মিথঃ (পরস্পরং গাঢ়াশ্লিষ্টং (দৃঢ়ালিঙ্গিতং) এবঞ্চ ময়া মৃদুমৃদুলালিতপদং (মধুরেণ সম্বাহিত চরণং) অতএব সুখেন নিদ্রাং গতং তৎ (প্রসিদ্ধং) প্রেষ্ঠমিথুনং (প্রিয়তমযুগল রাধাকৃষ্ণাবিতিভাবঃ) স্বপ্নেঽপি (স্বপ্নাবস্থায়াং কিং) অহং মুদা (আনন্দেন পশ্যামি (অহহেতি অত্যুৎসুকতাসূচকমব্যয়ং) অপি প্রশ্নে।

আভাস—পরিণতি প্রাপ্ত প্রেমের একটি স্বভাব এই যে তৎসঞ্জাত লোভে সর্বোত্তম সৌভাগ্য ব্যতীত অন্য কিছুতে পরিতৃপ্তি দেয় না, আবার তদুদিত ক্ষোভে,—নিজকে জগতের মধ্যে সর্ব্বাপেক্ষা অধম ও অযোগ্য ও অনধিকারীরূপে প্রতিপন্ন করিয়া তোলে, কদাচিৎ উচ্চ প্রার্থনা করিলে পাগলরূপে উপেক্ষিত হইবার ভয় উৎপাদন করে। পরম বন্দনায় গ্রন্থকর্ত্তা মহোদয় অধুনা শেষোক্ত ভাবাক্রান্ত হইয়া, অথচ কিছুতেই আপন প্রাণ প্রিয়তম বৃন্দাবনানন্দ বিগ্রহ যুগলের প্রেমসেবা ব্যতীত অন্যাভিলাষ হৃদয়ে ধারণ করিতে না পারিয়া প্রার্থনা করিতেছেন হায়! শ্রীধাম বৃন্দাবনের মহিমায়, অভাগিয়া আমার কবে এইরূপ ভাগ্যোদয় হইবে যে "আমি স্বপ্নে অলসলীলা বিলাসিত রাধামাধবের পদসেবা করিতেছি" দেখিয়া ধন্য হইব?

পদ্যানুবাদ—

"কালিন্দীর চারুতীরে, লতা নিকেতনান্তরে, এই রসময় বৃন্দাবনে,
প্রাণ প্রিয়তম মোর, কিশোর কিশোরীজোর, রসালসে শায়িত শয়নে।
গাঢ় আলিঙ্গনভরে, এক দেহ হইয়ে রে, বিথারিয়ে মহাসুমাধুরী
ঘুমাইছে মনোসুখে, চরণ লইয়া বুকে, সেবিতেছি আমি প্রাণ ভরি"
স্বপনেও হায় কি রে! ইহা দরশন করে, প্রেমভরে পুলকিত হব?
(জাগিয়া মনের সুখে, কবে উলসিত মুখে, বৃন্দাবন মহিমা গাইব)

মহাশ্চর্য্যানন্তস্বমহিমবলাদেব সকলা-
ধমস্যাপ্যাশানাং ব্যতিকরমসম্ভাব্যমপি মে।
কদা বৃন্দারণ্যং স্ববসতিকথামাত্রপ্রবহৎ-
কৃপাপূরং সংপূরয়তু পরতোঽপ্যর্ব্বুদজনেঃ ॥ ১১৫ ॥

টীকা—সর্ব্বাধমস্য মম সুদুর্ঘটাকাঙ্ক্ষাসমূহানাং পরিপূরণত্বে বৃন্দাবনস্থানস্ব-কৃপৈকমাত্রং সম্বলং। তথাপি ইহ ঘৃণিতাধঃপাতগ্রস্তকলুষিতজীবনে তাসাং সাফল্যসম্ভাবনা নাস্তি! তদপি তদিতরতুচ্ছসৌভাগ্যং ন রোচতে। ইতি পরমমহাদৈন্যোদয়াৎ বৃন্দাবনকৃপয়া অর্ব্বুদজন্মান্তরেঽপি মনোরথানাং সাফল্যং প্রার্থয়তি। যথা—

স্বস্মিন্ বসতিকথামাত্রেণ (নিবাসস্য সংপ্রার্থনসঙ্কল্পমাত্রেণ) প্রবহৎ-কৃপাপূরং (নিবহন্তী দয়ালহরী যস্য তথাভূতং) স্বাশ্রিতকৃপান্বিতং বৃন্দাবনং কদা সকলাধমস্যাপি (সর্ব্বপ্রাণিভ্যো নিকৃষ্টস্যাপি) মে (মম) অসম্ভাব্যমপি (দুর্ঘট-মপি) আশানাং (মনোরথানাং) ব্যতিকরং (সমূহং), মহান্ অনন্তঃ (আশ্চর্য্যা-সীমঃ) যঃ স্বমহিমা (নিজমাহাত্ম্যং) তদ্বলাদেব (তৎপ্রভাবাদেব) অর্ব্বুদজনেঃ (অর্ব্বুদসংখ্যকজন্মনঃ) পরতঃ অপি, সংপূরয়তু (সম্যক্ সফলয়তু);

আভাস—লোভ এবং ক্ষোভ এই উভয় ভাবের সংঘর্ষে সর্ব্বথা লোভের সাফল্য বিধানই প্রেমের ধর্ম্ম। তদনুসারে সুদুর্ঘটা জানিয়াও কিছুতেই আপন চির পোষিত মনোরথগুলিকে নিশ্চেষ্ট ও নিষ্ক্রিয় করিতে না পারিয়া আলোচনা করিতে লাগিলেন—আমি সর্ব্বজীবাধম এবং আশাগুলি পরম সুদুর্ঘটা ইহা সত্য বটে, কিন্তু বৃন্দাবনের মহানন্ত মহিমায় সকল অঘটনই সংসাধিত হইতে পারে, তাহাতেই এ শ্লোকে সকাতর প্রার্থনা করিয়াছেন—শ্রীবৃন্দাবন আপনাতে অর্ব্বুদ-জন্ম দিয়া আমার অধিকারোৎপাদন পূর্ব্বক তদন্তরেও আমার বাসনাগুলি পূর্ণ করুন।

পদ্যানুবাদ—সকল অধম, হোতে হীনতম, হয়েও আমার মনে,
অসম্ভবতর আশার নিকর, জাগরিত নিশিদিনে।
যাহাতে বসতি, করার যুকতি, মুখে কহিলেই দয়া!!
সেই বৃন্দাবন, কৃপাবিতরণ, করুন সদয় হঞা।
অরবুদজনি, আপনাতে দানি, মোরে উপযোগী করি
বাসনাসকল, করুন সফল, নিজগুণ পরচারি।

স্বকর্ম্ম-স্রোতোভিঃ সততমভিতশ্চালিতমমুং
প্রভো! জীবং যত্র ক্বচিদপি নয়াত্যন্তবিবশম্।
পরন্ত্বেতাবন্মে ভবতু ভবদুঃখার্দ্দিতহৃদোঽপ্যবিশ্রান্তং বৃন্দাবনপদপরৈবাস্তু রসনা ॥ ১১৬ ॥

টীকা—চেৎ বৃন্দাবনে অর্ব্বুদজন্মান্তরে মনোরথসিদ্ধিঃ সহনীয়া, পরন্তু কর্ম্মস্রোতসা অন্যত্র নীয়মানো ন জীবামি? ইতি ভীতিবিহ্বলঃ সন্ অবিশ্রান্ত-বৃন্দাবননামগুণ-কীর্ত্তনাবেশাৎ দিনযাপনং প্রার্থয়তি। যথা—

হে প্রভো! (কর্ত্তুমকর্ত্তুমন্যথাকর্ত্তুং সমর্থ! যদ্বা মদ্দেহমনইন্দ্রিয়াণামধীশ্বর শ্রীগৌরচন্দ্রেতি যাবৎ) স্বস্য কর্ম্মণাং স্রোতোভিঃ (প্রারব্ধকর্ম্মফল-প্রবাহৈঃ গতির্ভিরিতি ভাবঃ) সততং অভিতঃ (সর্ব্বতঃ) চালিতং (ব্যাপারিতং) অমুং জীবং (মামিতি ভাবঃ) অত্যন্তবিবশং (পরমপরবশং); অতএব যত্র ক্বচিদপি নয় (যথা তথা কর্ষয়); পরন্তু ভবদুঃখেন (সংসারদুঃখেন, পুনঃপুনঃ জন্মসঞ্জাতক্লেশেন বা) অর্দ্দিতহৃদোঽপি (পীড়িতচেতসোঽপি) মে (মম) এতাবৎ ভবতু যৎ রসনা (জিহ্বা) অবিশ্রান্তং (অবিরতং) বৃন্দাবনমেব পদং (শব্দং স্থানং বা) তস্মিন্ পরা (বৃন্দাবনশব্দোচ্চারণপরা যদ্বা বৃন্দাবনগুণাদি কীর্ত্তনপরা) এব অস্তু (ভবতু);

আভাস—শ্রীবৃন্দাবনে অর্ব্বুদ জন্মগ্রহণ করার পরে, মনোরথ সিদ্ধি অর্থাৎ কৃমিকীটাদি হইয়া তৎপরে যদি আমার আশাসমূহ সফল হয়। তাহা হইলে উহা অনায়াসে সহিতে পারা যাইবে কিন্তু প্রারব্ধ কর্ম্মস্রোতে ভ্রাম্যমাণ অকৃতী অনায়ত্ত ভজনবলবিহীন অভাজন আমাকে যদি কর্ম্মফলের স্রোতে অন্যত্র লইয়া যায়, তাহা হইলেতো আমি বাঁচিব না। এইরূপ ভীতিবিহ্বল হইয়া সমস্ত জগতের পরম নিয়ন্তা ও আপন দেহমনেন্দ্রিয়াদির অধীশ্বর স্বামী দেব শ্রীগৌরচন্দ্রকে সকাতরে ডাকিয়া প্রার্থনা করিতেছেন। প্রভো! তুমি সমস্তের কর্ত্তা কর্ম্মফলোচিত গতি দানার্থ এ জীবাধমকে যদি অন্যত্র আকর্ষণ কর তবেও এই প্রার্থনা যেন বৃন্দাবনের নামগুণ অবিশ্রান্ত কীর্ত্তনাবেশে দিন যাপন করি।

পদ্যানুবাদ—

আচরিত শুভাশুভ করমের ফলে, সতত চালিত এ বিবশ হীনবল।
এই জীবাধমে পহু! কৃতানুসারিণী, যে গতি যথায় স্থিতি দাও গুণমণি।
ভবদুঃখাতুর চিতে রসনা সদায়, সুখে যেন বৃন্দাবন নামগুণ গায়।

ন সত্যাখ্যে লোকে স্পৃহয়তি মনো ব্রহ্মপদবীং
ন বৈকুণ্ঠে বিষ্ণোরপি মৃগয়তে পার্ষদতনুম্।
পরং শ্রীমদ্‌বৃন্দাবন-সরস-ভাবোৎসব-বতাং
নিবাসে ধন্যানাং সুবহু কৃমিজন্মাপি মৃগয়তে ॥ ১১৭ ॥

টীকা—কালেন শ্রীরাধায়াঃ দাসীপদসম্প্রাপ্তেঃ সুনিশ্চয়ত্বাৎ বৃন্দাবনে কৃমিকীটজন্ম; তদ্‌বাধকব্রহ্মপদাদপি, তথা বৈকুণ্ঠস্থ পার্ষদপদাদপি পরতরঃ, বিশেষতঃ প্রেমবতামাশ্রয় এব প্রেমলাভস্য পরমোপায়ঃ ইতি হেতুনা বৃন্দাবন-রসবতাং গৃহেষু কৃমিকীটত্বং আকাঙ্ক্ষতি। যথা—

মনঃ (মন্মনঃ) সত্যাখ্যে লোকে (সত্যলোকাভিহিতে, ভূঃ-ভুবঃ স্বঃ-জনঃ মহস্তপোলোকোপরিস্থে সপ্তমভুবনে) ব্রহ্মপদবীং (ব্রহ্মপদং) ন স্পৃহয়তি (ন কাময়তে); তথা বৈকুণ্ঠে (বৈকুণ্ঠাখ্যধামনি) বিষ্ণোঃ (শ্রীমন্নারায়ণস্য) পার্ষদতনুং (সভাসদ্দেহং তৎসারূপ্যমিতি ভাবঃ) অপি ন মৃগয়তে (ন প্রার্থয়তে), পরং (কেবলং) বৃন্দাবনে যঃ সরসভাবঃ (প্রেমরসময়ভাবঃ) তেন উৎসববতাং (আনন্দযুক্তানাং) ধন্যানাং (কৃতার্থজনানাং) নিবাসে (গেহে, বৃন্দাবনস্থে তেষাং বাসস্থলে ইত্যর্থঃ) সুবহু কৃমিজন্মাপি (পুনঃপুনঃ ঘৃণার্হকীটজন্মাপি) মনুতে (আকাঙ্ক্ষতি);

অনুভাষ্য—শ্রীবৃন্দাবনে ঘৃণিততম প্রাণীরূপে অবস্থিতিলাভ হইলেও জন্ম জন্মান্তরে শ্রীরাধার দাসীপদপ্রাপ্তি সুনিশ্চিত, তাহাতেই তদ্‌বাধক ব্রহ্মপদাদি পর্য্যন্ত উপেক্ষা করিয়া প্রেমবান্ বৃন্দাবনবাসীর নিবাসে (এ শ্লোকে) বহু কৃমি-জন্মাকাঙ্ক্ষা।

পদ্যানুবাদ—

সত্যলোকে ব্রহ্মপদ, অতি বড় সুসম্পদ, কিন্তু তাহে লালসিত নহে মোর মন,
বৈকুণ্ঠনাথের তথা, পারিষদ স্বরূপতা, মোর চিত তাহাও না করয়ে গণন।
শ্রীরাধার অনুদাসী, হইবার অভিলাষী, কিন্তু তদুচিত কোনো নাহিক সম্বল!
হা প্রভু করুণাময়, যদি কৃমিযোনি হয়, এদাসের লভনীয় সমুচিত ফল।
তা হইলে বৃন্দাবনে সানুরাগানন্দমনে, যুগল ভজনে যাহাদের মন সাধ,
তাহাদের নিকেতনে, তোমার করুণাগুণে, বহু কৃমিজনম হউক নিরবাধ।
মানব জনমফলে, যদি কামভোগ মিলে তাহা হোতে ভাল মোর এই কৃমিজন্ম,
না চাহি বৈকুণ্ঠসুখ, নাহি চাই ব্রহ্মলোক, সে আমার এ সুখের অণু পরমাণু।

শ্রীমদ্-বৃন্দাবিপিনকুসুমামোদবাহী সমীরো
যস্মিন্ দেশে সরতি তদবচ্ছিন্নকৃষ্ণাপ্লুতো বা।
যেষাং বৃন্দাবনমনু সকৃৎ গ্রীবয়া সন্নতং বা
তত্রৈবাস্তাং মম খলু জনি র্হন্ত তেষাং গৃহেঽপি ॥ ১১৮ ॥

টীকা। কর্ম্মফল-প্রাবল্যেন যদি বা বৃন্দাবনবর্ত্তিঃ জন্মগ্রহণমনিবার্য্যং স্যাৎ তদা মৎপ্রভোঃ শ্রীগৌরাঙ্গচন্দ্রস্য পরমমঙ্গলশ্রীপদে মম বক্ষ্যমাণপ্রার্থনং, তদ্যথা—

যস্মিন্ দেশে শ্রীমতঃ বৃন্দাবিপিনস্য (সৌভাগ্যসম্পদ্প্রদবৃন্দাবনস্য) কুসুমামোদবাহী (পুষ্পসৌরভবাহী) অথবা তদবচ্ছিন্নয়া (তদ্বৃন্দাবনস্থয়া) কৃষ্ণয়া (যমুনয়া) আপ্লুতঃ (পরিষিক্তঃ যমুনাসলিলকণান্বিতঃ) সমীরঃ (বায়ুঃ) সরতি (বহতি) তত্রৈব; তথা যেষাং (জনানাং) বা, বৃন্দাবনমনু (বৃন্দাবনং প্রতি ইত্যর্থঃ) সকৃৎ (একবারং) গ্রীবয়া সন্নতং (সম্যক্ শিরো নতমিতি যাবৎ) তেষাং গৃহেঽপি খলু (নিশ্চিতং) মম জনিঃ (জন্ম) এব আস্তাং (ভবত্বেব); হন্ত ইতি অত্যন্তখেদে।

আভাস—আত্যন্তিক দৈন্যোদয়ে মনে হইতে লাগিল—অনিবার্য্য প্রারব্ধ কর্ম্মফলে ভজন গন্ধবিহীন পরমাধমতম আমার ভাগ্যে যদি বৃন্দাবনে কৃমিজন্ম ও অসম্ভব হয়, হায়! তাহা হইলে উপায় কি হইবে? বৃন্দাবন সম্বন্ধগন্ধহীন জনপদে জন্মগ্রহণ রূপ বিড়ম্বনার কথাই যে অসংখ্য সর্প দংশনবৎ ভয়ঙ্কর!! হা জগন্মঙ্গল প্রভো গৌরাঙ্গ সুন্দর! তাহা হইলে অন্ততঃ শ্রীবৃন্দাবনের পুষ্পপরিমলবাহী অথবা শ্রীবৃন্দাবনে বিরাজিত যমুনার জলকণবাহী ধন্যাতিধন্য সমীরণ যে দেশে সতত প্রবাহিত, সেই দেশের যে সকল ভাগ্যবান্ ন্যূনকল্পে একটিবার মহিমামুগ্ধান্তরে সম্যক্‌রূপে বৃন্দাবন বন্দন করিয়াছেন তাহাদের গৃহে যেন আমার জন্ম হয়।

পদ্যানুবাদ—

আন দেশে যদি নাহি জনমিলে নয়, মম করমের ফলে ওহে দয়াময়!
তা হোলে যে দেশে বৃন্দাবনের পবন, কুসুমের গন্ধ সহ করেন গমন।
অথবা শ্রীবৃন্দাবনে বাহিত যমুনা, সমীরণে যথা বিথারেন জলকণা।
একবার যে দেশের অধিবাসী জন, বৃন্দাবন রসেতে হইয়া নিমগন।
নতশিরে প্রণমিয়াছেন ব্রজভূমি, তাহাদের ঘরে যেন সে দেশে জনমি।

মমাপি স্যাদেতাদৃশমিহ দিনং কিন্নু পরমং
যদা বৃন্দাটব্যাঃ কথমপি কৃতস্পার্শনমপি।
অহো! দেহং দূরাদপি সমবলোক্যান্তজনুষাং
মুহুর্দন্যং মন্যে ধরণিপতিতঃ স্যাং কৃতনতিঃ।১১৯॥

টীকা—অহো অদ্যাপি বৃন্দাবন-দর্শন-স্পর্শন-বিরহিতস্য পরমাধমস্য মম, বৃন্দাবনকৃপয়া সুদুর্লভ-ভাগ্যলাভাকাঙ্ক্ষা কথং সিদ্ধা ভবিষ্যতি! ইত্যাহ দৈন্যপরবশঃ প্রার্থয়তি। যথা—

অহো! ইহ জন্মনি মমাপি (মল্লক্ষণস্য অযোগ্যাধমস্য ইত্যর্থঃ, অপি গর্হায়াং) এতাদৃশং পরমং (এবম্ভূতং উৎকৃষ্টং) দিনং কিং নু? (অপি কিং ভবেৎ?) যদা (যস্মিন্ দিনে) বৃন্দাটব্যাঃ (শ্রীবৃন্দাবনস্য) কথমপি কৃতস্পার্শনমপি (কিঞ্চিদপি স্পর্শনেন) দেহং (মম কুদেহমিতিভাবঃ) ধন্যং (কৃতার্থং) মন্যে (মানয়ামি); তথা দূরাদপি সমবলোক্য (বৃন্দাবনস্য দূরদর্শনেনাপি) জনুষাং (জন্মনাং) মুহুঃ (বারম্বারং) ধন্যং মন্যে? ততঃ ধরণ্যাং পতিতঃ কৃতনতিঃ (কৃতপ্রণামঃ) স্যাম্ ভবেয়ম্?

আভাস—হায় হায়! অদ্যাপি আমার প্রেমধাম শ্রীবৃন্দাবন দর্শন স্পর্শনের সৌভাগ্য পর্যান্ত ঘটিল না। অথচ যাহা শ্রীধামাশ্রয়ী প্রেমবান্ ভক্তগণের লভনীয় বৃন্দাবনের সেই করুণা ও তজ্জনিত সুদুর্লভ শ্রেয়ো লাভার্থ আমি বাতুলের ব্যাকুলতা প্রকাশ করিতেছি; শরীর-চেষ্টা-বিরহিত এই সকল শূন্যগর্ভ প্রার্থনায় কিছুই হইবে না। বন্ধুবর্গ ও শিষ্যবর্গের মঙ্গলানুরোধে আর এক মুহূর্ত্তও বারানসীবাস করিব না। ৺কাশীধামাশ্রয়ী গ্রন্থকর্ত্তা অমনি যেন বৃন্দাবন যাত্রায় বৃত হইয়া কহিতেছেন—অহো! আমার সে শুভদিন কবে হইবে? যে দিন দূর হইতে বৃন্দাবন শোভাদর্শনে জীবন ধন্য জ্ঞান ও বায়ুসংযোগে বা কাহারো করুণায় কিঞ্চিৎ বৃন্দাবন রজোকণা লাভ করিয়া প্রেমাকুল চিত্তে বারবার ভূপাতিত হইয়া প্রণাম করিব?

পদ্যানুবাদ—

এজনমে এমন পরম শুভদিন, লভিব কি মুঞি দুরাচার মতিহীন?
সাধনের ধন বৃন্দাবন রজোকণা, যে কোনো রূপেতে পেয়ে পূরিবে বাসনা।
সুখেতে ভাসিব কবে বিলোকন করি, দূর হোতে বৃন্দাবন ধামের মাধুরী।
কুদেহ হইবে ধন্য জনম সফল, পরম পিরীতি রসে হইব বিকল।
পড়িয়া ধরণীতলে ভকতির ভরে, পুনঃপুনঃ প্রণতি করিব সকাতরে।

যদপিচ মম নাস্তি শ্রীলবৃন্দাবনীয়ে
মহিমনি মসমোর্দ্ধে হন্ত বিশ্বাসগন্ধঃ।
যদপিচ মম তস্মিন্নাস্তি বাসৈষনাহপি।
প্রসরতু মম তাদৃশ্যেব বাণী তথাপি ॥ ১২০ ॥

টীকা—পরমপ্রেম-দৈন্যোদয়েন নিজসুতীব্র-বৃন্দাবন-বাসৈষণাং, বৃন্দাবন মহিমনি সুদৃঢ়ৈকাগ্রবিশ্বাসাদিকঞ্চ অতিতুচ্ছাতিতুচ্ছমবধার্য্য "স্ববসতিকথামাত্রেণ কৃপাপূরং" ইতি পঞ্চদশোত্তর-শতসংখ্যকশ্লোকোক্তবৃন্দাবনকারুণ্যং সংস্মরন্ তত্র সংবাসাকাঙ্ক্ষাময়বাক্যানাং স্ফুরণং প্রার্থয়তি। যথা—

যদপি মম বৃন্দাবনীয়ে মহিমনি (বৃন্দাবন-মাহাত্ম্যে) বিশ্বাসগন্ধঃ (প্রত্যয়স্য লেশঃ) ন অস্তি, যদপিচ তস্মিন্ (তদ্বৃন্দাবনে) বাসৈষণা (অবস্থানকামনাপি) নাস্তি (ন ভবতি); তথাপি মম তাদৃশী বাণী (তত্র বাসেচ্ছাময়ী বাক্যপ্রার্থনেতি যাবৎ) প্রসরতু (মম জিহ্বায়াং) স্ফুরতু, সততং মদ্রসনা বদতু, ইতি পরঃ॥

আভাস—বৃন্দাবন নিষ্ঠার প্রকর্ষসম্ভূত প্রবল প্রেমদৈন্যোদয়ে মনে হইল "বস্তুর গুণ বুদ্ধিকে অপেক্ষা করে না" ইহা জড়বস্তু সম্বন্ধীয় কথা। চিন্ময় বস্তু সর্ব্বদাই ভাবানুযায়ী ফলপ্রদান করেন। আমার বিতর্ক কলুষিত চিত্তে বৃন্দাবনের অসমোর্দ্ধ মহিমায় স্থির বিশ্বাস নাই, এবং বৃন্দাবনবাসের বাসনাও সুতীব্রা নহে! নহিলে তত্ত্বমগাফলাবগতির পরেও ৺বারানসীধামে বসিয়া থাকিব কেন? হায়! আমার গতি কি হইবে? একমাত্র ভরসা এই যে বৃন্দাবনবাসী হইবার বাসনা বাক্যে প্রকাশ করিলেই বৃন্দাবনের কৃপা হয় (১১৫ নং শ্লোক দেখুন) অতএব ভক্তগণ কৃপাশীর্ব্বাদ করুন যেন সতত আমার মুখ হইতে ঐরূপ প্রার্থনা বাহির হইয়া আমার বৃন্দাবন লাভ ঘটে।

পদ্যানুবাদ—

শ্রীলবৃন্দাবনে বিলসিত সুমহিমা, লোক বেদাতীত অপরূপ অনুপমা।
যা হতে অধিক কিবা যাহার সমান, মহিমা মনেও নাহি হয় অনুমান।
ভূমি বারিতরুলতা থিরচর যত, সকলি পরমতম মহিমা ভূষিত।
হায়রে আমার দূরদশার কিবল, হলেও নাহিক মোর বিশ্বাস সবল।
হেন মহা ধামেতেও বাসের বাসনা, অবাধিত রূপে মোর মনে উপজেনা।
কি গভীর দুঃখ হায়! কি ভীষণ দশা! কি মহান্ অধোগতি! কি ঘোর নিরাশা!
করুণা করহ সবে তবুও আমার—বাণী বৃন্দাবন কথা করুক বিথার।

অচৈতন্যপ্রায়ং জগদিদমহো সর্ব্ববিদপি
প্রথীয়ঃ শ্রীবৃন্দাবন মহিমাবীথি-জড়মতিঃ।
অহো ভ্রাম্যদ্দৃষ্ট্যা বিবিধসদসদ্ বস্তু স্থ তথা
ন পূর্ণং তস্যৈব ধ্রুবমিহ নিষেবে পদরজঃ ॥ ১২১।

টীকা—যন্মহিমনি তব বিশ্বাসাভাবঃ, যত্র বাসৈষণা চ নাস্তি; বৃন্দাবনাশ্রয়ার্থং কথং প্রার্থয়সি? এতদুত্তরমাহ।—

অহো! ইদং জগৎ (জগজ্জন ইত্যর্থঃ) অচৈতন্যপ্রায়ং (আধিবে শ্রীচৈতন্যচন্দ্রস্য চরণাশ্রয়-সৌভাগ্যশূন্যং) তেন সর্ব্ববিদপি (সর্ব্বশাস্ত্রজ্ঞো প্রথীয়ঃ (বিস্তৃতঃ) শ্রীবৃন্দাবনস্য মহিমবীথিষু (মাহাত্ম্য-শ্রেণীষু) জড়মা (অপ্রবিষ্টবুদ্ধিঃ মূর্খঃ ইতি যাবৎ); সঙ্গদোষাৎ মমৈব তদবস্থে শেষঃ। অহো! (দুর্ভাগ্যং!) তথা (তাদৃশাচরণেন) বিবিধসদসৎবস্তু (মায়াবাদমতাদের্নির্দ্দিষ্টসাধনমার্গেষু) দৃষ্ট্যা (দৃষ্টিদানাৎ) ভ্রাম্যৎ (বিঘূর্ণ ইহ (এতজ্জন্মনি) ধ্রুবং (নিশ্চিতং) ন পূর্ণং (পূর্ণমনোরথং ন স্যাৎ) অত তস্য পদস্য (তদ্বৃন্দাবনধাম্ন) এব (কেবলং) রজো নিষেবে (ধূলীকণং সেবয়া "আরাধ্যভগবান্ ব্রজেশতনয়ঃ তদ্ধাম বৃন্দাবনং" ইতি শ্রীচৈতন্যচন্দ্রস্য মতানুসা সর্ব্ববাঞ্ছিতসাধকবৃন্দাবনরজঃ সেবয়িষ্যে ইত্যভিপ্রায়ঃ।

আভাস—যাহার মাহমায় তোমার কার্য্যকরি বিশ্বাসের অভাব যদাশ্রয়ের দুর্ণিবার লালসা নাই বলিতেছ সেই বৃন্দাবন নিষেবনার্থ ব্যাকুল কে এই শ্লোকে ইহারই উত্তর যথা—এজগতের অধিকাংশ মনুষ্যের ন্যায় আ শ্রীচৈতন্যচন্দ্রের করুণা বিনা অচৈতন্যবৎ মায়াভিভূত ছিলাম, এক্ষণে জগন্মঙ্গ তার সেই শ্রীমন্মহাপ্রভুর পদাশ্রয়ে মোহনিদ্রা গিয়াছে, উত্তরোত্তর বুঝিতেছি বৃন্দাবন নিষেবন বিনা গত্যন্তর নাই।

পদ্যানুবাদ—এজগত বাসী বহুজন, চৈতন্য বিহনে অচেতন।
সর্ব্ববিদ্ বলি যার খ্যাতি, তারো মায়ামোহ পরিণতি!!
বৃন্দাবন-মহিমা-বীথিতে জড়মতি; না পারে চলিতে।
বহুবিধ ভালমন্দ পথে, চিরদিন ভ্রমিতে ভ্রমিতে।
মনোরথ পূরিলনা হায়! এইবার পঁহুর কৃপায়
নিষেবণ করি বৃন্দাবন, সফলিব জনমজীবন ॥

হা বৃন্দাবন ! হা মহারসময়-প্রেমৈক সম্পন্নিধে !
হা রাধা-রতিনাগর-স্মরকলা-সাক্ষিন্ ! মদেকপ্রিয় ! !
হা রাসেশ্বর ! বিশ্বমূর্চ্ছন ! লতাবল্লীখগাদ্যদ্ভুত !
শ্রীমন্ ! হা প্রকৃতেঃ পরাদপি পর ! ত্বং মে গতি স্ত্বং গতিঃ১২২

টীকা—উত্তাল-প্রেমতরঙ্গ-বেগেন, দৈন্যোত্থ-বিচার-বিবর্হিতঃ সন্ সর্ব্বগুণদা-ব্যর্থবৃন্দাবনকৃপাপ্রাপ্ত্যর্থং, প্রবলাতুল-লালসোদয়াৎ তচ্ছরণাগতিং প্রার্থয়তি। যথা—

হা বৃন্দাবন ! (প্রাণভৃৎবৃন্দস্যাশ্রয় !) হা রসময়-প্রেমৈক-সম্পদাং নিধে ! (পরমানুরাগ-পূর্ণা যা প্রেম-সম্পদ্, তদেকভাণ্ডার-রূপিন্ !) হা রাধা-রতি নাগরস্য স্মরকলাসাক্ষিন্ ! শ্রীরাধায়াং অবিচলিতা প্রীতির্যস্য তথাভূতস্য নাগরস্য শ্রীকৃষ্ণচন্দ্রস্য কন্দর্পক্রীড়া-চাতুর্য্যানাং সাক্ষিন !); হা মদেকপ্রিয় ! (মমৈক-প্রীত্যাস্পদ !) হা রাসেশ্বর ! (শ্রীকৃষ্ণচন্দ্রস্য পরমমহানন্দপ্রদ শ্রীরাস-লীলা-সুসম্পাদক ! নিজবিভুত্বপ্রকটনেন স্বল্পায়ত-স্থানে অসংখ্যগোপসুন্দরীণাং সম্মিলিতনৃত্যাদেঃ স্থান-সমাবেশেন লীলাসমাধানকারিন্ ! ইতি ভাবঃ) হা বিশ্বমূর্চ্ছন ! (জগন্মোহন !) লতাঃ (লতিকা) বল্লীঃ (ভূমঃ) খগাদয়ঃ (পথ্যাদয়ঃ) যত্র অদ্ভুতাঃ হে তথাভূত শ্রীমন্ ! (শোভাসম্পন্নিকেতনঃ); হে প্রকৃতেঃ পরাদপি পর ! (ব্রহ্মসৃষ্টেঃ পরাৎপর !) ত্বং মে (মম) গতিঃ (আশ্রয়ঃ) ত্বং গতিঃ (ত্বমেব গতীতি পরমোৎকণ্ঠয়া বীপ্সা); অনন্যাশ্রয়ং মাং আকৃষ্য স্বস্মিন্ চির-নিবাসং দেহি ইতি শেষঃ।

আভাস—ভাবান্তরাবেশে ভাবোদয় হইল—সর্ব্বদা অযোগ্যাধম বলিয়াই তো বৃন্দাবনের অব্যর্থ করুণাই আমার একমাত্র ভরসা; অতএব তৎপ্রার্থনে বিচার আনিলে চলিবে কেন? এই যে বৃন্দাবনাভিমুখে ছুটিলাম বৃন্দাবনের কৃপাকর্ষণ ব্যতীত ইহাই বা সিদ্ধ হইবে কেন? প্রকৃতির পরাৎপর প্রেমধাম বৃন্দাবন অবশ্যই আত্মপ্রার্থনা পূর্ণ করিবেন তাহাতেই এশ্লোকে বৃন্দাবনের সকাতর শরণাগতিপ্রার্থনা।

পদ্যানুবাদ—

হা বৃন্দাবিপিন ! মহারসময় ! প্রেমসম্পদের পরমনিধি !
রাধামাধবের রতি কেলিকলা দরশনকারী সুচিরাবধি।
হা আমার সর্ব্বোত্তম প্রেমাধার রাস-রসলীলাভূমির স্বামি !
যে লীলাকলায় তালে গানে নাটে বিশ্বাবমোহিত; কিঙ্কর আমি।
অদ্ভুত তরুলতা পশুপাখী মধুকরাদিতে শোভিত অতি,
হা হা প্রকৃতির পরাদপি পর ! তুমি মোরগতি, তুমিই গতি।

নমোঽস্তু বৃন্দাবন-সুন্দরাভ্যাং
নমোঽস্তু বৃন্দাবন-বিভ্রমাভ্যাং।
নমোঽস্তু বৃন্দাবন-জীবনাভ্যাং
নমোঽস্তু বৃন্দাবন-নাগরাভ্যাং ॥ ১২৩ ॥

টীকা। বৃন্দাবনশরণাগতিসিদ্ধ্যর্থে বৃন্দাবনাধীশয়োঃ সুমঙ্গলাভীষ্টদং সকাতরবন্দনমাচরতি। যথা—

বৃন্দাবনসুন্দরাভ্যাং (বৃন্দাবনস্য সৌন্দর্য্যস্বরূপাভ্যাং) নমঃ অস্তু। বৃন্দাবন-বিভ্রমাভ্যাং (বৃন্দাবন-বিলাসে বিভ্রমো যয়ো স্তাভ্যাং) নমোঽস্তু। বৃন্দাবনজীবনাভ্যাং (বৃন্দাবনস্থস্থিরচরনরাণাং প্রাণরূপাভ্যাং) নমোঽস্তু। বৃন্দাবননাগরাভ্যাং (বৃন্দাবনে অপূর্ব্বাদ্ভুত-লীলা-বিলসিত-রসিকরসিকাভ্যাং) নমোঽস্তু। অসাধারণ-বিশেষণেন অত্র শ্লোকে "আজানুলম্বিতভুজৌ" ইত্যাদিশ্লোকাক্ষরেণ শ্রীগৌর-নিত্যানন্দয়ো র্ব্বন্দনবৎ শ্রীরাধাকৃষ্ণৌ প্রস্তুতঃ। শ্রীউজ্জ্বলনীলমনৌ বিভ্রমস্য লক্ষণং যথা—বল্লভপ্রাপ্তিবেলায়াং মদনাবেশসংভ্রমাৎ বিভ্রমো হারমাল্যাদি ভূষাস্থানবিপর্য্যয়ঃ।

আভাস—শ্রীশ্রীরাধাশ্যামসুন্দরে স্বকীয় একান্ত নিষ্ঠা প্রকাশ করিয়া বৃন্দাবন-শরণাগতি সিদ্ধির নিমিত্ত এই শ্লোকে যুগল বন্দনা। বৃন্দাবনকৃপা প্রাপ্তির ইহাই উপায়। (১) যে দুই জনা যাবতীয় সৌন্দর্য্যের সারাৎসার শ্রীবৃন্দাবনের সমস্ত সৌন্দর্য্যের নিদান। (২) যে প্রেমবিভ্রম প্রেমোৎকর্ষের ও রসমধুরিমার সীমা, জ্ঞানঘনতত্ত্বস্বরূপ হইয়াও বৃন্দাবনে যে দুই জনার সেই বিভ্রমময় প্রেমলীলা সদাই সুপ্রকটিত, (৩) যে দুজনা বৃন্দাবনস্থ স্থাবর জঙ্গমাদি সমস্তের প্রাণ স্বরূপ, (৪) যে দুজনার বৃন্দাবনবস বৈবক্ষী নিখিল নাগর নাগরীব আরাধনীয় আমি তাহাদের বন্দনাকারি, ইহাই ভাবার্থ।

পদ্যানুবাদ—নাম আনবার আমি সেই দুজনায়
'বৃন্দাবন সুন্দর' মধুরনামে প্রেমভরে, নরামর নিকরে যাদের গুণ গায়
নমি অনিবার আমি সেই দুজনায়
'বৃন্দাবন বিভ্রম' যে যুগলের রসময় সফল খেয়াতি বসুধায়
নমি অনিবার আমি সেই দুজনায়
'বৃন্দাবনজীবন' যাদের নাম অভিরাম, ভরসা ও সাহসের মধুমাখা যায়।
নাম আনবার আমি সেই দুজনায়
বৃন্দাবন নাগরনাগরী রূপে যে মিথুন নিশিদিন বিলসিত মধুর লীলায়।

নমোঽস্তু বৃন্দাবন-সৎকৃপাভ্যাং
নমোঽস্তু বৃন্দাবনসদ্রসাভ্যাম্।
নমোঽস্তু বৃন্দাবনপূর্ণতাভ্যাং
নমোঽস্তু বৃন্দাবনগোচরাভ্যাম্। ১২৪ ॥

টীকা—দুর্ব্বারলালসা-পরবশঃ সন্ পূর্ব্বানুবৃত্তৌ অনেনাপি বৃন্দাবনে নিত্যবিলসিতৌ প্রেমমধুরমহাকরুণান্বিতৌ তদীশ্বরৌ শ্রীশ্রীরাধাকৃষ্ণৌ স্তৌতি। যথা—

বৃন্দাবনে সতী (সদা বর্ত্তমানা) কৃপা যয়োঃ তাদৃশাভ্যাং নমোঽস্তু। বৃন্দাবনে সন্ (নিত্যবর্ত্তমানঃ) রসঃ (অনুরাগো, মাধুর্য্যাদিগুণাদয়ো বা) যয়োঃ তাদৃশাভ্যাং নমোঽস্তু। বৃন্দাবনে পূর্ণতা (রূপ-গুণ-লীলা লাবণ্য-বৈদগ্ধীকারুণ্যাদিনা পর্য্যাপ্তিঃ) যয়োঃ তথাভূতাভ্যাং নমোঽস্তু। বৃন্দাবন-গোচরাভ্যাং (বৃন্দাবনে সাক্ষাদ্দর্শনগোচরাভ্যাং নমোঽস্তু। অত্রাপি অসাধারণবিশেষণাৎ সর্ব্বত্রৈব শ্রীশ্রীরাধামাধবয়োর্ব্বন্দনং। পূর্ণপ্রকটিত-কারুণ্যপূর্ণ পরমপ্রেমরস-বিলসিত-শ্রীশ্রীরাধাব্রজেন্দ্রনন্দনয়োঃ সাক্ষাৎ সন্দর্শনং বৃন্দাবনেতরে কুত্রাপি ন লভনীয়েতি' শ্লোকস্য ধ্বন্যর্থঃ।

আভাস—স্বকীয় প্রাণপ্রেষ্ঠযুগলকে কোন্ সুধাময় নামে ডাকিলে মনের সাধ মিটিবে প্রেমাতিশয্যে তন্নিরূপণে অপারগ হইয়া এই শ্লোকেও পূর্ব্বশ্লোকবৎ অসাধারণ বিশেষণ দ্বারা সোল্লাসে বন্দনা করিয়াছেন। শ্লোকের ধ্বন্যর্থ এই যে, স্থাবর জঙ্গম পর্য্যন্ত প্রেম দান এবং শ্রীরাসাদি রসলীলা, যুগলোজ্জলরূপ-রসের পূর্ণপ্রকটন, অধিক কি অদ্যাবধি তদবস্থায় ভক্তবিশেষকে দর্শন দান, রাধামাধব কেবল বৃন্দাবনেই করেন।

পদ্যানুবাদ—

বৃন্দাবন যাহাদের, সুকরুণানিকরের, পরমানুপম মহাললিত ভাণ্ডার,
বৃন্দাবন যাহাদের, পরতর সুরসের, চারুলীলা বিলাসের মহাপারাবার।
যাহারা শ্রীবৃন্দাবনে, রূপে, রসে লীলাগুণে, নিরবধি পূরিত ও সুখে বিহরিত
বৃন্দাবনে যে দুজন, নয়ন গোচর হন, যুগল রূপেতে যাহা সব লোকাতীত।
বৃন্দাবনে যে দুজনা মূর্ত্তিমান সুকরুণা, যে দুজনা পরাবধি রসের স্বরূপ।
যাবতীয় পূর্ণতার, অপার পরমাধার, বৃন্দাবনে বিলসিত যে যুগলরূপ।
যাহাদের করুণায় বৃন্দাবন লাভ হয়! যাহাদের দরশন মিলেরে তথায়
ভূমে পড়ি দিবা নিশি, নয়নের জলে ভাসি, প্রণমি সে দোঁহাকার চরণে সদায়।

বৃন্দারণ্যোত্তমং নাস্তি, নাস্তি মত্তোঽধমং ক্বচিৎ।
রাধানাম্নঃ প্রভাবেণ যদি স্যান্মেলনং তয়োঃ। ১২৫ ॥

টীকা—শ্রীকৃষ্ণচন্দ্রস্য বাসনানুসারতঃ ভগবতীপৌর্ণমাস্যাদিভিঃ—বৃন্দাবনাধীশ্বরীত্বে শ্রীরাধায়াঃ অভিষেক-স্ফুরণাৎ অনেন বৃন্দাবনেশ্বর্য্যাঃ শ্রীরাধায়াঃ স্বরাষ্ট্রে তন্নামমহিম্না মমাধমস্য সংবাসবাসনাসিদ্ধিরবশ্যমেব ভবিষ্যতি, ইতি রাধানামাশ্রয়-কর্ত্তব্যতামাহ,—

বৃন্দারণ্যাৎ উত্তমং (বৃন্দাবনাদুত্তমাশ্রয়পদং ইত্যর্থঃ) নাস্তি (জগতি ন বর্ত্ততে); পক্ষান্তরে মত্তঃ (মামপেক্ষ্য) অধমঃ (দীনঃ) ক্বচিৎ (কুত্রাপি) নাস্তি, যদি রাধানাম্নঃ প্রভাবেণ (মহিম্না) যদি তয়োঃ (বৃন্দারণ্যাধময়োঃ) মেলনং (সঙ্গঃ) স্যাৎ। নতুবা এবংভূতয়োঃ সর্ব্বোত্তমসর্ব্বাধময়োঃ সংযোগঃ (মম বৃন্দাবনসংবাসে-ত্যর্থঃ) সংঘটনস্য উপায়ান্তরং নাস্তি।

আভাস—প্রেমের বিবর্ত্তনে পুনরায় দৈন্যোপজাত হওয়ায় মনে হইতে লাগিল—প্রেমধাম শ্রীবৃন্দাবন হইতে উত্তম বস্তু এবং আমা হইতে অধম জীব কোনও জগতে কোথাও নাই। উত্তমে অধমে তো সম্মিলন হয় না! অপরিসীম নিজ করুণায় শ্রীবৃন্দাবন যদি বা প্রাপঞ্চিক আকারে আমাকে দর্শন দেন, কখনই স্বকীয় ক্রোড়ে চিরবাস প্রদান করিবেন না।

বৃন্দাবন শ্রীরাধারাণীর রাজ্য * তাঁহার প্রত্যক্ষ কৃপা ব্যতীত, যুগলের পরোক্ষ বন্দনেও আমার আশা পূর্ণ হইবে না। হায় রে! কি উপায় হইবে? ভাবনায় মনে পড়িল ভগবত্তত্ত্বে নামনামী অভেদাত্মক,অতএব পরম মঙ্গল শ্রীরাধানামাশ্রয়ই আমার একমাত্র গতি আর কোনও উপায় নাই; ইহাই শ্লোকের সার।

পদ্যানুবাদ—

অধমের সহ সর্ব্বোত্তমের মিলন, কিছুতেই কোথাও না হয় কদাচন।
বৃন্দাবন নিখিল ধামের পরতম, জগত মাঝারে আমি মহাহীনাধম।
মোর আশা অবিচল বাস বৃন্দাবনে, হায় রে? এ অঘটন ঘটিবে কেমনে?
কিছুই উপায় হায়! নাহি দেখি আর, কেবল শ্রীরাধানাম ভরসা আমার।
অহো রাধানাম, তব সুবিমল যশে, মোহোতে কলঙ্ক কালি যেন না পরশে।
হা রাধে! তোমার মহামঙ্গল শ্রীনাম, নিজগুণে জয়যুত রহ অবিরাম।

* শ্রীপাদরূপগোস্বামী কৃত দানকেলীকৌমুদীগ্রন্থে শ্রীরাধার রাজ্যাভিষেক দ্রষ্টব্য।

শ্রীমদ্বৃন্দাবনেশ্বর্য্যাঃ সকৃন্নামৈকমঙ্গলম্।
সর্ব্বাশ্চর্য্যানন্তশক্তির্মুখে বিজয়তাং মম। ১২৬ ॥

টীকা—'অতঃ শ্রীকৃষ্ণনামাদি ন ভবেদ্গ্রাহ্যমিন্দ্রিয়ৈঃ সেবনোন্মুখে হি জিহ্বাদৌ স্বয়মেব স্ফুরত্যদঃ' ইতি শাস্ত্রসিদ্ধান্তস্ফুরণাৎ দৈন্যার্ত্তিসঙ্কুলঃ স্ববদনে পরমমহামঙ্গলশ্রীরাধানামাত্মাবির্ভাবং প্রার্থয়তি। যথা—

শ্রীমত্যাঃ (সর্ব্বসৌভাগ্যসম্পদাঙ্কিতায়াঃ) বৃন্দাবনেশ্বর্য্যাঃ (বৃন্দাবনে কর্ত্তুমকর্ত্তুমন্যথাকর্ত্তুমধিকারিণ্যাঃ শ্রীরাধায়াঃ ইত্যর্থঃ) সর্ব্বেভ্যো আশ্চর্য্যেভ্যঃ অদ্ভুতা; অনন্তা (অনবধিপ্রাপ্তা) শক্তিঃ (পরাক্রমঃ) যস্য এতাদৃশং, একমঙ্গলং (অদ্বিতীয়মঙ্গলরূপং) নাম (শ্রীরাধেতি নাম ইত্যর্থঃ) সকৃৎ (বারমেকং) মম মুখে বিজয়তাং (সর্ব্বোৎকর্ষেণ বর্ত্ততাম্) প্রেম-ম্রক্ষিত পূত স্বরে সদা সুস্পষ্টোচ্চারিতং যাতু ইতি তাৎপর্য্যঃ।

আভাস—শ্রীবিগ্রহের অপ্রাকৃত রূপাদির ন্যায় শ্রীনামও প্রাকৃতেন্দ্রিয়ের গ্রাহ্য জড়বস্তু নহেন। সেবনোন্মুখ রসনাদিতে স্বয়ং কৃপা করিয়া প্রাদুর্ভূত না হইলে শ্রীনামের অমৃতাস্বাদ ও তজ্জনিত পরমানন্দলাভ ঘটে না। টীকাধৃত অতো শ্রীকৃষ্ণাদ্য শ্লোকের ইহাই তাৎপর্য্য। নামাভাসে ও শ্রীনামে ইহাই প্রভেদ। অনন্তাদ্ভুত শক্তিসম্পন্ন শ্রীনাম একবার মুখে উচ্চারিত হইলেই সর্ব্বার্থসিদ্ধি হয় এবং আর উহা জীবে ছাড়িতে পারে না। তাহাতেই এ শ্লোকে একটিবার বদনে সর্ব্বাশ্চর্য্যানন্ত শক্তিময় সর্ব্বমঙ্গল সুমধুর শ্রীরাধানামের আগমন প্রার্থনা।

পদ্যানুবাদ—

বৃন্দাবনেশ্বরী রাধারাণীর শ্রীনাম, পরম মঙ্গলময় মহাগুণধাম।
যে নামে সকল আশা, লালসা পূরয়—
বারেক রসনাদিতে হইলে উদয় রে, বাধা বিপদের নাশ সর্ব্ব শুভোদয়।
মোর বিমলিন মুখে, হেন নাম-সুধা রে প্রবাহিত হইবার ভরসা কোথায়?
সকলে করুণা কর, বিজয় হউক রে বারেক শ্রীরাধানাম মোর রসনায়।

ইতি শ্রীপ্রথমশতকম্।